

জয়ন্ত দত্ত

ক্রিকেটের হাজারো জিজ্ঞাসা

ক্রিকেট কুইজ



ক্রিকেটের হাজারো জিজ্ঞাসা

[ক্রিকেট ক্যুইজ]

জয়ন্ত দত্ত

পরিবেশক
নাথ ব্রাদার্স ॥ ৯ শ্যামাচরণ দে স্ট্রীট ॥ কলকাতা ৭০০০৭৩

প্রথম প্রকাশ
নববর্ষ ১৩৯৪
এপ্রিল ১৯৮৭

প্রকাশক
সমীরকুমার নাথ
নাথ পাবলিশিং
২৬বি পণ্ডিতিয়া প্লেস
কলকাতা ৭০০০২৯

প্রচ্ছদশিল্পী
গৌতম রায়

মুদ্রক
তনুশ্রী প্রিন্টার্স
৪/১ই বিডন রো
কলকাতা ৭০০০০৬

আঠারো টাকা

সৌমিত্র দত্ত

প্রীতিভাজনেষু

আমাদের প্রকাশিত লেখকের অন্যান্য গ্রন্থ

জুলে রিমে থেকে ফিফা

দুরন্ত ক্রিকেটার কপিলদেব

আমি ভিশ বলছি

পেলের ডায়েরী

ফুটবলের হাজারো জিজ্ঞাসা (যন্ত্রস্থ)

ক্রিকেট ইতিহাস ও আইন সংক্রান্ত প্রশ্ন

প্রঃ (১) ক্রিকেট খেলার নিয়মাবলী প্রথম কবে প্রকাশিত হয় ?

● ১৭৪৪ সালে। এই নিয়মাবলী লণ্ডন ক্লাব দ্বারা প্রকাশিত হয়।

প্রঃ (২) ক্রিকেট খেলার প্রথম উল্লেখ কোথায় পাওয়া যায় ?

● ১৩০০ খ্রীস্টাব্দে ক্রিকেট খেলার সর্বপ্রথম উল্লেখ পাওয়া যায় রাজা প্রথম এডওয়ার্ডের আমলের একটি বইতে।

প্রঃ (৩) সর্বপ্রথম একটি ক্রিকেট ম্যাচ কোথায় অনুষ্ঠিত হয়েছিল ?

● ১৫৫০ খ্রীস্টাব্দে গিল্ডফোর্ড-এর 'দ্য ফ্রি স্কুলে' প্রথম ক্রিকেট খেলা হয়েছিল।

প্রঃ (৪) ক্রিকেটের টেকনিক নিয়ে প্রথম বইটি কে লেখেন এবং কবে লেখেন ?

● ১৮০০ খ্রীস্টাব্দে টমাস বক্সল, সর্বপ্রথম ক্রিকেট খেলার পদ্ধতি নিয়ে বই লেখেন।

প্রঃ (৫) "The History of Cricket" কার লেখা ?

● এইচ. এস. এলথাম।

প্রঃ (৬) "Young Cricketer Tutor" এবং "The Cricketers of my Times"—এই বই দুইখানি কার লেখা এবং কবে প্রকাশিত হয় ?

● জন নাইরেন। তিনি ১৮৩৩ সালে এই বই দুখানি রচনা করেন। এই দুটি বই পুরনো দিনের ক্রিকেট ইতিহাস সম্পর্কিত ক্লাসিক বই।

প্রঃ (৭) বিখ্যাত হ্যাম্বলডন ক্লাব কবে প্রতিষ্ঠিত হয় ?

● ১৭৫০ সালে।

প্রঃ (৮) ক্রিকেট খেলার সরঞ্জাম বিক্রির দোকান প্রথম কবে উদ্বোধন হয় ?

● ১৭৬৩ খ্রীস্টাব্দে বোর্ডহাপপেনিতে উদ্বোধন হয়।

প্রঃ (৯) ইংল্যাণ্ডের বাইরে প্রথম ক্রিকেট খেলা কবে অনুষ্ঠিত হয় ?

● ১৬৭৬ খ্রীস্টাব্দে আলেপ্পোতে।

প্রঃ (১০) কবিতায় সর্বপ্রথম একটি ক্রিকেট ম্যাচের পূর্ণাঙ্গ বিবরণ কে দিয়েছিলেন ?

● ইটন বিশ্ববিদ্যালয়ের কবি উইলিয়াম গোল্ডউইন। তিনি ১৭০৬ সালে একটি ল্যাটিন কবিতায় একটি ক্রিকেট ম্যাচের পূর্ণাঙ্গ বিবরণ দেন।

প্রঃ (১১) এম. সি. সি. কবে প্রতিষ্ঠা হয়?

● ১৭৮৭ সালে।

প্রঃ (১২) এম. সি. সি.—শব্দের অর্থ কি?

● মেরিলীবোর্ণ ক্রিকেট ক্লাব।

প্রঃ (১৩) এম. সি. সি'র মূল সদর দপ্তর কোথায়? এদের কাজ কি ছিল?

● লর্ডস মাঠে ছিল এই সংস্থার সদর দপ্তর। এই সংস্থাই ক্রিকেটের যাবতীয় আইন সৃষ্টি ও সংশোধন করার দায়িত্ব গ্রহণ করে।

প্রঃ (১৪) আই. সি সি. বলতে কি বোঝায়?

● ইম্পিরিয়াল ক্রিকেট কনফারেন্স।

প্রঃ (১৫) আই. সি. সি. কবে প্রতিষ্ঠা হয় এবং কটি দেশের প্রতিনিধি নিয়ে?

● ১৯০৯ সালে। প্রাথমিক সদস্য ছিল ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া এবং দক্ষিণ আফ্রিকা।

প্রঃ (১৬) আই. সি. সি. বর্তমানে কি নামে পরিচিত?

● ইম্পিরিয়াল ক্রিকেট কনফারেন্সের বদলে ইন্টারন্যাশানাল ক্রিকেট কনফারেন্স।

প্রঃ (১৭) আই. সি. সি.তে এ্যাসোসিয়েট মেম্বার নিয়োগ প্রথা কবে থেকে চালু হয়?

● ১৯৬৫ সালে।

প্রঃ (১৮) লর্ডস মাঠ কার নামানুসারে প্রতিষ্ঠিত?

● টমাস লর্ড।

প্রঃ (১৯) লর্ডস মাঠে প্রথম ম্যাচ কবে খেলা হয়?

● ১৭৮৭ সালে লর্ডস মাঠে প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয় মিডিলসেক্স বনাম এসেক্স দলের মধ্যে।

প্রঃ (২০) লর্ডস মাঠে এম. সি. সি. প্রথম ম্যাচ কবে খেলে?

● ২৭শে জুন, ১৭৮৮ সালে।

প্রঃ (২১) লর্ডসের দ্বিতীয় মাঠের উদ্বোধন কবে হয়?

● ১৮০৯ সালে নর্থ ব্যাঙ্কে লর্ডসের দ্বিতীয় মাঠের উদ্বোধন হয়।

প্রঃ (২২) বর্তমান লর্ডস মাঠের উদ্বোধন হয় কবে?

● ১৮১৪ সালে।

প্রঃ (২৩) লর্ডস মাঠের বিখ্যাত প্যাভেলিয়ান কবে তৈরী হয়?

● ১৮৯০ সালে।

প্রঃ (২৪) এম. সি. সি'র পর বিখ্যাত দ্বিতীয় ক্রিকেট ক্লাব কোনটি?

● ক্যালকাটা ক্রিকেট ক্লাব। ১৭৯২ সালে প্রতিষ্ঠিত।

প্রঃ (২৫) প্রথম কাউন্টি ম্যাচ কবে খেলা হয়?

● ১৭১৯ সালে কেন্ট বনাম লণ্ডনের মধ্যে।

প্রঃ (২৬) ইটন ও হ্যারোর মধ্যে প্রথম ক্রিকেট প্রতিযোগিতা কবে হয়?

● ১৮০০ সালে।

প্রঃ (২৭) জেণ্টলম্যান বনাম প্লেয়ারস্ দলের মধ্যে লর্ডস মাঠে প্রথম এবং শেষ খেলা কবে অনুষ্ঠিত হয়?

● প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয় ১৮০৯ সালে। শেষ ম্যাচ অনুষ্ঠিত হয় ১৯৬২ সালে।

প্রঃ (২৮) ক্রিকেটে ১৮৩৬ সাল কিসের জন্য বিখ্যাত?

● এই বছর সাসেক্স কাউন্টি ক্লাবের প্রতিষ্ঠা হয়। নির্দিষ্ট নিয়মানুসারে এই প্রথম কোন একটি কাউন্টি ক্লাবের প্রতিষ্ঠা।

প্রঃ (২৯) ১৮৪৫ সালের উল্লেখযোগ্য ঘটনা কি?

● এই বছর ক্রিকেট খেলার ওপর থেকে সকল রকমের বিধিনিষেধ তুলে নেওয়া হয়। এই বছর প্রতিষ্ঠা হয় সারে কাউন্টি ক্লাবের। ওভাল মাঠে তারা প্রথম ম্যাচ খেলে।

প্রঃ (৩০) ক্রিকেটে কতদিন পর্যন্ত চার বলে ওভার প্রথা চালু ছিল?

● ১৮৮৯ সাল পর্যন্ত।

প্রঃ (৩১) কবে প্রথম ইংল্যাণ্ডে প্রথম শ্রেণীর খেলায় আট ওভার চালু হয়?

● ১৯৩৯ সালে।

প্রঃ (৩২) ইংল্যাণ্ডে প্রথম কবে ছয় বলে ওভার প্রথা চালু হয়েছিল?

● ১৯০০ সালে।

প্রঃ (৩৩) "The Cricketers Fund friendly Society"—কবে প্রতিষ্ঠা হয়?

● ১৮৫৭ সালে।

প্রঃ (৩৪) ক্রিকেটে প্রথম 'রাউণ্ড আর্ম' বোলিং কে করেন বলে উল্লেখ আছে?

● ১৮০৭ সালে কেন্ট দলের জন উইলিস প্রথম হাত ঘুরিয়ে বোলিং করেন বলে উল্লেখ আছে।

প্রঃ (৩৫) 'রাউণ্ড আর্ম' বোলিং করার জন্য প্রথম নো বল কার বিরুদ্ধে ডাকা হয়?

● জন উইলিসের বিরুদ্ধে প্রথম রাউণ্ড আর্ম বোলিং করার জন্য নো বল ডাকা হয় ১৮২২ সালে।

প্রঃ (৩৬) ওভার আর্ম বোলিংয়ের অনুমতি এম. সি. সি. প্রথম কবে অনুমোদন করেছিল?

● ১৮৬৪ সালের ১০ই জুন এম. সি. সি. ওভার আর্ম বোলিং অনুমোদন করে।

প্রঃ (৩৭) লর্ডস মাঠে প্রথম স্কোরবোর্ড কবে চালু হয়?

● ১৮৪৭ সালে।

প্রঃ (৩৮) লর্ডস মাঠে প্রথম নেট ব্যবহার কবে করা হয়?

● ১৮৬৫ সালে।

প্রঃ (৩৯) প্রথম ভারী রোলার কোন মাঠে এবং কবে ব্যবহার করা হয়?

● ১৮৭০ সালে লর্ডস মাঠে প্রথম ভারি রোলার ব্যবহার করা হয়।

প্রঃ (৪০) ম্যাচের আগে পিচ ঢাকা দেওয়ার পরীক্ষা প্রথম কোন মাঠে এবং কবে করা হয়?

● লর্ডস মাঠে ১৮৭২ সালে।

প্রঃ (৪১) প্রথম কবে থেকে নো বল এবং ওয়াইড বলকে অতিরিক্ত রান হিসাবে গণ্য করা হয়?

● ১৮৩০—৩১ সালে।

প্রঃ (৪২) ক্রিকেটে সাদা বল ও ব্লু বল দিয়ে কখনও খেলা হয়েছে কি?

● হ্যাঁ, সাদা বলে একবার খেলা হয় ১৯৩৬ সালে কেন্টের একটি ক্লাব ম্যাচে। এবং ব্লু বলে খেলা হয় ইংল্যাণ্ডের একটি প্রমীলা ক্রিকেট ম্যাচ।

প্রঃ (৪৩) ইংল্যাণ্ডে কাউন্টি চ্যাম্পিয়ানশিপের খেলা কবে থেকে অনুমোদিত হয়?

● ১৮৭৩ সাল থেকে কাউন্টি চ্যাম্পিয়ানশিপের জন্য প্রতিযোগিতা অনুমোদিত হয়। প্রথম বছর চ্যাম্পিয়ান হয় নটস্ দল।

প্রঃ (৪৪) অস্ট্রেলিয়ান ক্রিকেট কনট্রোল বোর্ড কবে প্রতিষ্ঠা হয় ?

● ১৯০৮ সালে।

প্রঃ (৪৫) ইংল্যাণ্ডের টেস্ট ম্যাচ খেলার পরিকল্পনা নিয়ে বোর্ড অফ কনট্রোল কবে প্রতিষ্ঠা হয় ?

● ১৮৯৮ সালে।

প্রঃ (৪৬) দক্ষিণ আফ্রিকায় সর্বপ্রথম ক্রিকেট কনট্রোল বোর্ড কবে প্রতিষ্ঠিত হয় ?

● ১৮৯০ সালে।

প্রঃ (৪৭) ভারত কবে আই. সি. সি'র সদস্য পদ গ্রহণ করে ?

● ১৯২৬ সালে।

প্রঃ (৪৮) নিউজিল্যাণ্ড ও ওয়েস্টইণ্ডিজ কবে আই. সি. সি'র সদস্যপদ গ্রহণ করেছে ?

● ১৯২৬ সালে।

প্রঃ (৪৯) অস্ট্রেলিয় দল কার নেতৃত্বে প্রথম ইংল্যাণ্ড সফর করে ?

● ১৮৭৮ সালে। অস্ট্রেলিয়ার অধিনায়ক ছিলেন গ্রেগরী।

প্রঃ (৫০) ক্রিকেটে ছাপানো স্কোরকার্ড কবে প্রথম ব্যবহার করা হয় ?

● ১৭৭৬ সালে।

প্রঃ (৫১) ক্রিকেটে ব্যাটিং প্যাড সর্বপ্রথম কে ব্যবহার করেন ?

● রবার্ট রবিনসন।

প্রঃ (৫২) বিশ্ব ক্রিকেটে সর্বপ্রথম টেস্ট ম্যাচ কথাটি কবে থেকে ব্যবহার হয় ?

● ১৮৮৪ সালের ১৬ই সেপ্টেম্বর, মেলবোর্ণ মাঠে অস্ট্রেলিয়া বনাম ইংল্যাণ্ডের মধ্যে ম্যাচটি থেকে।

প্রঃ (৫৩) বিশ্ব ক্রিকেটে সর্বপ্রথম টেস্ট ম্যাচ হিসাবে কোন খেলাটি চিহ্নিত ?

● ১৮৭৭ সালের মার্চ মাসে মেলবোর্নে অনুষ্ঠিত ম্যাচটি। এই ম্যাচে অস্ট্রেলিয়া ৪৫ রানে জয়লাভ করে।

প্রঃ (৫৪) ক্রিকেটে 'ছাই যুদ্ধ' কবে থেকে শুরু হয় ?

● অস্ট্রেলিয়া ও ইংল্যাণ্ডের মধ্যে ১৮৮২ সালে অনুষ্ঠিত ওভালের ম্যাচটিকে ঘিরে।

প্রঃ (৫৫) ক্রিকেটে 'ছাই যুদ্ধ' প্রকৃতপক্ষে স্বীকৃতি পায় কবে?

● ১০৮৪ সালে ইংল্যাণ্ডের কাছে অস্ট্রেলিয়া পরাজিত হলে, অস্ট্রেলিয়ার মেয়েরা উইকেট পুড়িয়ে সেই ছাই একটি সুদৃশ্য বাক্সে পুরে তা উপহার দিয়েছিলেন ইংল্যাণ্ড দলপতি আইভোব্লাইকে। এই ঘটনার পরই দুই দেশের মধ্যে প্রকৃতপক্ষে ছাই যুদ্ধ বা দ্য এ্যাসেজ (The Ashes) লড়াই শুরু হয়।

প্রঃ (৫৬) বিশ্ব ক্রিকেটে সর্বপ্রথম কোথায় এবং কবে ত্রিমুখী প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়?

● ১৯১২ সালে ইংল্যাণ্ডে প্রথম এবং একমাত্র ত্রিমুখী প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রঃ (৫৭) টেস্ট ম্যাচে দল নির্বাচনের জন্য একটি সিলেকসন কমিটি সর্বপ্রথম কোন দেশে গঠিত হয়?

● ১৮৯৯ সালে ইংল্যাণ্ডে। এর আগে দল বাছাই করতো এম. সি. সি।

প্রঃ (৫৮) চারদিনের টেস্ট ম্যাচ প্রথম কবে স্বীকৃত হয়?

● ১৯৩০ সালে।

প্রঃ (৫৯) ইংল্যাণ্ডে প্রথম পাঁচদিনের টেস্ট ম্যাচ কবে প্রবর্তিত হয়?

● ১৯৪৮ সালে।

প্রঃ (৬০) টেলিভিশনে প্রথম টেস্ট ম্যাচ কবে দেখানো হয়?

● ১৯৩৮ সালে লর্ডসের টেস্টে।

প্রঃ (৬১) কতজন পেশাদার ক্রিকেটারকে সর্বপ্রথম এম. সি. সি-র আজীবন সদস্যরূপে সম্মানিত করা হয় এবং কত সালে?

● ১৯৪৯ সালে ২৬ জন ক্রিকেটারকে এম. সি. সি-র আজীবন সদস্যপদ দেওয়া হয়।

প্রঃ (৬২) ক্রিকেটে প্রথম আইন কবে লিপিবদ্ধ হয়?

● ১৭৪৪ সালে।

প্রঃ (৬৩) এম. সি. সি-র প্রশাসকেরা সর্বশেষ ক্রিকেট আইন কবে সংশোধন করেন?

● ১৯৮০ সালে। এই বছর কোড রচনায় নানান বিষয়ে চিন্তা ভাবনা করে তাঁরা ক্রিকেট আইনকে ৫৫টি থেকে কমিয়ে ৪২টিতে পরিণত করেন।

প্রঃ (৬৪) ক্রিকেটে ক্যাচ ও স্ট্যাম্প আউটের উইকেটটি বোলারের প্রাপ্য হিসাবে কবে থেকে গ্রহণ করা হয়?

● ১৮৩৬ সাল থেকে।

প্রঃ (৬৫) ক্রিকেটে 'তিনটি স্ট্যাম্প' প্রথম কবে ব্যবহার হয়?

● ১৭৭৬ সালে।

প্রঃ (৬৬) ক্রিকেটে 'দুই বেল' উইকেটের মাথার ওপর রাখার ব্যবস্থা সর্বপ্রথম কবে দেখা যায় ?

● ১৮১৮ সালে।

প্রঃ (৬৭) ক্রিকেটে মোট আইনের সংখ্যা কত ?

● ৪২টি আইন।

প্রঃ (৬৮) একটি ক্রিকেট বলের ওজন কত ? বলটি কি রঙের হয় ?

● একটি বলের ওজন ৫নং আইন অনুসারে ৫$\frac{১}{২}$ আউন্সের কম নয় এবং ৫$\frac{৩}{৪}$-এর বেশী নয়। বলের মাপটি হবে ৮$\frac{১৩}{১৬}$″ ইঞ্চি থেকে ৯″ ইঞ্চির মধ্যে। রঙের বিষয় বিস্তারিত কিছু বলা নেই। তবে সাধারণতঃ লাল রঙের বলেই খেলা হয়ে থাকে। মহিলাদের ক্ষেত্রে বলের ওজন ৪$\frac{১৫}{১৬}$ আউন্সের কম এবং ৫$\frac{৫}{১৬}$ আউন্সের বেশী হবে না। মাপ হবে ৮$\frac{১}{৪}$″ থেকে ৮$\frac{৭}{৮}$″ ইঞ্চির মধ্যে।

প্রঃ (৬৯) ইনিংস শুরু করার সময় কি ফিল্ডিং দলের অধিনায়ক নতুন বল চাইতে পারেন ?

● হ্যাঁ পারেন।

প্রঃ (৭০) ফিল্ডিং দলের অধিনায়ক একটি ইনিংস চলাকালীন অবস্থায় কি দ্বিতীয় নতুন বল গ্রহণ করতে পারেন ?

● হ্যাঁ পারেন। তবে তার জন্য তাঁকে নির্দিষ্ট সংখ্যক ওভার অপেক্ষা করতে হবে। যদি খেলাটি ৬ বলে ওভারের হয় তাহলে ৭৫ ওভার এবং ৮ বলে ওভার হলে ৫৫ ওভারের মাথায় নতুন বলের দাবী ফিল্ডিং দলের অধিনায়ক করতে পারেন।

প্রঃ (৭১) খেলতে খেলতে যদি একটি বল হারিয়ে যায় অথবা নির্দিষ্ট ওভারের আগে যদি বলের আকৃতি নষ্ট হয়ে যায় তাহলে কি হবে ?

● এই ক্ষেত্রে আম্পায়ার নতুন একটি বল দিয়ে খেলা পুনরায় চালু করবেন। তবে খেলা চালু করার আগে নতুন বলটিকে এই ক্ষেত্রে ভালোভাবে ঘষে নিতে হবে।

প্রঃ (৭২) ক্রিকেটে একটি ব্যাটের মাপ কত ?

● ক্রিকেটে একটি ব্যাট কোন অবস্থায় ৩৮″ ইঞ্চির বেশী লম্বা হবে না। এই ক্ষেত্রে ব্যাটের বুক বা ব্লেড চওড়ায় হবে ৪$\frac{১}{২}$″ ইঞ্চি। ব্যাটের হাতলের বিষয়ে নির্দিষ্ট করে আইনে কিছু বলা নেই। কেউ লম্বা হাতল বা কেউ ছোট হাতল ব্যবহার করেন।

প্রঃ (৭৩) একটি ক্রিকেট ব্যাটের ওজন কত হবে?

● ৬নং আইন অনুসারে বলা যায় একটি ক্রিকেট ব্যাটের ওজন ২ পাউণ্ড ৩ আউন্সের বেশী হবে না। তবে অনেকে যে একটু বেশী ওজনের ব্যাট ব্যবহার করেন না তা নয়—অনেকেই করেন।

প্রঃ (৭৪) মাটি থেকে উইকেটের উচ্চতা কতটা হবে?

● ২৮″ ইঞ্চি।

প্রঃ (৭৫) ক্রিকেটের পরিভাষায় উইকেট বলতে কি বোঝায়?

● তিনটি করে স্ট্যাম্প সহ দুটি করে বেল নিয়ে—একেক প্রান্তের উইকেট সম্পূর্ণ হয়।

প্রঃ (৭৬) একেকটি উইকেট চওড়ায় কতটা হবে?

● ৮নং আইন অনুসারে উইকেট চওড়ায় হবে ৯″ ইঞ্চি। অর্থাৎ তিনটি স্ট্যাম্প তিন ইঞ্চি দূরত্বে পোঁতা হবে (৩″×৩″)।

প্রঃ (৭৭) উইকেটের মাথার ওপর যে বেল দুটি বসানো থাকে —সেই বেলের মাপ কি?

● দেখতে অনেকটা লাটিমের মতো। লম্বায় একেকটি বেল হবে ৪$\frac{৩}{৮}$″ ইঞ্চি এবং উইকেটের ওপর বসানোর পর উচ্চতা $\frac{১}{২}$″ ইঞ্চির বেশী হবে না।

প্রঃ (৭৮) খেলা চলাকালীন অবস্থায় বেল কি তুলে নেওয়া যায়?

● যায়। যদি প্রচণ্ড বাতাস থাকে, তাহলে আম্পায়ারেরা একমত হয়ে বেল বর্জন করে খেলা চালাবার সিদ্ধান্ত নিতে পারেন।

প্রঃ (৭৯) ক্রিকেটের পরিভাষায় পিচ্ কাকে বলে?

● মাঠের ঠিক মাঝখানে যে অংশে দুই প্রান্তে উইকেট পুঁতে খেলা হয়ে থাকে অর্থাৎ দুই প্রান্তের বোলিং ক্রিজের মধ্যেকার অংশটিকে অথবা সেই সংরক্ষিত অংশটিকে পিচ্ বলা হয়।

প্রঃ (৮০) ক্রিকেট পিচের আইন প্রথম কবে লিপিবদ্ধ হয়? আইন অনুসারে ক্রিকেট পিচের আয়তন কত?

● ১৭৪৪ সালে ক্রিকেটের প্রাচীনতম আইন লিপিবদ্ধ হয়—এই আইনেই পিচের আয়তন নির্দিষ্ট হয়েছিল চওড়ায় ৫ ফুট এবং লম্বায় ২২ গজ—সেই আইন এখনও অপরিবর্তিত আছে।

প্রঃ (৮১) খেলার মধ্যে কি পিচ যখন-তখন বদল করা যায়?

● হ্যাঁ যায়। যদি উভয় দলের অধিনায়ক একমত হয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন যে পিচটি খেলার অযোগ্য হয়েছে।

প্রঃ (৮২) বোলিং ক্রিজের আয়তন বা মাপ কত?

● স্ট্যাম্প তিনটিকে মাঝখানে রেখে একই রেখায় দুই প্রান্তে বোলিং ক্রিজ টানা হবে এবং তার দৈর্ঘ্য হবে ৮ ফুট ৮ ইঞ্চি।

প্রঃ (৮৩) পপিং ক্রিজের সঙ্গে বোলিং ক্রিজের সঠিক দূরত্ব কত?

● পপিং ক্রিজ এবং বোলিং ক্রিজের মধ্যে দূরত্ব হবে ৯ নম্বর আইন অনুসারে ৪ ফুট।

প্রঃ (৮৪) খেলা চলাকালীন অবস্থায় যে কোন সময় কি পিচ রোল করা যায়?

● ম্যাচের প্রথম ইনিংস ছাড়া ম্যাচ চলাকালীন সময়ে প্রত্যেকদিন খেলা শুরু হওয়ার আগে ব্যাটিং দলের অধিনায়ক চাইলে পিচ রোল করা যায়। এই রোলিং ৭ মিনিটের বেশী হবে না।

প্র: (৮৫) খেলা চলাকালীন অবস্থায় পিচের ঘাস কি প্রতিদিন ছাঁটা যায়?

● খেলাটি তিনদিন বা তার বেশী হলে খেলা শুরুর পর থেকে একদিন অন্তর আম্পায়ারদের তত্ত্বাবধানে পিচের ঘাস ছাঁটাই করা হয়। যদি কোন কারণে খেলা বন্ধ থাকে তাহলে পিচের ঘাস ছাঁটাই বন্ধ করা যাবে না। এই ক্ষেত্রে বিরতির দিনকেও খেলার মধ্যেকার দিন হিসাবে গণ্য করা হবে।

প্রঃ (৮৬) দলের অধিনায়ক কি পারেন খেলা শুরু হওয়ার আগে যে কোন সময় তাঁর দলের খেলোয়াড়কে পরিবর্তন করতে?

● না। কোন খেলোয়াড়কে পরিবর্তন করতে হলে তা করতে হবে টস করার আগে। ক্রিকেটের আইনানুসারে টস করার পর আর কোন খেলোয়াড়কে পরিবর্তন করা যাবে না।

প্রঃ (৮৭) উইকেটরক্ষক কি পারেন উইকেটের সামনে থেকে বলকে ধরতে?

● না—সাধারণত পারেন না। তবে যদি বলটি ব্যাটসম্যানের ব্যাট, প্যাড, অথবা শরীরের কোন অংশ স্পর্শ করে অথবা যদি ব্যাটসম্যানেরা রান নেওয়ার চেষ্টা করেন তাহলে একমাত্র উইকেটরক্ষক পারেন উইকেটের সামনে থেকে বলকে ধরতে।

প্রঃ (৮৮) স্টাইকার একটি বল হিট করার পর যদি বলটি তাঁর প্যাডের মধ্যে ঢুকে যায় এবং ব্যাটসম্যান সেই বল হাত দিয়ে বোলারকে ফেরত দেন—তখন যদি তাঁর বিরুদ্ধে আউটের আবেদন করা হয়—তাহলে কি ব্যাটসম্যান আউট হবেন?

● না।

প্রঃ (৮৯) ক্রিকেটে 'হ্যাণ্ডলড দি বল' আউট বলতে কি বোঝায়? কত নম্বর ধারায় এই আউটের কথা বর্ণিত আছে?

● ব্যাটসম্যানের মধ্যে যে কেউ যদি ইচ্ছাকৃত ভাবে খেলার মেয়াদ থাকা-কালীন অবস্থায় বলে হাত দেন বা বলটি উইকেটের দিকে যেতে পারে এই অবস্থায় হাত দিয়ে থামাবার চেষ্টা করেন—তাহলে ফিল্ডসম্যানেরা আউটের আবেদন করলে আম্পায়ার তা মঞ্জুর করতে বাধ্য থাকবেন—এই জাতীয় আউটকে বলা হয় 'হ্যাণ্ডলড দি বল' আউট। ক্রিকেটের ৩৩ নম্বর আইনে এই আউটের কথা বলা আছে।

প্রঃ (৯০) ক্রিকেটে 'হিট দি বল টোয়াইস' বলতে কি বোঝায়?

● হিট দি বল টোয়াইস হলো ক্রিকেটে এক বিশেষ ধরনের বৈধ আউট। ৩৪নং আইনে বলা হয়েছে যদি কোন ব্যাটসম্যান একটি বল খেলার পর দ্বিতীয়বার নিজের উইকেট রক্ষার উদ্দেশ্য ছাড়া ইচ্ছাকৃতভাবে বলটিকে পুনরায় আঘাত করেন —তাহলে তাঁকে ফিল্ডসম্যানদের আবেদনে আম্পায়ার 'হিট দি বল টোয়াইস' আউট বলে গণ্য করবেন।

প্রঃ (৯১) হিট দি বল টোয়াইস এবং 'হ্যাণ্ডলড দি বল' আউট কি বোলারের প্রাপ্য উইকেট হিসাবে গণ্য করা হবে?

● না। এই ধরনের আউটে বোলারের কোন কৃতিত্ব নেই।

প্রঃ (৯২) আম্পায়ারের আউটের নির্দেশ ছাড়া যদি কোন ব্যাটসম্যান ফিল্ডারের আবেদনে ক্রিজ ছেড়ে প্যাভেলিয়ানের দিকে যান তখন তিনি কি আউট হবেন?

● হ্যাঁ ব্যাটসম্যান ক্রিজ ছাড়ার অপরাধে আউট হবেন। তাঁকে রিটায়ার্ড আউট বলে গণ্য করা হবে।

প্রঃ (৯৩) ওয়াইড বল খেলতে গিয়ে যদি ব্যাটসম্যান ফসকে যান এবং উইকেটরক্ষক যদি তাঁকে স্ট্যাম্পড আউট করেন তাহলে কি সেই আউট আইনসিদ্ধ হবে?

● হ্যাঁ, হবে।

প্রঃ (৯৪) দৌড়ে রান নেওয়ার সময় যদি কোন ব্যাটসম্যানের ব্যাট লেগে বা শরীরের কোন অংশ লেগে উইকেট ভেঙে যায় তাহলে কি ব্যাটসম্যান আউট হবেন?

● না। তাঁরা রান নিতে পারেন।

প্রঃ (৯৫) একজন বোলার দিনের শেষ ওভারটি করার পর, পরের দিন আবার প্রথম ওভারটি কি তিনি করতে পারেন?

● না।

প্রঃ (৯৬) খেলা চলাকালীন অবস্থায় একজন উইকেটরক্ষক আহত হলে তাঁর জায়গায় পরিবর্ত উইকেটরক্ষক'কে কি অনুমোদন করা যায় ?

● যায়। এই ক্ষেত্রে আইনের কোন বাধা নেই।

প্রঃ (৯৭) কোন ফিল্ডসম্যান সীমানার খুব কাছে দাঁড়িয়ে একটি ক্যাচ ধরার পর দেহের ভারসাম্য বজায় রাখতে না পেরে যদি সীমানা অতিক্রম করে যান তাহলে কি ব্যাটসম্যান আউট বলে গণ্য হবেন ?

● না। এই ক্ষেত্রে ব্যাটসম্যান ৬ রান পাবেন।

প্রঃ (৯৮) কোন ব্যাটসম্যান হিট করার পর কাছাকাছি দাঁড়ানো একজন ফিল্ডসম্যানের হেলমেটে লেগে যদি তা উঁচু হয়ে ওঠে এবং বলটি মাটিতে পড়ার আগে অন্য আর একজন ফিল্ডসম্যান তা লুফে নিয়ে আউটের আবেদন করেন তাহলে কি ব্যাটসম্যান আউট হবেন ?

● না।

প্রঃ (৯৯) উইকেটরক্ষকের পিছনে হেলমেট রাখা থাকলে—যদি কোন কারণে ওই হেলমেটে বল লাগে তাহলে কি হবে ?

● পেনালটি বাবদ ৫টি রান হবে। যদি বলটি ব্যাটসম্যানের ব্যাটে লেগে থাকে তাহলে এই রান ব্যাটসম্যানের রানের সঙ্গে যোগ হবে, অন্যথায় অতিরিক্ত রান হিসাবে গণ্য করা হবে।

প্রঃ (১০০) স্টাইকারের হিট করা বল যদি সরাসরি উইকেটে এসে লাগে এবং উইকেট ভেঙে যায় তাহলে কি ব্যাটসম্যানেরা রান নিতে পারেন ?

● পারেন।

প্রঃ (১০১) স্টাইকারের হিট করা বল যদি সরাসরি বোলার প্রান্তের উইকেটে এসে লাগে এবং এই সময় যদি নন-স্টাইকার ক্রিজের বাইরে থাকেন তাহলে কি তিনি আউট হবেন ?

● না।

প্রঃ (১০২) স্টাইকারের হিট করা বল ফলোথ্রুতে যদি বোলারের শরীর কোন অংশ স্পর্শ করে উইকেটে লাগে এবং এই সময় যদি নন-স্টাইকার ক্রিজের বাইরে থাকেন তাহলে কি তিনি আউট হবেন ?

● হ্যাঁ। রান আউট হিসাবে গণ্য হবেন।

প্রঃ (১০৩) খেলা চলাকালীন অবস্থায় কোন বোলার হঠাৎ

আহত হওয়ায় যদি ওভার শেষ করতে না পারেন, তাহলে কি তাঁর পরিবর্তে অন্য কোন বোলার ওভারটি সম্পূর্ণ করতে পারেন?

● হ্যাঁ পারেন। তবে এই ক্ষেত্রে দেখতে হবে সেই বোলারটি আগের ওভার বোলিং করেছেন কিনা। যদি করে থাকেন তাহলে তাঁকে ওভার সম্পূর্ণ করার অনুমতি দেওয়া যাবে না।

প্রঃ (১০৪) কোন একজন ব্যাটসম্যান আউট হওয়ার পর পরের ব্যাটসম্যান মাঠে নামার জন্য কতক্ষণ সময় নিতে পারেন?

● ২ মিনিটের বেশী নয়। যদি ২ মিনিটের বেশী হয় তাহলে আম্পায়ার তাঁকে টাইমড আউট হিসাবে গণ্য করতে পারেন।

প্রঃ (১০৫) নতুন বলের পালিশ ওঠাবার জন্য বলটিকে কি ঘষা যায়?

● না।

প্রঃ (১০৬) আম্পায়ার ঘোষিত কোন ওয়াইড বলকে যদি ব্যাটসম্যান হিট করেন এবং সরাসরি কোন ফিল্ডসম্যান লুফে নিয়ে আউটের আবেদন করেন—তাহলে আম্পায়ার কি করবেন?

● আম্পায়ার ওয়াইড বল প্রত্যাহার করে ব্যাটসম্যানকে আউট বলে ঘোষণা করবেন।

প্রঃ (১০৭) স্টাইকার হিট করার পর যদি বলটি উইকেট-রক্ষকের প্যাডে আটকে যায়—তিনি যদি আউটের আবেদন করেন তাহলে কি ব্যাটসম্যান আউট হবেন?

● হ্যাঁ হবেন, যদি বলটি মাটি স্পর্শ না করে।

প্রঃ (১০৮) আম্পায়ার প্লে ডাকবেন কখন?

● ইনিংসের সূচনায়, প্রতিদিন খেলা শুরুর আগে, কোন বিরতি বা ছেদের পর পুনরায় খেলা আরম্ভ করার আগে তিনি প্লে ডাকবেন।

প্রঃ (১০৯) লেগবাই রান কখন সংগত হিসাবে ধরা হবে?

● এইক্ষেত্রে লক্ষ্য করতে হবে ব্যাটসম্যানের উদ্দেশ্যকে—অর্থাৎ তিনি বলটি ইচ্ছাকৃতভাবে পা দিয়ে খেলেছেন নাকি বলটিকে প্রকৃত খেলার চেষ্টা করেছেন। যদি ব্যাটসম্যান বলটিকে প্রকৃতপক্ষে খেলার চেষ্টা করে থাকেন, তাহলেই লেগবাই ঘোষণা করা হবে। নচেৎ ইচ্ছাকৃত প্যাডপ্লের জন্য লেগবাই আইন সংগত হবে না।

প্রঃ (১১০) কোন বোলার কি যে কোন সময় রাউণ্ড দ্যা উইকেট থেকে ওভার দ্যা উইকেট অথবা ওভার দ্যা উইকেট থেকে রাউণ্ড দ্যা উইকেট বোলিং করতে পারেন?

● হ্যাঁ পারেন। তবে তাঁকে আম্পায়ারকে জানাতে হবে এবং ব্যাটসম্যানকে বলতে হবে। যদি বোলার আম্পায়ারকে না জানিয়ে প্রান্ত বদল করেন তাহলে আম্পায়ার অনায়াসে নো বল ডাকতে পারেন।

প্রঃ (১১১) ব্যাটসম্যানের ব্যাটে লেগে যদি ক্যাচ ওঠে সেই ক্যাচ ফিল্ডসম্যানেরা ধরতে গেলে যদি উভয় ব্যাটসম্যানের মধ্যে যে কেউ একজন বাধার সৃষ্টি করেন এবং তার জন্য যদি ক্যাচটি হাতছাড়া হয় তাহলে আম্পায়ার কি করবেন?

● ক্যাচ ফসকে যাওয়া সত্ত্বেও যদি ফিল্ডসম্যানেরা আউটের জন্য আবেদন করেন, তাহলে আম্পায়ার অবশ্যই ব্যাটসম্যানকে আউট বলে গণ্য করবেন। এই জাতীয় আউটকে বলা হয় "অফস্ট্রাকটিং দ্যা ফিল্ড"।

প্রঃ (১১২) নো বলে কি ব্যাটসম্যান আউট হতে পারেন?

● হ্যাঁ পারেন। রান আউট অথবা অবস্ট্রাকটিং দ্যা ফিল্ড আউট হতে।

প্রঃ (১১৩) ক্রিকেটে একটি দল কখন ফলোঅন করতে পারে?

● পাঁচ দিনের খেলায় ২০০ রান, চারদিন বা তিন দিনের খেলায় ১৫০ রান, দুদিনের খেলায় ১০০ রান এবং একদিনের খেলায় ৭৫ রানে এগিয়ে থাকা দল বিপক্ষ দলকে ফলোঅন করাবার অধিকার পায়।

প্রঃ (১১৪) স্টাইকার বলটি ব্যাট দিয়ে হিট করার পর যদি তার মাথার টুপি পড়ে গিয়ে বেল পড়ে যায় তাহলে কি ব্যাটসম্যান আউট হবেন?

● হ্যাঁ, এই ক্ষেত্রে ব্যাটসম্যান হিট উইকেট আউট হবেন।

প্রঃ (১১৫) কোন ফিল্ডসম্যানের যদি ক্যাচ ধরার সময় হাত দুটি মাটি স্পর্শ করে তাহলে কি ব্যাটসম্যান আউট হবেন?

● যদি বল মাটি স্পর্শ না করে থাকে, যদি কেবল হাত দুটি মাটি স্পর্শ করে তাহলে ব্যাটসম্যান আউট হবেন। কিন্তু বল মাটি স্পর্শ করলে ব্যাটসম্যান নট আউট হিসাবে গণ্য হবেন।

প্রঃ (১১৬) একটি বল ব্যাটসম্যান হিট করার পর, যদি সেই বলটি দুই আম্পায়ারের মধ্যে যে কোন একজনের শরীর স্পর্শ করে তাহলে কি আম্পায়ার এই অবস্থায় ডেডবল ডিক্লেয়ার করবেন?

● না। খেলা চলবে। মনে রাখতে হবে আম্পায়ার খেলার মধ্যেকার একজন।

প্রঃ (১১৭) কোন একজন বোলার যদি বলটি ডেলিভারি করার আগে নন-স্টাইকারকে রান আউট করার চেষ্টা করেন—এবং তার

ফলে যদি ব্যাটসম্যানেরা রান সংগ্রহ করেন তাহলে কি সেই রান অনুমোদনযোগ্য হবে ?

● হ্যাঁ হবে। রানগুলি নো বল বলে স্কোরসিটে লিপিবদ্ধ হবে। এই প্রচেষ্টায় কৃত বলটিকে ওভারের সংখ্যার মধ্যে গগনা করা হবে না। তবে এই ক্ষেত্রে আম্পায়ার নো বল ডাকবেন না।

প্রঃ (১১৮) ক্রিকেটের পরিভাষায় লস্ট বল কাকে বলে ?

● খেলা চলাকালীন অবস্থায় যদি কোন বল হারিয়ে যায় বা অদৃশ্য হয়ে যায় তাহলে ফিল্ডিং দলের যে কোন সদস্য লস্ট বল ডাকলে আম্পায়ার তা স্বীকৃত করবেন। লস্ট বলের জন্য ৬টি রান ব্যাটিং দলের প্রাপ্য হবে—এই রান অতিরিক্ত রান হিসাবে যুক্ত হবে। পরে খেলা চালানোর জন্য নতুন একটি বলকে ঘষে আগের বলের অবস্থায় নিয়ে গিয়ে আম্পায়ার পুনরায় খেলা শুরু করবেন।

প্রঃ (১১৯) একদিনের সীমিত ওভারের খেলায় একজন বোলার কত ওভার বোলিং করতে পারেন ?

● একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচে একজন বোলার মোট বোলিংয়ের পাঁচ ভাগের এক ভাগ অংশ বোলিং করতে পারেন। যেমন ম্যাচটি যদি ৬০ ওভারের হয় তাহলে ১২ ওভার, ৫০ ওভারের ক্ষেত্রে ১০ ওভার, ৪৫ ওভারের ক্ষেত্রে ৯ ওভার এবং ৪০ ওভারের ক্ষেত্রে ৮ ওভার।

প্রঃ (১২০) একদিনের সীমিত ওভারের খেলায় মাঠের মাঝখানে যে অর্ধবৃত্ত জায়গাটি থাকে—উইকেট থেকে তার দূরত্ব কত হয় ?

● ৩০ গজ।

প্রঃ (১২১) একদিনের ক্রিকেটে প্রথম ১৫ ওভার সম্পর্কে বাধ্যতামূলক কোন নিয়ম আছে কি ?

● আছে। যেমন আইনে বলা হয়েছে প্রথম ১৫ ওভারে ফিল্ডিং দলের মাত্র ২ জন ফিল্ডসম্যান ৩০ গজ সীমানার বাইরে দাঁড়াতে পারেন। এছাড়া বলা হয়েছে ২ জনের বেশী ফিল্ডসম্যান ক্যাচিং পজিশনে দাঁড়াতে পারবেন না। তবে এই ক্ষেত্রে ক্যাচিং পজিশান ও রান সেভিংস্ পজিশান বিচার করার সমস্ত দায়-দায়িত্ব আম্পায়ারের ওপর থাকে—তাঁর নির্দেশ সকলে মানতে বাধ্য থাকবেন।

প্রঃ (১২২) একদিনের ক্রিকেটে কি আণ্ডারহ্যাণ্ড বোলিং করা যায় ?

● না।

প্রঃ (১২৩) টেস্ট ক্রিকেটে কি আণ্ডারহ্যাণ্ড বোলিং করা যায় ?

● যায়—তবে এইক্ষেত্রে আম্পায়ারের অনুমতি নেওয়া একান্ত অপরিহার্য।

তিনি অনুমতি দিলে তবেই আণ্ডারহ্যাণ্ড বোলিং করা যাবে, তবে এই ক্ষেত্রে ব্যাটসম্যানকে অবশ্যই তা জানাতে হবে।

প্রঃ (১২৪) যদি একদিনের একটি ম্যাচে কোন দল নির্ধারিত ৫০ ওভারের আগে সকলে আউট হয়ে যায়—তাহলে বিপক্ষ দল কি নির্ধারিত ৫০ ওভার ব্যাটিং করবেন?

● না। এইক্ষেত্রে দ্বিতীয় ভাগে যাঁরা ব্যাটিং করবেন, তাঁরা প্রথম দলটি যত ওভার ব্যাটিং করে সকলে আউট হয়েছেন ঠিক তত ওভার ব্যাটিং করবেন।

প্রঃ (১২৫) একদিনের একটি সীমিত ওভারের ম্যাচ ন্যূনতম কত ওভার পর্যন্ত চালানো প্রয়োজন?

● কমপক্ষে ১৫ ওভার একেকটি দলের ব্যাটিং হওয়া বাঞ্ছনীয়। যদি কোন কারণে কোন দল বা দুটি দলেই ১৫ ওভার পর্যন্ত ব্যাটিং করার সুযোগ না পায়—তাহলে ম্যাচটিকে ড্র হিসাবে ধরে নেওয়া হবে।

আন্তর্জাতিক ক্রিকেট রেকর্ড

প্রঃ (১২৬) বিশ্ব ক্রিকেটে প্রথম সেঞ্চুরি কে করেছেন?

● হ্যাম্বলডন দলের জন স্মল। তিনি ১৭৭৫ সালে সারের বিরুদ্ধে ১৩৬ রান করেন।

প্রঃ (১২৭) বিশ্ব ক্রিকেটে একই খেলায় দুটি শতরান কবে হয় এবং কে করেন?

● ১৮১৭ সালে সাসেক্স দলের উইলিয়াম ল্যাম্বার্ট (১০৭ ও ১৫৭) লর্ডস মাঠে সর্বপ্রথম এই নজির গড়েন।

প্রঃ (১২৮) বিশ্ব ক্রিকেটে সর্বপ্রথম দ্বিশত রান কে করেন?

● ১৮২০ সালে এম. সি. সি. দলের ব্যাটসম্যান উইলিয়াম ওয়ার্ড লর্ডস-মাঠে নরফোক দলের বিরুদ্ধে ২৭৮ রান করেন।

প্রঃ (১২৯) ইংল্যাণ্ড ও অস্ট্রেলিয়ার মধ্যে প্রথম টেস্ট ম্যাচ কবে অনুষ্ঠিত হয়?

● ১৮৭৭ সালে মেলবোর্ন মাঠে।

প্রঃ (১৩০) টেস্ট ক্রিকেটে প্রথম কবে অস্ট্রেলিয়া বনাম দক্ষিণ আফ্রিকার মধ্যে টেস্ট সিরিজ শুরু হয়?

● দক্ষিণ আফ্রিকায় ১৯০২-০৩ সালে।

প্রঃ (১৩১) ইংল্যাণ্ডের মাঠে প্রথম টেস্ট ম্যাচ কবে অনুষ্ঠিত হয়?

● ১৮৮০ সালে। ম্যাচটি অনুষ্ঠিত হয় ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে।

প্রঃ (১৩২) পাঁচটি ম্যাচের টেস্ট সিরিজ ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে কবে শুরু হয় ?

● ১৮৮৪-৮৫ সালে। এই প্রথম সিরিজে ইংল্যাণ্ড তিনটি (৩-০) টেস্টে জয় পেয়েছিল।

প্রঃ (১৩৩) টেস্ট ক্রিকেটে প্রথম বাউণ্ডারীটি কে মারেন ?

● চার্লস ব্যানারম্যান (অস্ট্রেলিয়া)।

প্রঃ (১৩৪) টেস্ট ক্রিকেটে ট্রিপল সেঞ্চুরি মোট কতজন ব্যাটসম্যান করেছেন ?

● দশজন ক্রিকেটার এই নজির গড়েন মোট এগারো বার। এই দশজন হলেন অস্ট্রেলিয়ার ডন ব্র্যাডম্যান দুবার (৩০৪ ও ৩৩৪), বব কাউপার (৩০৭), ববি সিমসন(৩১১), ইংল্যাণ্ডের স্যার ওয়ালী হ্যামণ্ড (৩৩৬), অ্যাণ্ডি স্যাণ্ডহাম (৩২৫), জে-এডরিচ (৩১০), লেন হাটন (৩৬৪), ওয়েস্টইণ্ডিজ দলের স্যার গ্যারী সোবার্স (৩৬৫), লরেন্স রো (৩০২) এবং পাকিস্তানের হানিফ মহাম্মদ (৩৩৭)।

প্রঃ (১৩৫) টেস্ট ক্রিকেটে একাধিকবার ডাবল সেঞ্চুরি কারা করেছেন ?

● অস্ট্রেলিয়ার ডন ব্র্যাডম্যান দশবার, গ্রেগ চ্যাপেল তিনবার। ইংল্যাণ্ডের ওয়ালী হ্যামণ্ড দুবার। লেন হাটন তিনবার। ভারতের সানি গাভাসকার চারবার, ভিনুমানকড় দুবার ও পাকিস্তানের জাহির আব্বাস তিনবার।

প্রঃ (১৩৬) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে দ্বিশত রান কে করেছেন ?

● সর্বপ্রথম এই নজির গড়েন আর. ই. ফস্টার (ইংল্যাণ্ড)। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯০৩-০৪ সালে প্রথম এই নজির গড়েন। পরে লরেন্স রো (ওঃ ইঃ) এই নজির গড়েন ১৯৭১ সালে।

প্রঃ (১৩৭) লাঞ্চের আগে পাকিস্তানের কোন একমাত্র ক্রিকেটার সেঞ্চুরি করেছেন ?

● মজিদ খান।

প্রঃ (১৩৮) টেস্ট ক্রিকেটে সর্বপ্রথম দ্বিতীয় ইনিংসে দ্বিশত রান কে করেছেন ?

● প্যাটসী হেনড্রেন (ইংল্যাণ্ড) ১৯২৯-৩০ সালে। তিনি এই নজির গড়েন ওয়েস্টইণ্ডিজ দলের বিরুদ্ধে।

প্রঃ (১৩৯) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে যাঁরা শত রান ও দ্বিশত রান করেছেন তাঁদের মধ্যে সর্বোচ্চ রান কে করেছেন ?

● আর. ই. ফস্টার (ইংল্যাণ্ড)। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯০৩-০৪ সালে ২৮৭ রান করেন।

প্রঃ (১৪০) বিশ্বের কোন একমাত্র ক্রিকেটার যিনি প্রথম আবির্ভাবে উভয় ইনিংসে সেঞ্চুরি করেছেন ?

● লরেন্স রো (ওঃ ইঃ)। তিনি নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৭১-৭২ সালে প্রথম আবির্ভূত হয়ে উভয় ইনিংসে সেঞ্চুরি করেন। যথাক্রমে ২১৪ ও ১০০ রান।

প্রঃ (১৪১) বিশ্বের কোন ক্রিকেটার টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে শূন্য ও শতরান করেছেন ?

● ভারতের গুণ্ডাপ্পা বিশ্বনাথ। ১৯৬৯ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম আত্মপ্রকাশে এই নজির গড়েন।

প্রঃ (১৪২) বিশ্বের কোন কোন ক্রিকেটার উভয় ইনিংসে শতরান করেছেন—যার মধ্যে একটি ছিল ডাবল সেঞ্চুরি ?

● চারজন ক্রিকেটার এই নজির গড়েন। এই চারজন হলেন যথাক্রমে অস্ট্রেলিয়ার ডগ ওয়ালটার্স, গ্রেগ চ্যাপেল, ভারতের সানি গাভাসকার এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের লরেন্স রো।

প্রঃ (১৪৩) টেস্ট ক্রিকেটে সর্বপ্রথম উভয় ইনিংসে সেঞ্চুরি কে করেছেন ?

● ওয়ারেন বার্সলে (অস্ট্রেলিয়া) তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯০৯ সালে ওভাল মাঠের পঞ্চম টেস্টে ১৩৬ ও ১৩০ রান করেন।

প্রঃ (১৪৪) টেস্ট ক্রিকেটে দ্রুত সেঞ্চুরি কে করেছেন ?

● জে. এম. গ্রেগরী (অস্ট্রেলিয়া)। তিনি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে জোহেন্সবার্গে ১৯২১-২২ সালে এই নাজির গড়েন। তিনি সেঞ্চুরি করেন মাত্র ৭০ মিনিটে।

প্রঃ (১৪৫) টেস্ট ক্রিকেটে প্রথম সেঞ্চুরি কে করেন ?

● চার্লস ব্যানারম্যান (অস্ট্রেলিয়া)। ১৮৭৭ সালে মেলবোর্ন মাঠে ইংল্যাণ্ডের বিরুদ্ধে প্রথম টেস্ট ম্যাচে ১৬৫ রানে অপরাজিত থাকেন। এই ম্যাচে তিনি আহত হয়ে মাঠ ত্যাগ করেছিলেন।

প্রঃ (১৪৬) টেস্ট ক্রিকেটে প্রথম ডবল সেঞ্চুরি কে করেছেন ?

● ডাবলু. এল. মারডক (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৮৮৪ সালে ২১১ রান করেন ওভাল মাঠে।

প্রঃ (১৪৭) টেস্ট ক্রিকেটে প্রথম ট্রিপল সেঞ্চুরি কে করেন ?

● অ্যাণ্ডি স্যাণ্ডহাম (ইংল্যাণ্ড) ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে তিনি ৩২৫ রান করেন।

প্রঃ (১৪৮) টেস্ট ক্রিকেটে প্রথম কোন ব্যাটসম্যান লাঞ্চের আগে সেঞ্চুরি করেছেন ?

● কে. এস. রনজি সিংজী (ইংল্যাণ্ড) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৮৯৬ সালে।

প্রঃ (১৪৯) টেস্ট ক্রিকেটে অস্ট্রেলিয়ার পক্ষে লাঞ্চের আগে কেউ সেঞ্চুরি করেছেন কি ?

● হ্যাঁ করেছেন—তিনজন ব্যাটসম্যান। যথাক্রমে ভিক্টর ট্রাম্পার, চার্লি ম্যাকার্টনি ও ডন ব্র্যাডম্যান।

প্রঃ (১৫০) টেস্ট ক্রিকেটে ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ভারত পাকিস্তান, নিউজিল্যাণ্ড ও দক্ষিণ আফ্রিকা দলের হয়ে সর্বপ্রথম সেঞ্চুরি কারা করেছেন ?

● ইংল্যাণ্ডের হয়ে ডাবলু. জি. গ্রেস, অস্ট্রেলিয়ার পক্ষে চার্লস ব্যানারম্যান, ভারতের পক্ষে লালা অমরনাথ, পকিস্তানের পক্ষে নজর মহাম্মদ, দক্ষিণ আফ্রিকার জে. এইচ. সিনক্লিয়ার এবং নিউজিল্যাণ্ড দলের হয়ে জে. ই. মিলস্ প্রথম টেস্ট সেঞ্চুরি করেছেন।

প্রঃ (১৫১) টেস্ট ক্রিকেটে কম বল খেলে শতরান কে করেছেন ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের ভিভ রিচার্ডস্। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে সেণ্ট-জোন্স টেস্টে ৫৬ বল খেলে ৮১ মিনিটে শতরান করেন।

প্রঃ (১৫২) টেস্ট ক্রিকেটে কম বল খেলে অর্ধশত রান কে করেছেন ?

● ইয়ান বোথাম (ইংল্যাণ্ড)। তিনি নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে লর্ড'সে ৩২ বল খেলে ৫০ রান করেন ৪৮ মিনিটে। আগে এই রেকর্ড ছিল ভারতের কপিলদেব ও ওঃ ইণ্ডিজ দলের রয় ফ্রেডরিক্সের। তাঁরা ৩৩ বল খেলে ৫০ রান করেছিলেন।

প্রঃ (১৫৩) টেস্ট ক্রিকেটে কম সময় অর্ধশত রান কে করেছেন ?

● জে. টি. ব্রাউন (ইংল্যাণ্ড)। ১৮৯৪-৯৫ সালে তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে পঞ্চাশ রান করেন মাত্র ২৮ মিনিটে।

প্রঃ (১৫৪) প্রথম শ্রেণীর ক্রিকেটে দ্রুততম সেঞ্চুরি কার ?

● পি. জি. ফেনডার। তিনি সারে বনাম নর্দাম্পাটনশায়ার দলের খেলায় ৩৫ মিনিটে শতরান করেন ১৯২০ সালে।

প্রঃ (১৫৫) প্রথম শ্রেণীর ক্রিকেটে দ্রুততম অর্ধশতরান কে করেছেন ?

● সি. সি. ইনমাম (ইংল্যাণ্ড)। তিনি লিস্টারশায়ার দলের হয়ে নটিংহাম-শায়ার দলের বিরুদ্ধে ৮ মিনিটে ৫১ রান করেন ১৯৬৫ সালে।

প্রঃ (১৫৬) টেস্ট ক্রিকেটে মন্থর সেঞ্চুরি কে করেছেন ?

● পাকিস্তান দলের মুদাস্‌সর নজর। তিনি ৫৫৭ মিনিটে শতরান করেন ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৭৭-৭৮ সালে।

প্রঃ (১৫৭) প্রথম শ্রেণীর ক্রিকেটে দ্রুততম ডাবল সেঞ্চুরি কে করেছেন ?

● ভারতের রবিশাস্ত্রী। বরোদার বিরুদ্ধে বোম্বাই দলের হয়ে ১১৩ মিনিটে ২০০ রান করেন ১৯৮৪-৮৫ সালের রনজি ট্রফি আসরে। আগে রেকর্ড ছিল জি. এস. জেপসনের। তিনি ১২০ মিনিটে ২০০ রান করেন ১৯০৩ সালে।

প্রঃ (১৫৮) টেস্ট ক্রিকেটে দ্রুততম ডাবল সেঞ্চুরি কে করেছেন ?

● ডন ব্র্যাডম্যান। (অস্ট্রেলিয়া) তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩০ সালে ২১৪ মিনিটে ২০০ রান করেন।

প্রঃ (১৫৯) টেস্ট ক্রিকেটে দ্রুততম ট্রিপল সেঞ্চুরিটি কে করেছেন ?

● স্যার ওয়ালী হ্যামণ্ড (ইংল্যাণ্ড)। তিনি নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৩২-৩৩ সালে ২৮৭ মিনিটে ৩০০ রান করেন ।

প্রঃ (১৬০) বিশ্বের কোন একমাত্র ক্রিকেটার যিনি একদিনে দুটি পৃথক ম্যাচে অংশ নিয়ে দুটি পৃথক সেঞ্চুরি করেছিলেন ?

● রনজি সিংজী।

প্রঃ (১৬১) টেস্ট ক্রিকেটে কোন ব্যাটসম্যান একটি ইনিংসে তাঁর প্রথম রানটি সংগ্রহর জন্য সর্বাপেক্ষা বেশী সময় নিয়েছেন ?

● ইংল্যাণ্ড দলের গডফ্রে ইভান্স। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে তার প্রথম রানটি সংগ্রহের জন্য ৯২ মিনিট সময় নিয়েছিলেন ১৯৪৭ সালে ব্রিসবেন মাঠে।

প্রঃ (১৬২) বিশ্ব ক্রিকেটে সর্বাপেক্ষা মন্থর ইনিংস কে খেলেছেন ?

● জে. টি. মারে (ইংল্যাণ্ড) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৮৯৪-৯৫ সালে ১০০ মিনিট ব্যাটিং করে মাত্র তিন রান করেন।

প্রঃ (১৬৩) বিশ্বের কোন ব্যাটসম্যান টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে সেঞ্চুরি করার পর আর একটিও টেস্ট ম্যাচ খেলেননি ?

● এ. জি. গ্যানটিউমি (A. G. Ganteaume) ওয়েস্ট ইণ্ডিজ। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ত্রিনিদাদ টেস্টে এই নজির গড়েন ১৯৪৭-৪৮ সালে।

প্রঃ (১৬৪) টেস্ট ক্রিকেটে ব্যক্তিগত বড় রানের ইনিংসটি কে খেলেছেন ?

● স্যার গ্যারী সোবার্স (ওঃ ইঃ)। তিনি পাকিস্তানের বিরুদ্ধে কিংস্টন

ওভাল মাঠে ৩৬৫ রান করেন ১০ ঘণ্টা ২০ মিনিট ব্যাটিং করে।

প্রঃ (১৬৫) টেস্ট ক্রিকেটে দীর্ঘতম ব্যক্তিগত ইনিংসটি কার ?

● পাকিস্তানের হানিফ মহাম্মদ। ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে করাচীতে তিনি ৩৩৭ রান করেন ১৬ ঘণ্টা ৩৯ মিনিট ব্যাটিং করে।

প্রঃ (১৬৬) প্রথম শ্রেণীর ক্রিকেটে ব্যক্তিগত বড় রানের ইনিংসটি কার ?

● হানিফ মহাম্মদ (পাকিস্তান)। তিনি করাচী বনাম ভাগলপুরের মধ্যে খেলায় করাচী মাঠে ১৯৫৮-৫৯ সালে ৪৯৯ রান করেন।

প্রঃ (১৬৭) প্রথম শ্রেণীর ক্রিকেটে কতজন ব্যাটসম্যান ৪০০ বা তার বেশী রান করেছেন ?

● মাত্র পাঁচজন ব্যাটসম্যান ছ'বার এই নজির গড়েন। এই পাঁচজন ব্যাটসম্যান হলেন যথাক্রমে; অস্ট্রেলিয়ার পনফোর্ড ২ বার (৪৩৭, ৪২৯) ব্র্যাডম্যান ৪৫২। ইংল্যাণ্ডের আর্চি ম্যাকলরেন্স (৪২৪) পাকিস্তানের হানিফ মহাম্মদ (৪৯৯) এবং ভারতের বি. বি. নিম্বলকার (৪৪৩*)।

প্রঃ (১৬৮) টেস্ট ক্রিকেটে একদিনে ৩০০ বা তার বেশী রান কোন ব্যাটসম্যান করেছেন ?

● স্যার ডন ব্র্যাডম্যান। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩০ সালে লীডসে একদিনে ৩০৯ রান করেন।

প্রঃ (১৬৯) ক্রিকেটে একটি ম্যাচে উভয় ইনিংসে সর্বোচ্চবার সেঞ্চুরি কে করেছেন ?

● স্যার ওয়ালী হ্যামণ্ড (ইংল্যাণ্ড)। তিনি সাতবার এই নজির গড়েন।

প্রঃ (১৭০) প্রথম শ্রেণীর 'ক্রিকেটে সর্বোচ্চবার সেঞ্চুরি কে করেছেন ?

● স্যার জ্যাক হবস্ (ইংল্যাণ্ড) ১৯৭টি।

প্রঃ (১৭১) প্রথম শ্রেণীর ক্রিকেটে সর্বপ্রথম শততম শতরান কে করেছিলেন ?

● উইলিয়াম গিলবার্ট গ্রেস।

প্রঃ (১৭২) অস্ট্রেলীয় ক্রিকেটে সর্বপ্রথম প্রথম শ্রেণীর ক্রিকেটে শততম শতরান কে করেছেন ?

● স্যার ডন ব্র্যাডম্যান। ১১৭টি সেঞ্চুরি করেন।

প্রঃ (১৭৩) প্রথম শ্রেণীর ক্রিকেটে কোন ব্যাটসম্যান একটি ইনিংসে সর্বোচ্চবার ছক্কা মেরেছেন ?

● জন রীড (নিউজিল্যাণ্ড)। তিনি ওয়েলিংটন দলের হয়ে নর্দার্ন

ডিসট্রিক দলের বিরুদ্ধে ১৯৬২-৬৩ সালে ১৫টি ছক্কা মারেন।

প্রঃ (১৭৪) প্রথম শ্রেণীর খেলায় একটি ম্যাচে সর্বোচ্চবার ছক্কা কে মেরেছেন ?

● ওয়ারউইকশায়ার দলের ডাবলু. জে. স্টুয়ার্ট। তিনি ল্যাঙ্কাশায়ার দলের বিরুদ্ধে একটি ম্যাচে মোট ১৭টি (১০ + ৭) ছক্কা মারেন।

প্রঃ (১৭৫) টেস্ট ক্রিকেটে একটি ইনিংসে সর্বোচ্চ ছক্কা কে মেরেছেন ?

● স্যার ওয়ালী হ্যামণ্ড (ইংল্যাণ্ড)। তিনি ১০টি ছক্কা মারেন। তিনি নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে এই নজির গড়েন ১৯৩২-৩৩ সালে।

প্রঃ (১৭৬) টেস্ট ক্রিকেটে একটি ইনিংসে সর্বোচ্চবার বাউণ্ডারী কে মেরেছেন ?

● জন এডরিচ (ইংল্যাণ্ড)। ১৯৬৫ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ৩১০ রানের ইনিংসে ৫২টি বাউণ্ডারী মারেন।

প্রঃ (১৭৭) কোন ক্রিকেটার ক্রিকেটে সেঞ্চুরি করেছেন একটিও বাউণ্ডারী না মেরে ?

● অস্ট্রেলিয়ার উডফুল। তিনি ১৯২৬ সালে ওভাল মাঠে ইংল্যাণ্ডের বিরুদ্ধে সেঞ্চুরি করেন একটিও বাউণ্ডারী না মেরে।

প্রঃ (১৭৮) প্রথম শ্রেণীর ক্রিকেটে কোন ব্যাটসম্যান ছ বলে ছটি ছক্কা মেরেছেন ?

● প্রথম এই নজির গড়েন ওয়েস্ট ইণ্ডিজ দলের গ্যারী সোবার্স। তিনি ১৯৬৮ সালে গ্লামারগানের এম. এ. ন্যাশের বলে প্রথম এই নজির গড়েন। পরে ১৯৮৪-৮৫ সালে রনজি ট্রফি আসরে রবি শাস্ত্রী বোম্বাই দলের হয়ে বরোদার তিলকরাজের বলে এই নজির গড়েছেন।

প্রঃ(১৭৯) এক মরশুমে সর্বোচ্চ ছক্কা কে মেরেছেন ?

● ইয়ান বোথাম। তিনি ১৯৮৫ সালের মরশুমে মোট ৭৪টি ছক্কা মারেন।

প্রঃ(১৮০) টেস্ট ক্রিকেটে একটি ওভারে একটানা ছক্কা সর্বোচ্চবার কে মেরেছেন ?

● স্যার ওয়ালী হ্যামণ্ড। তিনি একটানা তিনটি ছক্কা মারেন।

প্রঃ (১৮১) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে এক মরশুমে সর্বোচ্চ রান কে করেছেন ?

● সানি গাভাসকার (ভারত)। ১৯৭১ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ৪টি টেস্টে ৮ ইনিংস খেলে ৭৭৪ রান করেন।

প্রঃ (১৮২) কোন একমাত্র ক্রিকেটার একটি টেস্ট সিরিজে পাঁচটি সেঞ্চুরি করেছেন ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের ক্লাইভ ওয়ালকট। তিনি ১৯৫৪-৫৫ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে পাঁচটি সেঞ্চুরি করেন। এই সেঞ্চুরিগুলি হলো যথাক্রমে ১০৮, ১২৬, ১১০, ১৩৫ ও ১১০ রান।

প্রঃ (১৮৩) টেস্ট ক্রিকেটে এক মরশুমে সর্বোচ্চ রান কে করেছেন ?

● ডন ব্র্যাডম্যান। তিনি ১৯৩০ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৫টি টেস্টে ৭টি ইনিংস খেলে ৯৭৪ রান করেছিলেন। আগে রেকর্ড ছিল ইংল্যাণ্ডের ওয়ালী হ্যামণ্ডের। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৫টি টেস্টে ৯ ইনিংসে ৯০৪ রান করেছিলেন ১৯২৮-২৯ সালে।

প্রঃ (১৮৪) টেস্ট ক্রিকেটে একটানা সেঞ্চুরি সর্বোচ্চবার কে করেছেন ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের এভার্টন উইকস্। তিনি একটানা পাঁচটি টেস্টে শতরান করেন। তিনি ১৯৪৮ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে শেষ টেস্ট ম্যাচে করেন ১৪১ রান। পরে ১৯৪৮ সালে ভারতের বিরুদ্ধে প্রথম চারটি টেস্টে করেন যথাক্রমে ১২৮, ১৯৪, ১৬২ ও ১০১ রান।

প্রঃ (১৮৫) টেস্ট ক্রিকেটে কোন দুজন ক্রিকেটার একটানা চারটি সেঞ্চুরি করেছেন ?

● জে. ফিঙ্গলটন (অস্ট্রেলিয়া)। তিনি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে এই নজির গড়েন ১৯৩৫-৩৬ সালে। পরে এই নজির গড়েন দক্ষিণ আফ্রিকার ম্যালভিল। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩৮-৩৯ সালে এই নজির গড়েন।

প্রঃ (১৮৬) একটি টেস্ট সিরিজে একাধিকবার ডাবল সেঞ্চুরি কে করেছেন ?

● ডন ব্র্যাডম্যান। ১৯৩০ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে তিনি দুটি ডাবল সেঞ্চুরি সহ একটি ট্রিপল সেঞ্চুরি করেন। এই সিরিজে তাঁর রান ছিল ৯৭৪। এই রানের মধ্যে তিনি করেন লর্ডসে ২৫৪, লীডসে ৩৩৪ ও ওভালে করেন ২৫২ রান।

প্রঃ (১৮৭) বিশ্বের কোন ব্যাটসম্যান দ্বিতীয় ইনিংসে সর্বপ্রথম ট্রিপল সেঞ্চুরি করেছেন ?

● ডন ব্র্যাডম্যান। ১৯২৯-৩০ সালে কুইসল্যাণ্ডের বিরুদ্ধে ৪৫২ রান করেন।

প্রঃ (১৮৮) বিশ্বের কোন কোন ক্রিকেটার জীবনের প্রথম ও শেষ টেস্ট ম্যাচে সেঞ্চুরি করেছেন ?

● অস্ট্রেলিয়ার পক্ষে আর. এ. ডাফ, ডাবলু. এইচ. প্সনফোর্ড, ওয়েস্ট ইণ্ডিজ দলের গ্যাণ্টিয়ামি এবং নিউজিল্যাণ্ড দলের রেডমণ্ড।

প্রঃ (১৮৯) জীবনের প্রথম টেস্ট ম্যাচ খেলতে নেমে কোন ব্যাটসম্যান ৯৯ রানে আউট হয়েছেন ?

● অস্ট্রেলিয়ার চিপারফিল্ড। ১৯৩৪ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে তিনি ৯৯ রানে ক্যাচ আউট হন।

প্রঃ (১৯০) জীবনের প্রথম টেস্ট ম্যাচ খেলতে নেমে কোন ক্রিকেটার সর্বপ্রথম উভয় ইংনিংসে শূন্য রান করে আউট হন ?

● জি. এফ. গ্রেস (ইংল্যাণ্ড)।

প্রঃ (১৯১) জীবনের প্রথম টেস্টে আত্মপ্রকাশ করে কতজন ক্রিকেটার শূন্য রানে উভয় ইনিংসে আউট হয়েছেন ?

● বিশ্বের মোট ১৬ জন ক্রিকেটার এই নজির গড়েন। এই ষোলোজন হলেন যথাক্রমে ; অস্ট্রেলিয়ার এম. হোয়াটনি, ইংল্যাণ্ডের জি. এফ. গ্রেস, সি. আই.জে স্মিথ, গ্রাহাম গুচ, দক্ষিণ আফ্রিকার উইম্বল, পি. এল. জোন্স, টি এ, ওয়ার্ড, সি. ডি ডিকসন, সি. এন. ম্যাকরথি, ওয়েস্ট ইণ্ডিজ দলের এ.এফ. ভ্যালেন-টাইন, নিউজিল্যাণ্ড দলের কে. জি. জেমস্, এফ. টি. ব্যাডকক, এল. এ. ব্যাটারফিল্ড, সি. জি. রো, পি. বি. ব্রাসওয়েল এবং ভারতের জি. এস. রামচাঁদ।

প্রঃ (১৯২) বিশ্বের কোন ক্রিকেটার টেস্ট ক্রিকেটে একটানা চারটি ইনিংসে শূন্য রান করেন ?

● পঙ্কজ রায় (ভারত) ১৯৫২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে এবং নিউজিল্যাণ্ড দলের মিলার দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ১৯৫৩-৫৪ সালে একটানা চারটি ইনিংসে শূন্য রান করেন।

প্রঃ (১৯৩) একটি টেস্ট সিরিজে সর্বোচ্চ শূন্য কোন ব্যাটসম্যান করেছেন ?

● ভারতের দুজন ব্যাটসম্যান একটি সিরিজে পাঁচটি শূন্য করেন। প্রথম নজির গড়েন পঙ্কজ রায় ১৯৫২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে সাতটি ইনিংসে করেন যথাক্রমে ১৯, ০, ৩৫, ০, ০, ০, ০। দ্বিতীয় জন হলেন মাহিন্দার অমরনাথ। তিনি ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ৬টি ইনিংসে করেন যথাক্রমে ০, ০, ১, ০, ০, ০, রান। এই নজির গড়েন ১৯৮৩-৮৪ সালে।

প্রঃ (১৯৪) বিশ্বের কোন একমাত্র ক্রিকেটার টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করে পরপর একটানা তিনটি টেস্টে তিনটি সেঞ্চুরি করার নজির গড়েছেন ?

● ভারতের মহাম্মদ আজাহারুদ্দিন। তিনি ১৯৮৪-৮৫ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে এই নজির গড়েন। কলকাতা টেস্টে প্রথম তিনি করেন ১১০ রান, পরে মাদ্রাজে ১০৫ ও কানপুরে ১২২ রান করেন।

প্রঃ (১৯৫) প্রথম শ্রেণীর ক্রিকেটে সর্বোচ্চ রান কে করেছেন ?

● স্যার জ্যাক হবস (ইংল্যাণ্ড)। তিনি ১৩১৫টি ইনিংস খেলে ৬১, ২৩৭ রান করেন। সেঞ্চুরি ছিল ১৯৭টি।

প্রঃ (১৯৬) টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ রান কে করেছেন ?

● সানি গাভাসকার (ভারত)

প্রঃ (১৯৭) টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ সেঞ্চুরি কে করেছেন ?

● সুনীল মনোহর গাভাসকার (ভারত) ৩৪টি।

প্রঃ (১৯৮) টেস্ট ক্রিকেটে সর্বোচ্চবার অর্ধশত রান কে করেছেন ?

● সানি গাভাসকার (ভারত) ৪৪টি।

প্রঃ (১৯৯) টেস্ট ক্রিকেটে কোন ওপেনিং ব্যাটসম্যান দিনের প্রথম বলে সর্বোচ্চবার আউট হয়েছেন ?

● সানি গাভাসকার (ভারত) পাঁচবার। প্রথম ১৯৭৪ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে এজবাজটনে। দ্বিতীয়বার ১৯৭৮-৭৯ সালে বাঙ্গালোরে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে। তৃতীয়বার সাবিনাপার্কে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৮২-৮৩ সালে। চতুর্থবার ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে কলকাতায় ১৯৮৩-৮৪ সালে। পঞ্চমবার পাকিস্তানের বিরুদ্ধে জয়পুরে ১৯৮৭ সালে।

প্রঃ (২০০) বিশ্বের কোন ব্যাটসম্যান টেস্ট ক্রিকেটে একটি ওভারের প্রতিটি বলে বাউণ্ডারী মেরেছেন ?

● ভারতের সন্দীপ পাতিল। তিনি একটি ওভারে ছটি বাউণ্ডারী মারেন ইংল্যাণ্ডের বব উইলিশের বলে ওল্ড ট্রাফোর্ড মাঠে ১৯৮২ সালে। এই ওভারে একটি নো বল ছিল।

প্রঃ (২০১) টেস্ট ক্রিকেটে একটি ওভারে সর্বোচ্চ রান সংগ্রহ কে করেছেন ?

● ৬ বলের ওভারে অ্যাণ্ডি রবার্টস (ওঃ ইঃ) ২৬ রান সংগ্রহ করেন ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৮০-৮১ সালে। এবং নিউজিল্যাণ্ড দলের জে. এম. এফ. মরিসন পাকিস্তানের বিরুদ্ধে করাচীতে ১৯৭৬-৭৭ সালে। আট বলের ওভারে

২৫ রান সংগ্রহ করেন বার্ট সার্টক্লিভ (নিউজিল্যাণ্ড) দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ১৯৫৩-৫৪ সালে।

প্রঃ (২০২) কোন টেস্ট ক্রিকেটার সর্বোচ্চ টেস্ট ম্যাচ খেলেছেন ?

● সানি গাভাসকার (ভারত) ১২৪টি। (এই হিসাব ১৯৮৭ সালে পাকিস্তানের বিরুদ্ধে ৪র্থ টেস্ট ম্যাচ পর্যন্ত।)

প্রঃ (২০৩) টেস্ট ক্রিকেটে কোন ক্রিকেটার একটানা সর্বোচ্চবার টেস্ট ম্যাচ খেলেছেন ?

● সানি গাভাসকার (ভারত) ১০৬টি টেস্ট।

প্রঃ (২০৪) বিশ্বের কতজন ব্যাটসম্যান উভয় ইনিংসে নব্বুই রানের ঘরে আউট হয়েছেন ?

● একটি টেস্ট ম্যাচে উভয় ইনিংসে নব্বুই রানের ঘরে আউট হয়েছেন তিনজন ক্রিকেটার। এই তিনজন ব্যাটসম্যান হলেন যথাক্রমে, ইংল্যাণ্ডের ফ্রাঙ্ক উলি। (৯৫ ও ৯৩) লর্ডসে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯২১ সালে। সি. হিল (অস্ট্রেলিয়া) এডিলেডে ইংল্যাণ্ডের বিরুদ্ধে (৯৮ ও ৯৭) ১৯০১-০২ সালে এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের গর্ডন গ্রিনিজ এই নজির গড়েন দুবার যথাক্রমে ১৯৭৬-৭৭ সালে পাকিস্তানের বিরুদ্ধে (৯১ ও ৯৬) জর্জটাউন মাঠে এবং দ্বিতীয়বার ক্রাইস্টচার্জ মাঠে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে (৯১ ও ৯৭) ১৯৭৯-৮০ সালে।

প্রঃ (২০৫) বিশ্বের কোন ক্রিকেটার সর্বোচ্চবার ৯০ রানের ঘরে আউট হয়েছেন ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের আলভিন কালীচরণ। আটবার।

প্রঃ (২০৬) টেস্ট ক্রিকেটে কোন ব্যাটসম্যান সর্বোচ্চববার গোল্লা করেছেন ?

● ভারতের ভগবৎ চন্দ্রশেখর। ৫৮টি টেস্টে ২৪টি ইনিংসে শূন্য করেছেন।

প্রঃ (২০৭) সর্বোচ্চবার নটআউট টেস্ট ক্রিকেটে কে ছিলেন ?

● ভারতের ভগবৎ চন্দ্রশেখর এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের ল্যান্সি গীবস্। উভয়ে ৩৯ বার নটআউট থাকেন।

প্রঃ (২০৮) কোন ব্যাটসম্যান টেস্ট ক্রিকেটে পাঁচদিনের প্রতিদিনই কিছু না কিছু সময়ের জন্য ব্যাট করেছেন ?

● বিশ্ব ক্রিকেটে এই নজির গড়েছেন ভারতের এম. এল. জয়সীমা। তিনি ১৯৫৯-৬০ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে কলকাতায় এই নজির গড়েন।

প্রঃ (২০৯) টেস্ট ক্রিকেটে কোন ওপেনিং ব্যাটসম্যান সর্বোচ্চ-বার প্রথম উইকেটের দুইটি শতরান করেছেন ?

● স্যার জ্যাক হবস (ইংল্যাণ্ড) তিনি মোট ২৪ বার প্রথম উইকেটের জুটিতে শতরান সংগ্রহের ভাগীদার ছিলেন। দ্বিতীয় স্থানে আছেন ভারতের সানি গাভাসকার ২২ বার এই নজির গড়ে। কিন্তু বিভিন্ন উইকেটে শতরানের জুটিতে রেকর্ড করেছেন ভারতের গাভাসকার ৫৭ বার।

প্রঃ (২১০) টেস্ট ক্রিকেটে কতজন ব্যাটসম্যান দলের হয়ে সূচনা করতে নেমে ইনিংস সমাপ্তি পর্যন্ত নট আউট থাকেন?

● ১৯৮৭ সাল পর্যন্ত মোট ২৫ জন ব্যাটসম্যান এই নজির গড়েন। এই পঁচিশ জনের মধ্যে ইংল্যাণ্ডের চারজন, দক্ষিণ আফ্রিকার চারজন, অস্ট্রেলিয়ার নয়জন, নিউজিল্যাণ্ড দলের দুইজন, ওয়েস্ট ইণ্ডিজ দলের তিনজন, পাকিস্তানের দুইজন এবং ভারতের একজন ব্যাটসম্যান।

প্রঃ (২১১) টেস্ট ক্রিকেটে একাধিকবার কোন ব্যাটসম্যান ইনিংসের সূচনা করতে নেমে ইনিংস সমাপ্তি পর্যন্ত নট আউট ছিলেন ?

● ইংল্যাণ্ডের লেন হাটন দুবার, অস্ট্রেলিয়ার উডফুল দুবার এবং ভারতের সানি গাভাসকার দুবার।

প্রঃ (২১২) বিশ্বের কোন পিতাপুত্র টেস্ট ক্রিকেটার ইনিংসের সূচনা করতে নেমে একই দলের বিরুদ্ধে ইনিংসের সমাপ্তি পর্যন্ত নট আউট থাকেন ?

● পাকিস্তানের নজর মহাম্মদ এবং পুত্র মুদাস্‌সর নজর। এই দুই ব্যাটসম্যান ভারতের বিরুদ্ধে এই নজির গড়েন। নজর মহাম্মদ ১৯৫২-৫৩ সালে এবং মুদাস্‌সর নজর ১৯৮৩ সালে।

প্রঃ (২১৩) কোন পিতাপুত্র ক্রিকেটার টেস্ট ক্রিকেটে একই দলের বিরুদ্ধে জীবনের প্রথম টেস্ট সেঞ্চুরি করেছেন ?

● দুবার এই নজির সৃষ্টি হয়েছে ভারতের বিরুদ্ধে। নজির গড়েন পাকিস্তানের প্রথম পিতা পুত্র ক্রিকেটার নজর মহম্মদ এবং মুদাস্‌সর নজর এবং পরে হানিফ মহাম্মদ ও পুত্র শোয়াইব মহাম্মদ।

প্রঃ (২১৪) কোন টেস্ট ম্যাচে একটি দলের সর্বোচ্চ সেঞ্চুরি একটি ইনিংসে হয়েছে ?

● পাঁচজন সেঞ্চুরি করেছেন অস্ট্রেলিয়ার পক্ষে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৫৫ সালে। এই পাঁচজন হলেন যথাক্রমে নীল হার্ভে, রন আর্চার, রিচি বেনড, কিথ মিলার এবং কলিন ম্যাকডোনাল্ড।

প্রঃ (২১৫) বিশ্ব ক্রিকেটে কোন একমাত্র ব্যাটসম্যান টেস্ট ক্রিকেটে একটিও সেঞ্চুরি না করে ২০০০ রানের বেশী সংগ্রহ করেছেন ?

● ভারতের চেতন চৌহান। তিনি টেস্ট ক্রিকেটে ২০৮৪ রান করেছেন একটিও সেঞ্চুরি না করে।

প্রঃ (২১৬) টেস্ট ক্রিকেটে এক ক্যালেণ্ডার ইয়ারে হাজার রান সর্বোচ্চবার কে করেছেন ?

● সানি গাভাসকার (ভারত) চারবার।

প্রঃ (২১৭) বিশ্বের কোন ব্যাটসম্যান সর্বপ্রথম কাউন্টি ম্যাচে মে মাসের মধ্যে হাজার রান পূরণ করেন ?

● ডাবলু. জি. গ্রেস। ১৮৯৫ সালে তিনি প্রথম এই নজির গড়েন। পরে এই নজির রাখেন জি. এম. টার্নার ১৯৭৩ সালে।

প্রঃ (২১৮) কোন একমাত্র ক্রিকেটার তিনবার ইংল্যাণ্ড সফরে গিয়ে তিনবারই লর্ডসে সেনচুরি করেছেন ?

● ভারতের দিলীপ বেঙ্গসরকার।

প্রঃ (২১৯) টেস্ট ক্রিকেটে নাইট ওয়াচম্যান হিসাবে খেলে সর্বোচ্চ রান কে করেছেন ?

● অস্ট্রেলিয়ার টনিম্যান। ১৯৭৭ সালে ভারতের বিরুদ্ধে তিনি ১০৭ রান করেন।

প্রঃ (২২০) বিশ্বের কোন একমাত্র মিডল অর্ডার ব্যাটসম্যান ওপেনার হিসাবে খেলতে নেমে ইনিংসের শেষ পর্যন্ত নট আউট ছিলেন ?

● স্যার ফ্র্যাঙ্কি ওরেল। ১৯৫৭ সালে নাটিংহামের তৃতীয় টেস্টে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওপেন করতে নেমে ১৯১ রানে অপরাজিত ছিলেন।

প্রঃ (২২১) কোন টেস্ট ম্যাচে একাধিক ব্যাটসম্যান ৯৯ রানে আউট হয়েছেন ?

● ১৯৭২-৭৩ সালে পাকিস্তান বনাম ইংল্যাণ্ডের মধ্যে করাচী টেস্টে মোট ৩ জন ব্যাটসম্যান ৯৯ রানে আউট হয়েছেন। এদের মধ্যে পাকিস্তানের দুজন যথাক্রমে মুস্তাক মহাম্মদ ও মজিদ খান এবং ইংল্যাণ্ডের ডেনিস অ্যামিশ।

প্রঃ (২২২) ইনিংসের সমাপ্তি পর্যন্ত যে সমস্ত ব্যাটসম্যান নট-আউট হয়েছেন, তাঁদের মধ্যে সর্বোচ্চ রান কে করেছেন ?

● ডাবলু. এ. ব্রাউন (অস্ট্রেলিয়া) তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩৮ সালে লর্ডসে ২০২ রানে অপরাজিত থাকেন।

প্রঃ (২২৩) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে উভয় ইনিংসে কতজন সেঞ্চুরি করেছেন ?

● চারজন ক্রিকেটার এই নজির গড়েন। এই চারজন হলেন যথাক্রমে ; দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ইংল্যাণ্ডের ফেনটার (১১৭ ও ১০০) ১৯৩৮-৩৯ সালে। ১৯৭১-৭২ সালে ওঃ ইণ্ডিজ দলের লরেন্স রো নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে (২১৪ ও ১০০), ১৯৬৪-৬৫ সালে পাকিস্তানের বিরুদ্ধে অস্ট্রেলিয়ার ডগ ওয়ালটার্স (১৫৩ ও ১১৫) এবং ভারতের বিরুদ্ধে শ্রীলঙ্কার দিলীপ মেণ্ডিস (১০৫ ও ১০৫) করেন ১৯৮২-৮৩ সালে।

প্রঃ (২২৪) কোন একমাত্র ব্যাটসম্যান যিনি তাঁর জীবনের দশটি শতরানই অধিনায়ক হবার পর করেছেন ?

● অস্ট্রেলিয়ার ববি সিম্পসন।

প্রঃ (২২৫) বিশ্বের কোন একমাত্র ব্যাটসম্যান বিদেশের মাঠে প্রথম টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করে উভয় ইনিংসে শতরান করেন এবং উভয় ইনিংসেই একই রানে আউট হন—ব্যাটসম্যানটির নাম কি ? তিনি উভয় ইনিংসে কত রান করেছিলেন ?

● দিলীপ মেণ্ডিস (শ্রীলঙ্কা) ভারতের মাটিতে প্রথম টেস্টে আত্মপ্রকাশ করে উভয় ইনিংসে ১০৫ রানে আউট হয়েছেন।

প্রঃ (২২৬) টেস্ট ক্রিকেটে কোন ব্যাটসম্যান এক সিরিজে পাঁচশ রানের বেশী করেছেন কোন সেঞ্চুরি না করে ?

● সি. সি. হাণ্ট (ওঃ ইঃ) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৬৪-৬৫ সালে ৫টি টেস্টে তিনি ৫৫০ রান করেন একটিও সেঞ্চুরি না করে। এই সিরিজে তাঁর সর্বোচ্চ রান ছিল ৮৯ রান।

প্রঃ (২২৭) বিশ্বের কতজন ব্যাটসম্যান একদিনে ৩০০ এবং ২৫০ রানের বেশী সংগ্রহ করেছেন ?

● একদিনে ৩০০ রান সংগ্রহ করেছেন একমাত্র স্যার ডন ব্র্যাডম্যান। ২৫০ রান একদিনে সংগ্রহ করেছেন তিনজন ব্যাটসম্যান যথাক্রমে ; ইংল্যাণ্ডের ডেনিশ কম্পটন, ওয়ালী হ্যামণ্ড, এবং অস্ট্রেলিয়ার ডন ব্র্যাডম্যান।

প্রঃ (২২৮) স্যার ডন ব্র্যাডম্যান এক মরশুমে হাজার রান কতবার করেছেন ?

● ১৬ বার।

প্রঃ (২২৯) ডন ব্র্যাডম্যান প্রথম শ্রেণীর ক্রিকেটে দ্বিশত ও ত্রিশত রান কতবার করেছেন ?

● দ্বিশত রান করেন ৩৭ বার এবং ত্রিশত রান করেন ৬ বার।

প্রঃ (২৩০) এক মরশুমে দুহাজার রান ব্র্যাডম্যান কতবার করেছেন ?

● চারবার।

প্রঃ (২৩১) প্রথম শ্রেণীর ক্রিকেটে ব্র্যাডম্যান শূন্যরান কতবার করেছেন ?

● পনেরো বার।

প্রঃ (২৩২) টেস্ট ক্রিকেটে ব্র্যাডম্যান শূন্যরান কতবার করেছেন ?

● সাতবার।

প্রঃ (২৩৩) জীবনের শেষ ইনিংসে ব্র্যাডম্যান কত রান করে ছিলেন ?

● শূন্য রান।

প্রঃ (২৩৪) ব্র্যাডম্যানের ক্রিকেট জীবনে প্রথম শূন্য রান কার বিরুদ্ধে ?

● ১৯৩০ সালে ব্রাডম্যান প্রথম শূন্যরান করেন ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে প্রথম টেস্টে।

প্রঃ (২৩৫) ব্র্যাডম্যান টেস্ট ক্রিকেটে কতগুলি সেঞ্চুরি করেছেন এবং এই সেঞ্চুরিগুলির মধ্যে তাঁর দ্বিশত ও ত্রিশত রান কতগুলি ছিল ?

● ব্রাডম্যান মোট ২৯টি সেঞ্চুরি করেছেন। এই উনত্রিরিশটি শতরানের মধ্যে দ্বিশত রান ছিল দশটি (২৫৪, ২৩২, ২২৩, ২২৬, ২৯৯*, ২৪৪, ২৭০, ২১২, ২৩৪, ২০১) এবং ত্রিশত রান ছিল দুটি যথাক্রমে ৩৩৪ ও ৩০৪ রান।

প্রঃ (২৩৬) বিশ্ব ক্রিকেটে একটানা ছটি সেঞ্চুরি কতজন ব্যাটসম্যান করেছেন ?

● তিনজন ব্যাটসম্যান। এই তিনজন হলেন যথাক্রমে, সি. বি. ফ্রাই, ডি. জি. ব্রাডম্যান এবং এম. জে. প্রোকটার।

প্রঃ (২৩৭) প্রথম শ্রেণীর ক্রিকেটে স্যার গ্যারি সোর্বাসের সেঞ্চুরির সংখ্যা কত ?

● ৮৬টি।

প্রঃ (২৩৮) স্যার গ্যারী সোবার্স তাঁর ক্রিকেট জীবনে প্রথম একটি প্রথম শ্রেণীর ম্যাচ কোন দলের বিরুদ্ধে এবং কবে খেলেছেন ?

● ১৯৫৩ সালে বার্বাডোজে ভারতের বিরুদ্ধে।

প্রঃ (২৩৯) স্যার গ্যারী সোর্বাসের টেস্ট পরিসংখ্যান কি ?

● ৯৩টি টেস্ট, ১৬০ ইনিংস, ২১টি অপরাজিত, ২৬টি সেঞ্চুরি সহ ৮০৩২ রান। গড় ৫৭.৭৮।

প্রঃ (২৪০) বিশ্বের এমন কোন ব্যাটসম্যান আছেন কি যাঁরা অধিনায়ক হিসাবে উভয় ইনিংসে সেঞ্চুরি করেছেন?

● ছজন ক্রিকেটার এই নজির গড়েছেন। এই ছজন হলেন যথাক্রমে; দক্ষিণ আফ্রিকার অ্যালেন ম্যালভিলি, অস্ট্রেলিয়ার ডন ব্রাডম্যান, ববি সিম্পসন, ইয়ান চ্যাপেল, গ্রেগ চ্যাপেল এবং ভারতের সানি গাভাসকার।

প্রঃ (২৪১) ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ভারত, পাকিস্তান এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের পক্ষে ট্রিপল সেঞ্চুরি কারা করেছেন?

● ইংল্যাণ্ডের পক্ষে লেন হাটন (৩৬৪) ওয়ালী হ্যামণ্ড (৩৩৬) অ্যাণ্ডি স্যাণ্ডহাম (৩২৫) জন এডরিচ (৩১০) অস্ট্রেলিয়ার পক্ষে ডন ব্রাডম্যান (৩০৪, ৩৩৪) ববি সিম্পসন (৩১১) বব কাউপার (৩০৭), পাকিস্তানের হানিফ মহাম্মদ (৩৩৭) ওয়েষ্ট ইণ্ডিজ দলের গ্যারী সোবার্স (৩৬৫) এবং ভারতের পক্ষে একজনও নয়।

প্রঃ (২৪২) টেস্ট ক্রিকেটে একাধিকবার ডাবল সেঞ্চুরি কারা করেছেন?

● অস্ট্রেলিয়ার ডন ব্রাডম্যান দশবার, গ্রেগ চ্যাপেল তিনবার। ইংল্যাণ্ডের ওয়ালী হ্যামণ্ড দুবার, লেন হাটন তিনবার, পাকিস্তানের জাহির আব্বাস তিনবার। ভারতের সানি গাভাসকার চারবার এবং ভিনু মানকড় দুবার।

প্রঃ (২৪৩) বিশ্বের কোন একমাত্র ক্রিকেটার একটি ম্যাচে মাত্র তিন ওভারে সেনচুরি করেছেন?

● ডন ব্রাডম্যান। ১৯৩০-৩১ সালে একটি সেকেণ্ড ক্লাশ ম্যাচে তিনি এই নজির গড়েছিলেন। ওভারটি ছিল আট বলের।

প্রঃ (২৪৪) টেস্ট ক্রিকেটে স্যার জ্যাক হবস, লেন হাটন, কলিন কাউড্রে, ডেনিস কম্পটন, ওয়ালী হ্যামণ্ড, জিওফ বয়কট, ডন ব্রাডম্যান, গ্রেগ চ্যাপেল, ক্লাইভ লয়েড ও ফ্রাঙ্কি ওরেলের ব্যাটিং রান কত?

● স্যার জ্যাক হবস	(ইংল্যাণ্ড)	৬১টি	টেস্টে	৫৪১০	রান
লেন হাটন	(ইংল্যাণ্ড)	৭৯টি	টেস্টে	৬৯৭১	রান
কলিন কাউড্রে	(ইংল্যাণ্ড)	১১৪টি	টেস্টে	৭৬২৪	রান
ডেনিশ কম্পটন	(ইংল্যাণ্ড)	৭৮টি	টেস্টে	৫৮০৭	রান
ওয়ালী হ্যামণ্ড	(ইংল্যাণ্ড)	৮৫টি	টেস্টে	৭২৪৯	রান
জিওফ বয়কট	(ইংল্যাণ্ড)	১০৮টি	টেস্টে	৮১১৪	রান
ডন ব্রাডম্যান	(অস্ট্রেলিয়া)	৫২টি	টেস্টে	৬৯৯৬	রান

গ্রেগ চ্যাপেল (অস্ট্রেলিয়া) ৮৭টি টেস্টে ৭১০০ রান
ক্লাইভ লয়েড (ওয়েষ্ট ইণ্ডিজ) ১১০টি টেস্টে ৭৪৮১ রান
ফ্র্যাঙ্কি ওরেল (ওয়েস্ট ইণ্ডিজ) ৫১টি টেস্টে ৩৮৬০ রান

প্রঃ (২৪৫) টেস্ট ক্রিকেটে ব্রাডম্যান, সোর্বাস, বয়কট ও গাভাসকারের ব্যাটিংয়ের হিসাব কি?

● ব্রাডম্যান ৫২টি টেস্ট, ৮০টি ইনিংস, ১০টি অপরাজিত, সেনচুরি ২৯টি, ৩৩৪ সর্বোচ্চ, মোট রান ৬৯৯৬। গ্যারী সোবার্স ৯৩টি টেস্ট, ১৬০টি ইনিংস, ২১টি অপরাজিত, সেনচুরি ২৬টি, সর্বোচ্চ ৩৬৫, মোট রান ৮০৩২। জিওফ বয়কট ১০৮টি টেস্ট, ১৯৩টি ইনিংস, ২৩টি অপরাজিত, সেনচুরি ২২টি, ২৪৬ সর্বোচ্চ, মোট রান ৮১১৪ রান। সানি গাভাসকার ১২৫টি টেস্ট, ২২৫টি ইনিংস, ১৬টি অপরাজিত, সেঞ্চুরি ৩৪, সর্বোচ্চ ২৩৬, মোট ১০১২২।

প্রঃ (২৪৬) টেস্ট ক্রিকেটে প্রথম থেকে দশম উইকেট পর্যন্ত প্রতিটি জুটিতে সর্বোচ্চ রান কত উঠেছে?

● ১ম উইকেটে ৪১৩ রান। পঙ্কজ রায় ও ভিনু মানকড় (ভারত) নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে মাদ্রাজের ৫ম টেস্টে ১৯৫৫-৫৬ সালে।

২য় উইকেট ৪৫১ রান। ডন ব্রাডম্যান ও বিল প্সনফোর্ড (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভাল মাঠে ৫ম টেস্টে ১৯৩৪ সালে। এবং ওই একই রান করেন জাভেদ মিয়াঁদাদ ও মুদাসর নজর (পাকিস্তান) ভারতের বিরুদ্ধে হায়দ্রাবাদের ৪র্থ টেস্টে ১৯৮৩ সালে।

৩য় উইকেটে ৩৭০ রান। জে. এডরিচ ও ডেনিশ কম্পটন (ইংল্যাণ্ড) দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে লর্ডসে ১৯৪৭ সালে।

৪র্থ উইকেটে ৪১১ রান। পিটার মে ও কলিন কাউড্রে (ইংল্যাণ্ড) ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে এজবাজটনের ১ম টেস্টে ১৯৫৭ সালে।

৫ম উইকেটে ৪০৫ রান। ডন ব্রাডম্যান ও এস. বার্নস (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে সিডনির ২য় টেস্টে ১৯৪৬-৪৭ সালে।

৬ষ্ঠ উইকেটে ৩৪৬ রান। ডন ব্রাডম্যান ও ফিঙ্কিলটন (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে মেলবোর্নের ৩য় টেস্টে ১৯৩৬-৩৭ সালে।

৭ম উইকেটে ৩৪৭ রান। ডারমি এট্‌কিনসন ও সি. সি. ডিপেইজো (ওঃ ইঃ) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ব্রিজটাউনের ৪র্থ টেস্টে ১৯৫৪-৫৫ সালে।

৮ম উইকেটে ২৪৬ রান। ই জি. অ্যামস্ ও গোবি অ্যালেন (ইংল্যাণ্ড) নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে লর্ডসের ১ম টেস্টে ১৯৩১ সালে।

৯ম উইকেটে ১৯০ রান আসিফ ইকবাল ও ইনতিখাব আলাম (পাকিস্তান) ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভালের ৫ম টেস্টে ১৯৬৭ সালে।

১০ উইকেটে ১৫১ রান। হেসটিংস ও কলিন্স (নিউজিল্যাণ্ড) পাকিস্তানের

বিরুদ্ধে অকল্যাণ্ডের ৩য় টেস্টে ১৯৭২-৭৩ সালে।

প্রঃ (২৪৭) প্রথম শ্রেণীর ক্রিকেটে প্রথম থেকে দশম উইকেট পর্যন্ত প্রতিটি জুটিতে সর্বোচ্চ রান কত ?

● ১ম উইকেটে ৫৬১ রান। মির্জা ও মনসুর আকতার (পাকিস্তান) করাচী। ১৯৭৬-৭৭ সালে।

২য় উইকেটে ৪৬৫ রান। জেমসন ও রোহন কানহাই। ওয়ারউইকশায়ার ও গ্লসেস্টারশায়ার। বার্মিহাম। ১৯৭৪ সালে।

৩য় উইকেটে ৪৫৬ রান। খালেদ ইরতিজা ও আসলাম আলী (ইউনাইটেড ব্যাঙ্ক ও মুলতান) করাচী। ১৯৭৫-৭৬ সালে।

৪র্থ উইকেটে ৫৭৭ রান। বিজয় হাজারে ও গুল মহাম্মদ (বরোদা ও হোলকার) ১৯৪৬-৪৭ সালে।

৫ম উইকেটে ৪০৫। ব্রাডম্যান ও বার্নেস। ১৯৪৬-৪৭ সালে।

৬ষ্ঠ উইকেটে ৪৮৭ রান। জি. এ হ্যাডলী ও সি. সি. প্যাসালাইট জ্যামাইকা ও টেনিসন দল। কিংস্টন ওভাল। ১৯৩১-৩২ সালে।

৭ম উইকেটে ৩৪৭ রান। ডি. অ্যাটকিনসন ও ডিপিজা। ১৯৫৪-৫৫ সালে।

৮ম উইকেটে ৪৪৩ রান। এ. স্মিথ ও ভিক্টোর ট্রম্পার। অস্ট্রেলিয়া একাদশ বনাম সেণ্টারবারী। ক্রাইসচার্জ। ১৯১৩-১৪ সালে।

৯ম উইকেটে জে. চ্যাপম্যান ও এ. আর. ওয়ারেন। ডার্বিশয়ার বনাম ওয়ার-উইকশায়ার দলের মধ্যে। ১৯১০ সালে।

১০ম উইকেটে কাইপেকস ও হুকার। নিউসাউথ ওয়েল্স ও ভিক্টোরিয়া। মেলবোর্ন। ১৯২৮-২৯ সালে।

প্রঃ (২৪৮) টেস্ট ক্রিকেটে কোন ব্যাটসম্যান এক সিরিজে সর্বোচ্চ রান করেছেন ?

● ডন ব্রাডম্যান (অস্ট্রেলিয়া) ৫টি টেস্টে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩০ সালে ৯৭৪ রান করেন।

প্রঃ (২৪৯) স্যার ডন ব্রাডম্যান কোন দেশের বিরুদ্ধে সর্বোচ্চ রান করেছেন ?

● ইংল্যাণ্ডের বিরুদ্ধে ব্রাডম্যান সর্বোচ্চ রান করেছেন। তিনি ৬৯৯৬ রানের মধ্যে ৫০২৮ রান করেন এক ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (২৫০) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে যে মাঠে সেঞ্চুরি করেছেন সেই মাঠে আবার পরের ম্যাচে খেলতে নেমে কেউ সেঞ্চুরি করেছেন কি ?

● হ্যাঁ ; তিনজন ব্যাটসম্যান এই নজির গড়েছেন। প্রথম নজির গড়েন

ইংল্যাণ্ডের জর্জগান। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিডনি মাঠে পরপর দুটি টেস্টে সেঞ্চুরি করেছেন। এই সিডনি মাঠেই জর্জগানের প্রথম ও দ্বিতীয় সেনচুরিটি হয় ১৯০৭-০৮ সালে। দ্বিতীয় জন হলেন অস্ট্রেলিয়ার গ্যারি কোনজিয়ার। তিনি ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে মেলবোর্নে ১৯৭৫-৭৬ সালে প্রথম সেঞ্চুরি করেন এবং ওই মাঠে আবার দ্বিতীয় আবির্ভাবে ১৯৭৬-৭৭ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে পুনরায় সেঞ্চুরি করেন। তৃতীয় জন হলেন ভারতের মহাম্মদ আজাহারুদ্দিন। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৮৪-৮৫ সালে কলকাতার ইডেনের মাঠে প্রথম সেঞ্চুরি করেন। এবং ১৯৮৭ সালে ইডেনে দ্বিতীয়বার খেলতে এসে পাকিস্তানের বিরুদ্ধে পুনরায় সেঞ্চুরি করেন।

প্রঃ (২৫১) ইংল্যাণ্ডের কাউন্টি ক্রিকেটে একদিনে সর্বোচ্চ রান কে করেছেন ?

● ও: ইঃ দলের ভিভ রিচার্ডস। তিনি সামারসেট দলের হয়ে ওয়ারউইকশায়ার দলের বিরুদ্ধে ১৯৮৫ সালে ২৫৮ বলে ৩২২ রান করেন। আগে এই রেকর্ড ছিল হ্যারল্ড গিম্বলেটের। তিনি সামারসেট দলের হয়ে ৩১০ রান করেছিলেন।

প্রঃ (২৫২) একদিনে তিনশো রান ইংল্যাণ্ডের কাউন্টি ক্রিকেটে কতজন করেছেন ?

● তিনজন। প্রথম এই রেকর্ড করেন সামারসেটের হারল্ড গিম্বলেট। পরে এই নজির গড়েন গ্লেন টার্নার ও ভিভ রিচার্ডস্।

প্রঃ (২৫৩) কোন কোন ক্রিকেটার ইংল্যাণ্ডের কাউন্টি ক্রিকেটে নিজের কাউন্টির হয়ে খেলে শতাধিক সেনচুরি করেছেন ?

● মোট ছয় জন ক্রিকেটার। এই ছয়জন হলেন যথাক্রমে, জ্যাক হবস, ফিলমিড, প্যাটসী হেনড্রেন, ওয়ালী হ্যামণ্ড, হারবার্ট সাটক্লিভ, ও জিওফ বয়কট।

প্রঃ (২৫৪) গুগলি বলের আবিস্কার কর্তাটি কে ?

● বি. জে. টি. ব্যাসানকোয়েট (ইংল্যাণ্ড)।

প্রঃ (২৫৫) ক্রিকেটে হ্যাটট্রিক বলতে কি বোঝায় ?

● কোন বোলার পরপর তিনটি বলে তিনজন ব্যাটসম্যানকে আউট করলে তাকে হ্যাটট্রিক হিসাবে ধরা হয়। আগের দিনে এমন ঘটনা ঘটলে সেই বোলারকে হ্যাট বা টুপি দেওয়া হতো। সেই থেকে—এই হ্যাটট্রিক শব্দটি ক্রিকেটে চালু হয়। ১৮৫৮ সাল থেকে হ্যাটট্রিক শব্দটি ক্রিকেটে পাকাপাকি ভাবে ব্যবহার করা হয়ে আসছে।

প্রঃ (২৫৬) টেস্ট ক্রিকেটে প্রথম বলটি কে করেছেন ?

● আলফ্রেড শ (ইংল্যাণ্ড) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মেলবোর্ন মাঠে ১৮৭৭ সালে।

প্রঃ (২৫৭) টেস্ট ক্রিকেটে প্রথম উইকেটটি কে লাভ করেন ?

● এ্যালেন হিল (ইংল্যাণ্ড)। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এই নজির গড়েন ১৮৭৭ সালে মেলবোর্নে।

প্রঃ (২৫৮) টেস্ট ক্রিকেটে কোন বোলার প্রথম হ্যাটট্রিক করেন ?

● অস্ট্রেলিয়ার স্পফোর্থ। ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৭৭৮-৭৯ সালে।

প্রঃ (২৫৯) সবচেয়ে বেশীবার হ্যাটট্রিক কোন বোলার করেছেন ?

● ডি. ভি. পি. রাইট (ইংল্যাণ্ড) সাতবার।

প্রঃ (২৬০) কাউন্টি ক্রিকেটে কোন বোলার একটি ম্যাচে দুবার হ্যাটট্রিক করেছেন ?

● প্রথম নজির গড়েন আলফ্রেড শ। নটিংহামশায়ার বনাম গ্লসেটার্সশায়ার মধ্যে ১৮৮৪ সালে। এরপর নজির গড়েন সি. এল. ডাবলু. পারকার গ্লসেটার্সশায়ার বনাম মিডিলসেক্স দলের মধ্যে ১৯২৪ সালে এবং ১৯৪৯ সালে রয় জেনকিন্স এই নজির রাখেন ওয়ারেস্টারশায়ার বনাম সারের খেলায়।

প্রঃ (২৬১) টেস্ট ক্রিকেটে কোন বোলার সর্ব প্রথম উভয় ইনিংসে হ্যাটট্রিক করেছেন ?

● টি. জি. ম্যাথায়েস (ইংল্যাণ্ড)। ১৯১২ সালে ম্যানচেষ্টার মাঠে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম উভয় ইনিংসে হ্যাটট্রিক করেন।

প্রঃ (২৬২) বিশ্বের এমন একজন বোলার আছেন যিনি লর্ডস মাঠে একটি মাত্র টেস্ট খেলে প্রথম হ্যাটট্রিক করেছেন অথচ আর একটিও টেস্ট ম্যাচ খেলেন নি—এই বোলারটির নাম কি ?

● দক্ষিণ আফ্রিকার জিওফ গ্রিফিন। ইংল্যাণ্ডের বিরুদ্ধে তিনি এই নজির গড়েন। তিনি পরে আর একটিও টেস্ট খেলেননি।

প্রঃ (২৬৩) ১৮৬২ সালে কোন বোলারের বিরুদ্ধে এবং কেন লিলি হোয়াইট নোবল ডেকে ছিলেন ?

● ১৮৬২ সালে লর্ডসে অনুষ্ঠিত সারে বনাম কেন্টের খেলায় কেন্টের বোলার এডগার উইলসার বল করতে গিয়ে কাঁধের থেকে উঁচুতে হাত তুলে বল করেছিলেন বলে লিলি হোয়াইট তার বিরুদ্ধে প্রথম নো বল ডেকেছিলেন। পরের দিন অন্য আম্পায়ার নিযুক্ত করা হয়। তিনিও এডগারের বিরুদ্ধে ওই একই অপরাধে নো বল ডেকেছিলেন।

প্রঃ (২৬৪) টেস্ট ক্রিকেটে এমন দুজন বোলারের নাম কর যারা পরপর দুটি ওভার বোলিং করেছেন ?

● ওয়ারিক আর্মষ্ট্রং (অষ্ট্রেলিয়া)। ইংল্যাণ্ডের বিরুদ্ধে ম্যানচেষ্টার টেস্টে ১৯২০-২১ সালে। পরে এই নজির রাখেন নিউজিল্যাণ্ড দলের মোয়ার। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওয়েলিংটনে ১৯৫০-৫১ সালে এই নজির গড়েন।

প্রঃ (২৬৫) টেস্ট ক্রিকেটে কতজন বোলার হ্যাটট্রিক করেছেন ?

● মোট ১৫ জন বোলার মোট সতেরো বার এই নজির গড়েন। এই ১৫ জন হলেন যথাক্রমে অষ্ট্রেলিয়ার স্ট্রাম্বল এবং জি. টি. ম্যাথুজ (২ বার করে) এবং একবার করে হ্যাটট্রিক করেছেন অষ্ট্রেলিয়ার ক্লাইন ও স্পফোর্থ। ইংল্যাণ্ডের ডাবলু. ব্যাটেস, জে. ব্রিক্‌স, জি.এ. লোম্যান, পি. জি. লোডার, জে. সি. এ্যালাম, জে. হেয়ার্ণ, টি. ডাবলু. গর্ডাড। দক্ষিণ আফ্রিকার জিওক গ্রিফিন, ওয়েষ্ট ইণ্ডিজ দলের ওয়েস্‌লী হল, ল্যান্স গিবস এবং নিউজিল্যাণ্ড দলের পি. পেথরিক।

প্রঃ (২৬৬) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে কেউ হ্যাটট্রিক করেছেন কি ?

● হ্যাঁ করেছেন—মাত্র দুইজন বোলার। এই দুইজন বোলার হলেন যথাক্রমে ; ইংল্যাণ্ডের এম. জে. সি. এ্যালাম, নিইজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯২৯-৩০ সালে এবং নিউজিল্যাণ্ড দলের পি. পেথরিক ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭৬ সালে।

প্রঃ (২৬৭) টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করে কোন বোলার প্রথম ওভারের প্রথম বলেই উইকেট পেয়েছেন কি ?

● হ্যাঁ, মাত্র ৯ জন বোলার এই নজির গড়েন। এই ন'জন হলেন যথাক্রমে ; এ. কনিংহাম, জি. জি. ম্যাকুলে (অস্ট্রেলিয়া)। টি. জনসন (ওয়েষ্ট ইণ্ডিজ) ই. জি. আরনল্ড, মরিশটেড, আর. হোয়ার্থ, ডাবলু. এম. বার্ডলে (ইংল্যাণ্ড), স্মিথ (নিউজিল্যাণ্ড) এবং পাকিস্তানের ইনতিখাব আলাম।

প্রঃ (২৬৮) টেস্ট ক্রিকেটে কোন বোলার একটি ম্যাচে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● জিম লেকার (ইংল্যাণ্ড)। ১৯৫৬ সালে ম্যানচেষ্টার টেস্টে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৪র্থ টেস্টে মাত্র ৯০ রানে ১৯টি (৫৩/১০ ও ৩৭/৯) উইকেট পেয়েছেন।

প্রঃ (২৬৯) টেস্ট ক্রিকেটে কোন বোলার একটি ইনিংসে দশটি উইকেট পেয়েছেন কি ?

● জিম লেকার (ইংল্যাণ্ড)।

প্রঃ (২৭০) টেস্ট ক্রিকেটে কোন বোলার সর্বপ্রথম দ্বিশত উইকেট পেয়েছেন ?

● ক্ল্যারি গ্রিমেট (অস্ট্রেলিয়া)। তিনি ৩৭টি টেস্টে ১৪৩৫২ বলে ৫১৩২ রানে ২১৬টি উইকেট পান।

প্রঃ (২৭১) টেস্ট ক্রিকেটে কোন বোলার প্রথম তিনশত'র বেশী উইকেট পেয়েছেন।

● ইংল্যাণ্ডের ফ্রেডী ট্রুম্যান। ৬৭টি টেস্টে ৩০৭টি উইকেট।

প্রঃ (২৭২) টেস্ট ক্রিকেটে সবচেয়ে কম বলে ৩০০ উইকেট কে পেয়েছেন?

● ইংল্যাণ্ডের ফ্রেডী ট্রুম্যান। ৬৭টি টেস্টে ১৫,১৭১টি বলে ৩০৭টি উইকেট লাভ করেন।

প্রঃ (২৭৩) টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ উইকেট কার দখলে?

● ইংল্যাণ্ডের ইয়ান বোথাম। তিনি ৮৫টি টেস্টে মোট ১৯২৬৬ বল দিয়ে ৯৬১৭ রানে ৩৫৮টি উইকেট পেয়েছেন।

প্রঃ (২৭৪) টেস্ট ক্রিকেটে ৩০০শত উইকেট কতজন বোলার পেয়েছেন?

● সাতজন বোলার। এই সাতজন বোলার হলেন যথাক্রমে; ইয়ান বোথাম (৩৫৮), ডেনিশ লিলি (৩৪৫), রিচার্ড হেডলি (৩৪৫), বব উইলিশ (৩২৫), ল্যাসি গিবস (৩০৯), ট্রুম্যান (৩০৭) ও কপিলদেব (৩১১)।

প্রঃ (২৭৫) টেস্ট ক্রিকেটে কোন একমাত্র বোলার যিনি একটি টেস্টে অংশ নিয়ে ১৩টি উইকেট পেয়েছেন এবং পরে আর একটিও টেস্ট ম্যাচ খেলেন নি—এই বোলারটির নাম কি?

● জে. জে. ফেরিস (ইংল্যাণ্ড)। ফাস্ট বোলার হিসাবে তিনি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলে কেপটাউন টেস্টে ৯১ রানে ১৩টি উইকেট লাভ করেন ১৮৯১-৯২ সালে।

প্রঃ (২৭৬) টেস্ট ক্রিকেটে কোন বোলার সর্বোচ্চ বার একটি ইনিংসে ৫টি বা তার বেশী উইকেট পেয়েছেন?

● রিচার্ড হেডলী (নিউজিল্যাণ্ড) ১৯৮৬ সাল পর্যন্ত মোট ২৮ বার এই নজির গড়েন।

প্রঃ (২৭৭) বিশ্বের কোন একমাত্র বোলার একটানা ৫টির বেশী ইনিংসে ৫টি বা তার বেশী উইকেট পেয়েছেন—এই বোলারটির নাম কি? তিনি একটানা কতগুলি ইনিংসে ৫টি'র বেশী উইকেট পেয়েছেন?

● চেরিস টারনার (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে তিনি একটানা ছ'টি ইনিংসে ৫টি বা তার বেশী উইকেট পেয়েছেন প্রথম চারটি টেস্টের ছটি ইনিংসে।

প্রঃ (২৭৮) টেস্ট ক্রিকেটে কোন বোলার একটি ওভারে কতগুলি সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● একটি ওভারে ৪টি করে উইকেট পেয়েছেন মোট ৪ জন বোলার। এই চারজন হ'লেন যথাক্রম ; ইংল্যাণ্ডের এম. জি. জি. এ্যালাম, ফ্রেডি টিটমাস, ক্রিস ওল্ড ও কেন ক্রাসটন।

প্রঃ (২৭৯) টেস্ট ক্রিকেটে কোন বোলার একদিনে সর্বোচ্চ কতগুলি উইকেট পেয়েছেন ?

● জন ব্রিজেস (ইংল্যাণ্ড) ১৮৮৮-৮৯ সালে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে একদিনে ১৫টি উইকেট লাভ করেন।

প্রঃ (২৮০) টেস্ট ক্রিকেটে কোন বোলার সর্বপ্রথম উভয় ইনিংসে হ্যাটট্রিক করেছেন ?

● টি. জে. ম্যাথেযুজ (ইংল্যাণ্ড) দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ম্যানচেষ্টারে এই নজির গড়েন ১৯১২ সালে।

প্রঃ (২৮১) প্রথম শ্রেণীর ক্রিকেটে সবচেয়ে বেশী ওভার বোলিং একটি ইনিংসে কে করেছেন ?

● সি. এস. নাইডু। হোলকার বনাম বোম্বাই দলের মধ্যে খেলায় ৯১৭ বল করেন ১৯৪৪-৪৫ সালে।

প্রঃ (২৮২) টেস্ট ক্রিকেটে কোন বোলার সর্বোচ্চ বল একটি ইনিংসে করেছেন ?

● সোনি রামাধিন (ওয়েষ্ট ইণ্ডিজ) ৭৭৪ বল করেন ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৫৭ সালে।

প্রঃ (২৮৩) টেস্ট ক্রি:কটে কোন বোলার একটানা সর্বোচ্চ বার মেডেন পেয়েছেন ?

● বাপু নাদকার্ণী (ভারত)। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে একটানা ২২'৫ ওভার মেডেন পেয়েছেন ১৯৬৪ সালে।

প্রঃ (২৮৪) বিশ্বের কোন একমাত্র বোলার একটি ইনিংসের শুরু থেকে শেষ পর্যন্ত একটানা বোলিং করেছেন ?

● ইংল্যাণ্ডের টম রিচার্ডসন। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এই নজির গড়েন ১৮৯৬ সালে।

প্রঃ (২৮৫) বিশ্বের কোন বোলার প্রথম ডানহাতে পেশ বোলিং শুরু করে পরে বাঁ হাতি স্পিনার হিসাবে বিখ্যাত হয়েছিলেন ?

● ফ্লিটউড স্মিথ (ইংল্যাণ্ড)।

প্রঃ (২৮৬) দক্ষিণ আফ্রিকার কতজন বোলার টেস্ট ক্রিকেটে শত উইকেট পেয়েছেন ?

● এইচ. জে. টেফিল্ড (১৭০), টি. এল. গর্ডাড (১২৩), পি. এম. পোকক (১১৬), এন. এ. টি. এডকক (১০৪)।

প্রঃ (২৮৭) ক্রিকেটে প্রথম কোন বোলার সুইং বল আবিষ্কার করেন ?

● প্রথম আণ্ডারহ্যাণ্ডে নাওম্যান, পরে রাউণ্ড আর্মে এডমণ্ড হিংকলে এই বল প্রথম আবিষ্কার করেন। আরও পরে ওভার আর্ম বোলিং এই বলকে আরও উন্নত রূপ দেন কিং এবং হির্স্ট।

প্রঃ (২৮৮) ক্রিকেটে অফ স্পিন বোলিং'য়ের রূপকার কে ?

● ইংল্যাণ্ডের লামবার্ন। ইনি ইংল্যাণ্ডের মাঠে লিটিল ফারমার নামে বিখ্যাত ছিলেন।

প্রঃ (২৮৯) পৃথিবীর বিভিন্ন দেশের কোন কোন বোলার একটি ম্যাচে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● ইংল্যাণ্ডের জিম লেকার। ৯০ রানে ১৯টি উইকেট পেয়েছেন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ম্যানচেষ্টারে ১৯৫৬ সালে। এইচ. জে. টেফিল্ড (দক্ষিণ আফ্রিকা) ১৬৫ রানে ১৩টি উইকেট পেয়েছেন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মেলবোর্ণে ১৯৫২-৫৩ সালে এবং ১৯২ রানে ১৩টি উইকেট পেয়েছেন ইংল্যাণ্ডের বিরুদ্ধে জোহেনবার্গে ১৯৫৬-৫৭ সালে। আর. এ. ম্যাসী (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৬টি উইকেট পেয়েছেন ১৩৭ রানে ১৯৭২ সালে লর্ডসে। ওয়েষ্ট ইণ্ডিজ দলের মাইকেল হোলডিং ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভাল মাঠে ১৪৯ রানে ১৪টি উইকেট পান ১৯৭৬ সালে। ভারতের জস্থু প্যাটেল অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১২৪ রানে ১৪টি উইকেট পান ১৯৫৯-৬০ সালে। ইমরান খান (পাকিস্তান) শ্রীলঙ্কার বিরুদ্ধে ১১৬ রানে ১৪টি উইকেট পান লাহোর টেস্টে ১৯৮১-৮২ সালে। ডি. সিলভা (শ্রীলঙ্কা) পাকিস্তানের বিরুদ্ধে ফয়শালাবাদে ১৬২ রানে ৯টি উইকেট পেয়েছেন ১৯৮১-৮২ সালে এবং নিউজিল্যাণ্ড দলের রিচার্ড হেডলী ৫৮ রানে ১১টি উইকেট পান ভারতের বিরুদ্ধে ১৯৭৫-৭৬ সালে ওয়েলিংটনে এবং ১০২ রানে ১১টি উইকেট পান ওয়েষ্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৭৯-৮০ সালে।

প্রঃ (২৯০) একটি টেস্ট সিরিজে সর্বোচ্চ উইকেট কোন বোলার পেয়েছেন ?

● এস. এফ. বার্ণেস (সিড)। ইংল্যাণ্ডের হয়ে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ৪টি টেস্টে ৪৯টি উইকেট লাভ করেন ১৯১৩-১৪ সালে।

প্রঃ (২৯১) টেস্ট ক্রিকেটে প্রথম আত্মপ্রকাশ করে কোন বোলার একটি ইনিংসে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● আর. এ. এল. ম্যাসী (অস্ট্রেলিয়া) ৫৩ রানে ৮ উইকেট। এ. ট্রট (অস্ট্রেলিয়া) ৪৩ রানে ৮টি উইকেট এবং ওয়েষ্ট ইণ্ডিজ দলের ভ্যালেনটাইন ১০৪ রানে ৮টি উইকেট পেয়েছেন ৷৷

প্রঃ (২৯২) টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করে কোন বোলার একটি ম্যাচে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● আর. এ. এল. ম্যাসী (অস্ট্রেলিয়া) লর্ডসে ১৯৭২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে তিনি ১৩৭ রানে ১৬টি উইকেট পান। উভয় ইনিংসে তিনি পান ৮টি করে উইকেট যথাক্রমে ৫৩ রানে ৮টি এবং ৮৪ রানে ৮টি উইকেট।

প্রঃ (২৯৩) একটি টেস্ট সিরিজে মোট কতজন বোলার চল্লিশটির বেশী উইকেট পেয়েছেন ?

● ছজন বোলার। এই ছজন হলেন যথাক্রমে ; সিড বার্ণেস (ইংল্যাণ্ড) ৪টি টেস্টে ৪৯টি উইকেট ১৯১৩-১৪ সালে। জিম লেকার (ইংল্যাণ্ড) ৫টি টেস্টে ৪৬টি উইকেট ১৯৫৬ সালে। ক্ল্যারি গ্রিমেট (অস্ট্রেলিয়া) ৫টি টেস্টে ৪৪টি উইকেট ১৯৩৫-৩৬ সালে। টেরি অলডারম্যান (অস্ট্রেলিয়া) ৬টি টেস্টে ৪২টি উইকেট ১৯৮১ সালে। রডনি হগ (অস্ট্রেলিয়া) ৬টি টেস্টে ৪১টি উইকেট ১৮৭৮-৭৯ সালে। ইমরান খান (পাকিস্তান) ৬টি টেস্টে ৪০টি উইকেট ১৯৮২-৮৩ সালে।

প্রঃ (২৯৪) টেস্ট ক্রিকেটে সেরা বোলিং গড় কোন বোলারের ?

● জি. এ. লোম্যান (ইংল্যাণ্ড)। ১৮টি টেস্টে ১১০৫ রানে ১২২টি উইকেট পান। গড় ছিল ১০·৭৫।

প্রঃ (২৯৫) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে ওয়েস্ট ইণ্ডিজ দলের কোন দুজন বোলার এক মরশুমে ৩০টির বেশী উইকেট পেয়েছেন ?

● এ. এল. ভ্যালেনটাইন ১৯৫০ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৫টি টেস্টে ৩৩টি উইকেট পান। পরে ১৯৬৬-৬৭ সালে সি. এইচ. ক্রফট পাকিস্তানের বিরুদ্ধে ৫টি টেস্টে ৩৩টি উইকেট সংগ্রহ করেন।

প্রঃ (২৯৬) টেস্ট ক্রিকেটে কোন বোলার একটি ম্যাচে সবচেয়ে বেশী রান দিয়েছেন ?

● এল. ও. বি. এফ. ফ্লিথ (অস্ট্রেলিয়া) ১৯৩৮ সালে ওভাল মাঠে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৮৭ ওভারে ২৯৮ রান দিয়েছেন।

প্রঃ (২৯৭) টেস্ট ক্রিকেটে হ্যারণ্ড লারুড, এফ. এ স্পফোর্থ, রে লিণ্ডোয়াল, আলেক বেডসার, রিচি বেনো, সোনি রামাধিন, ডাবলু হল, এ. এল. ভ্যালেনটাইনের উইকেট প্রাপ্তি সংখ্যা কত ?

● এইচ. লারুড (ইংল্যাণ্ড) ২১টি টেস্টে ৭৮টি উইকেট।
এফ. এ. স্পফোর্থ (অস্ট্রেলিয়া) ১৮টি টেস্টে ৯৪টি উইকেট।
রে. লীণ্ডোয়াল (অস্ট্রেলিয়া) ৬১টি টেস্টে ২২৮টি উইকেট।
আলেক বেডসার (ইংল্যাণ্ড) ৫১টি টেস্টে ২৩৬টি উইকেট।
রিচি বেনো (অস্ট্রেলিয়া) ৬৩টি টেস্টে ২৪৮টি উইকেট।
সোনি রামাধিন (ওয়েস্ট ইণ্ডিজ) ৪৩টি টেস্টে ১৫৮টি উইকেট।
ডাবলু হল (ওয়েস্ট ইণ্ডিজ) ৪৮টি টেস্টে ১৯২টি উইকেট।
এ. এল. ভ্যালেনটাইন (ওয়েস্ট ইণ্ডিজ) ৩৬টি টেস্টে ১৩৯টি উইকেট।

প্রঃ (২৯৮) টেস্ট ক্রিকেটে ইংল্যাণ্ডের কতজন বোলার ২০০টির বেশী উইকেট পেয়েছেন ?

● ইয়ান বোথাম : ৮৫টি টেস্টে ৩৫০টি উইকেট।
বব উইলিশ : ৯০টি টেস্টে ৩২৫টি উইকেট।
ফ্রেডি ট্রুম্যান : ৬৭টি টেস্টে ৩০৭টি উইকেট।
আলেক বেডসার ৫১টি টেস্টে ২৩৬টি উইকেট।
জন স্নো : ৪৮টি টেস্টে ২০২টি উইকেট।
ব্রায়ান স্ট্যাথাম : ৭০টি টেস্টে ২৫২টি উইকেট।
টনি লক : ৬৮টি টেস্টে ২১২টি উইকেট।

প্রঃ (২৯৯) টেস্ট ক্রিকেটে অস্ট্রেলিয়া দলের কতজন বোলার ২০০টির বেশী উইকেট পেয়েছেন ?

● ডেনিশ লিলি : ৭০টি টেস্টে ৩৫৫টি উইকেট।
রিচি বেনড : ৬৩টি টেস্টে ২৪৮টি উইকেট।
রে লীণ্ডোয়াল : ৬১টি টেস্টে ২২৮টি উইকেট।
গ্রাহাম ম্যাকেঞ্জি : ৬০টি টেস্টে ২৪৬টি উইকেট।
ক্ল্যারি গ্রিমেট : ৩৭টি টেস্টে ২১৬টি উইকেট।

প্রঃ (৩০০) ওয়েস্ট ইণ্ডিজ, ভারত ও পাকিস্তান দলের কোন কোন বোলার টেস্ট ক্রিকেটে ২০০টির বেশী উইকেট পেয়েছেন ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের গ্যারী সোবার্স ৯৩টি টেস্টে ২৩৫টি উইকেট।
ল্যান্সী গিবস ৭৯টি টেস্টে ৩০৯টি উইকেট।
মাইকেল হোলডিং ৬৮টি টেস্টে ২০৮টি উইকেট।

অ্যাণ্ডি রবার্টস ৪৬টি টেস্টে ২০০টি উইকেট।

নিউজিল্যাণ্ড দলের একমাত্র বোলার রিচার্ড হেডলি ৬০টি টেস্টে ৩৪৫টি উইকেট। ভারতের কপিলদেব ৮৮টি টেস্টে ৩১১ উইকেট।

বিষেনসিং বেদী ৬৮টি টেস্ট ২৬৬টি উইকেট।

ভগবৎ চন্দ্রশেখর ৫৮টি টেস্টে ২৪২টি উইকেট।

পাকিস্তানের ইমরান খান ৬৫টি টেস্টে ২৯০টি উইকেট।

প্রঃ (৩০১) ভারতীয় কোন ক্রিকেটার টেস্ট ক্রিকেটে হ্যাটট্রিক করেছেন কি?

● না।

প্রঃ (৩০২) ভারতীয় ক্রিকেটে প্রথম শত উইকেট কোন বোলার পেয়েছেন?

● ভিনু মানকড়।

প্রঃ (৩০৩) বিশ্বের শ্রেষ্ঠ ন্যাটা স্পিনার হিসাবে বিখ্যাত আলফ্রেড রোডস ও ভিনু মানকড়ের টেস্ট পরিসংখ্যান কি?

● আলফ্রেড রোডস (ইংল্যাণ্ড) ৫৮টি টেস্ট ২৩২৫ রান ও ১২৭টি উইকেট এবং ভিনু মানকড় ৪৪টি টেস্টে ২১০৯ রান ও ১৬২টি উইকেট।

প্রঃ (৩০৪) স্যার গ্যারী সোবার্সের টেস্ট পরিসংখ্যান কি?

● ৯৩টি টেস্টে ৮০৩২ রান, ২৩৫টি উইকেট ও ১০৯টি ম্যাচ।

প্রঃ (৩০৫) প্রথম শ্রেণীর ক্রিকেটে কোন উইকেটরক্ষক একটি ম্যাচে সর্বোচ্চ ক্যাচ ধরেছেন?

● আরনল্ড লঙ্‌। তিনি ১৯৬৪ সালে সারে বনাম সাসেক্স দলের মধ্যে খেলায় একটি ম্যাচে ১১টি ক্যাচ ধরেন। পরে ১৯৭৬ সালে এই একই নজির গড়েন রডনি মার্শ পশ্চিম অস্ট্রেলিয়া বনাম ভিক্টোরিয়া দলের মধ্যে খেলায়।

প্রঃ (৩০৬) কোন উইকেটরক্ষক সবচেয়ে বেশী ক্যাচ ধরেছেন তাঁর ক্রিকেট জীবনে?

● জন মারে ইংল্যাণ্ড এবং মিডিলসেক্স দলের হয়ে খেলে ১২৭০টি ক্যাচ ধরেছেন।

প্রঃ (৩০৭) টেস্ট ক্রিকেটে কোন উইকেটরক্ষক একটি ম্যাচে সর্বোচ্চ ক্যাচ ধরেছেন?

● আর. ডাবলু. টেলর (ইংল্যাণ্ড)। ভারতের বিরুদ্ধে জুবিলী টেস্টে বোম্বাই মাটে ১৯৭৯-৮০ সালে দশটি ক্যাচ ধরেন।

প্রঃ (৩০৮) কোন উইকেটরক্ষক একটি টেস্ট মরশুমে সর্বোচ্চ ক্যাচ ধরেছেন ?

● রডনি মার্শ। ২৬টি ক্যাচ ধরেন ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৭৫-৭৬ সালে।

প্রঃ (৩০৯) কোন উইকেটরক্ষক একটি টেস্ট সিরিজে সর্বোচ্চজনকে আউট করেছেন ?

● রডনি মার্শ (অস্ট্রেলিয়া)। ২৬টি। এই নজির গড়েন ৬টি টেস্ট ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৭৫-৭৬সালে। এই একই নজির গড়েন জন ওয়েট। ২৬টি ১৯৬১-৬২ সালে।

প্রঃ (৩১০) টেস্ট ক্রিকেটে একটি ইনিংসে সর্বোচ্চ ক্যাচ কোন উইকেটরক্ষক ধরেছেন ?

● সাতটি করে ক্যাচ ধরেছেন পাকিস্তানের ওয়াসিম বারি নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে অকল্যাণ্ড টেস্টে ১৯৭৮-৭৯ সালে এবং ইংল্যাণ্ডের আর. ডাবলু. টেলর ভারতের বিরুদ্ধে বোম্বাই মাঠে ১৯৭৯-৮০ সালে।

প্রঃ (৩১১) টেস্ট ক্রিকেটে কোন উইকেটরক্ষক সর্বোচ্চ ব্যাটসম্যানকে আউট করেছেন ?

● অস্ট্রেলিয়ার রডনি মার্শ। তিনি ৯৬টি টেস্টে ৩৪২টি ক্যাচ ও ১৩টি স্ট্যাম্প করেন। মোট সংখ্যা ৩৫৫টি।

প্রঃ (৩১২) কোন উইকেটরক্ষক টেস্ট ক্রিকেটে সবচেয়ে বেশী জনকে স্ট্যাম্প আউট করেছেন ?

● অস্ট্রেলিয়ার ওল্ডফিল্ড। ৫২টি স্ট্যাম্প করেছেন।

প্রঃ (৩১৩) বিশ্বের কতজন উইকেটরক্ষক এক হাজার রান সহ শত উইকেটের ভাগীদার হয়েছেন ?

● ইংল্যাণ্ডের গডফ্রে ইভান্স, অ্যালান নট, জিম পার্কস, অস্ট্রেলিয়ার রডনি মার্শ, ওল্ডফিল্ড, ওয়েস্ট ইণ্ডিজ দলের ডেরিক মারে, দক্ষিণ আফ্রিকার জন হোয়াইট, পাকিস্তানের ওয়াসিম বারি এবং ভারতের সৈয়দ কিরমানি।

প্রঃ (৩১৪) টেস্ট ক্রিকেটে কোন উইকেটরক্ষক শতরান সহ পাঁচটি উইকেটের ভাগীদার হয়েছেন ?

● আর. ডাবলু. টেলর (ইংল্যাণ্ড) ভারতের বিরুদ্ধে এই নজির গড়েন ১৯৭৯-৮০ সালে বোম্বাইয়ের জুবিলি টেস্টে।

প্রঃ (৩১৫) টেস্ট ক্রিকেটে দ্বিশতরান কতজন উইকেটরক্ষক করেছেন ?

● দুজন। ওয়েস্ট ইণ্ডিজ দলের ওয়ালকট (২২০) এবং পাকিস্তানের তসলিম আরিফ (২১০)।

প্রঃ (৩১৬) প্রথম শ্রেণীর ক্রিকেটে কোন ক্রিকেটার (উইকেট-রক্ষক নয়) সর্বোচ্চ ক্যাচ ধরেছেন ?

● ইংল্যাণ্ডের ফ্রাঙ্ক উলি। তিনি ১০১৫টি ক্যাচ ধরেছেন।

প্রঃ (৩১৭) একটি প্রথম শ্রেণীর ম্যাচে (উইকেটরক্ষক নয়) কোন ক্রিকেটার সর্বোচ্চ ক্যাচ ধরেছেন ?

● দশটি ক্যাচ ধরেন ইংল্যাণ্ডের ওয়ালী হ্যামণ্ড। তিনি গ্লাসস্টার্স দলের হয়ে সারের বিরুদ্ধে এই নজির গড়েন ১৯২৮ সালে।

প্রঃ (৩১৮) টেস্ট ক্রিকেটে একটি ম্যাচে সর্বোচ্চ ক্যাচ কে ধরেছেন ?

● অস্ট্রেলিয়ার গ্রেগ চ্যাপেল ও ভারতের যযুবেন্দ্র সিং। এঁরা দুইজনেই ৭টি করে ক্যাচ ধরেছেন। গ্রেগ চ্যাপেল এই নজির গড়েন পার্থে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭৪ সালে এবং যযুবেন্দ্র সিং এই নজির গড়েন ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭৬-৭৭ সালে বাঙ্গালোর টেস্ট।

প্রঃ (৩১৯) টেস্ট ক্রিকেটে উইকেটরক্ষক ছাড়া কোন ক্রিকেটার সর্বোচ্চ ক্যাচ ধরেছেন ?

● গ্রেগ চ্যাপেল (অস্ট্রেলিয়া) ৮৭টি টেস্টে ১২২টি ক্যাচ ধরেছেন।

প্রঃ (৩২০) টেস্ট ক্রিকেটে কতজন ক্রিকেটার (উইকেটরক্ষক নয়) শততম ক্যাচ ধরেছেন ?

● সাতজন ক্রিকেটার। এই সাতজন হলেন যথাক্রমে ; অস্ট্রেলিয়ার গ্রেগ চ্যাপেল ৮৭টি টেস্টে ১২২টি ক্যাচ। ইংল্যাণ্ডের কলিন কাউড্রে ১১৪টি টেস্টে ১২০টি ক্যাচ। ওয়ালী হ্যামণ্ড ৮৭টি টেস্টে ১১০টি ক্যাচ। ইয়ান বোথাম ৮৭টি টেস্টে ১০২টি। ওয়েস্ট ইণ্ডিজ দলের গ্যারী সোবার্স ৯৩টি টেস্টে ১০৯টি, অস্ট্রেলিয়ার ববি সিমসন ৭৩টি টেস্টে ১০২টি এবং ভারতের সানি গাভাসকার ১২৫টি টেস্টে ১০১টি।

প্রঃ (৩২১) ক্রিকেটে ডাবলস্ শব্দের অর্থ কি ?

● কোন খেলোয়াড় ক্রিকেটে এক হাজার রান সহ শত উইকেট লাভ করলে—সেই অসামান্য সাফল্যকেই ক্রিকেটের পরিভাষায় বলা হয় ডাবলস্।

প্রঃ (৩২২) টেস্ট ক্রিকেটে কতজন ক্রিকেটার ডাবলস করেছেন ?

● ১৯৮৬ সাল পর্যন্ত ২৩ জন।

প্রঃ (৩২৩) টেস্ট ক্রিকেটে অল্প বয়সে ডাবলসের অধিকারী কে ?

● কপিলদেব (ভারত) ২৫টি টেস্টে মাত্র ২১ বছর বয়সে এই নজির গড়েন।

প্রঃ (৩২৪) টেস্ট ক্রিকেটে দ্রুত ডাবলস কে করেছেন ?

● ইংল্যাণ্ডের ইয়ান বোথাম। ২ টি টেস্টে তিনি এই নজির গড়েন।

প্রঃ (৩২৫) ভারতীয় ক্রিকেটে কতজন ডাবলসের সন্মান পেয়েছেন ?

● তিনজন। ভিনু মানকড়, কপিলদেব ও রবি শাস্ত্রী।

প্রঃ (৩২৬) টেস্ট ক্রিকেটে এখনও পর্যন্ত সর্বশেষ ডাবলস্-এর অধিকারী কে ?

● ভারতের রবি শাস্ত্রী।

প্রঃ (৩২৭) টেস্ট ক্রিকেটে কতজন ক্রিকেটার হাজার রান, শত উইকেট এবং শত ক্যাচ ধরেছেন ?

● দুজন ক্রিকেটার। গ্যারী সোবার্স (ওয়েস্ট ইণ্ডিজ) ও ইংল্যাণ্ডের ইয়ান বোথাম।

প্রঃ (৩২৮) বিশ্বের প্রথম কোন ক্রিকেটার মে মাসের মধ্যে ১০০০ হাজার রান পূরণ করেছেন ?

● ডাবলু. জি. গ্রেস।

প্রঃ (৩২৯) টেস্ট ক্রিকেটে শতাধিক ম্যাচ কতজন ক্রিকেটার খেলেছেন ?

● মাত্র চারজন ক্রিকেটার শতাধিক টেস্ট খেলেছেন। এই চারজন হলেন যথাক্রমে ; সানি গাভাসকার (১২৫), ইংল্যাণ্ডের কলিন কাউড্রে (১১৪), জিওফ বয়কট (১০৮) ও ওয়েস্ট ইণ্ডিজের ক্লাইভ লয়েড (১১০)।

প্রঃ (৩৩০) টেস্ট ক্রিকেটে নিউজিল্যাণ্ড দলের মধ্যে কতজন ক্রিকেটার প্রথম আবির্ভাবে সেঞ্চুরি করেছেন ?

● তিনজন ক্রিকেটার। এই তিনজন হলেন জে. ই. মিলস ইংল্যাণ্ডের বিরুদ্ধে, বি. আর. টেলর ভারতের বিরুদ্ধে এবং অস্ট্রেলিয়ার বিরুদ্ধে আর. ই. রেডমণ্ড।

প্রঃ (৩৩১) নিউজিল্যাণ্ড দলের প্রথম কোন ক্রিকেটার প্রথম আবির্ভাবে শতরান করেছেন ?

● জে. ই. মিলস ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯২৯-৩০ সালে।

প্রঃ (৩৩২) ভারতীয় ক্রিকেটে প্রথম আবির্ভাবে সর্বপ্রথম সেঞ্চুরি কে করেছেন ?

● লালা অমরনাথ। ১৯৩২-৩৩ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে বোম্বাই মাঠে।

প্রঃ (৩৩৩) টেস্ট ক্রিকেটে একটি ম্যাচে শতরান সহ দশটি উইকেট পেয়েছেন কে ?

● অ্যালান ডেভিডসন (অস্ট্রেলিয়া) ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ব্রিসবেনে এই নজির গড়েন ১৯৬০-৬১ সালে।

প্রঃ (৩৩৪) টেস্ট ক্রিকেটে প্রথম আত্মপ্রকাশে শতরান সহ পাঁচটি উইকেট কোন ক্রিকেটার পেয়েছেন ?

● বি. আর. টেলর (নিউজিল্যাণ্ড) ভারতর বিরুদ্ধে কলকাতায় ১৯৬৫ সালে।

প্রঃ (৩৩৫) টেস্ট ক্রিকেটে একটি দলের সর্বোচ্চ রান কত ?

● ৭ উইকেটে ৯০৩ রান করে ইংল্যাণ্ড অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওভাল মাঠে ১৯৩৮ সালে।

প্রঃ (৩৩৬) টেস্ট ক্রিকেটে একটি সর্বনিম্ন রান কত ?

● ২৬ রান নিউজিল্যাণ্ড দলের ইংল্যাণ্ডের বিরুদ্ধে অকল্যাণ্ড টেস্টে ১৯৫৪-৫৫ সালে।

প্রঃ (৩৩৭) প্রথম শ্রেণীর ক্রিকেটে একদিনে একটি দলের সর্বোচ্চ রান কত ?

● এসেক্স দলের বিরুদ্ধে অস্ট্রেলিয়া ৭২১ রান করেন ১৯৪৮ সালে।

প্রঃ (৩৩৮) প্রথম শ্রেণীর ক্রিকেটে একটি দলের একটি ইংনিংসের সর্বোচ্চ রান কত ?

● ১১০৭ রান। ভিক্টোরিয়া দল এই রান করে নিউ সাউথ ওয়েলস্ দলের মধ্যে খেলায় ১৯২৬-২৭ সালে।

প্রঃ (৩৩৯) প্রথম শ্রেণীর ক্রিকেটে একটি দলের একটি ম্যাচে সর্বনিম্ন রান কত ?

● ৩৪ রান। এই রান করে বর্ডার দল (১৬ ও ১৮) নাটাল দলের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকায় ১৯৫৯-৬০ সালে।

প্রঃ (৩৪০) বিশ্ব ক্রিকেটে একটি দলের একটি ইনিংসে সর্বনিম্ন রান কত ?

● ১২ রান। এই নজির ঘটে দুবার। প্রথম অক্সফোর্ড ইউনিভারসিটি এই রান করে এম. সি. সি. দলের বিরুদ্ধে ১৮৭৭ সালে এবং পরে ওই একই রান করে নর্দানটাম্বশায়ার দল গ্লসস্টার্স দলের বিরুদ্ধে ১৯০৭ সালে।

প্রঃ (৩৪১) টেস্ট ক্রিকেটে চতুর্থ ইনিংসে একটি দলের সর্বোচ্চ রান কত ?

● ৫ উইকেটে ৬৫৪। এই রান করে ইংল্যাণ্ড দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ১৯৩৮-৩৯ সালে।

প্রঃ (৩৪২) টেস্ট ক্রিকেটে একদিনে দুই দল মিলিয়ে সর্বোচ্চ রান কত উঠেছে ?

● ৫৮৮ রান। এই রান হয় ভারত বনাম ইংল্যাণ্ডের খেলায় ম্যানচেস্টার টেস্টে ১৯৩৬ সালে। ইংল্যাণ্ড ৬ উইকেটে ৩৯৮ রান, ভারত বিনা উইকেটে ১৯০ রান।

প্রঃ (৩৪৩) টেস্ট ক্রিকেটে একদিনে দুই দল মিলিয়ে সর্বনিম্ন রান কত ?

● ৯৫ রান। এই রান হয় পাকিস্তান বনাম অস্ট্রেলিয়ার মধ্যে করাচী টেস্টে ১৯৫৬-৫৭ সালে। অস্ট্রেলিয়া করে ৮০ রান, পাকিস্তান করে ২ উইকেটে ১৫ রান।

প্রঃ (৩৪৪) বিশ্বের প্রথম কোন দল একটি টেস্ট সিরিজে পাঁচটি টেস্টেই জয় পেয়েছিল ?

● ওয়ারউইক আর্মস্ট্রংয়ের নেতৃত্বে অস্ট্রেলিয়া সর্বপ্রথম ইংল্যাণ্ডকে ৫-০ ম্যাচে পরাজিত করে ১৯২০-২১ সালে।

প্রঃ (৩৪৫) টেস্ট ক্রিকেটে "ম্যারাথন টেস্ট" নামে বিখ্যাত কোন ম্যাচটি ? কেন এই ম্যাচকে ম্যারাথন টেস্ট ম্যাচ বলা হয় ?

● দক্ষিণ আফ্রিকা বনাম ইংল্যাণ্ডের মধ্যে ডারবানে অনুষ্ঠিত ৫ম টেস্ট ম্যাচটি ম্যারাথন টেস্ট নামে ক্রিকেটে বিখ্যাত। ১৯৩৯ সালে ডারবানে অনুষ্ঠিত এই ম্যাচটি দশদিন ধরে চলার পরেও ম্যাচটি অমীমাংসিত ভাবে শেষ হয়। এটি টেস্ট ক্রিকেটে দীর্ঘ সময়ের ম্যাচ—সেই কারণে ম্যাচটিকে ম্যারাথন ম্যাচ বলা হয়।

প্রঃ (৩৪৬) টেস্ট ক্রিকেটে দ্বিতীয় দীর্ঘতম টেস্ট ম্যাচ কোনটি ?

● ১৯২৯-৩০ সালে ওভালে অনুষ্ঠিত ওয়েস্ট ইণ্ডিজ বনাম ইংল্যাণ্ডের মধ্যে ম্যাচটি—এই ম্যাচটি ৯ দিন ধরে চলেছিল।

প্রঃ (৩৪৭) টেস্ট ক্রিকেটে মাত্র একবারই মাত্র ৮৭ রানের মাথায় দ্বিতীয় নতুন বল গ্রহণ করা হয়—ঘটনাটি কবে ঘটেছিল ?

● অস্ট্রেলিয়া বনাম ইংল্যাণ্ড দলের মধ্যে খেলায় ম্যানচেস্টারে ১৯৪৮ সালে এই ঘটনা ঘটে।

প্রঃ (৩৪৮) টেস্ট ক্রিকেটে নতুন বল কখন গ্রহণ করা হয় ?

● ৭৫ ওভার শেষে ফিল্ডিং দল ইচ্ছে করলে দ্বিতীয় নতুন বল গ্রহণ করতে পারে।

প্রঃ (৩৪৯) কবে প্রথম অল ইংল্যাণ্ড একাদশ অস্ট্রেলিয়া সফর করেছিল এবং এই দলের অধিনায়ক কে ছিলেন ?

● ১৮৬১-৬২ সালে। এই সফররত ইংল্যাণ্ড দলের অধিনায়ক ছিলেন এইচ. এইচ. ষ্টিফেনসন।

প্রঃ (৩৫০) দ্বিতীয় বিশ্বযুদ্ধের আগে পৃথিবীর কোন দেশ দু দুটি টেস্ট সিরিজে পাঁচ-পাঁচটি ম্যাচেই জিতেছিল—এই দেশ কোনটি এবং তারা কোন দুই দেশের বিরুদ্ধে জিতেছিল ?

● অস্ট্রেলিয়া এই নজির তৈরী করে। প্রথম তারা ৫-০ ম্যাচে সিরিজ হারায় ইংল্যাণ্ডকে ১৯২০-২১ সালে এবং পরে দক্ষিণ আফ্রিকাকে ১৯৩১-৩২ সালে।

প্রঃ (৩৫১) টেস্ট ক্রিকেটে একবারই মাত্র দেখা গেছে একটি দলের কোন খেলোয়াড়ই জোড় সংখ্যার রান (Double figures) একটি ইনিংসে অতিক্রম করতে পারেননি এই ঘটনাটি কবে ঘটে ছিল ? এবং কোন দল এই নজির স্থষ্টি করেছিল ?

● ১৯২৪ সালে এই নজির স্থষ্টি করে দক্ষিণ আফ্রিকা ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে বার্মিংহাম টেস্টে। এই ইনিংসে দক্ষিণ আফ্রিকার রান উঠেছিল মাত্র ৩০। দলের সর্বোচ্চ রান ছিল সাত।

প্রঃ (৩৫২) বিশ্বে প্রথম কোন দল সর্বপ্রথম ইংল্যাণ্ড সফর করতে গিয়ে একটি ম্যাচেও পরাজিত হয়নি ?

● অস্ট্রেলিয়া। ১৯৪৮ সালে।

প্রঃ (৩৫৩) বিশ্বে প্রথম কোন দল টেস্ট ক্রিকেটে একটানা সর্বোচ্চ ম্যাচ জিতেছেন একটি ম্যাচেও পরাজিত না হয়ে ?

● অস্ট্রেলিয়া একটানা ২৬টি ম্যাচ জয় পায় ১৯৪৫-৪৬ সালে ওয়েলিংটন টেস্ট থেকে ১৯৫০-৫১ সালের এডিলেড টেস্ট ম্যাচ পর্যন্ত।

প্রঃ (৩৫৪) টেস্ট ক্রিকেটে কোন দল একটানা সর্বোচ্চ ম্যাচে জয়ের মুখ দেখেনি ?

● নিউজিল্যাণ্ড একটানা ৪৪টি ম্যাচে জয়ের মুখ দেখতে পারনি ১৯২৯-৩০ সালের ক্রিসচার্জের টেস্ট থেকে ১৯৫৫-৫৬ সালের ওয়েলিংটনের টেস্ট ম্যাচ পর্যন্ত।

প্রঃ (৩৫৫) টেস্ট ক্রিকেটে অস্ট্রেলিয়ার হয়ে সর্বোচ্চ টেস্টে কে অধিনায়কত্ব করেছেন ?

● ইয়ান চ্যাপেল ৩০টি টেস্টে।

প্রঃ (৩৫৬) টেস্ট ক্রিকেটে দুই ভাই নেতৃত্ব দিয়েছেন এমন নজির কখনও ঘটেছে কি ?

● হ্যাঁ, এমন নজির তিনবার ঘটেছে। প্রথম ইংল্যাণ্ডের নেতৃত্ব দিয়েছেন এ. ই. আর গিলিগান ও এ. এইচ. এইচ. গিলিগান। ওয়েস্টইণ্ডিজ দলের জি. সি. গ্রাণ্ট ও আর. এস. গ্রাণ্ট এবং অস্ট্রেলিয়ার ইয়ান চ্যাপেল ও গ্রেগ চ্যাপেল।

প্রঃ (৩৫৭) টেস্ট ক্রিকেটে প্রথম কোন অধিনায়ক একটানা পাঁচটি টেস্টে টসে জিতেছেন ?

● এফ. এস. জ্যাকসন (ইংল্যাণ্ড) ১৯০৫ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে।

প্রঃ (৩৫৮) টেস্ট ক্রিকেটে সবচেয়ে অল্প বয়সে সেঞ্চুরি প্রথম কে করেছেন ?

● মুস্তাক মহাম্মদ। ভারতের বিরুদ্ধে সেঞ্চুরি করেন দিল্লীর মাঠে ১৯৬০-৬১ সালে ১৭ বছর ৭৮ দিনের মাথায়।

প্রঃ (৩৫৯) টেস্ট ক্রিকেটে কোন ব্যাটসম্যান সবচেয়ে কম বয়সে দ্বিশত করেছেন ?

● পাকিস্তানের জাভেদ মিয়ঁাদাদ। তিনি ১৯ বছর ৪ মাস ২১ দিনের মাথায় নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৭৬-৭৭ সালে ২০৬ রান করেন।

প্রঃ (৩৬০) টেস্ট ক্রিকেটে কোন অধিনায়ক একটানা পাঁচটি টেস্টে টসে জিতেছেন এবং হেরেছেন ?

● গ্যারি সোবার্স।

প্র (৩৬১) টেস্ট ক্রিকেটে বেশী বয়সে অধিনায়কত্ব কে করেছেন ?

● ইংল্যাণ্ডের উইলিয়াম গিলবার্ট গ্রেস। তিনি পঞ্চাশ বছর কুড়ি দিনের মাথায় জীবনের শেষ ম্যাচে অধিনায়কত্ব করেছেন।

প্রঃ (৩৬২) টেস্ট ক্রিকেটে সবচেয়ে কম বয়সে অধিনায়ক কে হয়েছেন ?

● মনসুর আলী পতৌদি (ছোট) ১৯৬২ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে তিনি ভারতীয় দলের অধিনায়ক নির্বাচিত হন ২১ বছর ৭৭ দিনের মাথায়।

প্রঃ (৩৬৩) প্রথম শ্রেণীর ক্রিকেটে সবচেয়ে বেশী বয়সে অংশ নিয়েছেন কে ?

● রাজা মহারাজ সিং। তিনি ৭২ বছর বয়সে অধিনায়ক হিসাবে বোম্বাই গভর্ণর একাদশ বনাম কমনওয়েলথ্ দলের বিরুদ্ধে বোম্বাই মাঠে ১৯৫০-৫১ সালে এই নজির গড়েন।

প্রঃ (৩৬৪) টেস্ট ক্রিকেটে সবচেয়ে বেশী বয়সে প্রথম আত্মপ্রকাশ কে করেন ?

● জে. সার্দারটন (ইংল্যাণ্ড) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মেলবোর্ণ মাঠে প্রথম আত্মপ্রকাশ করে ১৮৭৬-৭৭ সালে ৪৯ বছর ১১৯ দিনের মাথায়।

প্রঃ (৩৬৫) সবচেয়ে বেশী বয়স পর্যন্ত টেস্ট ক্রিকেটে অংশ নিয়েছেন কে ?

● আলফ্রেড রোডস (ইংল্যাণ্ড) ৫২ বছর ১৬৫ দিনের মাথায় তিনি ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯২৯-৩০ সালে শেষ টেস্ট ম্যাচ খেলেছেন।

প্রঃ (৩৬৬) টেস্ট ক্রিকেটে সবচেয়ে অল্পবয়সে আত্মপ্রকাশ কে করেন ?

● মুস্তাক মহাম্মদ (পাকিস্তান) ১৫ বছর ১২৪ দিনের মাথায় ১৯৫৮-৫৯ সালে আত্মপ্রকাশ করেন লাহোর টেস্টে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে।

প্রঃ (৩৬৭) টেস্ট ক্রিকেটে তিন ভাই একত্রে অংশ নিয়েছেন এমন ঘটনা কখনও ঘটেছে কি ?

● হ্যাঁ। ইংল্যাণ্ড দলের হয়ে ১৮৮০ সালে গ্রেস পরিবারের তিন ভাই ডাবলু. জি., জি. ই. এবং ই. এম. গ্রেস অংশ নিয়েছিলেন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে পরে ১৯৬৯-৭০ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে অংশ নিয়েছিলেন পাকিস্তান দলের হয়ে হানিফ, মুস্তাক ও সাদিক মহাম্মদ।

প্রঃ (৩৬৮) প্রথম শ্রেণীর ক্রিকেটে একটি দলের হয়ে পিতা ও পুত্র একত্রে খেলেছেন এমন কোন নজির আছে কি ?

● হ্যাঁ আছে। ১৯৩৪-৩৫ সালে মহারাজা অফ পাতিয়ালা এবং তাঁর পুত্র যুবরাজ অফ পাতিয়ালা একত্রে মাঠে নেমেছিলেন দক্ষিণ পাঞ্জাবের হয়ে উত্তর প্রদেশ দলের বিরুদ্ধে। ১৯৪০-৪১ সালে আবতুল খালেক ও তার পুত্র নাসিরউদ্দিন খালেক একত্রে মাঠে নামেন পশ্চিম ভারতের হয়ে মহারাষ্ট্রের বিরুদ্ধে রাজকোটে। ১৯৫৬-৫৭ সালে উত্তর প্রদেশের হয়ে মাঠে নামেন সি. কে. নাইডু ও তাঁর পুত্র বি. কে. নাইডু মধ্যপ্রদেশের বিরুদ্ধে বেনারসে এবং ১৯৬১-৬২ সালে ভকৎ সিংজী (মহারাজা অফ মেয়র) এবং তাঁর পুত্র অরবিন্দকুমার সিং (যুবরাজ) রাজস্থানের হয়ে মাঠে নামেন বিদর্ভের বিরুদ্ধে উদয়পুরে।

প্রঃ (৩৬৯) টেস্ট ক্রিকেটে পিতা পুত্র একত্রে আম্পায়ারিং করার কোন নজির আছে কি ?

● না। টেস্ট ক্রিকেটে এমন কোন নজির নেই। তবে প্রথম শ্রেণীর খেলায় ভারতের মাটিতে এই ঘটনা ঘটেছে। ১৯৬০-৬১ সালে রনজি ট্রফি আসরে মাইশূর

বনাম অন্ধ্রপ্রদেশের মধ্যে খেলায় আম্পায়ারিং করেছিলেন পিতা এম. জি. বিজয় সারথি এবং তাঁর পুত্র এম. ভি. নগেন্দ্র।

প্রঃ (৩৭০) টেস্ট ক্রিকেটে পিতা ও পুত্র একই দলের বিরুদ্ধে প্রথম সেঞ্চুরি করেছেন—এমন কোন নজির আছে কি?

● আছে। ভারতের বিরুদ্ধে প্রথম সেঞ্চুরি করেন পাকিস্তান দলের নজর মহাম্মদ এবং তাঁর পুত্র মুদাস্‌সর নজর এবং পরে হানিফ মহাম্মদ এবং তাঁর পুত্র শোয়েব মহাম্মদ।

প্রঃ (৩৭১) টেস্ট ক্রিকেটে প্রথম শত রান ট্রিপল সেঞ্চুরি দিয়ে শুরু করেছেন—এমন ক্রিকেটার কেউ আছেন কি?

● হ্যাঁ দুজন ক্রিকেটার। ববি সিমসন (৩১১) ও গ্যারী সোবার্স (৩৬৫)।

প্রঃ (৩৭২) টেস্ট ক্রিকেটে দ্বিশত রান দিয়ে আত্মপ্রকাশ কতজন ব্যাটসম্যান করেছেন?

● লরেন্স রো ও আর. ই. ফস্টার।

প্রঃ (৩৭৩) টেস্ট ক্রিকেটে কে একমাত্র চীনা খেলোয়াড় অংশ নিয়েছেন—খেলোয়াড়টির নাম কি এবং কোন দলের হয়ে খেলেছেন?

● এইচ. এস. চ্যাং। ওয়েস্ট ইণ্ডিজ। তিনি ভারতের বিরুদ্ধে মাদ্রাজে খেলেন ১৯৭৮-৭৯ সালে।

প্রঃ (৩৭৪) টেস্ট ক্রিকেটে সর্বপ্রথম কোন ব্যাটসম্যান একটানা চারটি ইনিংসে শূন্য রান করেছে?

● ভারতের পঙ্কজ রায়। ১৯৫২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৩৭৫) টেস্ট ক্রিকেটে শূন্য রানে একটি দলের একটি ইনিংসে সর্বোচ্চ কতগুলি উইকেট পড়েছে?

● শূন্য রানে ৪টি উইকেটের পতন হয় ভারতীয় দলের ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৫২ সালে লীডসে। এই চারজন ব্যাটসম্যান হলেন মাধবমন্ত্রী, পঙ্কজ রায়, ডি. কে. গায়কোয়াড় ও বিজয় মঞ্জরেকার।

প্রঃ (৩৭৬) প্রথম শ্রেণীর ক্রিকেটে একটি দলের একটি ইনিংসে শূন্য রানে সর্বোচ্চ কতগুলি উইকেট পড়েছে?

● শূন্য রানে সাতটি উইকেটের পতন হয়েছে এম. সি. সি. বনাম সারের খেলায় লর্ডস মাঠে ১৮৭২ সালে।

প্রঃ (৩৭৭) টেস্ট ক্রিকেটে কোন দল উভয় ইনিংসে শতরানের গণ্ডি অতিক্রম করতে পারেনি—এমন নজির কখনও ঘটেছে কি?

● হ্যাঁ, এই নজির টেস্ট ক্রিকেটে মোট ১৫ বার ঘটেছে। এই পনেরো

বারের মধ্যে অস্ট্রেলিয়া দুবার যথাক্রমে ; ১৮৮৭-৮৮ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে সিডনিতে (৪২ ও ৮২) এবং দ্বিতীয়বার ইংল্যাণ্ডের বিরুদ্ধে ম্যানচেস্টারে ১৮৮৮ সালে (৮১ ও ৭০) রানে। ইংল্যাণ্ড তিনবার যথাক্রমে ; ১৮৮৮ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে (৫৩ ও ৬২) রান লর্ডসে এবং দ্বিতীয়বার অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৮৯৪-৯৫ সালে সিডনিতে (৬৫ ও ৭২) রান। এবং তৃতীয়বার নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে (৮২ ও ৯৩) ক্রাইসচার্জে ১৯৮৪ সালে। দক্ষিণ আফ্রিকা পাঁচবার যথাক্রমে ; ইংল্যাণ্ডের বিরুদ্ধে কেপটাউন মাঠে (৪৭ ও ৪৩) ১৮৮৮-৮৯ সালে, দ্বিতীয়বার ইংল্যাণ্ডের বিরুদ্ধে কেপটাউন মাঠে (৯৭ ও ৮৩) ১৮৯১-৯২ সালে, তৃতীয়বার ইংল্যাণ্ডের বিরুদ্ধে পোর্ট এলিজাবেথ মাঠে (৯৩ ও ৩০) ১৮৯৫-৯৬ সালে, চতুর্থবার ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভাল মাঠে (৯৫ ও ৯৩) ১৯১২ সালে এবং পঞ্চমবার ১৯৩১-৩২ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে (৩৬ ও ৪৫) মেলবোর্ণ মাঠে। নিউজিল্যাণ্ড দু'বার যথাক্রমে ; অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওয়েলিংটনে (৪২ ও ৫৪) ১৯৪৫-৪৬ সালে এবং ইংল্যাণ্ডের বিরুদ্ধে (৪৭ ও ৭৪) লর্ডসে ১৯৫৮ সালে। ওয়েস্ট ইণ্ডিজ একবার ১৯৫৭ সালে লর্ডসে (৮৯ ও ৮৬) ইংল্যাণ্ডের বিরুদ্ধে এবং ভারত দুবার। প্রথম ইংল্যাণ্ডের বিরুদ্ধে ম্যানচেস্টারে (৫৮ ও ৮২) ১৯৫২ সালে এবং অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ব্রিসবেনে (৫৮ ও ৯৮) ১৯৪৮ সালে।

প্রঃ (৩৭৮) টেস্ট ক্রিকেটে একদিনে একটি দলের দুটি ইনিংস শেষ হয়েছে এমন নজির আছে কি ?

● আছে। ভারতের দুটি ইনিংস ইংল্যাণ্ডের বিরুদ্ধে একদিনে শেষ হয় ১৯৫২ সালে ম্যানচেস্টারে।

প্রঃ (৩৭৯) টেস্ট ক্রিকেটে কোন দলের এগারোজন ক্রিকেটারই বোলিং করেছিলেন ?

● ইংল্যাণ্ড দলের এগারোজন খেলোয়াড়ই বোলিং করেছিলেন অস্ট্রেলিয়া দলের বিরুদ্ধে ১৮৮৪ সালে ওভাল টেস্টে।

প্রঃ (৩৮০) টেস্ট ক্রিকেটে কোন ম্যাচ কি কখনও একটি বল না হয়েই বাতিল বা পরিত্যক্ত হয়েছে ?

● হ্যাঁ, তিনবার এমন ঘটনা ঘটেছে। প্রথম ১৮৯০ সালে ম্যানচেস্টারে, দ্বিতীয়বার ম্যানচেস্টারে ১৯৩৮ সালে এবং তৃতীয়বার ১৯৭০-৭১ সালে মেলবোর্ণে। ম্যাচ তিনটি ছিল ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে।

প্রঃ (৩৮১) টেস্ট ক্রিকেটে কোন ম্যাচের ফলাফল কি দিনের শেষ বলে বাই রানের মাধ্যমে নিষ্পত্তি হয়েছে ?

● হ্যাঁ। ১৯৪৮-৪৯ সালে ইংল্যাণ্ড বনাম দক্ষিণ আফ্রিকার মধ্যে ডারবানে অনুষ্ঠিত ম্যাচটির ফলাফল দিনের শেষ বলে বাই রানে নিষ্পত্তি হয়।

প্রঃ (৩৮২) টেস্ট ক্রিকেটে একটি দলের একটি ইনিংসে সর্বোচ্চ বাই রান সংগ্রহ কত হয়েছে ?

● ৩৭ রান। অস্ট্রেলিয়া দল এই বাই রান সংগ্রহ করে ১৯৩৪ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে। বলা বাহুল্য এই টেস্টে ইংল্যাণ্ড দলের উইকেটরক্ষক ছিলেন ফ্রাঙ্ক উলি।

প্রঃ (৩৮৩) টেস্ট ক্রিকেটে হ্যারল্ড লারুড নাইট ওয়াচম্যান হিসাবে খেলে সর্বোচ্চ রান কত করেছিলেন ?

● এইচ. লারুড (ইংল্যাণ্ড) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিডনি টেস্টে ১৯৩২-৩৩ সালে ৯৮ রান করেছিলেন।

প্রঃ (৩৮৪) বিশ্বের কোন একমাত্র ক্রিকেটার যিনি ইংল্যাণ্ডের হয়ে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এবং অস্ট্রেলিয়ার হয়ে ইংল্যাণ্ডের বিরুদ্ধে টেস্ট ক্রিকেটে অংশ নিয়েছিলেন ?

● ডাবলু. ই. মিডউইনটার।

প্রঃ (৩৮৫) প্রথম শ্রেণীর কোন একটি খেলায় ফিল্ডসম্যান তার টুপি দিয়ে বল ধরার ফলে ব্যাটসম্যানকে পাঁচটি রান দেওয়া হয়েছিল—ঘটনাটি কোথায় ঘটেছিল ? এই খেলায় ব্যাটসম্যান এবং সেই ফিল্ডসম্যানটি কে ছিলেন ?

● ম্যাচটি অনুষ্ঠিত হয় সাসেক্স বনাম গ্লসেস্টার্স দলের মধ্যে ১৯৩২ সালে। ব্যাটসম্যান ছিলেন এ. ম্যালভিল এবং ফিল্ডসম্যানটি ছিলেন টি. ডাবলু. গর্ডাড।

প্রঃ (৩৮৬) কোন একমাত্র অধিনায়ক ইংল্যাণ্ড সফরে গিয়ে সমগ্র সফরে প্রথম শ্রেণীর ম্যাচে মাত্র দুটি রান করেছিলেন—কে এই অধিনায়ক এবং কোন দলের ?

● ১৯৩২ সালে ইংল্যাণ্ড সফররত ভারতীয় দলের লিখিত অধিনায়ক মহারাজা অফ পোরবন্দর।

প্রঃ (৩৮৭) বিশ্ব ক্রিকেটে এমন কোন ক্রিকেটার আছেন কি যিনি নির্বাচক মণ্ডলীর সদস্য হওয়া সত্ত্বেও টেস্ট দলে নির্বাচিত হয়েছিলেন ?

● হ্যাঁ, দুজন ক্রিকেটার। প্রথম এফ ব্রাউন (ইংল্যাণ্ড) লর্ডস টেস্টে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে নির্বাচিত হন ১৯৫৩ সালে এবং পরে ১৯৫৬ সালে ৪১ বছর বয়সে সিরিল ওয়াশব্রুক নির্বাচিত হন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে তৃতীয় টেস্টে।

প্রঃ (৩৮৮) বিশ্ব ক্রিকেটে এমন একজন খেলোয়াড় আছেন যিনি তাঁর দেশের হয়ে টেস্ট ক্রিকেটে অধিনায়কত্ব করেছেন আবার

ওলিম্পিক আসরে যোগ দিয়ে বকসিং চ্যাম্পিয়ান হয়েছেন—কে এই খেলোয়াড় ?

● জে. ডাবলু. টি. এইচ. ডগলাস (ইংল্যাণ্ড)।

প্রঃ (৩৮৯) ইংল্যাণ্ড ও অস্ট্রেলিয়ার মধ্যে দীর্ঘ সময়ের টেস্ট ম্যাচ কোনটি ?

● ১৯২৮-২৯ সালে মেলবোর্ণে অনুষ্ঠিত পঞ্চম টেস্ট ম্যাচটি। এই ম্যাচটি আটদিন ধরে চলেছিল।

প্রঃ (৩৯০) ইংল্যাণ্ডের মাঠে সেপ্টেম্বর মাসে কখনও টেস্ট ম্যাচ খেলা অনুষ্ঠিত হয়েছে কি ?

● মাত্র দুবার এই নজির সৃষ্টি হয়েছে। প্রথম ১৮৮০ সালে ওভাল মাঠে এবং দ্বিতীয়বার ১৯৭৫ সালে ওভাল মাঠে।

প্রঃ (৩৯১) টেস্ট ক্রিকেটে কোন একমাত্র ফিল্ডিং দলের অধিনায়ক অল্প আলোর জন্য খেলা বন্ধের দাবী করেছিলেন ?

● হর্বি ওয়েট (দক্ষিণ আফ্রিকা) ১৯৩৫-৩৬ সালে তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে জোহেনেসবার্গের টেস্টে এই নজির সৃষ্টি করেছিলেন।

প্রঃ (৩৯২) কোন প্রাক্তন টেস্ট ক্রিকেটার লর্ডস মাঠে একটি খেলায় ব্যাট করতে নেমে কোন বল খেলার আগেই মাঠের মধ্যে মারা যান ?

● অ্যাণ্ডি ডুক্যাট (ইংল্যাণ্ড এবং সারে)।

প্রঃ (৩৯৩) কোন একমাত্র ক্রিকেটার একটি মাত্র পা নিয়ে ইংল্যাণ্ডের কাউন্টি ক্রিকেটে খেলেছেন ?

● এ. ডি. ডেনটন। নর্দামটনশায়ার দলের হয়ে খেলেছেন ১৯১৯ সালে।

প্রঃ (৩৯৪) প্রথম শ্রেণীর ক্রিকেটে কোন ক্রিকেটার তাঁর দলের হয়ে একই দিনে দুটি সেঞ্চুরি করেছেন ?

● কে. এস. রনজি সিংজী। সাসেক্স দলের হয়ে ইয়র্কশায়ার দলের বিরুদ্ধে হোভে ১৮৯৬ সালে ১০০ ও অপরাজিত ১২৫ রান করেন।

প্রঃ (৩৯৫) টেস্ট ক্রিকেটে একটি ইনিংসে সর্বোচ্চ বোল্ড আউট কতজন হয়েছেন ?

● একটি ইনিংসে ন'জন ব্যাটসম্যান বোল্ড আউট হয়েছেন দুবার। প্রথম দক্ষিন আফ্রিকার ইনিংসে নজন বোল্ড আউট হন ইংল্যাণ্ডের বিরুদ্ধে কেপটাউন মাঠে ১৮৮৮-৮৯ সালে এবং দ্বিতীয়বার ১৮৯০ সালে অস্ট্রেলিয়ার ৯ জন ব্যাটসম্যান বোল্ড আউট হন ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভাল মাঠে।

প্রঃ (৩৯৬) টেস্ট ক্রিকেটে একটি ইনিংসে সর্বোচ্চ এল. বি. ডাবলু আউট হয়েছেন কতজন ?

● একটি ইনিংসে ৬ জন ব্যাটসম্যান এল. বি. ডাবলু আউট হয়েছেন মোট তিনবার। প্রথম দক্ষিণ আফ্রিকা বনাম ইংল্যাণ্ডের খেলায় ১৯৫৫ সালে লীডসে। দ্বিতীয়বার কিংস্টন ওভালে ইংল্যাণ্ড বনাম ওয়েস্ট ইণ্ডিজ দলের মধ্যে খেলায় ১৯৫৯-৬০ সালে এবং তৃতীয়বার ইংল্যাণ্ড বনাম পাকিস্তানের মধ্যে খেলায় ১৯৭৭-৭৮ সালে। বলা বাহুল্য এই তিনবারই ইংল্যাণ্ডের ব্যাটসম্যানেরা এল. বি. ডাবলু আউট হয়েছিলেন।

প্রঃ (৩৯৭) টেস্ট ক্রিকেটে একটি ইনিংসে সর্বোচ্চ কতজন ব্যাটসম্যান রান আউট হয়েছেন ?

● একটি ইনিংসে সর্বোচ্চ রান আউট হয়েছেন চারজন ব্যাটসম্যান।

প্রঃ (৩৯৮) টেস্ট ক্রিকেটে একটি দলের সর্বোচ্চ কতজন ব্যাটসম্যান শূন্য রান করেছেন ?

● সাতজন ব্যাটসম্যান।

প্রঃ (৩৯৯) একটি টেস্ট সিরিজে একটি দলের সর্বোচ্চ অধিনায়ক কতজন নির্বাচিত হয়েছেন ?

● চারজন অধিনায়ক ভারতীয় দলে নির্বাচিত হয়েছিলেন ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৫৮-৫৯ সালে। এই চারজন নির্বাচিত অধিনায়ক হলেন গোলাম আমেদ, ভিনু মানকড়, হেমু অধিকারী এবং পলি উমরিগড়।

প্রঃ (৪০০) টেস্ট ক্রিকেটে কোন একমাত্র দল যারা পরপর দুটি টেস্ট সিরিজে একই দলের বিরুদ্ধে প্রথম বিদেশে ও পরে নিজেদের মাঠে সরাসরি ৫-০ ম্যাচে সিরিজ জিতেছে ?

● ওয়েস্টইণ্ডিজ। তারা এই নজির গড়ে ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে। প্রথম ওয়েস্ট ইণ্ডিজ সিরিজ জেতে ৫-০ ম্যাচে ইংল্যাণ্ডের মাঠে ১৯৮৪-৮৫ সালে এবং স্বদেশের মাঠে ১৯৮৬ সালে।

প্রঃ (৪০১) ৫-০ ম্যাচে সিরিজ জেতার নজির কতবার ঘটেছে ?

● ছয়বার। এই ছয়বারের মধ্যে অস্ট্রেলিয়া ২ বার জিতেছে ইংল্যাণ্ডের বিরুদ্ধে (১৯২০-২১) এবং দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে (১৯৩১-৩২)। ওয়েস্ট ইণ্ডিজ তিনবার। প্রথম ভারতের বিরুদ্ধে ১৯৬১-৬২ সালে এবং দ্বিতীয় ও তৃতীয়বার ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৮৪-৮৫ ও ৮৬ সালে এবং একবার ইংল্যাণ্ড নজির গড়েছে ভারতের বিরুদ্ধে ১৯৫৯ সালে।

প্রঃ (৪০২) একটি প্রথম শ্রেণীর ম্যাচে মোট কতগুলি সেঞ্চুরি হয়েছে ?

● মোট ৯টি শতরান হয়েছে দুবার। প্রথম ১৯৪৮-৪৯ সালে রনজি ট্রফিতে বোম্বাই বনাম মহারাষ্ট্রের মধ্যে এবং দ্বিতীয়বার ১৯৮৬ সালে দলীপ ট্রফি আসরে দক্ষিণাঞ্চল বনাম পশ্চিমাঞ্চলের মধ্যে খেলায়।

প্রঃ (৪০৩) টেস্ট ক্রিকেটে 'হ্যাণ্ডেলিং দ্যা বল' এই অপরাধে কেউ আউট হয়েছেন কি ?

● হ্যাঁ। দক্ষিণ আফ্রিকার ডাবলু. আর. এনডেন। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভাল টেস্টে ১৯৫১ সালে "হ্যাণ্ডেলিং দ্যা বল" এই অপরাধে প্রথম আউট হয়ে নজির সৃষ্টি করেন।

প্রঃ (৪০৪) টেস্ট ক্রিকেটে ফিল্ডসম্যানকে ক্যাচ ধরতে বাধা দেওয়ার অপরাধে কোন একমাত্র ব্যাটসম্যান আউট হয়েছেন ? ক্রিকেটে এই আউটকে কি আউট বলা হয় ?

● ইংল্যাণ্ড দলের লেন হাটন। তিনি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ওভাল মাঠে ফিল্ডসম্যানকে ক্যাচ ধরতে বাধা সৃষ্টি করায় আউট হন। ক্রিকেটে এই আউটকে বলা হয় "অফস্ট্রাকটিং দ্যা ফিল্ড"।

প্রঃ (৪০৫) 'হিটিং দ্যা বল টোয়াইস' এই অপরাধে কেউ কখনও টেস্ট ক্রিকেটে আউট হয়েছেন কি ?

● না।

প্রঃ (৪০৬) টেস্ট ক্রিকেটে তিন হাজার রান ও তিনশ উইকেট কতজন ক্রিকেটার সংগ্রহ করেছেন ?

● মাত্র দুইজন। ইংল্যাণ্ডের ইয়ান বোথাম এবং ভারতের কপিলদেব।

প্রঃ (৪০৭) বিশ্বের কতজন আম্পায়ার কমপক্ষে ২৫টি টেস্টে আম্পায়ারিং করেছেন ?

● সাতজন। এই সাতজন হলেন যথাক্রমে ; ফ্র্যাঙ্ক চেস্টার, আর ডাবলু. ক্রকেট, জে. ফিলিপস্, এফ. এস. লী, জে. এস. বুলার, সি. এস. এলিওট এবং সি. জে. ঈগার।

প্রঃ (৪০৮) টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ আম্পায়ারিং কে করেছেন ?

● ফ্র্যাঙ্ক চেস্টার (ইংল্যাণ্ড) ৪৮টি টেস্টে আম্পায়ারিং করেন ১৯২৪ সাল থেকে ১৯৫৫ সালের মধ্যে।

প্রঃ (৪০৯) বিশ্ব ক্রিকেটে সর্বকালের সর্বশ্রেষ্ঠ আম্পায়ার কে ?

● ফ্রাঙ্ক চেস্টার।

প্রঃ (৪১০) টেস্ট ক্রিকেটে একটি ম্যাচে চারজন আম্পায়ার কখনও নিয়োগ করা হয়েছিল কি ?

● হ্যাঁ, মাত্র একবার এমন ঘটনা ঘটে ১৯৭৫ সালে ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে অনুষ্ঠিত এজবাজটনের টেস্টে। এই ম্যাচে চারজন আম্পায়ার ছিলেন ; এইচ. বার্ড, এ. ওকম্যান, এ. ফ্যাগ এবং টম স্পেনসার।

প্রঃ (৪১১) ক্রিকেটের পরিভাষায় "Pair" এবং "King Pair" বলতে কি বোঝায় ?

● একটি ম্যাচের উভয় ইনিংসে কোন ব্যাটসম্যান যদি গোল্লা করেন তাহলে তাকে ক্রিকেটের পরিভাষায় বলা হয় পেয়ার (Pair) এবং যদি কোন ব্যাটসম্যান উভয় ইনিংসে প্রথম বলে আউট হন তখন তাঁকে বলা হয় কিং পেয়ার (King pair)।

প্রঃ (৪১২) পেশাদার ক্রিকেটের জনক কে ?

● টমাস ওয়েমার্ক (সাসেক্স)।

প্রঃ (৪১৩) চায়নাম্যান বল কি কোন ডানহাতি বোলার দিতে পারেন ?

● না। এই বল বাঁ হাতি স্পিন বোলারেরা দিয়ে থাকেন।

প্রঃ (৪১৪) ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যাণ্ড, ভারত ও পাকিস্তান দলের হয়ে সবচেয়ে কম বয়সে কারা টেস্ট ম্যাচ খেলেছেন ?

● ইংল্যাণ্ডের ডি. বি. ক্লোজ ১৮ বছর ৫ মাস, ১৯৪৯ সাল।
অস্ট্রেলিয়ার আই. ডি. ক্রেগ, ১৭ বছর ৭ মাস, ১৯৫৫ সাল।
নিউজিল্যাণ্ডের ডি. এল. ফ্রিম্যান, ১৮ বছর ৬ মাস, ১৯৩৩ সাল।
মুস্তাক মহাম্মদ ১৫ বছর ১২৪ দিন, ১৯৫৮-৫৯ সাল।
মানিন্দর সিং ১৭ বছর ১৯৮৪ সাল।

প্রঃ (৪১৫) ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইণ্ডিজ এবং ভারতীয় দলে সবচয়ে কম বয়সে কারা অধিনায়ক নির্বাচিত হয়েছেন ?

● এম. পি. বাউডেন (ইংল্যাণ্ড) ২৩ বছর ৪ মাস, ১৮৮৯ সাল।
আই. ডি. ক্রেগ (অস্ট্রেলিয়া) ২২ বছর ৬ মাস, ১৯৫৭ সাল।
জি. সি. গ্রাণ্ট (ওয়েস্ট ইণ্ডিজ) ২৩ বছর ৭ মাস, ১৯৩১ সাল।
এম. এ. কে পাতৌদি (ভারত) ২১ বছর ৭৭ দিন, ১৯৬২ সাল।

প্রঃ (৪১৬) বিভিন্ন দেশের কোন কোন ক্রিকেটার সবচেয়ে বেশী বয়সে টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করেছেন ?

● জে. সার্দাটন (ইংল্যাণ্ড) ৪৯ বছর ১১৯ দিনের মাথায় অস্ট্রেলিয়ার

বিরুদ্ধে মেলবোর্ন টেস্টে অবতীর্ণ হন ১৮৭৬-৭৭ সালে।

মিরান বক্স (পাকিস্তান) ৪৭ বছর ২৮৪ দিনের মাথায় ভারতের বিরুদ্ধে লাহোর টেস্টে খেলেন ১৯৫৪-৫৫ সালে।

ডি. ডি. ব্ল্যাকি (অস্ট্রেলিয়া) ৪৬ বছর ২৫৩ দিনের মাথায় ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে নির্বাচিত হন সিডনিতে ১৯২৮-২৯ সালে।

এন. ব্যাটানকোর্ট (ওঃ ইঃ) ৪২ বছর ২৪২ দিনের মাথায় টেস্ট ক্রিকেটে নির্বাচিত হন ইংল্যাণ্ডের বিরুদ্ধে পোর্ট অফ স্পেনে ১৯২৯-৩০ সালে।

আর. জে. ডি. জামশেদজী (ভারত) ৪১ বছর ২৭ দিনের মাথায় ইংল্যাণ্ডের বিরুদ্ধে নির্বাচিত হন বোম্বাই টেস্টে ১৯৩৩-৩৪ সালে।

ডি. এস. সিলভা (শ্রীলঙ্কা) ৪০ বছর ২৫১ দিনের মাথায় ইংল্যাণ্ডের বিরুদ্ধে নির্বাচিত হন কলম্বো টেস্টে ১৯৮১-৮২ সালে।

জি. ডাবলু. এ. চিউব দক্ষিণ আফ্রিকার হয়ে ৪০ বছর ৫৬ দিনের মাথায় টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করেন ইংল্যাণ্ডের বিরুদ্ধে নটিংহামশায়ারে ১৯৫১ সালে।

প্রঃ (৪১৭) বিশ্বের কোন টেস্ট ম্যাচ সবচেয়ে অল্প সময়ে শেষ হয়েছে ?

● মাত্র ২ দিনে শেষ হয়েছে ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়ার টেস্ট ম্যাচ। ১৮৮৮ সালে অস্ট্রেলিয়া জয় পায় মাত্র ৬১ রানে। এই ম্যাচে অস্ট্রেলিয়া করেছিল ১১৬ও ৬০ রান এবং ইংল্যাণ্ড করে ৫৩ ও ৬২ রান। এই ম্যাচে দুই দলের মধ্যে সর্বোচ্চ রান করেছিলেন ডাবলু. জি. গ্রেস ২৪ রান।

প্রঃ (৪১৮) টেস্ট ক্রিকেটে একদিনে সর্বোচ্চ দর্শক কোন ম্যাচটি দেখতে উপস্থিত ছিল ?

● অস্ট্রেলিয়া বনাম ওয়েস্ট ইণ্ডিজ দলের মধ্যে মেলবোর্নে অনুষ্ঠিত টেস্টের দিনে শেষ ১৯৬০-৬১ সালে মাঠে উপস্থিত ছিলেন ৯০,৮০০ দর্শক।

প্রঃ (৪১৯) কবে এবং কোথায় "International Triangular Tournament" অনুষ্ঠিত হয় ?

● ১৯১২ সালে ইংল্যাণ্ডে।

প্রঃ (৪২০) ওয়েস্ট ইণ্ডিজ এবং ইল্যাণ্ড দলের মধ্যে খেলায় বিজয়ী দলকে কোন ট্রফি দেওয়া হয় ?

● উইসডেন ট্রফি।

প্রঃ (৪২১) ওয়েস্ট ইণ্ডিজ ও অস্ট্রেলিয়া দলের মধ্যে খেলায় বিজয়ী দলকে কি পুরস্কার দেওয়া হয় ?

● ওরেল ট্রফি।

প্রঃ (৪২২) "Ashes" বা ছাইধুদ্ধ কোন দুই দলের মধ্যে অনুষ্ঠিত হয়?

● ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে।

প্রঃ (৪২৩) শেফিল্ড শীল্ডের খেলা কোথায় অনুষ্ঠিত হয়? কার নামানুসারে এই ট্রফির নামকরণ করা হয়েছে?

● অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত হয়। লর্ড শেফিল্ড প্রথম ১৮৯১-৯২ সালে অস্ট্রেলিয়া ও ইংল্যাণ্ড দলের এই খেলার আয়োজন করেন। পরে তাঁর নামানুসারে আসরটি চালু করা হয়।

প্রঃ (৪২৪) টেস্ট ক্রিকেটে বাই রানে সর্বপ্রথম টেস্ট ম্যাচের মীমাংসা কবে হয়?

● ১৯৪৮ সালে দক্ষিণ আফ্রিকা বনাম ইংল্যাণ্ডের মধ্যে খেলায় ডারবান টেস্টে এই নজির সৃষ্টি হয়।

প্রঃ (৪২৫) টেস্ট ক্রিকেটে নোবলে খেলার মীমাংসা কবে হয়েছে?

● ১৯৮৩ সালে ব্রিজটাউন মাঠে ওয়েস্ট ইণ্ডিজ সর্বপ্রথম ভারতের বিরুদ্ধে জয় পায় নো বলে। বোলার ছিলেন ভারতের সৈয়দ কিরমানি।

প্রঃ (৪২৬) টেস্ট ক্রিকেটে কোন দলে দুইজন উইকেটরক্ষক নির্বাচিত হন এবং এই দুইজনের মধ্যে একজন নতুন বলে দলের হয়ে আক্রমণের সূচনা করেছিলেন—কে এই উইকেটরক্ষক?

● ভারতের উইকেটরক্ষক বুধি কুন্দরন। ১৯৬৭ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে বার্মিংহামের তৃতীয় টেস্টে ভারতীয় দলে সর্বপ্রথম দুজন উইকেটরক্ষক নির্বাচিত হন। এই দুজন হলেন ফারুক ইঞ্জিনিয়ার ও বুধি কুন্দরন। এঁরা উভয়ে দলের হয়ে গোড়াপত্তন করেন এবং কুন্দরন নতুন বলে দলের আক্রমনের সূচনা করেন।

প্রঃ (৪২৭) টেস্ট ক্রিকেটে এবং প্রথম শ্রেণীর ক্রিকেটে একটি ইনিংসে সর্বোচ্চ সেঞ্চুরি কতজন করেছেন?

● টেস্ট ক্রিকেটে পাঁচজন এবং প্রথম শ্রেণীর ক্রিকেটে ছয়জন ব্যাটসম্যান সেঞ্চুরি করেছেন।

প্রঃ (৪২৮) কোন ইংল্যাণ্ড দলপতি পরবর্তীকালে হলিউডের ফিল্মস্টার হয়েছিলেন?

● সি. এ. স্মিথ (ইংল্যাণ্ড) তিনি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ১৮৮৮-৮৯ সালে অধিনায়কত্ব করেছিলেন।

প্রঃ (৪২৯) টেস্ট ক্রিকেটে ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যাণ্ড, ওয়েস্ট ইণ্ডিজ, ভারত ও পাকিস্তান দলের হয়ে সর্বপ্রথম টেস্ট অধিনায়ক নির্বাচিত হয়েছেন কারা ?

● জেমস্ লিলি হোয়াইট (ইংল্যাণ্ড), ডেভিড গ্রেগরী (অস্ট্রেলিয়া), এঁরা দুজনে উভয় দেশের হয়ে প্রথম অধিনায়কত্ব করেন ১৮৭৬-৭৭ সালে। ১৮৮৮-৮৯ সালে দক্ষিণ আফ্রিকার হয়ে অধিনায়কত্ব করেন ডোনাল। ১৯২৯-৩০ সালে টি. সি. লরী (নিউজিল্যাণ্ড)। সি. জি. গ্রাণ্ট (ওঃ ইঃ) সি. কে. নাইডু (ভারত) ১৯৩২ সালে এবং আবদুল হাফিজ কারদার (পাকিস্তান) ১৯৫২-৫৩ সালে।

প্রঃ (৪৩০) টেস্ট ক্রিকেটে কোন একমাত্র দল ফলোঅন হওয়ার পর ম্যাচ জিতেছেন ?

● ইংল্যাণ্ড। ১৮৯৪-৯৫ সালে সিডনি টেস্টে ইংল্যাণ্ড অস্ট্রেলিয়ার কাছে ফলোঅন হওয়ার পর ম্যাচ জিতেছিল। এই ম্যাচে ইংল্যাণ্ডের রান ছিল ৩২৫ ও ৪২৭, অস্ট্রেলিয়ার ৫৮৬ ও ১৬৬ রান।

প্রঃ (৪৩১) টেস্ট ক্রিকেটে চতুর্থ ইনিংসে ৪০০ রানের বেশী সংগ্রহ করে কোন দল টেস্ট ম্যাচ জিতেছে কি ?

● হ্যাঁ। দুবার এই নজির ঘটেছে। প্রথম অস্ট্রেলিয়া ১৯৪৮ সালে লিডসে জয় পায় ৩৬০ মিনিটে ৪০৪ রান সংগ্রহ করে ইংল্যাণ্ডের বিরুদ্ধে এবং দ্বিতীয়বার ভারত ১৯৭৬ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে চতুর্থ ইনিংসে ৪০৬ রান করে জয় পায় পোর্ট অফ স্পেনে।

প্রঃ (৪৩২) ক্রিকেটে কোন ম্যাচে একটি দল উভয় ইনিংসে কোন উইকেট না হারিয়ে জয় পেয়েছে ?

● ল্যাঙ্কাশায়ার দল। তারা লিস্টারশায়ার দলের বিরুদ্ধে এই নজির গড়ে। অপরাজিত দুই ব্যাটসম্যান ছিলেন ডাইসন এবং ওয়াটন।

প্রঃ (৪৩৩) প্ল্যানকেট শীল্ড কোথায় খেলা হয় এবং কার নামে এই আসরের উৎপত্তি ?

● নিউজিল্যাণ্ডে খেলা হয়। লর্ড প্ল্যানকেট নিউজিল্যাণ্ডের গভর্নর জেনারেল ছিলেন। তাঁর নামানুসারে ১৯০৬-০৭ সাল থেকে এই আসর অনুষ্ঠিত হয়।

প্রঃ (৪৩৪) ক্যারি কাপ (Currie Cup) কোথায় এবং কবে থেকে খেলা হয় ?

● দক্ষিণ আফ্রিকায় ১৮৯০ সালে।

প্রঃ (৪৩৫) প্যাটরন ট্রফি এবং শ্যেল শীল্ড কোথায় খেলা হয় ?

● প্যাটরন ট্রফি পাকিস্তানে এবং শ্যেল শীল্ড ওয়েস্ট ইণ্ডিজে খেলা হয়।

প্রঃ (৪৩৬) ১৯৭০ সালে ইংল্যাণ্ড বনাম বিশ্ব একাদশের মধ্যে খেলায় বিজয়ী দলকে কি ট্রফি দেওয়া হয়েছিল ?

● Guinness trophy।

প্রঃ (৪৩৭) টেস্ট ক্রিকেটে দুইজোড়া ভাই একত্রে একটি দলের হয়ে খেলেছেন—এমন কোন নজির কি আছে ?

● এ. জে. পিথে এবং ডি. বি. পিথে ও আর. জি এবং পি. এম পোকক (দক্ষিণ আফ্রিকা) অস্ট্রেলিয়া এবং নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে খেলেছেন এবং ভারতের সি. কে এবং সি. এস. নাইডু ও ওয়াজির আলী এবং নাজির আলী ইংল্যাণ্ডের বিরুদ্ধে খেলেছেন মাদ্রাজে ১৯৩৩-৩৪ সালে।

প্রঃ (৪৩৮) টেস্ট ক্রিকেটে ওয়েস্ট ইণ্ডিজ দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● সর্বোচ্চ রান ৩ উইকেটে ৭১০ রান পাকিস্তানের বিরুদ্ধে ১৯৫৭-৫৮ সালে কিংস্টন ওভালে এবং সর্বনিম্ন রান ৫৩ পাকিস্তানের বিরুদ্ধে ১৯৮৬ সালে ফয়শালাবাদে।

প্রঃ (৪৩৯) পাকিস্তান দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন টেস্ট ক্রিকেটে রান কত ?

● ভারতের বিরুদ্ধে ৬ উইকেটে ৬৭৪ রান ফয়শালাবাদে ১৯৮৪-৮৫ সালে এবং সর্বনিম্ন ৬২ রান অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৮১-৮২ সালে।

প্রঃ (৪৪০) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ভারতের সর্বোচ্চ রান শ্রীলঙ্কার বিরুদ্ধে প্রথম টেস্ট কানপুরে ১৯৮৬ সালে ৭ উইকেটে ৬৭৩ রান। সর্বনিম্ন রান ৪২ ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭৪ সালে।

প্রঃ (৪৪১) দক্ষিণআফ্রিকা ও নিউজিল্যাণ্ড দলের টেস্ট ক্রিকেটে সর্বনিম্ন রান কত ?

● দক্ষিণ আফ্রিকার ৩০ রান ইংল্যাণ্ডের বিরুদ্ধে পোর্ট এলিজাবেথ মাঠে ১৮৯৫-৯৬ সালে এবং নিউজিল্যাণ্ড দলের ২৬ রান ইংল্যাণ্ডের বিরুদ্ধে অকল্যাণ্ড টেস্টে ১৯৫৪-৫৫ সালে।

প্রঃ (৪৪২) টেস্ট ক্রিকেটে সবচেয়ে বড় রানের ব্যবধানে জয় কোনটি ?

● ১৯৩৮ সালে ইংল্যাণ্ড অস্ট্রেলিয়াকে পরাজিত করে এক ইনিংস ৫৭৯ রানে। টেস্ট ক্রিকেটে এটাই সবচেয়ে বড় ব্যবধানে জয়ের নজির।

প্রঃ (৪৪৩) টেস্ট ক্রিকেটে সবচেয়ে কম রানে জয়লাভ কোন দল করে ?

● অস্ট্রেলিয়া মাত্র তিন রানে জয় পায় ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯০২ সালে ম্যানচেস্টারের চতুর্থ টেস্টে।

প্রঃ (৪৪৪) কোন টেস্ট ক্রিকেটে একটি দল কিছুক্ষণের জন্য বারো জনে ফিল্ডিং করেছেন—এই ঘটনা কবে ঘটেছিল ?

● ১৯৮৬ সালে ভারত বনাম ইংল্যাণ্ডের মধ্যে হেডিংলির টেস্টে। এই ম্যাচে ভারতীয় দলের দ্বাদশ ব্যক্তি রমন লাম্বা শ্রীকান্ত মাঠে থাকা সত্ত্বেও ভুল করে বদলী হিসাবে ফিল্ডিং করেছিলেন।

প্রঃ (৪৪৫) বিশ্ব ক্রিকেটে কোন টেস্ট সিরিজে সর্বপ্রথম নিরপেক্ষ আম্পায়ার রাখা হয় ?

● ১৯৮৬ সালে পাকিস্তান বনাম ওয়েস্ট ইণ্ডিজ দলের মধ্যে খেলায় পাকিস্তানের করাচীতে অনুষ্ঠিত দ্বিতীয় টেস্ট ম্যাচে সর্বপ্রথম নিরপেক্ষ আম্পায়ার নিয়োগ করা হয়। আম্পায়ারিং করেন দুজন ভারতীয় আম্পায়ার।

প্রঃ (৪৪৬) একজন ব্যাটসম্যান বোল্ড আউট হওয়ার পর, উইকেটের বেল সর্বোচ্চ কতদুর পর্যন্ত ছিটকে গিয়েছিল ?

● ৬৭ গজ ৬ ইঞ্চি। ঘটনাটি ঘটে ১৯১১ সালে ম্যানচেস্টারে অনুষ্ঠিত ল্যাঙ্কাশায়ার বনাম ওয়ারউইকশায়ার দলের মধ্যে প্রথম শ্রেণীর একটি ম্যাচে। বোলার ছিলেন আর. ডি. ক্রস এবং ব্যাটসম্যান ছিলেন হিউডেলসটন।

প্রঃ (৪৪৭) টেস্ট ক্রিকেটে ইংল্যাণ্ড দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ইংল্যাণ্ডের সর্বোচ্চ রান ৭ উইকেটে ৯০৩ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওভাল মাঠে ১৯৩৮ সালে এবং সর্বনিম্ন রান ৪৫ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে লীডসে ১৮৮৬-৮৭ সালে।

প্রঃ (৪৪৮) প্রথম শ্রেণীর একটি ম্যাচে সর্বোচ্চ অতিরিক্ত রান কত হয়েছে ?

● ৭৪ রান (বাই ৫৪, লেগবাই ১৬, ওয়াইড ১, নো বল ৩)। ম্যাচটি অনুষ্ঠিত হয় জর্জটাউন মাঠে বৃটিশ গয়না বনাম শেপড়িস দলের মধ্যে ১৯০৯-১০ সালে।

প্রঃ (৪৪৯) কোন টেস্ট ম্যাচে কোন দুটি দল প্রথম ইনিংসে একই রানে আউট হয়েছিল ?

● ১৯৮৬ সালে এজবাজটনে অনুষ্ঠিত ভারত বনাম ইংল্যাণ্ডের মধ্যে তৃতীয় টেস্টে উভয় দল প্রথম ইনিংসে ৩৯০ রানে আউট হয়েছিল।

প্রঃ (৪৫০) কোন টেস্ট ম্যাচে একটি দল উভয় ইনিংসে একই রানে আউট হয়েছে ?

● এই নজির ঘটেছে চারবার। প্রথম ১৯৫২-৫৩ সালে এই নজির গড়ে নিউজিল্যাণ্ড দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ওয়েলিংটন টেস্টে। তারা উভয় ইনিংসে আউট হয় ১৭২ রানে। দ্বিতীয়বার নিউজিল্যাণ্ড দল আবার এই নজির গড়ে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ওয়েলিংটন টেস্টে। তারা উভয় ইনিংসে আউট হয় ২০৮ রানে ১৯৫৫-৫৬ সালে। তৃতীয়বার ভারতীয় দল ১৯৫৬-৫৭ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে কলকাতার ইডেনে আউট হয় উভয় ইনিংসে ১৩৬ রানে এবং চতুর্থবার ভারতীয় দল উভয় ইনিংসে ২০১ রানে আউট হয় ১৯৮০-৮১ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিডনি টেস্টে।

প্রঃ (৪৫১) বেনসন এ্যাণ্ড হেজেস টুর্নামেণ্ট কোথায় প্রথম অনুষ্ঠিত হয় ?

● ইংল্যাণ্ডে ১৯৭২ সালে।

প্রঃ (৪৫২) মাত্র ১৬টি ম্যাচ খেলে টেস্ট ক্রিকেটে শত উইকেট কোন বোলার পেয়েছেন ?

● জর্জ লোম্যান।

প্রঃ (৪৫৩) প্রথম শ্রেণীর ক্রিকেটে কোন ব্যাটসম্যান ৩৭০টি ম্যাচ খেলে ৩০,০০০ হাজারের বেশী রান করেছেন ?

● ডেনিস কম্পটন।

প্রঃ (৪৫৪) উপর্যুপরি তিন বছরে কোন খেলোয়াড় সর্বপ্রথম ১০০০ রান ও ১০০ উইকেট পেয়েছেন ?

● মরিশ টেড। এই নজির তিনি গড়েন ১৯২৩, ২৪ ও ২৫ সালে।

প্রঃ (৪৫৫) ইংল্যাণ্ডের কাউন্টি চ্যাম্পিয়ানশিপের খেলায় বিজয়ী দলকে কত পয়েণ্ট দেওয়া হয় ?

● ১৬ পয়েণ্ট।

প্রঃ (৪৫৬) ইংল্যাণ্ডের মাইনর কাউন্টি চ্যাম্পিয়ানশিপের খেলায় কতগুলি দল অংশ নেয় ?

● ২১টি।

প্রঃ (৪৫৭) শতবার্ষিকী টেস্ট ম্যাচ কোথায় অনুষ্ঠিত হয় ? এই ম্যাচের ফলাফল কি হয়েছিল ?

● ১৮৭৭ সালের মতো শতবার্ষিকী টেস্ট ম্যাচ ইংল্যাণ্ড ও অস্ট্রেলিয়ার মধ্যে মেলবোর্ণ মাঠে অনুষ্ঠিত হয় ১৯৭৭ সালে। এই ম্যাচে অস্ট্রেলিয়া ১৮৭৭ সালের মতো একই ফলাফলে মাত্র ৪৫ রানে জয়লাভ করেছিল।

প্রঃ (৪৫৮) টাই ম্যাচ কাকে বলে ? টেস্ট ক্রিকেটে কখনও টাই ম্যাচ হয়েছে কি ? হয়ে থাকলে কবে হয়েছে ?

● যখন কোন ম্যাচে উভয় দল সমান রানে সকলে আউট হয় তখন সেই ম্যাচকে টাই ম্যাচ বলা হয়। টেস্ট ক্রিকেটে টাই ম্যাচের নজির আছে মাত্র দুটি। প্রথমটি ১৯৬০-৬১ সালে ব্রিসবেনে অস্ট্রেলিয়া ও ওয়েস্ট ইণ্ডিজ দলের মধ্যে অনুষ্ঠিত হয়। এই ম্যাচে উভয় দল করেছিল ৭৩৭ রান। অস্ট্রেলিয়া ৫০৫ ও ২৩২ এবং ওয়েস্ট ইণ্ডিজ ৪৫৩ ও ২৮৪ রান। দ্বিতীয় ম্যাচটি হয় ভারতের মাদ্রাজ মাঠে ১৯৮৬ সালে ভারত বনাম অস্ট্রেলিয়ার মধ্যে। এই ম্যাচে উভয় দল সংগ্রহ করেছিল ৭৪৪ রান। ভারত ৩৯৭ ও ৩৪৭ এবং অস্ট্রেলিয়া ৫৭৪ ও ৫ উইকেটে ১৭০ রান।

প্রঃ (৪৫৯) বিশ্বের কোন একমাত্র ব্যক্তিত্ব যিনি দুটি ঐতিহাসিক টাই টেস্টের সঙ্গে যুক্ত ছিলেন ?

● ববি সিমসন। ১৯৬০-৬১ সালের ব্রিসবেনের টাই টেস্টে তিনি ছিলেন অস্ট্রেলীয় দলের একজন খেলোয়াড় এবং ১৯৮৬ সালের মাদ্রাজের টাই টেস্টে তিনি ছিলেন ভারত সফররত অস্ট্রেলিয়া দলের ম্যানেজার।

প্রঃ (৪৬০) টেস্ট ক্রিকেটে দুটি ঐতিহাসিক টাই টেস্টের অধিনায়ক কারা ছিলেন ?

● ১৯৬০-৬১ সালে দুই অধিনায়ক ছিলেন স্যার ফ্র্যাঙ্কি ওরেল (ওঃ ইঃ) রিচি বেনেড (অস্ট্রেলিয়া)। ১৯৮৬ সালের দুই অধিনায়ক ছিলেন কপিলদেব (ভারত) এবং অ্যালান বর্ডার (অস্ট্রেলিয়া)।

প্রঃ (৪৬১) গিলেট কাপের খেলা কোথায় অনুষ্ঠিত হয় এবং কবে থেকে এই খেলা শুরু হয় ?

● ইংল্যাণ্ড। ১৯৬৩ সাল।

প্রঃ (৪৬২) জন প্লেয়ার লীগ ম্যাচ কোথায় অনুষ্ঠিত হয় ? এই লীগ আসরের বৈশিষ্ট্য কি ?

● ইংল্যাণ্ডে অনুষ্ঠিত হয়। ম্যাচটি অনুষ্ঠিত হয় ৬০ ওভারের সীমিত খেলায়। উভয় দল একটি করে ইনিংসে ব্যাটিং করার সুযোগ পায়। একজন বোলার ১২ ওভারের বেশী বোলিং করতে পারেন না।

প্রঃ (৪৬৩) ১৯৮০-৮১ সালে ওয়েস্ট ইণ্ডিজে সর্বপ্রথম এমন একটি মাঠে ইংল্যাণ্ড দলকে খেলতে দেওয়া হয় যেখানে আগে কখনও টেস্ট ম্যাচ খেলা হয় নি ?

● অ্যান্টিগুয়া (সেণ্ট জন্স)।

প্রঃ (৪৬৪) ইংল্যাণ্ডের এমন একটি মাঠের নাম বল যেখানে কেবলমাত্র একটি টেস্ট ম্যাচ খেলা হয়েছে?

● ব্রামাল লেন, শেফিল্ড। ১৯৩৪ সাল।

প্রঃ (৪৬৫) শেফিল্ডের ব্রামাল লেন মাঠে কোন ব্যাটসম্যান তাঁর জীবনের একমাত্র সেঞ্চুরিটি করেছেন?

● অস্ট্রেলিয়ার চার্লি হিল। ১৯৩৪ সালে।

প্রঃ (৪৬৬) টেস্ট ক্রিকেটে কোন বোলার একই দলের বিরুদ্ধে শততম ও দ্বিশত উইকেটটি পেয়েছেন?

● বব উইলিশ (ইংল্যাণ্ড)। তিনি ১৯৭০ সালে লীডসে অস্ট্রেলিয়ার টমসনকে আউট করে শততম উইকেট এবং ১৯৮১ সালে নটিংহামে অস্ট্রেলিয়ার কিম হিউজেসকে আউট করে দ্বিশত উইকেটটি লাভ করেছিলেন।

প্রঃ (৪৬৭) টেস্ট-ক্রিকেটে কোন খেলোয়াড় সর্বপ্রথম ৫০টি টেস্ট ম্যাচে অধিনায়কত্ব করার নজির গড়েছেন?

● ক্লাইভ লয়েড (ওয়েস্ট ইণ্ডিজ)।

প্রঃ (৪৬৮) টেস্ট ক্রিকেটে একটি দলের কোন খেলোয়াড় কি তার বিপক্ষ দলের হয়ে ফিল্ডিং করেছেন—এমন নজির কি আছে?

● হ্যাঁ আছে। এমন ঘটনা দুবার ঘটেছে। প্রথম এই নজির তৈরী করেন অস্ট্রেলিয়ার অধিনায়ক মারডক। তিনি ১৮৮৪ সালে ওভাল টেস্টে ইংল্যাণ্ড দলের একজন খেলোয়াড় কম থাকায় তাঁদের হয়ে ফিল্ডিং করেন। পরে ভারতের কৃপাল সিং ১৯৬৪ সালের দ্বিতীয় টেস্টে ইংল্যাণ্ডের খেলোয়াড় কম থাকায় তাঁদের হয়ে ফিল্ডিং করেছিলেন।

প্রঃ (৪৬৯) বিশ্বের প্রথম কোন ক্রিকেটার স্যার সন্মানে সন্মানিত হয়েছেন?

● ডন ব্র্যাডম্যান।

প্রঃ (৪৭০) প্রথম কোন কৃষ্ণাঙ্গ ক্রিকেটার স্যার সন্মান পেয়েছেন?

● লিয়ারী কনস্টেনটাইন (ওঃ ইঃ)।

প্রঃ (৪৭১) বিশ্বের কোন ক্রীড়া লেখক স্যার সন্মানে সন্মানিতও হয়েছেন?

● নেভিল কার্ডাস।

প্রঃ (৪৭২) বিশ্বের মোট কতজন ক্রিকেটার স্যার সন্মানে সন্মানিত হয়েছেন?

● মোট ১১ জন ক্রিকেটার। এই এগারোজন হলেন যথাক্রমে; ইংল্যাণ্ডের স্ট্যানলী জ্যাকসন, পালহাম ওয়ারনার, চার্লস এব্রুরি স্মিথ, জ্যাক হবস, হেনরী

লেভিসন গাওয়ার, লেন হাটন, দক্ষিণ আফ্রিকার ম্যারে বিস্‌সেট। অস্ট্রেলিয়ার ডন ব্র্যাডম্যান এবং ওয়েস্টইণ্ডিজ দলের লিয়ারী কনস্টেনটাইন, গ্যারী সোবার্স এবং ফ্র্যাঙ্কি ওরেল।

প্রঃ (৪৭৩) বিশ্ব ক্রিকেটে কোন ব্যাটসম্যান একটি বলকে হিট করে সর্বোচ্চ কত গজ দূরে পাঠিয়েছেন ?

● ডাবলু. ফেলোস (অক্সফোর্ড) ১৮৫৬ সালে। তিনি ১৭৫ গজ দূরে বল পাঠিয়ে ছিলেন।

প্রঃ (৪৭৪) সর্বপ্রথম যে দল ইংল্যাণ্ড একাদশ অস্ট্রেলিয়া সফর করেছিল সেই দলের অধিনায়ক কে ছিলেন ?

● এইচ. এইচ. ষ্টিফেনসন ১৮৬১-৬২ সালে।

প্রঃ (৪৭৫) উইসডেন পঞ্জিকা কার নামানুসারে এবং কোথা থেকে প্রকাশিত হয় ?

● জন উইসডেনের নামানুসারে ১৮৬৪ সালে উইসডেন পঞ্জিকা প্রকাশিত হয়। জন উইসডেন ছিলেন উনবিংশ শতাব্দীর মধ্যভাগের একজন নামকরা ক্রিকেটার। তিনি ছিলেন এই বর্ষপঞ্জির সম্পাদক।

প্রঃ (৪৭৬) বিশ্বের কোন টেস্ট ম্যাচে একটি দলের সর্বোচ্চ কতজন ক্রিকেটারের টেস্ট ক্রিকেটে অভিষেক ঘটেছে ?

● অস্ট্রেলিয়ার ৪ জন ক্রিকেটার এক সঙ্গে টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করেন ১৯৭৭-৭৮ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৪র্থ টেস্টে। এই চারজন হলেন যথাক্রমে ; আই. ডাবলু. কোলন, ডাবলু. এম. ডার্লিং, গ্রাহাম উড এবং ব্রুস ইয়ার্ডলি।

প্রঃ (৪৭৭) কতজন ব্যাটসম্যান এখনও পর্যন্ত ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে এক সিরিজে তিনটি বা তিনটির বেশী সেঞ্চুরি করেছেন ?

● মোট ৯ জন। ইংল্যাণ্ডের ডেনিশ এমিশ ওয়েস্ট ইণ্ডিজ মাঠে ১৯৭৩-৭৪ সালে তিনটি, গ্রাহাম গুচ ওয়েস্ট ইণ্ডিজ মাঠে ১৯৮০-৮১ সালে তিনটি, অস্ট্রেলিয়ার নীল হার্ভে ওয়েস্ট ইণ্ডিজ মাঠে ১৯৫৪ সালে তিনটি, কিথ মিলার অস্ট্রেলিয়ার মাঠে ১৯৫৪-৫৫ সালে তিনটি, বিল লরী অস্ট্রেলিয়া মাঠে ১৯৬৮-৬৯ সালে তিনটি, রেডপাথ অস্ট্রেলিয়ার মাঠে ১৯৭৫-৭৬ সালে তিনটি, ডগ ওয়ালটার্স অস্ট্রেলিয়ার মাঠে ১৯৬৮-৬৯ সালে তিনটি, ভারতের দিলীপ সারদেশাই ওয়েস্ট ইণ্ডিজ মাঠে ১৯৭১ সালে তিনটি এবং সানি গাভাসকার ১৯৭১ সালে ওয়েস্ট ইণ্ডিজ মাঠে ৪টি এবং ১৯৭৮-৭৯ সালে ভারতের মাঠে ৪টি সেঞ্চুরি করেছেন।

প্রঃ (৪৭৮) ক্যারি প্যাকারের ওয়ার্ল্ড সিরিজ ক্রিকেটের প্রথম সুপার টেস্ট কবে শুরু হয়? এই ম্যাচের ফলাফল কি হয়েছিল?

● ১৯৭৭ সালে ২রা ডিসেম্বর থেকে ৯ই ডিসেম্বর, ভি. এফ. এল. পার্ক, মেলবোর্ন। এই ম্যাচে ওয়েস্ট ইণ্ডিজ ৩ উইকেটে ডাবলু. সি. সি. অস্ট্রেলিয়াকে হারিয়েছিল।

প্রঃ (৪৭৯) টেস্ট ক্রিকেট থেকে সরে যাওয়ার পর কোন ক্রিকেটার দীর্ঘদিন বাদে আবার টেস্ট দলে ফিরে এসেছেন?

● পাকিস্তানের ইউনিস আমেদ। জয়পুরের তৃতীয় টেস্টে ভারতের বিরুদ্ধে ১৯৮৭ সালে খেলেন দীর্ঘ ১৮ বছর বাদে ১০৪টি টেস্ট ম্যাচের ব্যবধানে। এর আগে রেকর্ড ছিল ডেরিক স্যাকলটনের। তিনি ১০৩টি টেস্ট ম্যাচের ব্যবধানে দলে ফিরে ছিলেন।

প্রঃ (৪৮০) বিশ্বক্রিকেটে সর্বাপেক্ষা ভারি ওজনের ক্রিকেটারটির নাম কি?

● অস্ট্রেলিয়ার ওয়ারউইক আর্মস্ট্রং। ২২ স্টোন।

প্রঃ (৪৮১) প্রথম শ্রেণীর ক্রিকেটে এবং টেস্ট ক্রিকেটে সর্বাপেক্ষা দীর্ঘকায় ক্রিকেটারের নাম কি?

● প্রথম শ্রেণী অথবা টেস্ট যে কোন দিক দিয়েই সর্বকালের দীর্ঘকায় ক্রিকেটার হলেন ইংল্যাণ্ড দলের জে. ডি. এফ. লার্টার ৬ ফুট ১০½ ইঞ্চি এবং সারে দলের এ. টি. সি. অ্যালাম ৬ ফুট ১০½ ইঞ্চি।

প্রঃ (৪৮২) কোন ক্রিকেটার সর্বপ্রথম উইকেটের পিছনে ছাতার মতো ফিল্ডিং সাজানোর কৌশল (Umbralla field) প্রয়োগ করেন?

● কিথ কারমোডি।

প্রঃ (৪৮৩) ইংল্যাণ্ড দলের কোন দুই বিখ্যাত বোলার দ্বিতীয় বিশ্বযুদ্ধে মারা যান?

● কেন ফারনেস এবং হেডলি ভেরিটি।

প্রঃ (৪৮৪) ১৯৬৩ সালে উইসডেন শতাব্দীর সেরা ছয়জন ক্রিকেটারের নাম ঘোষণা করেছিল—এই ছয়জন ক্রিকেটারের নাম কি?

● ডাবলু. জি. গ্রেস, ভিক্টর ট্রাম্পার, ডন ব্র্যাডম্যান, টম রিচার্ডসন, এস. এফ. বার্নেস এবং জ্যাক হবস।

প্রঃ (৪৮৫) ক্রিকেটে একটানা ছটি সেঞ্চুরি কারা করেছেন ?

● সি. বি. ফ্রাই, ডি. জি. ব্র্যাডম্যান এবং এম. জে. পোকটার।

প্রঃ (৪৮৬) বিশ্বের কোন ব্যাটসম্যান টেস্ট ক্রিকেটে ইংল্যাণ্ডের বিরুদ্ধে একটানা ছটি টেস্টে সেঞ্চুরি করেছেন ?

● ডন ব্র্যাডম্যান (অস্ট্রেলিয়া)।

প্রঃ (৪৮৭) বিশ্বক্রিকেটে কোন ক্রিকেটার ব্ল্যাক ব্র্যাডম্যান নামে পরিচিত ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের জর্জ হেডলি।

প্রঃ (৪৮৮) টেস্ট ক্রিকেটে কোন ওপেনিং ব্যাটসম্যান সর্বোচ্চবার প্রথম বলে আউট হয়েছেন ?

● সানি গাভাসকার (ভারত) পাঁচবার। এই পাঁচবার হলো যথাক্রমে ; ১৯৭৪ সালে এজবাজটনে আরনল্ডের বলে নটের হাতে ক্যাচ আউট হয়ে ইংল্যাণ্ডের বিরুদ্ধে। দ্বিতীয়বার ওঃ ইণ্ডিজের বিরুদ্ধে ১৯৭৮-৭৯ সালে বাঙালোর মাঠে ক্লার্কের বলে বোল্ড আউট হন। তৃতীয়বার ওঃ ইণ্ডিজের বিরুদ্ধে হোলডিংয়ের বলে বোল্ড হন সাবিনা পার্কে ১৯৮২-৮৩ সালে। চতুর্থবার ওঃ ইণ্ডিজ দলের বিরুদ্ধে মার্শেলের বলে ডুজনের হাতে ক্যাচ আউট হন কলকাতায় ১৯৮৩-৮৪ সালে এবং পঞ্চমবার ইমরানের বলে মিয়াঁদাদের হাতে ক্যাচ আউট হন পাকিস্তানের বিরুদ্ধে জয়পুরের তৃতীয় টেস্টে ১৯৮৭ সালে।

প্রঃ (৪৮৯) বিশ্ব ক্রিকেটে 'বডি লাইন' সিরিজ হিসাবে বিখ্যাত কোন টেস্ট সিরিজ ? এই বডিলাইন সিরিজের জনক কে ?

● ১৯৩২-৩৩ সালে ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়ার মধ্যে টেস্ট সিরিজটি বডি-লাইন সিরিজ নামে চিহ্নিত। এই সিরিজের জনক ছিলেন ইংল্যাণ্ড দলনায়ক ডগলাস জার্ডিন।

প্রঃ (৪৯০) বিশ্ব ক্রিকেটে কোন দুই ভাই 'বিগডগ' ও 'লিটল ডগ' নামে বিখ্যাত ছিলেন ?

● পিটার পোলক (বিগ ডগ) গ্রেমী পোলক (লিট্‌ল ডগ)।

প্রঃ (৪৯১) লিটল মাস্টার হিসাবে বিশ্বক্রিকেটে পরিচিত কারা ?

● চারজন ক্রিকেটার। প্রথম ডন ব্র্যাডম্যান, দ্বিতীয়জন পাকিস্তানের হানিফ মহাম্মদ এবং অপর দুজন হলেন ভারতের দুই ব্যাটসম্যান গুণ্ডাপ্পা বিশ্বনাথ ও সুনীল গাভাসকার।

প্রঃ (৪৯২) টেস্ট ক্রিকেটে কোন একজন নামী বোলার বোলিং প্র্যাকটিশ করতেন, তাঁর প্রিয় কুকুর জ্যাককে উইকেটের পিছনে দাঁড় করিয়ে—কে এই বোলার ?

● অস্ট্রেলিয়ার ক্লারি গ্রিমেট।

প্রঃ (৪৯৩) ইংল্যাণ্ডের কাউণ্টি ক্রিকেটে একটি দলের বড় রানের ইনিংস কত ?

● ৮৮৭। ইয়র্কশায়ার এই রান তোলে ওয়ারউইকশায়ার দলের বিরুদ্ধে ১৮৯৬ সালে।

প্রঃ (৪৯৪) কাউণ্টি ক্রিকেটে ব্যক্তিগত বড় রানের ইনিংসটি কার ?

● আর্চি ম্যাকলরেন্স (৪২৪) ১৮৯৫ সালে।

প্রঃ (৪৯৫) টেস্ট ক্রিকেটে আম্পায়ার আউট দেওয়া সত্ত্বেও সেই ব্যাটসম্যানকে ব্যাট করার সুযোগ দিয়েছেন ফিল্ডিং দলের অধিনায়ক—এমন কোন নজির আছে কি ?

● হ্যাঁ আছে। ১৯৫০-৫১ সালে এই নজির প্রথম ঘটে ইংল্যাণ্ড বনাম নিউজিল্যাণ্ড দলের মধ্যে খেলায়। ইংল্যাণ্ডের সিরিল ওয়াশব্রুককে আম্পায়ার এল. বি. ডাবলু. আউট দিয়েছিলেন। কিন্তু নিউজিল্যাণ্ড দলের দলপতি ডাবলু. এ. হেডলি মনে করেন ব্যাটসম্যান বলটি ব্যাট দিয়ে খেলেছেন ফলে তিনি আম্পায়ারকে তাঁর নির্দেশ বাতিল করে ব্যাটসম্যানকে তাঁর ইনিংসটি চালিয়ে যাওয়ার জন্য অনুরোধ করেন। ভারতের মাটিতে এই নজির গড়েন ভারতীয় অধিনায়ক গুণ্ডাপ্পা বিশ্বনাথ। জুবিলি টেস্টে তিনি আম্পায়ারের নির্দেশকে বাতিল করে ইংল্যাণ্ড দলের ব্যাটসম্যান বব টেলরকে তাঁর ইনিংসটি চালিয়ে যাওয়ার জন্য অনুমতি দেন। বলা বাহুল্য এই ম্যাচে টেলর সেঞ্চুরি করেন এবং তাঁর জন্যই শেষ পর্যন্ত ভারতীয় দল ম্যাচটিতে পরাজিত হতে বাধ্য হয়।

প্রঃ (৪৯৬) ক্রিকেটে অলরাউণ্ডার বলতে কি বোঝায় ?

● ক্রিকেটের পরিভাষায় অলরাউণ্ডার বলা হয় সেই খেলোয়াড়টিকে, যিনি ব্যাটিং, বোলিং এবং ফিল্ডিংয়ের ক্ষেত্রে সমান পারদর্শী হয়ে থাকেন।

প্রঃ (৪৯৭) টেস্ট ক্রিকেটে কতজন ব্যাটসম্যান এখনও পর্যন্ত আট হাজার রানের গণ্ডি অতিক্রম করেছেন ?

● মাত্র তিনজন। এই তিনজন হলেন যথাক্রমে; সানি গাভাসকার (১২৫টি টেস্টে ১০,১২২ রান), জিওফ বয়কট (১০৮টি টেস্টে ৮১১৪ রান), গ্যারী সোবার্স (৯৩টি টেস্টে ৮০৩২ রান)।

প্রঃ (৪৯৮) টেস্ট ক্রিকেটে সাত হাজার রান কতজন করেছেন ?

● চারজন ব্যাটসম্যান। এই চারজন হলেন যথাক্রমে ; কলিন কাউড্রে (১১৪টি টেস্টে ৭৬২৪ রান), ক্লাইভ লয়েড (১১০টি টেস্টে ৭৪৮১ রান), ওয়ালী হ্যামণ্ড (৮৫টি টেস্টে ৭২৪৯ রান), গ্রেগ চ্যাপেল (৮৭টি টেস্টে ৭১০০ রান)।

প্রঃ (৪৯৯) টেস্ট ক্রিকেটে ছয় হাজার রান কতজন করেছেন ?

● আটজন ক্রিকেটার ছয় হাজারের ঘরে রান করেছেন। এই আটজন হলেন যথাক্রমে ; স্যার ডন ব্র্যাডম্যান ৫২টি টেস্টে ৬৯৯৬ রান। লেন হাটন ৭৯টি টেস্টে ৬৯৭১ রান। কেন বারিংটন ৮২টি টেস্টে ৬৮০৬ রান। রোহন কানহাই ৭৯টি টেস্টে ৬২২৭ রান। ভিভ রিচার্ডস্ (৮০টি টেস্টে ৬৪৯০ রান। নীল হার্ভে ৭৯টি টেস্টে ৬১৪৯ রান। অ্যালান বর্ডার ৮৮টি টেস্টে ৬৩১২ রান। গুণ্ডাপ্পা বিশ্বনাথ ৯১টি টেস্টে ৬০৮০ রান।

প্রঃ (৫০০) স্যার জ্যাক হবস, হারবার্ট সার্টক্লিভ, আর্চি ম্যাকলরেন্স, ওয়ালী হ্যামণ্ড, ডেনিশ কম্পটন, কেন ব্যারিংটন, বিল এডরিচ ও রনজিসিংজীর টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি ?

● জ্যাক হবস ৬১টি টেস্টে ৫৪১০ রান।
হারবার্ট সার্টক্লিভ ৫৪টি টেস্টে ৪৫৫৫ রান।
আর্চি ম্যাকলরেন্স ৩৫টি টেস্টে ১৯৩১ রান।
ওয়ালী হ্যামণ্ড ৮৫টি টেস্টে ৭২৪৯ রান।
ডেনিশ কম্পটন ৭৮টি টেস্টে ৫৮০৭ রান।
কেন ব্যারিংটন ৮২টি টেস্টে ৬৮০৬ রান।
বিল এডরিচ ৭৭টি টেস্টে ৫১৩৮ রান।

প্রঃ (৫০১) অস্ট্রেলীয় ক্রিকেটের ভিক্টোর ট্রাম্পার, ইয়ান চ্যাপেল, গ্রেগ চ্যাপেল, লিণ্ডসে হ্যাসেট, আর্থার মরিস, ডগ ওয়ালটার্স, ববি সিমসন, বিল লরী ও বিল স্পনফোর্ডের টেস্ট পরিসংখ্যান কি ?

● ভিক্টোর ট্রাম্পার ৪৮টি টেস্টে ৩১৬৩ রান।
ইয়ান চ্যাপেল ৭৫টি টেস্টে ৫৩৪৫ রান।
গ্রেগ চ্যাপেল ৮৭টি টেস্টে ৭১০০ রান।
লিণ্ডসে হ্যাসেট ৪৩টি টেস্টে ৩০৭৩ রান।
আর্থার মরিস ৪৬টি টেস্টে ৩৫৩৩ রান।
ডগ ওয়ালটার্স ৭৪টি টেস্টে ৫৩৫৭ রান।
ববি সিমসন ৬২টি টেস্টে ৪৮৬৯ রান।
বিল লরী ৬৭টি টেস্টে ৫২৩৪ রান।
বিল স্পনফোর্ড ২৯টি টেস্টে ২১২২ রান।

প্রঃ (৫০২) টেস্ট ক্রিকেটে থ্রি ডাবলু হিসাবে পরিচিত কারা ? টেস্ট ক্রিকেটে এঁদের পরিসংখ্যান কি ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের তিন খেলোয়াড় যথাক্রমে ; উইকস্, ওয়ালকট ও ওরেল। টেস্ট ক্রিকেটের পরিসংখ্যানে উইকস ৪৮টি টেস্টে ৪৪৫৫ রান, ওয়ালকট ৪৪টি টেস্টে ৩৭৯৮ রান এবং ওরেল ৫১টি টেস্টে ৩৮৬০ রান।

প্রঃ (৫০৩) টেস্ট ক্রিকেটে ৩০০০ রান, ২০০ উইকেটের বেশী ও ১০০টির বেশী ক্যাচ কতজন ক্রিকেটার নিয়েছেন ?

● মাত্র দুজন ক্রিকেটার এই সম্মানের ভাগীদার। এই দুজন হলেন যথাক্রমে ; ইংল্যাণ্ড দলের ইয়ান বোথাম ৮৮টি টেস্টে ৪৮০৯ রান, ৩৬৫টি উইকেট সহ ১০২টি ক্যাচ ধরেছেন। দ্বিতীয়জন হলেন ওয়েস্ট ইণ্ডিজ দলের স্যার গ্যারী সোবার্স ৯৩টি টেস্টে ৮০৩২ রান, ২৩৫টি উইকেট ও ১০৯টি ক্যাচ ধরেছেন।

প্রঃ (৫০৪) অলরাউণ্ডার হিসাবে ইংল্যাণ্ড দলের ট্রেভার বেলী, আলফ্রেড রোডস, মরিশ টেড, রে ইলিংওয়ার্থ, ইয়ান বোথাম, টনি গ্রেগের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি ?

● ট্রেভার বেলী ৬১টি টেস্টে ২২৯০ রান সহ ১৩২টি উইকেট।
আলফ্রেড রোডস ৫৮টি টেস্টে ২৩২৫ রান সহ ১২৭টি উইকেট।
মরিশ টেড ৩১টি টেস্টে ১১৯৮ রান সহ ১৫৫টি উইকেট।
রে ইলিংওয়ার্থ ৬১টি টেস্টে ১৮৩৬ রান সহ ১২২টি উইকেট।
ইয়ান বোথাম ৮৯টি টেস্টে ৪৮০৯ রান সহ ৩৬৫টি উইকেট।
টনি গ্রেগ ৫৮টি টেস্টে ৩৫৯৯ রান সহ ১৪১টি উ:কেট।

প্রঃ (৫০৫) অলরাউণ্ডার হিসাবে অস্ট্রেলিয়া দলের রিচি বেনড, ইয়ান জনসন, কিথ মিলার, অ্যালান ডেভিডসন, ববি সিমসন, জ্যাক গ্রেগরী, জর্জ গ্রিফিন ও রে লীণ্ডোয়ালের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি ?

● রিচি বেনড ৬৩টি টেস্টে ২২০১ রান সহ ২৪৮টি উইকেট।
ইয়ান জনসন ৪৫টি টেস্টে ১০০০ রান সহ ১০৯টি উইকেট।
কিথ মিলার ৫৫টি টেস্টে ২৯৫৮ রান সহ ১৭০টি উইকেট।
অ্যালান ডেভিডসন ৪৪টি টেস্টে ২৮৬৩ রান সহ ১৮৬টি উইকেট।
ববি সিমসন ৬২টি টেস্টে ৪৮৬৯ রান সহ ৭১টি উইকেট।
জ্যাক মরিশন গ্রেগরী ২৪টি টেস্টে ১১৪৬ রান সহ ৮৫টি উইকেট।
জর্জ গ্রিফিন ৩১টি টেস্টে ১২৩৮ রান সহ ১০৩টি উইকেট।
রে লীণ্ডোয়াল ৬১টি টেস্টে ১৫০২ রান সহ ২২৮টি উইকেট।

প্রঃ (৫০৬) অলরাউণ্ডার হিসাবে ওয়েস্ট ইণ্ডিজ দলের গ্যারী সোবার্স, ফ্র্যাঙ্ক ওরেল, জে. ডি. সি. গোমেজ, ডি. অ্যাটকিনসনের টেস্ট ক্রিকেটে পরিসংখ্যান কি ?

- গ্যারী সোবার্স ৯৩টি টেস্টে ৮০৩২ রান ২৩৫টি উইকেট।
  ফ্র্যাঙ্ক ওরেল ৫১টি টেস্টে ৩৮৬০ রান ৬৯টি উইকেট।
  জে. ডি. সি. গোমেজ ২৯টি টেস্টে ১২৪৩ রান ৫৮টি উইকেট।
  ডি. অ্যাটকিনসন ২২টি টেস্টে ৯২২ রান ৪৭টি উইকেট।

প্রঃ (৫০৭) টেস্ট ক্রিকেটে শ্রেষ্ঠ বোলার হিসাবে প্রতিষ্ঠিত ইংল্যাণ্ড দলের উইলিয়াম ভোস, লারুড, জর্জ আলফ্রেড লোম্যান, ফ্রেডী ট্রুম্যান, আলেক বেডসার, ব্রায়ান স্ট্যাথাম, জন স্নো, বব উইলিস ও হেডলি ভেরিটির পরিসংখ্যান কি ?

- উইলিয়াম ভোস ৩৫টি টেস্টে ৯৮টি উইকেট।
  এইচ. লারুড ২১টি টেস্টে ৭৮টি উইকেট।
  জর্জ আলফ্রেড লোম্যান ১৮টি টেস্টে ১২২টি উইকেট।
  ফ্রেডী ট্রুম্যান ৬৭টি টেস্টে ৩০৭টি উইকেট।
  আলেক বেডসার ৫১টি টেস্টে ২৩৬টি উইকেট।
  ব্রায়ান স্ট্যাথাম ৭০টি টেস্টে ২৫২টি উইকেট।
  জন স্নো ৪৮টি টেস্টে ২০২টি উইকেট।
  বব উইলিস ৯০টি টেস্টে ৩২৫টি উইকেট।
  হেডলি ভেরিটি ৪০টি টেস্টে ১৪৪টি উইকেট।

প্রঃ (৫০৮) অস্ট্রেলিয়ার সেরা বোলার হিসাবে স্বীকৃত স্পফোর্থ, গ্রাহাম ম্যাকেঞ্জী, রে লীণ্ডোয়াল, হগ ট্রাম্বল, বিল জনস্টনের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি ?

- স্পফোর্থ ১৮টি টেস্টে ৯৪টি উইকেট।
  গ্রাহাম ম্যাকেঞ্জি ৬০টি টেস্টে ২৪৬টি উইকেট।
  রে লীণ্ডোয়াল ৬১টি টেস্টে ২২৮টি উইকেট।
  হগ ট্রাম্বল ৩১টি টেস্টে ১৪১টি উইকেট।
  বিল জনস্টন ৪০টি টেস্টে ১৬০টি উইকেট।

প্রঃ (৫০৯) ইংল্যাণ্ড দলের সিড বার্নেস, টনি লক, জিম লেকার, জর্জ হেনরী ওয়ার্ডলে, ডেরেক আণ্ডারউড, জন ব্রিগস, টিটমাস, রে ইলিংওয়ার্থের সংগ্রহে টেস্ট উইকেট কত ?

- সিড বার্নেস ৪৬টি টেস্টে ১৮৯টি উইকেট।

টনি লক ৬৮টি টেস্টে ২১২টি উইকেট।
জিম লেকার ৪৬টি টেস্টে ১৯৩টি উইকেট।
জর্জ হেনরী ওয়ার্ডলে ২৮টি টেস্টে ১০২ উইকেট।
জন ব্রিগস্ ৩৩টি টেস্টে ১১৮টি উইকেট।
রে ইলিংওয়ার্থ ৬১টি টেস্টে ১২২টি উইকেট।
ফ্রেড টিটমাস ৫৩টি টেস্টে ১৫৩টি উইকেট।

প্রঃ (৫১০) ওয়েস্ট ইণ্ডিজ দলের বিখ্যাত বোলার ডাবলু. হল, রয় গিলক্রিস্ট, চার্লস গ্রিফিথ, অ্যাণ্ডি রবার্টস ও মাইকেল হোলডিংয়ের টেস্ট উইকেট সংগ্রহ কত?

● ডাবলু. হল ৪৮টি টেস্টে ১৯২টি উইকেট।
রয় গিলক্রিস্ট ১৩টি টেস্টে ৫৭টি উইকেট।
চার্লস গ্রিফিথ ২৮টি টেস্টে ৯৮টি উইকেট।
অ্যাণ্ডি রবার্টস ৪৬টি টেস্টে ২০০টি উইকেট।
মাইকেল হোলডিং ৬৮টি টেস্টে ২০৮টি উইকেট।

প্রঃ (৫১১) ওয়েস্ট ইণ্ডিজ দলের সেরা স্পিনার সোনি রামাধীন, এ. এল. ভ্যালেনটাইন, ল্যান্সী গিবসের টেস্ট উইকেট সংগ্রহ কত?

● সোনি রামাধীন ৪৩টি টেস্টে ১৫৮টি উইকেট।
এ. এল. ভ্যালেনটাইন ৩৬টি টেস্টে ১৩৯ উইকেট।
ল্যান্সী গিবস ৭৯টি টেস্টে ৩০৯টি উইকেট।

প্রঃ (৫১২) বিশ্বের কোন বোলার একটি সিরিজে তিনটি টেস্ট ম্যাচ খেলে ৩০টির বেশী উইকেট পেয়েছেন?

● জর্জ আলফ্রেড লোম্যান (ইংল্যাণ্ড) ১৮৯৫-৯৬ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে তিনটি টেস্ট ম্যাচ খেলে ৫২০ বলের বিনিময়ে ৩৫টি উইকেট পান। গড় ছিল ৫·৮০।

প্রঃ (৫১৩) কোন বোলার মাত্র চারটি বল ব্যয় করে বিশ্বের সেরা তিনজন ব্যাটসম্যানকে আউট করেছিলেন? কে এই বোলার এবং কোন তিনজন ব্যাটসম্যানকে তিনি আউট করেছিলেন?

● উইলিয়াম ভোস (ইংল্যাণ্ড) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৩৭-৩৮ সালে সিডনি টেস্টে এই নজির গড়েন। এই তিনজন ব্যাটসম্যান হলেন যথাক্রমে; ব্রীয়েন, ব্র্যাডম্যান ও ম্যাককেব।

(৫১৪) পলহাম ওয়ারনার কোন দেশের ক্রিকেটার? তিনি কোন পত্রিকার সম্পাদক ছিলেন এবং কবে স্যার উপাধি পান?

● পলহাম ওয়ারনার (ইংল্যাণ্ড)। তিনি ১৯৩৭ সালে স্যার উপাধি পান। তিনি 'ক্রিকেটার' পত্রিকার সম্পাদক ছিলেন।

প্রঃ (৫১৫) টেস্ট ক্রিকেট প্রথম খেলতে নেমে কোন ক্রিকেটার দলের ওপেনিং করতে নেমে দলের সমাপ্তি পর্যন্ত নট আউট থাকেন —কে এই ক্রিকেটার? তিনি কোথায় এই নজির গড়েন?

● ইংল্যাণ্ড দলের পলহাম ওয়ারনার। তিনি দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম টেস্ট খেলতে নেমে ১৩২ রানে অপরাজিত থাকেন।

প্রঃ (৫১৬) বিশ্বের কোন টেস্ট ক্রিকেটার জাতীয় ফুটবল দলে প্রতিনিধিত্ব করেছেন?

● ডেনিশ কম্পটন (ইংল্যাণ্ড)। তিনি ইংল্যাণ্ড দলের হয়ে ৭৮টি টেস্ট ম্যাচ ও ১১বার জাতীয় ফুটবল দলে অংশ নিয়েছেন।

প্রঃ (৫১৭) লেন হাটনের পুরো নাম কি? তিনি প্রথম কোন দলের বিরুদ্ধে কত সালে টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করেন?

● লিওনার্ড হাটন। তিনি ইংল্যাণ্ড দলের হয়ে ১৯৩৭ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে লর্ডসে আত্মপ্রকাশ করেন। এই ম্যাচে তিনি করেন ০ ও ১ রান।

প্রঃ (৫১৮) লেন হাটন মোট টেস্ট ম্যাচ কতগুলি খেলেছেন? টেস্ট ক্রিকেটে তাঁর রান ও সেঞ্চুরির সংখ্যা কত? প্রথম শ্রেণীর ক্রিকেটে হাটন কত রান করেছেন?

● লেন হাটন ৭৯টি টেস্টে ১৯টি সেঞ্চুরি সহ ৬৯৭১ রান। গড় ৫৬.৬৭ রান। প্রথম শ্রেণীর ক্রিকেটে তাঁর রান ৪০,১৪০ রান গড় ৫৫.৫১ রান।

প্রঃ (৫১৯) লেন হাটন কোন দলের বিরুদ্ধে কোন মাঠে কত সময় ব্যাট করে ৩৬৪ রান করেন?

● ১৯৩৮ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওভাল মাঠে ৩৬৪ রান করেন ১৩ ঘণ্টা ২০ মিনিট সময় নিয়ে।

প্রঃ (৫২০) কোন দক্ষিণ আফ্রিকা জাত ক্রিকেটার ইংল্যাণ্ড দলের হয়ে নিয়মিত টেস্ট ক্রিকেট খেলেছেন? টেস্ট ক্রিকেটে এই ক্রিকেটারটির পরিসংখ্যান কি?

● বেসিল লুইসন ডলিভেরা (ইংল্যাণ্ড)। তিনি ১৯৩১ সালে দক্ষিণ আফ্রিকায় জন্মগ্রহণ করেন, পরে বর্ণবিদ্বেষ সমস্যায় জর্জরিত হয়ে ইংল্যাণ্ডে চলে আসেন। ইংল্যাণ্ডের হয়ে তিনি ৪৪টি টেস্ট ম্যাচ খেলে ৭০টি ইনিংসে ২৪৮৪ রান সহ ৪৭টি উইকেট পেয়েছেন। টেস্ট ক্রিকেটে তাঁর সেঞ্চুরি ৫টি। সর্বোচ্চ রান ১৫৮।

প্রঃ (৫২১) কোন ইংলিশ ক্রিকেটার দীর্ঘ ১৭ বছর বাদে টেস্ট ক্রিকেটে ফিরে আসেন ?

● জর্জ গান। ১৯১২ সালে শেষ টেস্ট ম্যাচে অংশগ্রহণের পর তিনি ১৭ বছর বাদে ১৯২৯-৩০ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে পুনরায় টেস্ট খেলার জন্য নির্বাচিত হন।

প্রঃ (৫২২) কোন পিতাপুত্র ক্রিকেটার একটি ম্যাচে একত্রে খেলে উভয়ে সেঞ্চুরি করেছেন ?

● জর্জ গান ও তাঁর পুত্র নটিংহামশায়ার দলের হয়ে খেলে ওয়ারউইকশায়ার দলের বিরুদ্ধে ১৯৩১ সালে এই নজির গড়েন। এই ম্যাচে পিতা ও পুত্র দুজনেই সেঞ্চুরি করেন।

প্রঃ (৫২৩) স্টানলী জ্যাকসন ইংল্যাণ্ড দলের হয়ে কতগুলি টেস্ট ম্যাচ খেলেছেন ? টেস্ট ক্রিকেটে তাঁর পরিসংখ্যান কি ?

● এফ. এস. জ্যাকসন (ইংল্যাণ্ড) ২০টি টেস্টে ১৪১৫ রান, গড় ৪৮·৭৯।

প্রঃ (৫২৪) অস্ট্রেলিয়ার অধিনায়ক ববি সিমসন কোন দলের বিরুদ্ধে এবং কোন মাঠে তিনশোর বেশী রান করেছেন ? সিমসনের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি ?

● ১৯৬৪ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওল্ডট্রাফোর্ড মাঠে ৪র্থ টেস্টে ১২ ঘণ্টা ৫৭ মিনিট খেলে ৩১১ রান করেন। ববি সিমসন ৬২টি টেস্টে ১০টি সেঞ্চুরি সহ ৪৮৬৯ রান করেন। গড় ৪৬·৮১। সর্বোচ্চ ৩১১ রান। উইকেট পেয়েছেন ৭১টি, গড় ৪২·২৬। ক্যাচ ধরেছেন ১১০টি।

প্রঃ (৫২৫) অস্ট্রেলিয়ার লীণ্ডসে হ্যাসেট, ক্লেমেট হিল, স্ট্যানলী জোসেফ ম্যাককেব, আয়ান রিচি রেডপাথের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি ?

● লীণ্ডসে হ্যাসেট (অস্ট্রেলিয়া) ৪৩টি টেস্টে ৩০৭৩ রান। গড় ৪৬·৫৬। ক্লেমেট হিল (অস্ট্রেলিয়া) ৪৯টি টেস্টে ৩৪০২ রান। গড় ৩৯·৫৫। সাতটি সেঞ্চুরি। স্ট্যানলী জোসেফ ম্যাককেব ৩৯টি টেস্টে ২৭৪৮ রান, গড় ৪৮·২১। আয়ান রিচি রেডপাথ ৬৬টি টেস্টে ৪৭৩৭ রান, গড় ৪৩·৪৫।

প্রঃ (৫২৬) ইংল্যাণ্ড দলের ফ্র্যাঙ্ক উলি, হারবার্ট সাটক্লিভ, নিউজিল্যাণ্ড দলের ব্রায়ান হেসস্ট্রিং, অস্ট্রেলিয়ার কিথস্ট্যাকপোল, পাকিস্তানের জাভেদ বার্কি এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের আলভিন কালীচরণের টেস্ট পরিসংখ্যান কি ?

● ফ্র্যাঙ্ক উলি ৬৪টি টেস্টে ৩২৮৩ রান, ৫টি সেঞ্চুরি, গড় ৩৬·০৭। হারবার্ট

সাটক্লিভ ৫৪টি টেস্টে ৪৫৫৫ রান, ৬টি সেঞ্চুরি, গড় ৬০·৭৩। ব্রায়ান হেসটিং ৩১টি টেস্টে ১৫১০ রান, গড় ৩০·২০। কিথ স্ট্যাকপোল ৪৩টি টেস্টে ২৮০৭ রান, গড় ৩৪·৪২। জাভেদ বার্কি ২৫টি টেস্টে ১৩৪১ রান, গড় ৩০·৪৬। আলভিন কালীচরণ ৬৬টি টেস্টে ৪৩৯৯ রান, গড় ৪৪·৪৩।

প্রঃ (৫২৭) টেস্ট ক্রিকেটে হানিফ মহাম্মদ, মুস্তাক মহাম্মদ, বিজয় মাচের্ন্ট, উইকস্, রয় ফ্রেডরিকস, কর্ণেল হান্ট, এ. সি. ম্যাকলরেন্স, ডাবলু. জে এডরিচ, পলি উমড়িগড়ের মোট রান ও সেঞ্চুরির সংখ্যা কত?

● হানিফ মহাম্মদ (পাকিস্তান) ৫৫টি টেস্টে ৩৯১৫ রান, ১০টি সেঞ্চুরি, গড় ৪৪·৩৪। মুস্তাক মহাম্মদ (পাকিস্তান) ৫৭টি টেস্টে ৩৬৪৩ রান, ১০টি সেঞ্চুরি, গড় ৩৯·১৭। বিজয় মার্চেন্ট (ভারত) ১০টি টেস্টে ৮৫৯ রান, ৩টি সেঞ্চুরি, গড় ৪৭·৭২। কর্ণেল হান্ট (ওঃ ইণ্ডিজ) ৪৪টি টেস্টে ৩২৪৫ রান, ৮টি সেঞ্চুরি, গড় ৪৫·০৬। এভার্টন উইকস্ (ওঃ ইণ্ডিজ) ৪৮টি টেস্টে ৪৪৫৫ রান, ১৫টি সেঞ্চুরি, গড় ৫৮·৬১। রয় ফ্রেডরিকস্ (ওঃ ইণ্ডিজ) ৫৯টি টেস্টে, ৪৩৩৪ রান, ৮টি সেঞ্চুরি, গড় ৪২·৪৯। এ. সি. ম্যাকলরেন্স (ইংল্যাণ্ড) ৩৫টি টেস্টে ১৯৩১ রান, ৫টি সেঞ্চুরি, গড় ৩৩·৮৭। ডাবলু. জে. এডরিচ (ইংল্যাণ্ড) ৩৯টি টেস্টে ২৪৪০ রান, সেঞ্চুরি ৬টি, গড় ৪০·০০। পলি উমড়িগড় (ভারত) ৫৯টি টেস্টে ৩৬৩১ রান, ১২টি সেঞ্চুরি, গড় ৪২·২২।

প্রঃ (৫২৮) অস্ট্রেলিয়ার সেরা তিন উইকেটরকক্ষ ডাবলু. এ. ওল্ডফিল্ড, ওয়ালী গ্রাউট ও রডনি মার্শের টেস্ট হিসাব কি?

● ডাবলু. এ ওল্ডফিল্ড ৫৪টি টেস্টে ১৩০ জনকে আউট করেছেন। ১৩০টির মধ্যে ৭৮টি ক্যাচ ও ৫২টি স্টাম্প আউট আছে। ওয়ালী গ্রাউট ৫১টি টেস্টে ১৮৭ জনকে আউট করেছেন। ১৮৭ জনের মধ্যে ১৬৩টি ক্যাচ ও ২৪টি স্ট্যাম্প আউট করেছেন। রডনি মার্শ ৯৬টি টেস্টে ৩৫৫ জনকে আউট করেছেন। এর মধ্যে ৩৪২টি ক্যাচ ও ১৩টি স্টাম্প করেছেন।

প্রঃ (৫২৯) পাকিস্তান দলের সেরা অলরাউণ্ডার হিসাবে স্বীকৃত আবদুল হাফিজ কারদার, ইনতিখাব আলাম, মুস্তাক মহাম্মদ, ইমরান খান এবং আসিফ ইকবালের টেস্ট পরিসংখ্যান কি?

● আবদুল হাফিজ কারদার ২৩টি টেস্টে ৮৪৭ রান সহ ২১টি উইকেট।
ইনতিখাব আলাম ৪১টি টেস্টে ১৩৮৯ রান সহ ১০২টি উইকেট।
মুস্তাক মহাম্মদ ৩৭টি টেস্টে ৩৫৪৩ রান সহ ৭১টি উইকেট।
ইমরান খান ৬৫টি টেস্টে ২৫৭৯ রান সহ ২৯০টি উইকেট।
আসিফ ইকবাল ৫৮টি টেস্টে ৩৫৭৫ রান সহ ৫৩টি উইকেট।

প্রঃ (৫৩০) দক্ষিণ আফ্রিকার সেরা দুই ক্রিকেটার গ্রিম পোলক ও ব্যারি রিচার্ডের টেস্ট পরিসংখ্যান কি ?

● গ্রিম পোলক ২৩টি টেস্টে ৪১টি ইনিংসে ৪ বার অপরাজিত, সাতটি সেঞ্চুরি, ১১টি অর্ধশত রান সহ মোট ২২৫৬ রান, গড় ৬০.৯৭।

ব্যারি রিচার্ড ৪টি টেস্টের ৭টি ইনিংসে ৫০৮ রান। ২টি সেঞ্চুরি, ২টি অর্ধশত রান, গড় ৭২.৫৭।

প্রঃ (৫৩১) দক্ষিণ আফ্রিকার ব্যাটসম্যানদের মধ্যে টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ রান কে করেছেন ?

● গ্রিম পোলক। ২৭৪ রান করেন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ডারবান টেস্টে ১৯৬৯-৭০ সালে। এটাই দক্ষিণ আফ্রিকার ক্রিকেটে ব্যক্তিগত সর্বোচ্চ রানের স্কোর।

প্রঃ (৫৩২) সবচেয়ে কম বয়সে দক্ষিণ আফ্রিকা দলের হয়ে টেস্ট ক্রিকেটে সেঞ্চুরি কে করেন ?

● গ্রিম পোলক। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিডনির তৃতীয় টেস্টে ১৯৬৩-৬৪ সালে ১৪৪ রান করেন ১৯ বছর ৩১৮ দিনের মাথায়।

প্রঃ (৫৩৩) দক্ষিণ আফ্রিকার বিখ্যাত ক্রিকেটার মাইক প্রোকটরের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি ?

● সাতটি টেস্টে ১০ ইনিংসে একবার অপরাজিত থেকে করেছেন মাত্র ২২৬ রান, গড় ২৫.১১। বোলিং করেছেন ১৫১৪ বলে ৬১৬ রানে ৪১টি উইকেট, গড় ১৫.০২।

প্রঃ (৫৩৪) দক্ষিণ আফ্রিকা মোট কতগুলি টেস্ট খেলেছে ? টেস্ট ক্রিকেটে দক্ষিণ আফ্রিকা দলের পরিসংখ্যান কি ?

● দক্ষিণ আফ্রিকা ১৮৮৮-৮৯ সাল থেকে ১৯৬৯-৭০ সাল পর্যন্ত টেস্ট খেলেছে মোট ১৭২টি। ৩৮টি টেস্টে জয়, ৭৭টি টেস্টে পরাজয় এবং ৫৭টি টেস্ট অমীমাংসিত ভাবে শেষ হয়।

প্রঃ (৫৩৫) মোট কতজন ক্রিকেটার দুটি পৃথক দেশের হয়ে টেস্ট ক্রিকেট খেলেছেন ?

● ১২ জন ক্রিকেটার এই নজির গড়েন। এই বারোজন হলেন যথাক্রমে ; ডাবলু. ই. মিডউইনটার (অস্ট্রেলিয়া-ইংল্যাণ্ড), জে. জে. ফেরিস (অস্ট্রেলিয়া-ইংল্যাণ্ড), ডাবলু. এল. মারডক (অস্ট্রেলিয়া-ইংল্যাণ্ড), এ. ই. ট্রট (অস্ট্রেলিয়া-ইংল্যাণ্ড), এফ. মিচেল (ইংল্যাণ্ড-দক্ষিণ আফ্রিকা), এফ. হেইন্স (ইংল্যাণ্ড-দক্ষিণ

আফ্রিকা), পাতৌদি (বড়) (ইংল্যাণ্ড-ভারত), আবদুল কারদার, আমীর ইলাহী, ওল মহাম্মদ (ভারত-পাকিস্তান), এস. সি. গ্রিলেন (ওয়েস্ট ইণ্ডিজ-নিউজিল্যাণ্ড)।

প্রঃ (৫৩৬) টেস্ট ক্রিকেটে সর্বপ্রথম শূন্য রান এবং উভয় ইনিংসে শূন্য রান কে করেছেন ?

● প্রথম শূন্য রান টেস্ট ক্রিকেটে করেন ই. জে. গ্রেগরী (অস্ট্রেলিয়া)। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে মেলবোর্নের সর্বপ্রথম টেস্ট ম্যাচের প্রথম ইনিংসে শূন্য রানে আউট হন ১৮৭৭ সালে। উভয় ইনিংসে প্রথম শূন্য করেন ইংল্যাণ্ড দলের জি. এম. গ্রেস অস্ট্রেলিয়ার বিরুদ্ধে।

প্রঃ (৫৩৭) দক্ষিণ আফ্রিকা প্রথম ও শেষ টেস্ট ম্যাচ কবে ও কার সঙ্গে খেলেছে ?

● ১৮৮৮-৮৯ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে প্রথম এবং ১৯৬৯-৭০ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে শেষ টেস্ট ম্যাচ খেলেন।

প্রঃ (৫৩৮) অস্ট্রেলিয়া ও দক্ষিণ আফ্রিকার মধ্যে কবে প্রথম টেস্ট সিরিজ শুরু হয় ?

● ১৯০২- ৩ সালে দক্ষিণ আফ্রিকায়।

প্রঃ (৫৩৯) নিউজিল্যাণ্ড দল প্রথম কবে টেস্ট ক্রিকেটে কার বিরুদ্ধে জয়লাভ করে ?

● ১৯৫৫-৫৬ সালে ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে অকল্যাণ্ড টেস্টে ১৯০ রানে।

প্রঃ (৫৪০) টেস্ট ক্রিকেটে কুড়িটি বা তার বেশী শতরান কতজন করেছেন ?

● দশ জন। এই দশ জন হলেন যথাক্রমে ; ভারতের সুনীল গাভাসকার ১২৫টি টেস্টে ৩৪টি শতরান। ওয়েস্ট ইণ্ডিজ দলের গ্যারী সোবার্স ৯৩টি টেস্টে ২৬টি শতরান। অস্ট্রেলিয়ার ডন ব্র্যাডম্যান ৫২টি টেস্টে ২৯টি শতরান। গ্রেগ চ্যাপেল ৮১টি টেস্টে ২২টি শতরান। ইংল্যাণ্ডের জিওফ বয়কট ১০৮টি টেস্টে ২২টি শতরান। কলিন কাউড্রে ১১৪টি টেস্টে ২২টি শতরান। ওয়ালী হ্যামণ্ড ৮৫টি টেস্টে ২২টি শতরান। অস্ট্রেলিয়ার অ্যালান বর্ডার ৮১টি টেস্টে ২১টি শতরান। ওয়েস্ট ইণ্ডিজের ভিভ রিচার্ডস ৭৮টি টেস্টে ২০টি শতরান।

প্রঃ (৫৪১) টেস্ট ক্রিকেটে স্যার ওয়ালী হ্যামণ্ড, ডন ব্র্যাডম্যান, গ্রেগ চ্যাপেল জিওফ বয়কট, কেন ব্যারিংটন, লেন হাটন এবং সানি গাভাসকার কতগুলি উইকেট পেয়েছেন ?

● স্যার ওয়ালী হ্যামণ্ড ৩১৩৮ রানে ৮৩টি উইকেট, গড় ৩৭·৮০। ডন ব্র্যাডম্যান ৭২ রানে ২টি উইকেট, গড় ৩৬·০০। গ্রেগ চ্যাপেল ১৭৫৬ রানে ৪৭টি

উইকেট, গড় ৩৭·৩৬। জিওফ বয়কট ৩৮২ রানে ৭টি উইকেট, গড় ৫৪·৭৭। কেন ব্যারিংটন ১৩০০ রানে ২৯টি উইকেট, গড় ৪৪·৮২। লেন হাটন ২৩২ রানে ৩টি উইকেট, গড় ৭৭·৩৩। সানি গাভাসকার ২০৬ রানে ১টি উইকেট, গড় ২০৬·০০।

প্রঃ (৫৪২) স্টানলী জোসেফ ম্যাককেব কোন মাঠে কোন দলের বিরুদ্ধে টেস্ট ক্রিকেটে দ্বিশত রান করার রেকর্ড করেছেন ?

● স্ট্যানলী জোসেফ ম্যাককেব ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩৮ সালে ট্রেণ্ট ব্রিজ মাঠে ২৩০ মিনিটে ২৩২ রান করেন।

প্রঃ (৫৪৩) কোন ক্রিকেটার টেস্ট ক্রিকেটে উপর্যুপরি তিনটি ইনিংসে নব্বুই রানের ঘরে আউট হয়েছেন ?

● ক্লেমেট হিল (অস্ট্রেলিয়া)। তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯০১-০২ সালে এই নজির গড়েন। আউট হন যথাক্রমে ; ৯৯, ৯৮ ও ৯৭ রানে।

প্রঃ (৫৪৪) কতজন ভারতীয় ক্রিকেটার ইংল্যাণ্ড দলের হয়ে টেস্ট খেলেছেন ?

● জামনগরের মহারাজা রনজি সিংজী। দলীপ সিংজী। ইফতিকার আলী খান পাতৌদি। রমন সুব্বারাও।

প্রঃ (৫৪৫) কোন ভারতীয় ক্রিকেটার ইংল্যাণ্ড দলের হয়ে টেস্ট ক্রিকেটে অধিনায়কত্ব করেছেন ?

● রমন সুব্বারাও।

প্রঃ (৫৪৬) কতজন বিলেতি টেস্ট ক্রিকেটার ভারতের মাটিতে জন্মগ্রহণ করেছেন ?

● ১১ জন। ই. জি. ওয়েনওয়ার্ড (উঃ প্রদেশ, সাহারানপুর) নেভিল টেগলেন (সিমলা) ব্রিক ইয়ং (বোম্বাই) ডগলাস জার্ডিন (সিমলা) এরোল হোমস্ (কলকাতা) নর্দান মিচেল (কলকাতা) জর্জ এমেট (আগ্রা) কলিন কাউড্রে (বাঙালোর) জন জেমসন (বোম্বাই) বব উলমার (কানপুর) রবিন জ্যাকসন (সিমলা)।

প্রঃ (৫৪৭) স্যার ডন ব্র্যাডম্যান. ওয়ালী হ্যামণ্ড, লেন হাটন, গ্যারী সোবার্স, এবং সানি গাভাসকার টেস্ট ক্রিকেটে কে কতবার শূন্য রান করেছেন ?

● ডন ব্র্যাডম্যান (৭টি) গ্যারী সোবার্স (১২টি) ওয়ালী হ্যামণ্ড (৪টি) লেন হাটন (৫টি) সানি গাভাসকার (১৩টি)।

প্রঃ (৫৪৮) ইংল্যাণ্ড দলের প্রথম কোন পেশাদার ক্রিকেটার অধিনায়কত্ব করেছেন ?

● লেন হাটন। ১৯৫২ সালে তিনি প্রথম ভারতের বিরুদ্ধে একজন পেশাদার ক্রিকেটার হিসাবে ইংল্যাণ্ড দলের অধিনায়ক নির্বাচিত হন।

প্রঃ (৫৪৯) নিউজিল্যাণ্ড ও দক্ষিণ আফ্রিকা দলের কতজন ক্রিকেটার টেস্ট ক্রিকেটে ডাবল সেঞ্চুরি করেছেন ?

● আর. জি. পোলক (২৭৪ ও ২০৯) ডি. জে. ম্যাগলু (২৫৫*) ই. এ. বি. রোয়ান (২৩৬) এ. ডি. নোয়ার্স (ছোট) (২৩১ ও ২০৮) জি. এ ফাউল-কনার (২০৪) ই. জে. বার্লো (২০১) দক্ষিণ আফ্রিকার পক্ষে এবং নিউজিল্যাণ্ড দলের পক্ষে জি. এম. টারনার (২৫৯, ২২৩*) জে. টি. ডাউলিং (২৩৯) বার্ট সার্টক্লিভ (২৩০*) এম. পি. ডোনালি (২০৬) ।

প্রঃ (৫৫০) ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ভারত, নিউজিল্যাণ্ড, ওয়েস্ট ইণ্ডিজ ও পাকিস্তান দলের প্রথম অধিনায়ক কারা ?

● ইংল্যাণ্ড দলের লিলি হোয়াইট । অস্ট্রেলিয়া দলের ডি. ডাবলু গ্রেগরী । ভারতের সি. কে. নাইডু । আর. কে. নিউনেস ওয়েস্ট ইণ্ডিজ দলের, টি. সি. লরী নিউজিল্যাণ্ড দলের এবং আবদুল হাফিজ কারদার পাকিস্তান দলের হয়ে সর্বপ্রথম অধিনায়ক নির্বাচিত হন ।

প্রঃ (৫৫১) ভারত, পাকিস্তান ও ওয়েস্ট ইণ্ডিজ দলের কতজন ক্রিকেটার উইসেডন বর্ষ সেরা সম্মান পেয়েছেন ?

● ভারতের আটজন ক্রিকেটার যথাক্রমে ; দলীপ সিংজী, পাতৌদি (বড়), পাতৌদি (ছোট), বিজয় মার্চেন্ট, ভিনু মানকড়, ভগবৎ চন্দ্রশেখর, স্যানি গাভাসকার, মাহিন্দর অমরনাথ ।

পাকিস্তান দলের ছয়জন ক্রিকেটার যথাক্রমে ; আসিফ ইকবাল, ফজল মামুদ, হানিফ মহাম্মদ, মজিদ খান, মুস্তাক মহাম্মদ ও জাহির আব্বাস ।

ওয়েস্ট ইণ্ডিজ দলের বাইশজন ক্রিকেটার যথাক্রমে ; লিয়ারী কনস্টেনটাইন, সি. সি. গ্রিফিথ, জে. গেরিয়ার, জর্জ হেডলী, রয় ফ্রেডরিকস্, ল্যান্সী গীবস, গ্যারী সোবার্স, মাইকেল হোলডিং, কর্নেল হান্ট, রোহন কানহাই, ক্লাইভ লয়েড, রয় মার্শেল, সোনি রামাধিন, এ. ভ্যালেনটাইন, অ্যাণ্ডি রবার্টস, ও. জি. স্মিথ, ভিভ রিচার্ডস, ক্লাইভ ওয়ালকট, এভার্টন উইকস্ এবং ফ্রাঙ্ক ওরেল ।

প্রঃ (৫৫২) টেস্ট ক্রিকেটে কতজন উইকেটরক্ষক অধিনায়ক হয়েছেন ?

● মাত্র ২ জন । ওয়েস্ট ইণ্ডিজ দলের আলেকজাণ্ডার এবং পাকিস্তানের ওয়াসিম বারি ।

প্রঃ (৫৫৩) টেস্ট ক্রিকেটে কোন দল একদিনে সর্বোচ্চ রান করেছেন ?

● **টেস্ট ক্রিকেটে একটি দলের একদিনের সর্বোচ্চ রান ২ উইকেটে ৫০৩ ।**

এই রান করে ইংল্যাণ্ড দক্ষিণ আফ্রিকা দলের বিরুদ্ধে ৩০শে জুন ১৯২৪ সালের দ্বিতীয় টেস্টে লর্ডস মাঠে।

প্রঃ (৫৫৪) ক্রিকেট জীবনের শততম সেঞ্চুরি টেস্ট ম্যাচে করেছেন কতজন ক্রিকেটার?

● মাত্র দুজন ব্যাটসম্যান এই নজির গড়েন। প্রথম ইংল্যাণ্ডের জিওফ বয়কট। তিনি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে হেডিংলিতে ১৯৭৭ সালে সেঞ্চুরি করে ক্রিকেট জীবনের শততম শতরান পুরণ করেন। দ্বিতীয়জন হলেন জাহির আব্বাস (পাকিস্তান) ভারতের বিরুদ্ধে লাহোর টেস্টে ১৯৮২-৮৩ ২১৩ রান করে শততম শতরান করেন।

প্রঃ (৫৫৫) ডন ব্র্যাডম্যান, ওয়ালী হ্যামণ্ড, গ্যারী সোবার্স, কলিন কাউড্রে, লেন হাটন, কেন ব্যারিংটন, গ্রেগ চ্যাপেল, রোহন কানহাই, ও জিওফ বয়কট—প্রথম ও শেষ টেস্ট ম্যাচে কত রান করেছেন?

● ডন ব্যাডম্যান ১৯২৮ সালের ৩০শে নভেম্বর প্রথম টেস্ট ম্যাচ খেলেন ইংল্যাণ্ডের বিরুদ্ধে ব্রিসবেনে। এই ম্যাচে তিনি ১৮ রান করেন এবং একটি ক্যাচ ধরেন। শেষ ম্যাচ ওভাল মাঠে ১৯৪৮ সালের ১৮ই আগস্ট ইংল্যাণ্ডের বিরুদ্ধে শূন্য রান করেন।

ওয়ালী হ্যামণ্ড, ২৪শে ডিসেম্বর ১৯২৭ সালে জোহেন্সবার্গে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম টেস্টে ৫১ রান সহ ৩৬ রানে ৫টি উইকেট পান দ্বিতীয় ইনিংসে এবং শেষ টেস্ট ম্যাচ নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ক্রাইস্টচার্চে করেন ৭৯ ও ১ রান ১৯৪৭ সালের ২২শে মার্চ।

গ্যারী সোবার্স ১৯৫৪ সালে ৩০শে মার্চ ইংল্যাণ্ডের বিরুদ্ধে জামাইকা মাঠে প্রথম টেস্টে করেন ১৪ অপরাজিত ও ২৬ রান এবং প্রথম ইনিংসে ৪টি উইকেট পান ৭৫ রানে। শেষ টেস্ট ম্যাচে ০ ও ২০ রান করেন এবং উইকেট পান ৪৪ রানে ১টি ও ৩৬ রানে ২টি ত্রিনিদাদে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭৩-৭৪ সালে।

কলিন কাউড্রে ২৬শে নভেম্বর ১৯৫৪ সালে ব্রিসবেনে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে প্রথম ম্যাচে ২টি ক্যাচ সহ করেন ৪০ ও ১০ রান এবং শেষ ম্যাচ মেলবোর্ণ মাঠে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৭৪-৭৫ সালে ১৩ই ফেব্রুয়ারী তারিখে ১টি ক্যাচ সহ করেন মাত্র ৭ রান।

লেন হাটন ১৯৩৭ সালে ২৬শে জুন নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে প্রথম টেস্টে করেন ০ ও ১ রান। শেষ ম্যাচ ২৮শে মার্চ ১৯৫৫ অকল্যাণ্ডে নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে ৫৩ রান।

কেন ব্যারিংটন দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে প্রথম ম্যাচ নটিংহামে ১৯৫৫ সালের ৯ই জুন তারিখে শূন্য রান করেন। শেষ ম্যাচ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৬৮ সালের ৩০শে জুলাই লীডসে ৪৯ ও ৪৬ রান সহ ২টি ক্যাচ ধরেন।

গ্রেগ চ্যাপেল ইংল্যাণ্ডের বিরুদ্ধে পার্থে ১১ই ডিসেম্বর ১৯৭০ সালে ১০৮ রান করেন এবং শেষ ম্যাচ ইংল্যাণ্ডের বিরুদ্ধে সিডনিতে ১৯৮৩ সালের ৬ই জানুয়ারী তারিখে ৩৫ ও ১১ রান করেন।

রোহন কানহাই ইংল্যাণ্ডের বিরুদ্ধে এজবাজটনে ৩০শে জুন ১৯৫৭ সালে ৪২ ও ১ রান করেন। টেস্ট ক্রিকেটে তাঁর প্রথম আবির্ভাব ঘটেছিল উইকেটরক্ষক হিসাবে। শেষ ম্যাচ ৫ই মার্চ ১৯৭৪ সালে ত্রিনিদাদে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ২ ও ৭ রান করেন।

জিওফ বয়কট অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৪ঠা জুন ১৯৬৪ সালে নটিংহামে ৪০ রান করেন। শেষ ম্যাচে করেন ১৮ ও ৬ রান ভারতের বিরুদ্ধে কলকাতায় ৬ই জানুয়ারী ১৯৮২ সালে।

প্রঃ (৫৫৬) টেস্ট ক্রিকেটে একটি বলকে সর্বোচ্চ কত ওভার পর্যন্ত ব্যবহার করা হয়েছে?

● ১৭৭ ওভার একটি বলে একটানা বল করেছে ভিভ রিচার্ডসের নেতৃত্বে ওয়েস্ট ইণ্ডিজ দল নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে প্রথম টেস্ট ওয়েলিংটনে ১৯৮৭ সালে।

প্রঃ (৫৫৭) বিশ্ব ক্রিকেটে 'ব্ল্যাক ব্র্যাডম্যান' 'টাইফুন' "ফায়ারি" বিগবার্ড, "বিগ ডগ্", "লিটিল ডগ্", "লিটিল মস্টার" "ওল্ড মাস্টার" "সুপার ক্যাট" নামে পরিচিত কারা?

● ব্লাক ব্র্যাডমান (জর্জ হেডলী), টাইফুন (টাইসন), ফায়ারি (ফ্রেড ট্রুম্যান), বিগ বার্ড (গাডনার), বিগডগ (পিটার পোলক), লিটিল ডগ (গ্রিমি পোলক), লিটিল মাস্টার (সানি গাভাসকার), ওল্ড মাস্টার (জ্যাক হবস), সুপার ক্যাট (ক্লাইভ লয়েড)।

প্রঃ (৫৫৮) ওয়েস্ট ইণ্ডিজ দলের বিখ্যাত ক্রিকেটার লিয়ারী কনস্টেনটাইন, জর্জ হেডলী, স্টলমেয়ারের টেস্ট পরিসংখ্যান কি?

● লিয়ারী কনস্টেনটাইন ১৮টি টেস্টে ৬৪১ রান সহ ৫৮টি উইকেট, জর্জ হেডলী ৪০টি টেস্টে ২১৯০ রান। স্টলমেয়ার ৩২টি টেস্টে ২১৫৯ রান।

প্রঃ (৫৫৯) পাকিস্তান দলের বিখ্যাত ক্রিকেটার জাহির আব্বাস ও জাভেদ মিঁয়াদাদের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি?

● ৫০টি টেস্টে ৯৪টি ইনিংস, ৭টি নট আউট, ১১টি সেঞ্চুরি সহ ৪৯৭৩ রান। গড় ৪৬.৮১। জাভেদ মিঁয়াদাদ ৮১টি টেস্টে ১২৮ ইনিংসে, ১৮টি নট আউট, ১৯টি সেঞ্চুরি সহ ৫৮৯১ রান।

প্রঃ (৫৬০) কোন বিখ্যাত ইংলিশ ক্রিকেটারের ঠাকুরদা বিখ্যাত কবি ছিলেন ?

● আই. এইচ. টেনিসন।

প্রঃ (৫৬১) টেস্ট ক্রিকেটে আবির্ভূত হয়ে কোন বোলার একটি ইনিংসে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● এ. ই. ট্রট (অস্ট্রেলিয়া) ইংল্যাণ্ডের বিরুদ্ধে। তিনি ৮টি উইকেট পান এডিলেডে ১৮৯৪-৯৫ সালে।

ভারতীয় ক্রিকেটের রেকর্ড প্রসঙ্গ ঃ

প্রঃ (৫৬২) ভারতের মাটিতে সর্বাপেক্ষা পুরানো ক্রিকেট ক্লাব কোনটি ?

● ক্যালকাটা ক্রিকেট ক্লাব। ১৭৯২ সালে।

প্রঃ (৫৬৩) ভারতের মাটিতে কবে প্রথম ইউরোপীয়ান গোষ্ঠি ছাড়াই একটি ক্লাব গড়ে উঠেছিল ?

● ওরিয়েন্ট ক্লাব (বোম্বাই)। এটি ছিল একটি পার্সী ক্লাব।

প্রঃ (৫৬৪) ভারত আই, সি, সি'র সদস্য পদ কবে গ্রহণ করে ?

● ১৯২৬ সালে।

প্রঃ (৫৬৫) ভারতের মাটিতে নথিভুক্ত ক্রিকেট ম্যাচ প্রথম কবে অনুষ্ঠিত হয় ?

● ১৭২১ সালে, বম্বেতে।

প্রঃ (৫৬৬) ভারতের মাটিতে প্রথম কবে ইউরোপীয়ান দলের সঙ্গে পার্সীদের ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয় ?

● ১৮৮৪ সালে।

প্রঃ (৫৬৭) ভারতের মাটিতে সর্বপ্রথম সেঞ্চুরি কে করেছেন ?

● আর. ভ্যানসিটারট্। ১৮০৪ সালে।

প্রঃ (৫৬৮) ভারতের মাটিতে সর্বপ্রথম হ্যাটট্রিক কে করেছেন ?

● এইচ. ই. ব্রাউনি। ইউরোপীয়ান দলের হয়ে পার্সী দলের বিরুদ্ধে ১৮৯৫-৯৬ সালে।

প্রঃ (৫৬৯) ভারত থেকে প্রথম কবে একটি দল ইংল্যাণ্ড সফর করেছিল ?

● ১৮৮৪ সালে। একটি পার্সী দল।

প্রঃ (৫৭০) দ্বিতীয় যে পার্সী দলটি ভারত থেকে ইংল্যাণ্ড সফর করেছিল সেই দলের অধিনায়ক কে ছিলেন ?

● ১৮৮৮ সালে, পি. ডি. কাঙ্গা।

প্রঃ (৫৭১) ইংল্যাণ্ড থেকে প্রথম কবে একটি দল ভারত সফর করেছিল ?

● জি. এফ. ভারননের নেতৃত্বে একটি দল ইংল্যাণ্ড থেকে ভারতে আসে ১৮৮৯-৯০ সালে।

প্রঃ (৫৭২) ভারতীয় ক্রিকেট কণ্ট্রোল বোর্ড কবে তৈরী হয় ?

● ১৯২৮-২৯ সালে।

প্রঃ (৫৭৩) ভারতীয় ক্রিকেট কনট্রোল বোর্ডের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন ?

● আর. ই. গ্রান্ট-গোভার।

প্রঃ (৫৭৪) প্রথম কোন ভারতীয় হ্যাটট্রিক করেছেন ?

● এম. ডি. পারেখ (পার্সী) হিন্দু দলের বিরুদ্ধে এই নজির গড়েন ১৯১২-১৩ সালে।

প্রঃ (৫৭৫) ভারতের মাটিতে প্রথম শ্রেণীর ক্রিকেট প্রতিযোগিতা কতগুলি আছে ?

● চারটি প্রধান প্রতিযোগিতা। এই চারটি হলো যথাক্রমে; রনজি ট্রফি, দলীপ ট্রফি, ইরানী ট্রফি ও দেওধর ট্রফি।

প্রঃ (৫৭৬) রনজি ট্রফি প্রতিযোগিতা কবে শুরু হয় ?

● ১৯৩৪-৩৫ সালে।

প্রঃ (৫৭৭) রনজি ট্রফিতে প্রথম বছর কোন দল চ্যাম্পিয়ান হয়েছে ?

● বোম্বাই। তারা নর্দান ইণ্ডিয়াকে হারিয়ে চ্যাম্পিয়ান হয়।

প্রঃ (৫৭৮) রনজি ট্রফিতে সর্বোচ্চবার চ্যাম্পিয়ান কে হয়েছে ?

● বোম্বাই। ২৯ বার।

প্রঃ (৫৭৯) রনজি ট্রফিতে কোন দল একটানা সর্বোচ্চ বার চ্যাম্পিয়ান হয়েছে ?

● একটানা ১৫ বার চ্যাম্পিয়ান হয়েছে বোম্বাই দল। যথাক্রমে; ১৯৫৮-৫৯ সাল থেকে ১৯৭২-৭৩ সাল।

প্রঃ (৫৮০) রনজি ট্রফি আসরে বাংলা দল কোন বছর চ্যাম্পিয়ান হয়েছে কি ?

● হ্যাঁ, একবার চ্যাম্পিয়ান হয়েছে ১৯৩৮-৩৯ সালে দক্ষিণ পাঞ্জাবকে হারিয়ে।

প্রঃ (৫৮১) রনজি ট্রফি পুরস্কারটি কার সৌজন্যে তৈরী ?

● মহারাজা অফ পাতিয়ালা।

প্রঃ (৫৮২) রনজি ট্রফি আসরে কতজন ক্রিকেটার এখনও পর্যন্ত ট্রিপিল সেঞ্চুরি করেছেন ?

● সাতজন ব্যাটসম্যান এই নজির গড়েন ১৯৮৬-৮৭ সাল পর্যন্ত। এই সাতজন হলেন যথাক্রমে ; বিজয় হাজারে (৩১৬*) ১৯৩৯-৪০ সালে। বিজয় মার্চেন্ট (৩৫৯*) ১৯৪৩-৪৪ সালে। গুল মহাম্মদ (৩১৯) ১৯৪৬-৪৭ সালে। অজিত ওয়াদেকর (৩২৩) ১৯৬৬-৬৭ সালে। বি. বি. নিম্বলকার (৪৫২) ১৯৪৮-৪৯ সালে। সানি গাভাসকার (৩৪০) ১৯৮১-৮২ সালে। আবদুল আজিম (৩০৩) ১৯৮৬-৮৭ সালে।

প্রঃ (৫৮৩) রনজি ট্রফি আসরে ব্যক্তিগত বড় রানটি কার ?

● বি. বি. নিম্বলকার (৪৫২) ১৯৪৮-৪৯ সালে।

প্রঃ (৫৮৪) রনজি ট্রফি আসরে প্রথম আবির্ভাবে দ্বিশত রান কোন ব্যাটসম্যান করেছেন ?

● তিনজন ব্যাটসম্যান এই নজির গড়েন। এই তিনজন হলেন যথাক্রমে ; জর্জ এ্যাবেল ১৯৩৪ সালে, বি. কে. কুন্দরন ১৯৫৯ সালে এবং জি. আর. বিশ্বনাথ ১৯৬৭ সালে।

প্রঃ (৫৮৫) রনজি ট্রফি আসরে কোন ব্যাটসম্যান প্রথম আবির্ভাবে উভয় ইনিংসে সেঞ্চুরি করেছেন ?

● নরী কনট্রাকটর। গুজরাটের হয়ে বরোদার বিরুদ্ধে ১৯৫২ সালে ১০২ ও ১৫০ রান করেন।

প্রঃ (৫৮৬) রনজি ট্রফি আসরে সর্বশেষ কোন ব্যাটসম্যান উভয় ইনিংসে সেঞ্চুরি করেছেন ?

● হনুমন্ত সিং (রাজস্থান) বোম্বাইয়ের বিরুদ্ধে ১৯৬৬ সালে।

প্রঃ (৫৮৭) রনজি ট্রফি আসরে কোন ব্যাটসম্যান ইনিংসের সূচনা থেকে ব্যাট করে সবচেয়ে কম রান করার নজির গড়েছেন ?

● এন. বাজুরিয়া (আসাম) বাংলার বিরুদ্ধে ১৯৭২ সালে। তিনি মাত্র ৮ রান করেন। এই ইনিংসে তিনি অপরাজিত ছিলেন।

প্রঃ (৫৮৮) রনজি ট্রফি আসরে কোন বছরে তিনজন ব্যাটস-ম্যান উভয় ইনিংসে সেঞ্চুরি করেছিলেন ?

● ১৯৪৪ সালে তিনজন ব্যাটসম্যান যথাক্রমে ; ডি. বি. দেওদর, ভি. এস. হাজারে ও মুস্তাক আলী এই নজির গড়েন।

প্রঃ (৫৮৯) রনজি ট্রফি আসরে একটানা সর্বোচ্চ বার সেঞ্চুরি কে করেছেন ? তিনি কতগুলি ইনিংসে সেঞ্চুরি করেন ?

● একটানা পাঁচটি ইনিংসে সেঞ্চুরি করেন রোসি মোদি ১৯৪৩-৪৪ সালে।

প্রঃ (৫৯০) রনজি ট্রফি আসরে একটি ম্যাচের একটি ইনিংসে সর্বোচ্চ কতগুলি সেঞ্চুরি হয়েছে ?

● ১৯৪৫ সালে হোলকার দলের ৬ জন ব্যাটসম্যান সেঞ্চুরি করেন। এই ছ'জন হলেন যথাক্রমে ; সারভাতে, ভাণ্ডারকার, জগদলে, সি. এস. নাইডু, নিম্বলকার ও সিং।

প্রঃ (৫৯১) রনজি ট্রফি আসরে এক মরশুমে সর্বোচ্চ রান সংগ্রহকারী ব্যাটসম্যান কে ?

● রোসি মোদী। ১৯৪৪ সালে তিনি ৫টি ম্যাচের সাতটি ইনিংসে সংগ্রহ করেন মোট ১০০৮ রান।

প্রঃ (৫৯২) রনজি ট্রফি আসরে এক মরশুমে রোসি মোদীর পর আর কোন ব্যাটসম্যান সবচেয়ে বেশী রান সংগ্রহ করেছেন ?

● চেতন চৌহান। ১৯৭২ সালে তিনি ৮৬৯ রান সংগ্রহ করেন।

প্রঃ (৫৯৩) রনজি ট্রফি আসরে সর্বোচ্চ সেঞ্চুরি কে করেছেন ?

● বিজয় হাজারে। ২২টি।

প্রঃ (৫৯৪) রনজি ট্রফি আসরে সর্বোচ্চ রান সংগ্রহ কে করেছেন ?

● বিজয় হাজারে। ৬৩১২ রান।

প্রঃ (৫৯৫) রনজি ট্রফি আসরে একটি ইনিংসে সর্বোচ্চ রান সংগ্রহ কোন দল করেছে ?

● ১০১২ রান ৮ উইকেটে। এই রান করে হোলকার দল মহীশূর দলের বিরুদ্ধে ১৯৪৫ সালে ইন্দোরে।

প্রঃ (৫৯৬) রনজি ট্রফি আসরে একটি ম্যাচে সর্বোচ্চ রান কত হয়েছে ?

● ২৩৭৬ রান হয় ৩৮টি উইকেটের বিনিময়ে ১৯৪৮ সালে বোম্বাই বনাম মহারাষ্ট্রের মধ্যে খেলায় পুনাতে।

প্রঃ (৫৯৭) রনজি ট্রফি আসরে একটি দলের সর্বনিম্ন রান কত?

● ২২ রান। সাউদার্ণ পাঞ্জাব এই রান করে নর্দান পাঞ্জাব দলের বিরুদ্ধে ১৯৩৪-৩৫ সালে।

প্রঃ (৫৯৮) রনজি ট্রফি আসরে কখনও কোন ম্যাচ টাই হয়েছে কি?

● হ্যাঁ। একবার হয়েছে ১৯৪৫-৪৬ সালে সাউদার্ণ পাঞ্জাব বনাম বরোদার মধ্যে খেলায়।

প্রঃ (৫৯৯) রনজি ট্রফি আসরে চতুর্থ ইনিংসে বড় রানের ইনিংসটি কত?

● ৬০৪ রান। মহারাষ্ট্র এই রান করে পুনার বিরুদ্ধে ১৯৪৮-৪৯ সালে।

প্রঃ (৬০০) রনজি ট্রফি আসরে একটি ম্যাচে একটি দলের সর্ব-নিম্ন রান কত?

● জম্মু ও কাশ্মীর ৫১ রান (২৩ ও ২৮) দিল্লীর বিরুদ্ধে ১৯৬০-৬১ সালে।

প্রঃ (৬০১) রনজি ট্রফিতে কোন বোলার একটি ইনিংসে দুবার হ্যাটট্রিক করেছেন?

● জে. এস. রাও (সার্ভিসেস) নর্দান পাঞ্জাবের বিরুদ্ধে এই নজির গড়েন ১৯৬৩ সালে।

প্রঃ (৬০২) রনজি ট্রফিতে কোন বোলার একটানা তিনটি হ্যাটট্রিক করেছেন?

● জে. এস. রাও (সার্ভিসেস)। প্রথম জম্মু ও কাশ্মীরের বিরুদ্ধে পরে নর্দান পাঞ্জাব দলের বিরুদ্ধে একটি ইনিংসে দুটি হ্যাটট্রিক করে এই নজির গড়েন ১৯৬৩ সালে।

প্রঃ (৬০৩) রনজি ট্রফি আসরে কোন বোলার একটি ইনিংসে ১০টি উইকেট পেয়েছেন?

● প্রেমাংশু চ্যাটার্জী (বাংলা)। তিনি ২০ রানে ১০টি উইকেট পান আসামের বিরুদ্ধে ১৯৫৬ সালে। প্রদীপ সুন্দরাম (রাজস্থান) তিনি বিদর্ভের বিরুদ্ধে ১৯৮৫-৮৬ সালে এই নজির গড়েন।

প্রঃ (৬০৪) রনজি ট্রফি নয়—অন্য কোন প্রথম শ্রেণীর ম্যাচে কোন ভারতীয় বোলার একটি ইনিংসে দশটি উইকেট পেয়েছেন?

● সুভাষ গুপ্তে। ১৯৫৪ সালে বোম্বাই ক্রিকেট এসোসিয়েশন বনাম পাকিস্তান সার্ভিসেস ও ভাগলপুর সার্ভিসেস সম্মিলিত দলের বিরুদ্ধে ১৮ রানে ১০টি উইকেট পান ভাগলপুরে।

প্রঃ (৬০৫) রনজি ট্রফি আসরে সর্বপ্রথম হ্যাটট্রিক কে করেছেন ?

● বাঁকা জালানী। নর্দান ইণ্ডিয়া বনাম সাউদার্ণ পাঞ্জাব দলের মধ্যে খেলায় ১৯৩৪-৩৫ সালে।

প্রঃ (৬০৬) রনজি ট্রফি আসরে ১৯৮৭ সাল পর্যন্ত মোট কতগুলি হ্যাটট্রিক হয়েছে ? বাংলা দলের কোন বোলার হ্যাটট্রিক করেছেন কি ?

● মোট ২৪ বার হ্যাটট্রিক হয়েছে ১৯৮৭ সাল পর্যন্ত। বাংলার তিনজন এই নজির গড়েন। এই তিনজন হলেন যথাক্রমে ; লং ফিল্ড, পি. চ্যাটার্জী ও বরুণ বর্মন।

প্রঃ (৬০৭) রনজি ট্রফি আসরে কোন একমাত্র বোলার শূন্য রানে ৪টি উইকেট পান—কোন ম্যাচে ?

● লালা অমরনাথ। রেলওয়ে বনাম পাতিয়ালার মধ্যে খেলায় ১৯৫৮ সালে।

প্রঃ (৬০৮) রনজি ট্রফি আসরে কোন বোলার এক মরশুমে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● বি. এস. বেদী। তিনি ১৯৭৪ সালে ৬৪টি উইকেট পান।

প্রঃ (৬০৯) রনজি ট্রফি আসরে এক মরশুমে কতজন বোলার ৫০টির বেশী উইকেট পেয়েছেন ?

● চারজন বোলার। রামকান্ত দেশাই (৫০) ১৯৫৮ সালে। এস. ভেঙ্কট রাঘবন (৫৮) ১৯৭২ সালে। বি. এস. চন্দ্রশেখর (৫৫) ১৯৭৩ সালে। বি. এস. বেদী (৬৪) ১৯৭৪ সালে।

প্রঃ (৬১০) রনজি ট্রফি আসর থেকে সবচেয়ে বেশী উইকেট কোন বোলার সংগ্রহ করেছেন ?

● ভি. ভি. কুমার। তামিলনাড়ু। ৪০২টি উইকেট।

প্রঃ (৬১১) রনজি ট্রফি আসরে কোন বোলার একটি ইনিংসে সর্বোচ্চ ওভার বোলিং করেছেন ?

● গোলাম আমেদ ৯২·৩ ওভার। হায়দ্রাবাদের হয়ে হোলকার দলের বিরুদ্ধে ১৯৫০ সালে।

প্রঃ (৬১২) ভারতের মাটিতে একটি প্রথম শ্রেণীর খেলায় কোন বোলার সর্বোচ্চ ওভার বোলিং করেছেন ?

● সি. এস. নাইডু ১৫২·২ ওভার অর্থাৎ ৯১৭ বল করেছেন।

প্রঃ (৬১৩) রনজি ট্রফি আসরে একটি ম্যাচে সর্বোচ্চ সেঞ্চুরি কতগুলি হয়েছে ?

● ৯টি সেঞ্চুরি হয়েছে ১৯৪৮-৪৯ সালে বোম্বাই বনাম মহারাষ্ট্রের মধ্যে খেলায়। এই ম্যাচে বোম্বাই দলের ৫ জন ও মহারাষ্ট্র দলের ৪ জন ব্যাটসম্যান সেঞ্চুরি করেছেন।

প্রঃ (৬১৪) রনজি ট্রফি আসরে সর্বপ্রথম সেঞ্চুরি কে করেছেন ?

● হায়দ্রাবাদ দলের এস. এম. হাজি। তিনি মাদ্রাজের বিরুদ্ধে ১৯৩৩-৩৪ সালে ১৩২ রান করে অপরাজিত থাকেন।

প্রঃ (৬১৫) রনজি ট্রফি আসরে কোন ক্রিকেটার খুব দ্রুত হাজার রান পূরণ করেছেন ?

● রোসি মোদী। মোট আটটি ইনিংসে এই রান করেন।

প্রঃ (৬১৬) ন্যাশানাল ক্রিকেট চ্যাম্পিয়ানশীপ প্রতিযোগিতায় রার্নাস আপ দলকে কোন ট্রফি দেওয়া হয় ? কবে থেকে এই ট্রফি চালু হয়েছে ?

● ইম্পিরিয়াল টোবাকো কোম্পানী ট্রফি। ১৯৪৬-৪৭ সালে চালু হয়।

প্রঃ (৬১৭) ন্যাশানাল ক্রিকেট চ্যাম্পিয়ানশীপ প্রতিযোগিতায় আঞ্চলিক ভিত্তিক খেলায় বিজয়ী দলগুলিকে কি পুরস্কার দেওয়া হয় ?

● সেণ্ট্রাল জোন—মেয়র ট্রফি। ওয়েস্ট জোন—তালিম ট্রফি। সাউথ জোন—সাউদার্ণ জোন ট্রফি। ইষ্ট জোন—মোনামিটার চ্যালেঞ্জ কাপ। নর্থ জোন—পণ্ডিত রমানাথ শীল্ড।

প্রঃ (৬১৮) রনজি ট্রফি আসরে কোন একমাত্র ক্রিকেটার জম্মু ও কাশ্মীর দলের হয়ে সেঞ্চুরি করেছেন ?

● এফ. মির্জা পাঞ্জাবের বিরুদ্ধে ১৯৭৫ সালে।

প্রঃ (৬১৯) রনজি ট্রফিতে কোন উইকেটরক্ষক একটি ম্যাচে ৯টি ব্যাটসম্যানকে আউট করার নজির গড়েছেন ?

● এম. কে. মন্ত্রী ১৯৪১ সালে। পি. জি. যোশী ১৯৫৯ সালে এবং কে. এস. ইন্দ্রজিৎ সিংজী ১৯৬৫ সালে।

প্রঃ (৬২০) কোন উইকেটরক্ষক রনজি ট্রফি আসরে একটি ইনিংসে ৬জন ব্যাটসম্যানকে আউট করেছেন ?

● ডি. ডি. দেশপাণ্ডে (সার্ভিসেস) হরিয়ানার বিরুদ্ধে ১৯৭২ সালে এবং এ. ভানট্ (উঃ প্রদেশ) বিদর্ভের বিরুদ্ধে ১৯৭৩ সালে।

প্রঃ (৬২১) রনজি ট্রফি আসরে কোন একমাত্র ব্যাটসম্যান "অফস্ট্রাকটিং দ্যা ফিল্ড" এই আইনে আউট হয়েছেন ?

● ডি. ডি. দেশপাণ্ডে। ১৯৫৬-৫৭ সালে তিনি এই নজির তৈরী করেন মধ্যপ্রদেশ বনাম উত্তর প্রদেশের মধ্যে খেলায়।

প্রঃ (৬২২) ইরানী ট্রফি কি ? এই ট্রফি কার নামানুসারে তৈরী ?

● এই ট্রফি খেলা হয় ন্যাশানাল চ্যাম্পিয়ান দলের সঙ্গে রেস্ট অফ ইণ্ডিয়ার মধ্যে। এই টুর্ণামেণ্ট জে. আর. ইরানীর নামে তৈরী।

প্রঃ (৬২৩) প্রথম বছর ইরানী ট্রফি কোথায় এবং কবে খেলা হয় ? প্রথম বছর কোন দল এই ট্রফি জয়লাভ করে ?

● ১৯৬১ সালে দিল্লীতে। খেলাটি হয় মার্চ মাসের ১৮, ১৯ ও ২১ তারিখে ১৯৬১ সালে। প্রথম বছর ম্যাচটি অমীমাংসিত ভাবে শেষ হয় এবং প্রথম বছর ট্রফি লাভ করে বোম্বাই দল প্রথম ইনিংসে এগিয়ে থাকার সুবাদে।

প্রঃ (৬২৪) ইরানী ট্রফিতে প্রথম দ্বিশত রান কে করেছেন ?

● গুণ্ডাপ্পা বিশ্বনাথ। আমেদাবাদে। ১৯৭৪ সালে।

প্রঃ (৬২৫) ইরানী ট্রফির আসরে দ্রুততম সেঞ্চুরি কে করেছেন ?

● দিলীপ বেঙ্গসরকার। বোম্বাই দলের হয়ে নাগপুরে। ১৯৭৫ সালে।

প্রঃ (৬২৬) দলীপ ট্রফি কার নামানুসারে তৈরী ? কবে এই আসর শুরু হয় ?

● এটি একটি আঞ্চলিক প্রতিযোগিতা। শুরু হয় ১৯৬১ সালে মাদ্রাজে। এই ট্রফি দলীপ সিংজীর নামে তৈরী।

প্রঃ (৬২৭) দলীপ ট্রফি আসরে সর্বোচ্চবার সেঞ্চুরি কে করেছেন ?

● অংশুমান গায়কোয়াড়। ৮ বার।

প্রঃ (৬২৮) দলীপ ট্রফি আসরে ব্যক্তিগত বড় রানের ইনিংসটি কার ?

● পূর্বাঞ্চলের অধিনায়ক অরুণলালের। ১৯৮৭ সালে অরুণলাল পশ্চিমাঞ্চলের বিরুদ্ধে ২৮৭ রান করেন।

প্রঃ (৬২৯) দলীপ ট্রফি আসরে দ্বিশতরান কতজন ব্যাটসম্যান করেছেন ?

● চারজন ব্যাটসম্যান। অরুণলাল (২৮৭, ২১৪) ওয়াদেকার (২২৯) গাভাসকার (২২৮) আজাহারুদ্দিন (২২৬)।

প্রঃ (৬৩০) দলীপ ট্রফি আসরে কোন একমাত্র ব্যাটসম্যান পরপর দুটি ম্যাচে দ্বিশত রান করেছেন ?

● অরুণলাল (পূর্বাঞ্চল) মধ্যাঞ্চলের বিরুদ্ধে প্রথমে ২১৪ রান ও পরে পশ্চিমাঞ্চলের বিরুদ্ধে করেন ২৮৭ রান ১৯৮৭ সালে।

প্রঃ (৬৩১) দলীপ ট্রফি আসরে কোন একমাত্র ব্যাটসম্যান উভয় ইনিংসে সেঞ্চুরি করেছেন ?

● লালচাঁদ রাজপুত। তিনি এই রান করেন দক্ষিণাঞ্চল বনাম পশ্চিমাঞ্চলের খেলায়।

প্রঃ (৬৩২) দলীপ ট্রফি আসরে একটি ম্যাচে সর্বোচ্চ সেঞ্চুরি কটি হয়েছে ?

● ৯টি সেঞ্চুরি হয়েছে ১৯৮৬ সালে পশ্চিমাঞ্চল বনাম দক্ষিণাঞ্চল দলের মধ্যে খেলায়। প্রথম শ্রেণীর ক্রিকেটে ভারতের মাটিতে এটি একটি রেকর্ড। এই নজির প্রথম হয় রনজি ট্রফি আসরে ১৯৪৮-৪৯ সালে হোলকার বনাম মহীশূর দলের খেলায়।

প্রঃ (৬৩৩) রনজি ট্রফি ও দলীপ ট্রফি আসরে সর্বোচ্চ রান কত ?

● হোলকার দল মহীশূর দলের বিরুদ্ধে করে ৮ উইকেটে ১০১২ রান। এই নজির রনজি ট্রফিতে। দলীপ ট্রফির সর্বোচ্চ রান ৭৪০। এই রান করে দক্ষিণাঞ্চল পশ্চিমাঞ্চল দলের বিরুদ্ধে ১৯৮৬ সালে।

প্রঃ (৬৩৪) দলীপ ট্রফি সর্বোচ্চবার কোন দল পেয়েছে ?

● ১৯৮৬ সাল পর্যন্ত পশ্চিমাঞ্চল মোট ২১ বার ফাইনালে উঠে বারো বার জয় পায়।

প্রঃ (৬৩৫) দলীপ ট্রফি আসরে কোন উইকেটরক্ষক একটি ইনিংসে সর্বোচ্চ ক্যাচ ধরেছেন ?

● সুনীল বেনজামিন। ৭ জনকে আউট করেন ১৯৭৩-৭৪ সালে।

প্রঃ (৬৩৬) রোহিনটন বারিয়া টুনার্মেণ্ট কি ? কোথায় এবং কবে এই আসর খেলা হয় ?

● এটি একটি ভারতের ইণ্টার ইউনিভারসিটি টুর্নামেণ্ট। ১৯৩৫-৩৬ সালে প্রথম খেলা হয়। প্রথম বছর এই টুর্নামেণ্ট লাভ করে পাঞ্জাব ইউনিভারসিটি দল।

প্রঃ (৬৩৭) রোহিনটন বেরিয়া টুনার্মেণ্টে সর্বোচ্চ রান কার ?

● সুনীল গাভাসকার। ৩২৭ রান বোম্বাই বিশ্ববিদ্যালয়ের হয়ে গুজরাটের বিরুদ্ধে ১৯৭০ সালে।

প্রঃ (৬৩৮) ভিজি ট্রফি কি ? কবে শুরু হয় ?

● এটি ইন্টার জোন ইউনিভারসিটি চ্যাম্পিয়ানশীপ প্রতিযোগিতা। এটি মহারাজা অব ভিজিয়ানাগ্রামের নামানুসারে তৈরী। ১৯৬৬-৬৭ সালে চালু হয়। প্রথম বছর ওয়েস্ট জোন চ্যাম্পিয়ান হয়।

প্রঃ (৬৩৯) দেওদর ট্রফি কি ? কার নামানুসারে তৈরী ?

● পাঁচটি জোনের মধ্যে একটি সীমিত ওভারের জোনাল প্রতিযোগিতা। এই ট্রফি প্রফেসর দেওদরের নামানুসারে তৈরী। ১৯৭৩-৭৪ সালে এই ট্রফি শুরু হয়।

প্রঃ (৬৪০) দেওদর ট্রফি কত ওভারের খেলা ?

● ৬০ ওভারের খেলা।

প্রঃ (৬৪১) দেওদর ট্রফি আসরে প্রথম সেঞ্চুরি কে করেছেন ?

● আবদুল হাই। সাউথ জোন ও নর্থ জোনের খেলায় ১৯৭৪ সালে।

প্রঃ (৬৪২) দেওদর ট্রফি সর্বোচ্চবার কে পেয়েছেন ?

● ৪ বার—ওয়েস্ট জোন।

প্রঃ (৬৪৩) গোপালন ট্রফি কি ? কবে শুরু হয় ?

● ১৯৫২-৫৩ সালে এই আসর শুরু হয় তামিলনাড়ু বনাম শ্রীলঙ্কা অ্যানুয়াল ম্যাচের মধ্যে। এটি ভারতের প্রাক্তন ক্রিকেটার এম. জে. গোপালনের নামানুসারে তৈরী।

প্রঃ (৬৪৪) গোপালন ট্রফি আসরে সর্বোচ্চ রান কে করেছেন ?

● সি. আই. গুনশেখর (২১২) শ্রীলঙ্কা দলের হয়ে ১৯৫৮-৫৯ সালে।

প্রঃ (৬৪৫) কোচবিহার ট্রফি কি ? কে এই ট্রফি প্রদান করেন ?

● কোচবিহার ট্রফি হলো সর্বভারতীয় জোনাল স্কুল প্রতিযোগিতা। ১৯৫০ সালে এই ট্রফি প্রদান করেন কোচবিহারের মহারাজা।

প্রঃ (৬৪৬) আসল কোচবিহার ট্রফিটি কোথায় আছে ?

● দেশ ভাগের পর এই ট্রফি পাকিস্তানে চলে যায়।

প্রঃ (৬৪৭) নিম্নলিখিত টুর্নার্মেণ্টগুলি কত সাল থেকে কত সাল পর্যন্ত চালু ছিল :—(ক) প্রেসিডেন্সি ম্যাচ (খ) ট্যাঙ্গুলার ম্যাচ (গ) কোয়েটাঙ্গুলার ম্যাচ (ঘ) প্যানটাঙ্গুলার ম্যাচ ?

● (ক) ১৮৯৫-১৯০৬, (খ) ১৯০৭-১১, (গ) ১৯১২-৩৬, (ঘ) ১৯৩৭-৪৪।

প্রঃ (৬৪৮) কোয়েটাঙ্গুলার আসরে কোন একমাত্র ব্যাটসম্যান দ্বিশত রান করেছেন ?

● এ. এল. হোসি (২২০) ইউরোপীয়ান দলের হয়ে হিন্দু দলের বিরুদ্ধে ১৯২৪ সালে।

প্রঃ (৬৪৯) প্যানটাঙ্গুলার আসরে একটি দলের সর্বোচ্চ রান কত ?

● ৫৬০-৭ উইকেটে করে হিন্দু দল রেস্ট অফ ইণ্ডিয়ার বিরুদ্ধে ১৯৩৮ সালে।

প্রঃ (৬৫০) প্যানটাঙ্গুলার আসরে ব্যক্তিগত বড় রানের ইনিংসটি কার ?

● ভি. এস. হাজারে (৩০৯) রেস্ট অফ ইণ্ডিয়ার হয়ে হিন্দু দলের বিরুদ্ধে ১৯৪৩ সালে।

প্রঃ (৬৫১) প্যানটাঙ্গুলার আসরে দ্বিশত রান কতজন করেছেন ?

● তিনজন ব্যাটসম্যান। এই তিনজন হলেন যথাক্রমে ; ভি. এম. মার্চেণ্ট (২৫০, ২৪৩*, ২২১ ও ২২১*) ভি. এস. হাজারে (২৪৮) লালা অমরনাথ (২৪১)।

প্রঃ (৬৫২) প্যানটাঙ্গুলার আসরে একটি দলের সর্বনিম্ন রান কত ?

● ৬৪। ইউরোপীয়ান বনাম মহামেডান দলের মধ্যে খেলায় ১৯৩৭ সালে।

প্রঃ (৬৫৩) কোয়েটাঙ্গুলার আসরে সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● সর্বোচ্চ রান ৮ উইকেটে ৪৮২ রান। ইউরোপীয়ান বনাম পার্সী দলের মধ্যে ১৯২১ সালে। সর্বনিম্ন রান ২১ মহামেডান দল করে ইউরোপীয়ান দলের বিরুদ্ধে ১৯১৫ সালে।

প্রঃ (৬৫৪) রনজি ট্রফি আসরে কোন ব্যাটসম্যান সর্বপ্রথম উভয় ইনিংসে সেঞ্চুরি করেন ?

● এস. এম. কাদরি। বোম্বাই দলের হয়ে ওয়েস্টার্ণ ইণ্ডিয়ার বিরুদ্ধে ১৯৫৫ সালে।

প্রঃ (৬৫৫) রনজি ট্রফি আসরে কোন ব্যাটসম্যান সর্বপ্রথম ইনিংসের শুরু থেকে শেষ পর্যন্ত খেলে অপরাজিত থাকেন ?

● ডি. কে. ইয়ার্ড। ২৭ রান করেন অপরাজিত অবস্থায় বরোদার হয়ে নোয়ানগর দলের বিরুদ্ধে ১৯৩৭-৩৮ সালে।

প্রঃ (৬৫৬) ইংল্যাণ্ড দলের বিখ্যাত কোন টেস্ট ক্রিকেটার ভারতের মাটিতে রনজি ট্রফি খেলেছেন—কে এই ক্রিকেটার ? তিনি কোন দলের হয়ে খেলেছেন ? রনজি ট্রফিতে তাঁর সর্বোচ্চ রান কত ?

● ডেনিস কম্পটন। ১৯৪৪ সালে তিনি রনজি ট্রফিতে খেলেন হোলকার দলের হয়ে। বোম্বাই দলের বিরুদ্ধে তিনি সর্বোচ্চ ২৪৯* (নট আউট) রান করেন ১৯৪৪ সালে।

প্রঃ (৬৫৭) ভারতীয় দল টেস্ট ক্রিকেটে প্রথম অংশ নিয়েছে কবে ?

● ১৯৩২ সালে।

প্রঃ (৬৫৮) ভারত ও ইংল্যাণ্ড দলের মধ্যে টেস্ট সিরিজ প্রথম কবে শুরু হয় ?

● ১৯৩২ সালে।

প্রঃ (৬৫৯) ভারতীয় ক্রিকেট দল প্রথম কবে ইংল্যাণ্ড সফর করে ? প্রথম টেস্ট সিরিজে দুই দলের অধিনায়ক কারা ছিলেন ?

● ১৯৩২ সালে মহারাজা অফ পোরবন্দরের অধিনায়কত্বে ভারতীয় দল ইংল্যাণ্ড সফর করে। এই সফরে টেস্ট ক্রিকেটে ভারতীয় দলকে নেতৃত্ব দিয়েছিলেন কর্ণেল সি. কে. নাইডু এবং ইংল্যাণ্ড দলের অধিনায়ক ছিলেন ডগলাস জার্ডিন।

প্রঃ (৬৬০) টেস্ট ক্রিকেটে অংশ নিতে প্রথম ইংল্যাণ্ড থেকে দলটি ভারতে কবে এসেছিল ? এই দলের অধিনায়ক কে ছিলেন ?

● ১৯৩৩-৩৪ সালে ডগলাস জার্ডিনের নেতৃত্বে ইংল্যাণ্ড দল ভারতে আসে।

প্রঃ (৬৬১) ভারত বনাম অস্ট্রেলিয়ার মধ্যে টেস্ট সিরিজ কবে শুরু হয় ?

● ১৯৪৭-৪৮ সালে।

প্রঃ (৬৬২) ভারতীয় দল কার নেতৃত্বে সর্বপ্রথম অস্ট্রেলিয়া সফর করেছিল ? এই সিরিজে অস্ট্রেলিয় দলের অধিনায়ক কে ছিলেন ?

● ১৯৪৭-৪৮ সালে লালা অমরনাথের নেতৃত্বে ভারতীয় দল সর্বপ্রথম অস্ট্রেলিয়া সফর করে। এই সিরিজে অস্ট্রেলিয়া দলের অধিনায়ক ছিলেন স্যার ডন ব্র্যাডম্যান।

প্রঃ (৬৬৩) অস্ট্রেলিয়া দল সর্বপ্রথম টেস্ট খেলার জন্য ভারত সফর কবে করেছিল? অধিনায়ক কে ছিলেন?

● ১৯৫৬-৫৭ সালে। অস্ট্রেলিয়ার অধিনায়ক ছিলেন আয়ান জনসন এবং ভারতের পক্ষে পলি উমড়িগড়।

প্রঃ (৬৬৪) ওয়েস্ট ইণ্ডিজ বনাম ভারতের মধ্যে টেস্ট সিরিজ প্রথম কবে শুরু হয়?

● ১৯৪৮-৪৯ সালে।

প্রঃ (৬৬৫) ভারত সর্বপ্রথম ওয়েস্ট ইণ্ডিজ সফর কবে করেছিল এবং কার নেতৃত্বে?

● ১৯৫২-৫৩ সালে। এই সফরে ভারতীয় দলের অধিনায়ক ছিলেন পলি উমড়িগড়।

প্রঃ (৬৬৬) ওয়েস্ট ইণ্ডিজ দল কার নেতৃত্বে সর্বপ্রথম ভারত সফর করেছিল?

● ১৯৪৮-৪৯ সালে জে. ডি. ডি. গর্ডাডের নেতৃত্বে। ভারতীয় দলের অধিনায়ক ছিলেন লালা অমরনাথ।

প্রঃ (৬৬৭) ভারত বনাম পাকিস্তান দলের মধ্যে টেস্ট সিরিজ প্রথম কবে শুরু হয়?

● ১৯৫২-৫৩ সালে।

প্রঃ (৬৬৮) পাকিস্তান দল কার নেতৃত্বে সর্বপ্রথম ভারত সফর করেছিল?

● আবদুল হাফিজ কারদারের নেতৃত্বে ১৯৫২-৫৩ সালে পাকিস্তান দল প্রথম ভারত সফর করে। ভারতীয় দলের অধিনায়ক ছিলেন লালা অমরনাথ।

প্রঃ (৬৬৯) ভারতীয় দল কবে সর্বপ্রথম পাকিস্তান সফর করে এবং কার নেতৃত্বে?

● ১৯৫৪-৫৫ সালে ভিনু মানকড়ের নেতৃত্বে।

প্রঃ (৬৭০) ভারত নিউজিল্যাণ্ড টেস্ট সিরিজ কবে প্রথম শুরু হয়?

● ১৯৫৫-৫৬ সালে।

প্রঃ (৬৭১) ভারতে নিউজিল্যাণ্ড দল সর্বপ্রথম কবে সফর করেছিলেন?

● এইচ. বি. কেভের নেতৃত্বে ১৯৫৫-৫৬ সালে। এই সিরিজে ভারতের অধিনায়ক ছিলেন পি. আর. উমড়িগড়।

প্রঃ (৬৭২) নিউজিল্যাণ্ডে ভারতীয় দল কার নেতৃত্বে প্রথম সফর করে ?

● এম. এ. কে. পাতৌদির নেতৃত্বে ১৯৬৭-৬৮ সালে।

প্রঃ (৬৭৩) ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ভারতের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৮ উইকেটে ৫৫৩ রান। কানপুর। ১৯৮৫।
৪২। লর্ডস। ১৯৭৪ সাল।

প্রঃ (৬৭৪) ভারতের বিরুদ্ধে ইংল্যাণ্ড দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৭ উইকেটে ৬৫২ রান। মাদ্রাজ। ১৯৮৫।
১০১। ওভাল। ১৯৭১।

প্রঃ (৬৭৫) ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে স্বদেশের মাঠে ভারতীয় দলের সর্বোচ্চ রান ও সর্বনিম্ন রান কত ?

● ৮ উইকেটে ৫৫৩। কানপুর। ১৯৮৫।
৮৩। মাদ্রাজ। ৩য় টেস্ট। ১৯৭৬-৭৭ সাল।

প্রঃ (৬৭৬) ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ইংল্যাণ্ডের মাঠে ভারতীয় দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৫১০। লীডস। ১৯৭৪।
৪২। ওভাল। ১৯৭১।

প্রঃ (৬৭৭) ভারতের বিরুদ্ধে ভারতের মাঠে ইংল্যাণ্ড দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৭ উইকেটে ৬৫২ রান। মাদ্রাজ। ১৯৮৫। ১৫৯। মাদ্রাজ ৩য় টেস্ট। ১৯৭২-৭৩ সালে।

প্রঃ (৬৭৮) ভারতের বিরুদ্ধে ইংল্যাণ্ডের মাঠে ইংল্যাণ্ডের সর্বনিম্ন রান কত ?

● ১০১। ওভাল। ৩য় টেস্ট। ১৯৭১ সাল।

প্রঃ (৬৭৯) ভারতের বিরুদ্ধে অস্ট্রেলিয়া দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৬৭৪। এডিলেড ১৯৪৭-৪৮ সালে।
১০৫। কানপুর। ১৯৫৯-৬০ সালে।

প্রঃ (৬৮০) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারতীয় দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৪ উইকেটে ৬০০। সিডনি। ১৯৮৫ সালে। ৫৮। ব্রিসবেন। ১৯৪৭-৪৮ সাল।

প্রঃ (৬৮১) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ভারত সর্বপ্রথম সিরিজ জয় করে কবে ?

● ১৯৭৮-৭৯ সালে কিম হিউজের দলকে ২-০ ম্যাচে হারিয়ে সর্বপ্রথম ভারত সিরিজ জয়লাভ করে।

প্রঃ (৬৮২) ভারতের বিরুদ্ধে পাকিস্তান দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৬৭৪। ফয়শালাবাদ। ১৯৮৪ সাল।
১৫০। নিউ দিল্লী। ১৯৫২-৫৩ সাল।

প্রঃ (৬৮৩) পাকিস্তানের বিরুদ্ধে ভারতের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৯ উইকেটে ৫৩৯ রান। ১৯৬০-৬১ সালে। মাদ্রাজ।
১০৬। লক্ষ্ণৌ। ১৯৫২-৫৩ সালে।

প্রঃ (৬৮৪) পাকিস্তানের মাটিতে ভারতীয় দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৫০০ রান। ফয়শালাবাদ। ১৯৮৪-৮৫ সাল।
১৪৫। করাচী। ১৯৫৪-৫৫ সালে।

প্রঃ (৬৮৫) ভারতের মাটিতে পাকিস্তান দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৮ উইকেটে ৪৮৭। মাদ্রাজ। ১৯৮৬-৮৭ সাল।
১৫০। নিউ দিল্লী। ১৯৫২-৫৩ সাল।

প্রঃ (৬৮৬) ভারতের বিরুদ্ধে ওয়েস্ট ইণ্ডিজ দলের সর্বনিম্ন ও সর্বোচ্চ রান কত ?

● ৮ উইকেটে ৬৪৪। নিউ দিল্লী। ১৯৫৮-৫৯ সাল।
১৫১। মাদ্রাজ। ১৯৭৮-৭৯ সাল।

প্রঃ (৬৮৭) ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ভারতের সর্বোচ্চ রান কত ?

● ৭ উইকেটে ৬৪৪ রান। কানপুর। ১৯৭৮-৭৯ সাল।
৯৭। কিংস্টন ওভাল। ১৯৭৫-৭৬ সালে।

প্রঃ (৬৮৮) ওয়েস্ট ইণ্ডিজ মাটিতে ভারতীয় দলের এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ওঃ ইঃ দলের ৮ উইকেটে ৬৩১। কিংস্টন ওভাল। ১৯৬১-৬২ সাল। সর্বনিম্ন রান ২১৪। পোর্ট অফ স্পেন। ১৯৭০-৭১।

● ভারতীয় দলের সর্বোচ্চ রান ৭ উইকেটে ৪৬৯। পোর্ট অফ স্পেন। ১৯৮২-৮৩ এবং সর্বনিম্ন রান ৯৭ কিংস্টন ওভাল ১৯৭৫-৭৬ সালে।

প্রঃ (৬৮৯) ভারতের বিরুদ্ধে নিউজিল্যাণ্ড দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● সর্বোচ্চ ৫০২। ক্রিসচার্জ। ১৯৬৭-৬৮ সাল।
সর্বনিম্ন ১০১। অকল্যাণ্ড। ১৯৬৭-৬৮ সাল।

প্রঃ (৬৯০) নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ভারতীয় দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৩ উইকেটে ৫৩৭ রান। মাদ্রাজ ৫ম টেস্ট। ১৯৫৫-৫৬ সালে।
৮১ ওয়েলিংটন ৩য় টেস্টে। ১৯৭৫-৭৬ সালে।

প্রঃ (৬৯১) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের প্রথম অধিনায়ক কে ?

● কর্ণেল সি. কে. নাইডু। ১৯৩২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৬৯২) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের হয়ে সর্বপ্রথম টেস্ট সেঞ্চুরি কে করেছেন ?

● লালা অমরনাথ। ১১৮ রান করেন ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে বোম্বাই মাঠে প্রথম টেস্টের দ্বিতীয় ইনিংসে ১৯৩৩-৩৪ সালে।

প্রঃ (৬৯৩) টেস্ট ক্রিকেটে ভারতীয় কোন ব্যাটসম্যান সর্বপ্রথম দ্বিশত রান করেছেন ?

● পলি উমড়িগড় (২২১) হায়দ্রাবাদে ১৯৫৫-৫৬ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে।

প্রঃ (৬৯৪) টেস্ট ক্রিকেটে ট্রিপল সেঞ্চুরি কোন ভারতীয় ব্যাটসম্যান করেছেন কি ?

● একজনও নয়।

প্রঃ (৬৯৫) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের কতজন ক্রিকেটার ডাবল সেঞ্চুরি করেছেন ?

● সাতজন ক্রিকেটার। পলি উমড়িগড় (২২৩), ভিনু মানকড় (২২৩, ২৩১), দিলীপ সারদেশাই (২০০* ২১২), মনসুর আলী পাতৌদি (২০৩), সানি

গাভাসকার (২২০, ২০৫, ২২১, ২৩৬*), গুণ্ডাপ্পা বিশ্বনাথ (২২২), অংশুমান গায়কোয়াড় (২০১)।

প্রঃ (৬৯৬) কোন ভারতীয় ক্রিকেটার সর্বপ্রথম টেস্ট ক্রিকেটে উভয় ইনিংসে শতরান করেছেন ?

● বিজয় হাজারে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এডিলেডে ১৯৪৭-৪৮ সালে ১১৬ ও ১৪৫ রান করেন।

প্রঃ (৬৯৭) ভারতীয় ক্রিকেটে মোট কতজন ব্যাটসম্যান উভয় ইনিংসে সেঞ্চুরি করেছেন ?

● মাত্র দুজন ক্রিকেটার, যথাক্রমে ; বিজয় হাজারে ও সানি গাভাসকার।

প্রঃ (৬৯৮) উভয় ইনিংসে সর্বোচ্চ বার সেঞ্চুরি কে করেছেন ?

● সানি গাভাসকার। তিনবার। ১৯৭১ সালে পোর্ট অফ স্পেনে ১২৪ ও ২২০ রান। ১৯৭৮ সালে কলকাতায় ১০৭ ও ১৮২* রান এবং ১৯৭৮ সালে করাচীতে ১১১ ও ১৩৭ রান।

প্রঃ (৬৯৯) টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ সেঞ্চুরি কোন ভারতীয় ব্যাটসম্যান করেছেন ?

● সানি গাভাসকার। ৩৪টি।

প্রঃ (৭০০) কোন ভারতীয় সর্বোচ্চ টেস্ট ম্যাচ খেলেছেন ?

● সানি গাভাসকার। ১২৫টি। (পাকিস্তান সিরিজ ১৯৮৭ পর্যন্ত)

প্রঃ (৭০১) কোন ভারতীয় সর্বোচ্চবার একটানা টেস্ট ম্যাচ খেলেছেন ?

● সানি গাভাসকার। ১০৬টি টেস্ট খেলেছেন।

প্রঃ (৭০২) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের ব্যাক্তিগত সর্বোচ্চ রান কার ?

● সানি গাভাসকার। ২৩৬* রান। ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে মাদ্রাজে ১৯৮৩-৮৪ সালে।

প্রঃ (৭০৩) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের সর্বোচ্চ রান কার ?

● সানি গাভাসকার। ১২৫টি টেস্টে ২১৪টি ইনিংসে ১০,১২২ রান।

প্রঃ (৭০৪) টেস্ট ক্রিকেটে কোন ভারতীয় দ্রুততম সেঞ্চুরি করেছেন ?

● দিলীপ সারদেশাই। ১২৭ মিনিটে ১০০ রান করেন নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৬৫ সালে দিল্লীতে।

প্রঃ (৭০৫) টেস্ট ক্রিকেটে কোন ভারতীয় ব্যাটসম্যান দ্রুততম অর্ধশত রান করেন ?

● সেলিম দুরানী। ২৯ মিনিটে ৫০ রান করেন কানপুরে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৬৩-৬৪ সালে।

প্রঃ (৭০৬) টেস্ট ক্রিকেটে কোন ভারতীয় ব্যাটসম্যান মন্থর ইনিংস খেলেছেন ?

● পাতৌদি (ছোট) ৫ রান করেন ১০২ মিনিটে বোম্বাই মাঠে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭২-৭৩ সালে।

প্রঃ (৭০৭) টেস্ট ক্রিকেটে সবচেয়ে কম বয়সে সেঞ্চুরি করেছেন কোন ভারতীয় ?

● আব্বাস আলী বেগ। ২০ বছর ১৩১ দিনের মাথায় ম্যানচেস্টার মাঠে ১৯৫৯ সালে ১১২ সেঞ্চুরি করেন।

প্রঃ (৭০৮) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে কতজন ভারতীয় ব্যাটসম্যান সেঞ্চুরি করেছেন ?

● আটজন ক্রিকেটার। এই আটজন হলেন যথাক্রমে ; লালা অমরনাথ ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩৩-৩৪ সালে ১১৮ রান। দীপক সোধন পাকিস্তানের বিরুদ্ধে ১১০ রান ১৯৫২ সালে। কৃপাল সিং নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১০০ রান ১৯৫৫-৫৬ সালে। আব্বাস আলী বেগ ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১১২ রান ১৯৫৯ সালে। হনুমন্ত সিং ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১০৫ রান ১৯৬৩-৬৪ সালে। জি. আর. বিশ্বনাথ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৩৭ রান ১৯৬৯ সালে। সুরিন্দর অমরনাথ নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১২৪ রান ১৯৭৫-৭৬ সালে। মহাম্মদ আজাহারুদ্দিন ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১১০ রান করেন ১৯৮৫ সালে।

প্রঃ (৭০৯) কোন ভারতীয় ব্যাটসম্যান সবচেয়ে বেশী বয়সে টেস্ট ক্রিকেটে আবির্ভূত হয়েছেন ?

● আর. জে. ডি. জামশেদজী। ৪১ বছর ২৭ দিনের মাথায় প্রথম টেস্ট ক্রিকেটে ডাক পান ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৩৩-৩৪ সালে।

প্রঃ (৭১০) কোন ভারতীয় ব্যাটসম্যান অল্পবয়সে টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করেন ?

● মানিন্দর সিং। সতেরো বছর বয়সে। আগে রেকর্ড ছিল বিজয় মেহেরার। তিনি ১৭ বছর ২৬৫ দিনের মাথায় ১৯৫৫-৫৬ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে প্রথম খেলেন।

প্রঃ (৭১১) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে উভয় ইনিংসে শূন্য রান কে করেছেন ?

● জি. আর. রামচাঁদ। ১৯৫২। ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৭১২) টেস্ট ক্রিকেটে প্রথম আবির্ভাবে শূন্য রান ও শত-রান কে করেছেন ?

● গুণ্ডাপ্পা বিশ্বনাথ। কানপুরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৬৯ সালে।

প্রঃ (৭১৩) কোন একমাত্র ভারতীয় ব্যাটসম্যান প্রথম আবির্ভাবে একটানা তিনটি টেস্টে শতরান করেছেন ?

● আজাহারুদ্দিন। ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৮৫ সালে এই নজির গড়েন।

প্রঃ (৭১৪) কোন ভারতীয় একটি টেস্ট সিরিজে সর্বোচ্চবার সেঞ্চুরি করেছেন ?

● সানি গাভাসকার। চারটি সেঞ্চুরি। ১৯৭১ সালে এবং ১৯৭৮-৭৯ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে।

প্রঃ (৭১৫) একটি টেস্ট সিরিজে সর্বোচ্চ রান কোন ভারতীয় করেছেন ?

● সানি গাভাসকার। ৪টি টেস্টে ৭৭৪ রান। গড় ১৫৪·৮০।

প্রঃ (৭১৬) একটি টেস্ট সিরিজে একাধিকবার দ্বিশত রান কতজন ব্যাটসম্যান করেছেন ?

● একজন ব্যাটসম্যান। ভিনু মানকড় (২২১, ২৩১) নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৫৫-৫৬ সালে।

প্রঃ (৭১৭) কোন ভারতীয় ব্যাটসম্যান দ্রুত হাজার ও দুহাজার রান করেছেন ?

● সানি গাভাসকার। এক হাজার রান ১১টি টেস্টে এবং ২০০০ রান ২৩টি টেস্টে।

প্রঃ (৭১৮) এক ক্যালেনডারইয়ারে হাজার রান সর্বোচ্চবার কে করেছেন ?

● সানি গাভাসকার। চারবার।

প্রঃ (৭১৯) টেস্ট ক্রিকেটে ৫০০০ হাজারের বেশী রান কতজন ভারতীয় ক্রিকেটার করেছেন ?

● তিনজন। গাভাসকার, বেঙ্গসরকার ও বিশ্বনাথ।

প্রঃ (৭২০) কোন ভারতীয় ব্যাটসম্যান টেস্ট ক্রিকেটে সর্বোচ্চ-বার গোল্লা করেছেন ?

● ভগবৎ চন্দ্রশেখর। ৫৮টি টেস্টে ২৪টি গোল্লা।

প্রঃ (৭২১) কোন ভারতীয় ব্যাটসম্যান সর্বোচ্চবার টেস্ট ক্রিকেটে নট আউট থাকার নজির গড়েছেন ?

● ভগবৎ চন্দ্রশেখর। ৫৮টি টেস্টে ৩৯ বার নট আউট।

প্রঃ (৭২২) কোন ভারতীয় ব্যাটসম্যান একটি ইনিংসে সর্বোচ্চ বাউণ্ডারী মেরেছেন ?

● ৫০টি বাউণ্ডারী মেরেছেন বি. বি. নিম্বলকার মহারাষ্ট্রের হয়ে ১৯৪৮-৪৯ সালে রনজি ট্রফি আসরে।

প্রঃ (৭২৩) ভারতীয় ক্রিকেট দল সর্বপ্রথম জয় পায় কার বিরুদ্ধে ?

● ১৯৩২ সাল থেকে ১৯৫১-৫২ সাল পর্যন্ত ২৪টি টেস্ট ম্যাচের পর ভারতীয় দল প্রথম জয় পায় ইংল্যাণ্ডের বিরুদ্ধে মাদ্রাজের ৫ম টেস্টে ১৯৫২ সালে। এই ম্যাচে ভারতীয় দল এক ইনিংস আট রানে জিতেছিল।

প্রঃ (৭২৪) প্রথম টেস্ট ক্রিকেটে জয়ী ভারতীয় দলের অধিনায়ক কে ছিলেন ? বিপক্ষ দলের অধিনায়কের নাম কি ছিল ?

● বিজয় হাজারে (ভারত) এবং নাইজেল হাওয়ার্ড (ইংল্যাণ্ড)।

প্রঃ (৭২৫) কবে প্রথম ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ভারতীয় দল রাবার জয় করে ?

● নরী কনট্রাকটরের নেতৃত্বে ১৯৬১-৬২ সালে ভারতে। এই সিরিজে ইংল্যাণ্ড দলের অধিনায়ক ছিলেন টেড ডেকসটার। সিরিজের ফলাফল ছিল ২-০।

প্রঃ (৭২৬) ভারত কবে প্রথম ইংল্যাণ্ডের মাঠে ইংল্যাণ্ড দলকে পরাজিত করে ?

● ১৯৭১ সালে অজিত ওয়াদেকরের নেতৃত্বে ভারতীয় দল প্রথম জয় পায় ওভাল মাঠে।

প্রঃ (৭২৭) ইংল্যাণ্ডের মাঠে ইংল্যাণ্ডকে হারিয়ে ভারত সিরিজ জয় লাভ প্রথম কবে করে ?

● ১৯৭১ সালে।

প্রঃ (৭২৮) ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে প্রথম আবির্ভাবে টেস্ট ক্রিকেটে সেঞ্চুরি করেছেন কতজন ভারতীয় ব্যাটসম্যান ?

● চারজন ব্যাটসম্যান। লালা অমরনাথ ১৯৩৩-৩৪ সালে, আব্বাস আলী বেগ ১৯৫৯ সালে, হনুমন্ত সিং ১৯৬৪ সালে। মহাম্মদ আজাহারুদ্দিন ১৯৮৫ সালে।

প্রঃ (৭২৯) ভারতের বিরুদ্ধে ইংল্যাণ্ড দলের প্রথম আবির্ভাবে কতজন ক্রিকেটার সেঞ্চুরি করেছেন ?

● চারজন। বি. এইচ. ভ্যালেনটাইন ১৯৩৩-৩৪। এ. জে. ওয়াটকিন্স ১৯৫১-৫২। টম গ্রেভনী ১৯৫১-৫২। এম. কে. জে. স্মিথ ১৯৫৯।

প্রঃ (৭৩০) দুই দলের দুই নবাগত ব্যাটসম্যান একই টেস্ট ম্যাচে সেঞ্চুরি করেছেন—এই নজির কারা গড়েছেন ?

● বোম্বাই মাঠে ১৯৩৩-৩৪ সালে ভারত ও ইংল্যাণ্ড দলের মধ্যে টেস্টে ভারতের লালা অমরনাথ ও ইংল্যাণ্ড দলের বি. এইচ. ভ্যালেনটাইন।

প্রঃ (৭৩১) কোন কোন ব্যাটসম্যান ইংল্যাণ্ড দলের হয়ে টেস্ট ক্রিকেটে ডাবল সেঞ্চুরি করেছেন ?

● পাঁচজন। এই পাঁচজন হলো যথাক্রমে ; ডাবলু. আর. হ্যামণ্ড (২১৭) ১৯৩৬, জে. হার্স্টাভ (২০৫*) ১৯৪৬, জে. বয়কট (২৪৬*) ১৯৬৭, ডি. লয়েড (২১৪*) ১৯৭৪, ডেভিড গাওয়ার (২০০*) ১৯৭৯।

প্রঃ (৭৩২) কতজন ভারতীয় ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে দ্বিশত রান করেছেন ?

● মনসুর আলী পাতৌদি (২০৩*) ১৯৬৩-৬৪ সালে।
সানি গাভাসকার (২২১) ১৯৭৯ সালে।

প্রঃ (৭৩৩) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে কোন ভারতীয় প্রথম সেঞ্চুরি করেছেন ?

● ভিনু মানকড়। ১১৬ রান করেন মেলবোর্ণের তৃতীয় টেস্টে ১৯৪৭-৪৮ সালে।

প্রঃ (৭৩৪) ভারতের বিরুদ্ধে কোন অস্ট্রেলীয় ব্যাটসম্যান প্রথম সেঞ্চুরি ও ডাবল সেঞ্চুরি করেন ?

● ডন ব্র্যাডম্যান (১৮৫) প্রথম টেস্ট এবং ২০১ রান করেন ৪র্থ টেস্টে ১৯৪৭-৪৮ সালে।

প্রঃ (৭৩৫) ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে কতজন ব্যাটসম্যান উভয় ইনিংসে সেঞ্চুরি করেছেন ?

● দুজন। ভারতের বিজয় হাজারে এবং অস্ট্রেলিয়ার ডন ব্র্যাডম্যান।

প্রঃ (৭৩৬) কতজন ভারতীয় অস্ট্রেলিয়ার বিরুদ্ধে দ্বিশত রান করেছেন ?

● একজনও নয়।

প্রঃ (৭৩৭) কতজন অস্ট্রেলিয়ান ভারতের বিরুদ্ধে ডাবল সেঞ্চুরি করেছেন ?

● ডন ব্র্যাডম্যান। ২০১ এডিলেড। নরম্যান ওনীল ২৮৪।

প্রঃ (৭৩৮) কতজন ওপেনার ভারত ও অস্ট্রেলিয়ার পক্ষে ইনিংসের সূচনা থেকে শেষ পর্যন্ত খেলে নট আউট থাকেন ?

● অস্ট্রেলিয়ার বিল লরী। ১৯৬৯। নিউদিল্লী। ভারতের স্থনীল গাভাসকার ১৯৮৫-৮৬ সালে।

প্রঃ (৭৩৯) ভারত কবে প্রথম অস্ট্রেলিয়া দলকে হারায়?

● কানপুর। ১৯৫৯-৬০ সালে।

প্রঃ (৭৪০) ভারতের বিরুদ্ধে শ্রীলঙ্কা দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত?

● ৪২০। কানপুর। প্রথম টেস্ট। ১৯৮৬-৮৭ সালে।
১৪১। নাগপুর। দ্বিতীয় টেস্ট। ১৯৮৬-৮৭ সালে।

প্রঃ (৭৪১) শ্রীলঙ্কা দলের বিরুদ্ধে ভারতের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত?

● ৭ উইকেটে ৬৭৬ রান। কানপুর। প্রথম টেস্ট। ১৯৮৬ সাল।
১১৭ রান। ক্যাণ্ডি। তৃতীয় টেস্ট। ১৯৮৫ সাল।

প্রঃ (৭৪২) ভারতের মাটিতে ওয়েস্টইণ্ডিজ দলের বিরুদ্ধে এবং ভারতের মাটিতে ওয়েস্টইণ্ডিজ দলের হয়ে প্রথম সেঞ্চুরি কারা করেছেন?

● ভারতের পক্ষে হেমু অধিকারী (১১৪) প্রথম টেস্ট দিল্লীতে ১৯৪৮-৪৯ সালে। ক্লাইভ ওয়ালকট (১৫২) দিল্লীতে ১৯৪৮-৪৯ সালে।

প্রঃ (৭৪৩) ওয়েস্ট ইণ্ডিজের মাটিতে ভারতের পক্ষে এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের পক্ষে প্রথম সেঞ্চুরি কারা করেছেন?

● পলি উমড়িগড় (১৩০) ত্রিনিদাদ। প্রথম টেস্ট। ১৯৫২-৫৩ সালে। এভার্টন উইকস্ (২০৭) ত্রিনিদাদ প্রথম টেস্ট ১৯৫২-৫৩ সাল।

প্রঃ (৭৪৪) ওয়েস্টইণ্ডিজ এবং ভারতের পক্ষে প্রথম কারা ডাবল সেঞ্চুরি করেছেন?

● এভার্টন উইকস্ (২০৭) ১৯৪৮-৪৯ স্যলে এবং ভারতের পক্ষে দিলীপ সারদেশাই (২১২) কিংস্টন ওভাল। প্রথম টেস্ট। ১৯৭০-৭১ সালে।

প্রঃ (৭৪৫) ওয়েস্ট ইণ্ডিজ ও ভারতীয় দলের হয়ে কতজন ক্রিকেটার ডাবল সেঞ্চুরি করেছেন?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের চারজন, যথাক্রমে; এভার্টন উইকস্ (২০৭) ফ্র্যাঙ্কি ওরেল (২৩৭), রোহন কানহাই (২৫৬) ও বাক্যাস (২৫০)।

ভারতের পক্ষে দুজন, যথাক্রমে; দিলীপ সারদেশাই (২১২) সানি গাভাসকার (২২০, ২০৫, ২৩৬*)।

প্রঃ (৭৪৬) ওয়েস্টইণ্ডিজ ও ভারতের পক্ষে ব্যক্তিগত সর্বোচ্চ রান কার ?

● রোহন কানহাই (ওয়েস্ট ইণ্ডিজ) ২৫৬। কলকাতা। ১৯৫৮-৫৯ সালে। সানি গাভাসকার (ভারত) ২৩৬*। মাদ্রাজ। ১৯৮৩-৮৪ সালে।

প্রঃ (৭৪৭) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের হয়ে প্রথম বোলিং শুরু কে করেছেন ?

● মহাম্মদ নিশার। ১৯৩২। লর্ডস। বিপক্ষে ব্যাটসম্যান ছিলেন পি. হোমস্।

প্রঃ (৭৪৮) টেস্ট ক্রিকেটে সর্বপ্রথম পাঁচটি উইকেট কোন ভারতীয় বোলার পেয়েছেন ?

● মহাম্মদ নিশার। ১৯৩২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে লর্ডসে। নিসারের বোলিং হিসাব ছিল ২৬-৩-৯৩-৫ উইকেট।

প্রঃ (৭৪৯) টেস্ট ক্রিকেটে ভারতের কোন বোলার একটি ইনিংসে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● সুভাষ গুপ্তে কানপুরে ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ৯/১০২। ১৯৫৮-৫৯ সালে। জসু প্যাটেল। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৫৯-৬০ সালে কানপুরের মাঠে। তিনি ৩৬.৫-১৬-৬৯ রানে ৯টি উইকেট পান। কপিলদেব ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ৯/৮৩, আমেদাবাদে ১৯৮৩ সালে।

প্রঃ (৭৫০) একটি ম্যাচে সর্বোচ্চ উইকেট কোন ভারতীয় বোলার পেয়েছেন ?

● ১৪টি উইকেট পেয়েছেন জসু প্যাটেল ১৯৫৯-৬০ সালে কানপুরে। ৬৯।৯ ও ৫৫।৫ উইকেট।

প্রঃ (৭৫১) ভারতের পক্ষে কোন বোলার এক সিরিজে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● ভগবৎ চন্দ্রশেখর। ৩৫টি উইকেট পান ৫টি টেস্টে ১৯৭২-৭৩ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৭৫২) ভারতীয় ক্রিকেটে সর্বপ্রথম ডাবলস্ কে হয়েছে ?

● ভিনু মানকড়।

প্রঃ (৭৫৩) ভারতীয় ক্রিকেটে কতজন ডাবলস্'য়ের অধিকারী হয়েছেন ?

● তিনজন। ভিনু মানকড়, কপিলদেব ও রবিশাস্ত্রী।

প্রঃ (৭৫৪) ভারতীয় ক্রিকেটে সবচেয়ে কম বয়সে ডাবলসের অধিকারী কে হয়েছেন ?

● কপিলদেব। ২১ বছর বয়সে।

প্রঃ (৭৫৫) অল্প সময়ে কোন ভারতীয় ডাবলস'য়ের সন্মান পেয়েছেন ?

● ভিনু মানকড়। মাত্র ২৩টি টেস্টে ১০০০ রান ও ১০০ উইকেট পান।

প্রঃ (৭৫৬) প্রথম শত, দ্বিশত ও ত্রিশত উইকেট কোন বোলার পেয়েছেন ?

● প্রথম শত উইকেট পান ভিনু মানকড়, দ্বিশত উইকেট পান বিষান সিং বেদী এবং ত্রিশত উইকেট পান কপিলদেব।

প্রঃ (৭৫৭) কোন ভারতীয় বোলার টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করে প্রথম ওভারেই উইকেট পান ?

● মনোহর হার্ডিকার। চেতন শর্মা। সুটে ব্যানার্জী।

প্রঃ (৭৫৮) একটানা সর্বোচ্চ মেডেন কে পেয়েছেন ?

● বাপু নাদকার্নী। ২২.৫ ওভার একটানা মেডেন পান ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৬৪ সালে।

প্রঃ (৭৫৯) ভারতের কোন ব্যাটসম্যান সর্বপ্রথম শতরান সহ পাঁচটি উইকেট পান ?

● ভিনু মানকড়। ১৯৫২ সালে লর্ডসের দ্বিতীয় টেস্টে তিনি এই নজির গড়েন। এই টেস্টে মানকড় ওপেনিং ব্যাটসম্যান হিসাবে ৭২ ও ১৮৪ রান করেন এবং ১৯৬ রানে ৫টি উইকেট পান।

প্রঃ (৭৬০) ভারতীয় ক্রিকেটে কোন বোলার একটি ইনিংসে সর্বোচ্চ ওভার বোলিং করেছেন ?

● ভিনু মানকড়। ৮০ ওভার কিংস্টন ওভালে ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ১৯৫৩ সালে।

প্রঃ (৭৬১) একটি টেস্টে কোন ভারতীয় বোলার সর্বপ্রথম ১০টি উইকেট পেয়েছেন ?

● ভিনু মানকড়। ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৫১-৫২ সালে।

প্রঃ (৭৬২) কোন টেস্ট ম্যাচে ভারতীয় দলের দশজন খেলোয়াড় বোলিং করেছেন ?

● দুবার এই নজির ঘটেছে। প্রথম ইংল্যাণ্ডের বিরুদ্ধে মাদ্রাজে ১৯৪৬ সালে এবং ১৯৬৯ সালে কানপুরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। ইংল্যাণ্ডের বিরুদ্ধে দশজন

বোলার ছিলেন রঞ্জনে, জয়সীমা, বোরদে, দুরানী, নাদকার্ণী, কৃপালসিং, মঞ্জরেকার, মেহেরা, সারদেশাই ও পাতৌদি। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সুব্রত গুহ, সোলকার, পাতৌদি, ভেঙ্কট, প্রসন্ন, বেদী, অশোক মানকড়, অশোক গন্ধোত্রা, ওয়াদেকর।

প্রঃ (৭৬৩) ভারতীয় দলের বিরুদ্ধে কোন দল দশজন বোলার ব্যবহার করেছিলেন ?

● ১৯৬৩-৬৪ সালে কানপুর টেস্টে ইংল্যাণ্ড দল দশজন বোলার ব্যবহার করেন। এই দশজন হলেন যথাক্রমে ; প্রাইস, নাইট, টিটমাস, মার্টিমোর, উইলসন, পারফিট, এডরিচ, বোলাস, পার্কস ও কাউড্রে।

প্রঃ (৭৬৪) ভারতের কোন বোলার সর্বপ্রথম শতরান দিয়েও উইকেট সংগ্রহ করতে পারেন নি ?

● সি. টি. সারভাতে। ১২১ রানে শূন্য উইকেট। এডিলেট। ১৯৪৭-৪৮ সালে।

প্রঃ (৭৬৫) ভারতের কোন বোলার একটি ইনিংসে ২০০ রান রানের বেশী দিয়েছেন ?

● ভিনু মানকড়। ৮২ ওভার, ১৭ মেডেন, ২২৮ রান ৫ উইকেট ১৯৫২-৫৩ সালে কিংস্টন ওভাল ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে এবং ১৯৪৮-৪৯ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ৭৫-১৬-২০২-৩ উইকেট। এবং বিষানসিং বেদী ১৯৭৪ সালে লর্ডসে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৬৪·২-৮-২২৬-৬ উইকেট।

প্রঃ (৭৬৬) ভারতীয় ক্রিকেটে সর্বোচ্চ ক্যাচ কে ধরেছেন ?

● সানি গাভাসকার।

প্রঃ (৭৬৭) একটি টেস্টের একটি ইনিংসে (উইকেটরক্ষক নয়) সর্বোচ্চ ক্যাচ কে ধরেছেন ?

● যজুবেন্দ্র সিং। ইংল্যাণ্ডের বিরুদ্ধে বাঙ্গালোরে ১৯৭৬ সালে একটি ইনিংসে ৫টি ক্যাচ ধরেন। এটি বিশ্ব রেকর্ড।

প্রঃ (৭৬৮) ভারতীয় ক্রিকেটে একটি ম্যাচে সর্বোচ্চ ক্যাচ কে ধরেছেন ?

● ৭টি ক্যাচ ধরেছেন যজুবেন্দ্র সিং। (৫+২) বাঙ্গালোরে ১৯৭৬-৭৭ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৭৬৯) কোন উইকেটরক্ষক একটি সিরিজে সর্বোচ্চ জনকে আউট করেছেন ?

● ১৯ জনকে আউট করেন নরেন তামানে পাকিস্তানের বিরুদ্ধে ১৯৫৪-৫৫ সালে।

প্রঃ (৭৭০) কোন উইকেটরক্ষক এইটি ইনিংসে সর্বোচ্চ জনকে আউট করেছেন ?

● সৈয়দ কিরমানি, ৬ জনকে। বুধি কুন্দরাম, ৬ জনকে।

প্রঃ (৭৭১) একটি ইনিংসে সর্বোচ্চ ক্যাচ কোন উইকেট রক্ষক ধরেছেন ?

● সৈয়দ কিরমানি। ৬টি ক্যাচ ধরেন মাদ্রাজে ১৯৭৯-৮০ সালে।

প্রঃ (৭৭২) ভারতীয় দলের কোন অধিনায়ক (উইকেট রক্ষক নয়) উইকেট রক্ষক হিসাবে দায়িত্ব নিয়ে একটি ইনিংসে তিনটি ক্যাচ ধরেন ?

● লালা অমরনাথ। ১৯৪৮-৪৯ সালে বোম্বাই টেস্টে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে।

প্রঃ (৭৭৩) কোন একমাত্র ভারতীয় ব্যাটসম্যান পাঁচদিন ব্যাট করেছেন ?

● এম. এল. জয়সীমা। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ইডেনে ১৯৫৯-৬০ সালে।

প্রঃ (৭৭৪) ভারতীয় দলের হয়ে কোন ক্রিকেটার নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ডাবল সেঞ্চুরি করেছেন ?

● পলি উমড়িগড় (২২৩), ভিনু মানকড় (২২৩, ২৩১) ১৯৫৫-৫৬ সাল। সারদেশাই (২০০*) ১৯৬৪-৬৫ সাল।

প্রঃ (৭৭৫) ভারতের বিরুদ্ধে নিউজিল্যাণ্ড দলের কতজন ব্যাটসম্যান ডাবল সেঞ্চুরি করেছেন ?

● বার্ট সার্টক্লিভ (২৩০) ১৯৫৫-৫৬ সাল। দিল্লী। জি. টি. ডাওলিং (২৩৯) ক্রিসচার্জ। ১৯৬৭-৬৮ সাল।

প্রঃ (৭৭৬) নিউজিল্যাণ্ড মাঠে কোন ভারতীয় সর্বপ্রথম সেঞ্চুরি করেছেন ?

● অজিত ওয়াদেকার। ১৯৬৭-৬৮ সালে ওয়েলিংটনে। তিনি ১৪৩ রান করেন।

প্রঃ (৭৭৭) বিদেশের মাঠে প্রথম সেঞ্চুরি কোন ভারতীয় ব্যাটসম্যান করেছেন ?

● ইংল্যাণ্ডের মাঠে ১৯৩৬ সালে ম্যানচেস্টারের দ্বিতীয় টেস্টে মুস্তাক আলী ও বিজয় মার্চেন্ট দ্বিতীয় ইনিংসে সর্বপ্রথম সেঞ্চুরি করেন। তবে এই দুইজনের মধ্যে মুস্তাক সেঞ্চুরিতে আগে পৌছেছিলেন। মুস্তাক করেন ১১২ ও মার্চেন্ট ১১৪ রান।

প্রঃ (৭৭৮) ভারত ও পাকিস্তানের মধ্যে খেলায় কোথায় উভয় দলের হয়ে সর্বপ্রথম সেঞ্চুরি কারা করেছেন ?

● পাকিস্তানের পক্ষে নজর মহাম্মদ (১২৪) লক্ষ্ণৌ ১৯৫২-৫৩ সালে এবং ভারতের পক্ষে বিজয় হাজারে (১৪৬) বোম্বাই ১৯৫২-৫৩ সাল।

প্রঃ (৭৭৯) ভারতের কোন ক্রিকেটার একটি ইনিংসে সর্বোচ্চ ছক্কা মেরেছেন ?

● কর্ণেল সি. কে. নাইডু। ১ টি ছক্কা মারেন হিন্দু দল বনাম এম. সি. সির মধ্যে খেলায় ১৯২৬-২৭ সালে।

প্রঃ (৭৮০) ভারতের মাটিতে একটি প্রথম শ্রেণী ম্যাচ সবচেয়ে কত কম সময়ে শেষ হয়েছে ?

● মাত্র একদিনে শেষ হয়েছে মহীশূর বনাম মাদ্রাজের মধ্যে রনজি ট্রফির খেলা ১৯৩৪-৩৫ সালে। এই ম্যাচে মাদ্রাজ মাত্র এক ইনিংস ২৩ রানে জয় পায়।

প্রঃ (৭৮১) কলকাতার ইডেনে ১৯৮৭ সাল পর্যন্ত মোট কতগুলি টেস্ট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে ? ম্যাচগুলির ফলাফল কি ?

● ১৯৮৭ সালে পাকিস্তান সিরিজ নিয়ে মোট ২৫টি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। এই পঁচিশটির মধ্যে ভারতীয় দল জয় পেয়েছে ৩টি ম্যাচে, পরাজিত হয়েছে ৬টি ম্যাচে এবং অমীমাংশিত ভাবে শেষ হয়েছে ১৬টি ম্যাচ।

প্রঃ (৭৮২) ইডেনে ভারত ও ইংল্যাণ্ড দলের মধ্যে কতগুলি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে ? ফলাফল কি ?

● মোট ৮টি টেস্ট অনুষ্ঠিত হয়েছে ১৯৮৭ পর্যন্ত। এই ৮টির মধ্যে ভারত জয় পেয়েছে ২টি ম্যাচে ১টিতে পরাজয় এবং ৫টি ড্র হয়েছে।

প্রঃ (৭৮৩) ইডেনে ভারত ও ওয়েস্ট ইণ্ডিজ দলের মধ্যে মোট কতগুলি টেস্ট ম্যাচ খেলা হয়েছে এবং এই ম্যাচগুলির ফলাফল কি ?

● মোট ৬টি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে ১৯৮৭ সাল পর্যন্ত। এই ৬টির মধ্যে ভারত ১টিতে জয় ৩টিতে পরাজয় এবং ২টিতে ড্র হয়।

প্রঃ (৭৮৪) ইডেনে ভারত বনাম অস্ট্রেলিয়ার মধ্যে মোট কতগুলি টেস্ট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে ?

● ১৯৮৭ সাল পর্যন্ত ৪টি ম্যাচ অনুষ্ঠিত হয়। এই ৪টি ম্যাচই অমীমাংশিত ভাবে শেষ হয়েছে।

প্রঃ (৭৮৫) ইডেনে ভারত বনাম অস্ট্রেলিয়া এবং নিউজিল্যাণ্ড দলের মধ্যে মোট কতগুলি টেস্ট ম্যাচ খেলা অনুষ্ঠিত হয় ?

● অস্ট্রেলিয়ার সঙ্গে ৫টি ম্যাচের মধ্যে ভারত ২টিতে পরাজিত এবং ৩টি ম্যাচ অমীমাংশিত ভাবে শেষ হয়। নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে ২টি ম্যাচ অমীমাংশিত ভাবে শেষ হয়।

প্রঃ (৭৮৬) কলকাতার ইডেনে সর্বোচ্চ ব্যক্তিগত রানটি কার ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের রোহন কানহাইয়ের। তিনি ২৫৬ রান করেন।

প্রঃ (৭৮৭) কলকাতার ইডেনে মোট কতজন ব্যাটসম্যান সেঞ্চুরি করেছেন ?

● ২৫টি টেস্টে ২১জন ক্রিকেটার।

প্রঃ (৭৮৮) ইডেনে টেস্ট অভিষেক ঘটেছে কতজন ক্রিকেটারের ?

● মোট ২২ জন ক্রিকেটারের। এই তিরিশজন হলেন যথাক্রমে ; ভারতের দিলওয়ার হোসেন, মুস্তাক আলী, গোপালন, সি. এস. নাইডু, স্থটে ব্যানার্জী, গোলাম আমেদ, রমেশ দিভেচা, স্থভাষ গুপ্তে, বিজয় মঞ্জরেকার, দীপক সোধন, সি. টি. পাটানকার, বেদী, অংশুমান গায়কোয়াড়, কার্ষন ঘাউড়ি, আজাহারুদ্দিন। ইংল্যাণ্ড দলের লেভেট, সি. জে. পুলে। নিউজিল্যাণ্ড দলের টেলর, জি. ই. ভিভিয়ান। ইংল্যাণ্ড দলের ডেরিক ব্যানডেল, টলচার্ড। ওঃ ইণ্ডিজ দলের রজার হারপার পাকিস্তানের তসলিম আরিফ।

প্রঃ (৭৮৯) ইডেনে প্রথম টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করে সেঞ্চুরি করেছে কারা ?

● তিনজন ক্রিকেটার। ভারতের দীপক শোধন (১১০) পাকিস্তানের বিরুদ্ধে ১৯৫২ সালে। আজাহারুদ্দিন (১১০) ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৮৪-৮৫ সালে এবং নিউজিল্যাণ্ড দলের বব টেলর (১০৫) ১৯৬৩ সালে।

প্রঃ (৭৯০) ইডেনে মোট কতজন বোলার একটি ইনিংসে পাঁচটি বা তার বেশী উইকেট পেয়েছেন ?

● মোট ২০জন বোলার ২৫ বার এই নজির গড়েন। এদের মধ্যে একাধিকবার নজির গড়েছেন বেদী তিনবার, দুরানী, রিচি বেনো ও কপিলদেব দুবার করে।

প্রঃ (৭৯১) ভারতের কোন অধিনায়ক সর্বপ্রথম একটানা পাঁচটি টেস্টে টসে জিতেছেন ?

● মনসুর আলী পাতৌদী। ১৯৬৩-৬৪ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৭৯২) প্রথম ও দ্বিতীয় কমনওয়েলথ দলটি ভারত সফর করেছিলেন কার নেতৃত্বে ?

● প্রথম কমনওয়েলথ দলের অধিনায়ক ছিলেন এল. লিভিংস্টোন এবং দ্বিতীয় কমনওয়েলথ দলের অধিনায়ক ছিলেন এল. ই. জি. এ্যামেস।

প্রঃ (৭৯৩) সিলভার জুবলি ওভারসিজ দলের অধিনায়ক কে ছিলেন ?

● বেন বারনেট।

প্রঃ (৭৯৪) টেস্ট ক্রিকেটে কোন ভারতীয় সর্বপ্রথম উভয় ইনিংসে গোল্লা করেন ?

● বিজয় হাজারে। ১৯৫১-৫২ সালে কানপুরে ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৭৯৫) অস্ট্রেলিয়া থেকে প্রথম একটি দল কবে ভারত সফর করেছিল ? এই দলের অধিনায়ক কে ছিলেন ?

● ১৯৩৫-৩৬ সালে জ্যাক রাইডারের নেতৃত্বে অস্ট্রেলিয়া থেকে একটি দল প্রথম ভারত সফর করেছিল।

প্রঃ (৭৯৬) ভারত এবং পাকিস্তান দলের হয়ে উভয় দলের বিরুদ্ধে কতজন ক্রিকেটার ডাবল সেঞ্চুরি করেছেন ?

● ভারতের পক্ষে অংশুমান গায়কোয়াড় (২০১) জলন্ধর ১৯৮৩-৮৪ সালে এবং পাকিস্তানের পক্ষে জাহির আব্বাস ২৩৫* লাহোর ১৯৭৮-৭৯, জাহির আব্বাস (২১৫) লাহোর ১৯৮২-৮৩, মুদাসর নজর (২৩১) হায়দারাবাদ ১৯৮২-৮৩, জাভেদ মিঁয়াদাদ (২৮০*) হায়দারাবাদ ১৯৮২-৮৩ সালে।

প্রঃ (৭৯৭) ভারত ওয়েস্ট ইণ্ডিজকে হারিয়ে সর্বপ্রথম সিরিজ জয় কবে করে ? ভারত কতবার সিরিজ জিতেছে ?

● প্রথম সিরিজ জয় করে ১৯৭১ সালে ১-০ ম্যাচের ফলাফল ওয়াদেকরের নেতৃত্বে এবং দ্বিতীয়বার ভারত সিরিজ জয় করে ১৯৭৮-৭৯ সালে ১-০ ফলাফলে সানি গাভাসকারের নেতৃত্বে।

প্রঃ (৭৯৮) ভারতের কোন দলের বিরুদ্ধে এবং কোন মাঠে একদিনে দুটি ইনিংসের পতন ঘটেছে ?

● ১৯৫২ সালে ম্যানচেস্টারের তৃতীয় দিনে। ভারতীয় দল একই দিনে দুবার আউট হয় ৫৮ ও ৮২ রানে।

প্রঃ (৭৯৯) শূন্য রানে চারটি উইকেটের পতন ভারতীয় দলের কবে এবং কোন দেশের বিরুদ্ধে ঘটেছে ?

● ১৯৫২ সালে লিডসে। শূন্য রানে আউট হন ভারতের চারজন ব্যাটসম্যান যথাক্রমে; পি. রায়, মাধব মন্ত্রী, ডি. কে. গায়কোয়াড় ও বিজয় মঞ্জরেকার।

প্রঃ (৮০০) ইডেনে কোন ভারতীয় সর্বোচ্চ টেস্ট খেলেছেন ?

● বিজয় মঞ্জরেকার।

প্রঃ (৮০১) ইডেনে ব্যক্তিগত সর্বাধিক রান সংগ্রহ কার ?

● সুনীল গাভাসকার। ৫টি টেস্টে ১৫ ইনিংসে ৫৮৩ রান। গড় ৪৪·৮৪। তিনি দুটি শতরান করেছেন।

প্রঃ (৮০২) ইডেনে কোন ভারতীয় বোলার সর্বাধিক উইকেট সংগ্রহ করেছেন ?

● বি. এস. বেদী। ৬টি টেস্টে ৬৩৯ বলে ২৯টি উইকেট পান। তিনবার তিনি একটি ইনিংসে পাঁচটি করে উইকেট পেয়েছেন।

প্রঃ (৮০৩) একই টেস্টে উভয় দলের অধিনায়ক শতরান করেছেন ?

● ১৯৭৮ সালে ভারত বনাম ওয়েস্ট ইণ্ডিজ দলের মধ্যে খেলায় বোম্বাই টেস্টে সেঞ্চুরি করেন উভয় দলের অধিনায়ক সানি গাভাসকার (ভারত) ২০৫ এবং আলভিন কালীচরণ (ওয়েস্ট ইণ্ডিজ) ১৮৭ রান। ১৯৮২-৮৩ সালে ভারত বনাম পাকিস্তানের খেলায় সেঞ্চুরি করেন ইমরান খান (পাকিস্তান) ১১৭ ও সানি গাভাসকার (ভারত) ১২৭ রান ফয়সালাবাদে।

প্রঃ (৮০৪) ভারত ও পাকিস্তান দলের মধ্যে টেস্ট সিরিজে উভয় দলের হয়ে সর্বোচ্চ সেঞ্চুরি কারা করেছেন ?

● ১৯৮৭ সাল পর্যন্ত ভারতের পক্ষে সানি গাভাসকার ও উমড়িগড় ৫টি করে শতরান এবং পাকিস্তানের পক্ষে জাহির আব্বাস এবং মুদ্দাসর নজর ৬টি করে শতরান করেছেন।

প্রঃ (৮০৫) ভারতের মাটিতে পাক ভারত একটি টেস্ট সিরিজে সর্বোচ্চ রান উভয় দলের হয়ে কারা করেছেন ?

● ভারতের পক্ষে সানি গাভাসকার ১১টি ইনিংসে ৫২৯ রান ১৯৭৯-৮০ সালে। গড় ৫২·৯০। পাকিস্তানের পক্ষে সইয়েদ আমেদ ১০টি ইনিংসে ৪৬০ রান ১৯৬০-৬১ সালে। গড় ৫১·১১।

প্রঃ (৮০৬) পাকিস্তানের মাটিতে ভারত-পাকিস্তান দলের মধ্যে একটি টেস্ট সিরিজে উভয় দলের হয়ে সর্বোচ্চ রান ও গড় কারা করেছেন ?

● ভারতের পক্ষে মাহিন্দর অমরনাথ ১০টি ইনিংসে ৫৮৪ রান ১৯৮২-৮৩ সালে। গড় ৭৩·০০। পাকিস্তানের পক্ষে মুদাস্সর নজর ৮টি ইনিংসে ৭৬১ রান ১৯৮২-৮৩ সাল। গড় ১২৬·৮৩।

প্রঃ (৮০৭) ভারত ও পাকিস্তানের মধ্যে টেস্ট সিরিজে কোন বোলার উভয় দলের হয়ে একটি সিরিজে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● পাকিস্তানের পক্ষে ইমরান খান। ৬টি টেস্টে ৬৫৮ রানে ৪০টি উইকেট। গড় ১৩.৯৫। ১৯৮২-৮৩ সালে ভারতের পক্ষে কপিলদেব। ৬টি টেস্টে ৫৫৬ রানে ৩২টি উইকেট ১৯৭৯-৮০ সালে। গড় ১৭.৬৮।

প্রঃ (৮০৮) ভারতের কতজন বোলার শত উইকেট পেয়েছেন ?

● এগারো জন বোলার। এই এগারো জন হলেন যথাক্রমে ; ভিনু মানকড়, বেদী, প্রসন্ন, চন্দ্রশেখর, ভেঙ্কটরাঘবন, দিলীপ দোষী, কার্ষন ঘাউড়ি, সুভাষ গুপ্তে, রবি শাস্ত্রী, শিবলাল যাদব ও কপিলদেব।

প্রঃ (৮০৯) ভারতীয় ক্রিকেটে পিতা-পুত্র টেস্ট খেলেছেন কারা ?

● পাতৌদি (বড়) ও পাতৌদি (ছোট)। ভিনু মানকড় ও অশোক মানকড়। ডি. কে. গায়কোয়াড় ও অংশুমান গায়কোয়াড়। লালা অমরনাথ ও পুত্র সুরিন্দর এবং মাহিন্দর অমরনাথ। পঙ্কজ রায় ও প্রণব রায়।

প্রঃ (৮১০) কতজন ক্রিকেটার ভারত ও পাকিস্তান দলের হয়ে টেস্ট খেলেছেন ?

● আমির ইলাহী, আবদুল কারদার, গুল মহাম্মদ।

প্রঃ (৮১১) কোন ভারতীয় খেলোয়াড় প্রথম অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় দলের অধিনায়ক হয়েছেন ?

● মনসুর আলী পাতৌদি।

প্রঃ (৮১২) অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের হয়ে মনসুর আলী পাতৌদি কোন কোন খেলায় প্রতিনিধিত্ব করে অক্সফোর্ড ব্লু হয়েছিলেন ?

● ক্রিকেট, হকি ও বিলিয়ার্ড।

প্রঃ (৮১৩) অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের হয়ে কোন ভারতীয় ব্যাটসম্যান সর্বোচ্চ রান করেছেন ?

● মনসুর আলী পাতৌদি। ২৩৮* নট আউট কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ১৯৫১ সালে।

প্রঃ (৮১৪) কোন ভারতীয় ক্রিকেটার সর্বপ্রথম উইজডেন সম্মান পেয়েছেন ?

● কে. এস. রনজি সিংজী। ১৮৯৬-৯৭ সালে।

প্রঃ (৮১৫) কতজন ভারতীয় খেলোয়াড় উইসডেন সম্মানে সম্মানিত হয়েছেন ?

● নয়জন। এই নয়জন হলেন রনজি সিংজী (১৮৯৬-৯৭) দলীপ সিংজী (১৯৩০) পাতৌদি (বড়) (১৯৩২) বিজয় মার্চেন্ট (১৯৩৭) ভিনু মানকড় (১৯৪৬) পাতৌদি (ছোট) (১৯৬৮) ভগবৎ চন্দ্রশেখর (১৯৭১) সানি গাভাসকার (১৯৮০) মাহীন্দর অমরনাথ (১৯৮৩)।

প্রঃ (৮১৬) ভারতের বিরুদ্ধে কোন খেলোয়াড় শতরান সহ দশটি উইকেট পেয়েছেন ?

● ইয়ান বোথাম (ইংল্যাণ্ড) বোম্বাই ১৯৭৯-৮০ সালে ১১৪ রান সহ ১০৬ রানে ১৩টি উইকেট পান।

ইমরান খান (পাকিস্তান) ফয়শালাবাদ ১৯৮২-৮৩ সাল। ১১৭ রান সহ ১১টি উইকেট পান ১৮২ রানে।

প্রঃ (৮১৭) ভারতের কোন একমাত্র উইকেট রক্ষক এক সিরিজে ৫০০ রানের বেশী করেছেন ?

● বুধি কুন্দরাম। ১৯৬৪ সালে ৫২৫ রান করেন ইংল্যাণ্ডের বিরুদ্ধে।

প্রঃ (৮১৮) কোন টেস্ট ম্যাচে ভারতীয় উইকেট রক্ষক বুধি কুন্দরাম নতুন বলে আক্রমনের সূচনা করেন এবং কার বিরুদ্ধে ?

● ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৬৭ সালে বার্মিংহাম টেস্টে।

প্রঃ (৮১৯) ভারতীয় ক্রিকেটে প্রথম ও দ্বিতীয় উইকেটে সর্বোচ্চ রান কত ?

● ১ম উইকেটে ৪১৩। পঙ্কজ রায় ও ভিনু মানকড় ১৯৫৫-৫৬ সালে মাদ্রাজে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে। ২য় উইকেটে সানি গাভাসকার ও দিলীপ বেঙ্গসরকার ৩৪৪ রান। ১৯৭৮-৭৯ সালে ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে কলকাতায়।

প্রঃ (৮২০) ভারতীয় ক্রিকেটে যে কোন উইকেটে সর্বোচ্চ রান কত ?

● টেস্টে ১ম উইকেটে ৪১৩ পঙ্কজ রায় ও ভিনু মানকড় ১৯৫৫ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে এবং প্রথম শ্রেণীর ক্রিকেটে ৫৭৭ রান ৪র্থ উইকেটে বিজয় হাজারে ও গুল মহাম্মদ বরোদা বনাম হোলকারের মধ্যে খেলায় ১৯৪৬-৪৭ সালে।

প্রঃ (৮২১) কোন ম্যাচে ভারতীয় দলের দশম উইকেটের জুটিতে ২০০ রানের বেশী যোগ হয়েছিল—ব্যাটসম্যান কারা ছিলেন ?

● ১৯৪৬ সালে ইংল্যাণ্ডের ওভাল মাঠে সারের বিরুদ্ধে ভারতীয় দল ১০ম উইকেটে ২৪৯ রান করেন। ব্যাটসম্যান ছিলেন সি. টি. সারভাতে ও সুঁটে ব্যানার্জী।

প্রঃ (৮২২) কর্ণেল সি. কে. নাইডু ও নবাব অফ পাতৌদি (বড়) কতগুলি টেস্টে অধিনায়কত্ব করেছেন?

● কর্ণেল নাইডু ৪টি টেস্টে অধিনায়কত্ব করেন। এই ৪টির মধ্যে তিনটিতে পরাজিত ও একটি ম্যাচে ড্র হয়।

নবাব অফ পাতৌদি ৩টি টেস্টে অধিনায়কত্ব করেন। এই তিনটির মধ্যে ২টিতে পরাজিত ও একটিতে ড্র হয়। উভয় ক্রিকেটার ইংল্যাণ্ডের বিরুদ্ধে অধিনায়কত্ব করেন।

প্রঃ (৮২৩) বিজয় হাজারে কতগুলি টেস্টে অধিনায়কত্ব করেছেন?

● বিজয় হাজারে মোট ১৪টি টেস্টে অধিনায়কত্ব করেন। এই ১৪টি টেস্টের মধ্যে ১টিতে জয় ও ৫টিতে পরাজয় এবং ৮টি ম্যাচ অমীমাংসিতভাবে শেষ হয়। হাজারে জয় পান একমাত্র ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৫১-৫২ সালে মাদ্রাজে।

প্রঃ (৮২৪) লালা অমরনাথ কতগুলি টেস্টে অধিনায়কত্ব করেছেন? অধিনায়ক হিসাবে তার সাফল্যের খতিয়ান কি?

● মোট ১৫টি ম্যাচে অধিনায়কত্ব করে লালা অমরনাথ ২টি টেস্টে জয় পান। পরাজিত হন ৬টি ম্যাচে এবং অমীমাংসিতভাবে শেষ হয় ৭টি ম্যাচ। লালা অমরনাথ ২টি ম্যাচে জয় পেয়েছেন পাকিস্তানের বিরুদ্ধে ১৯৫২-৫৩ সালে।

প্রঃ (৮২৫) ভিনু মানকড়ের অধিনায়ক হিসাবে সাফল্যের খতিয়ান কি?

● ভিনু মানকড় ৬টি টেস্টে অধিনায়কত্ব করে মাত্র ১টিতে হেরেছেন ৫টি ড্র হয়েছে।

প্রঃ (৮২৬) পলি উমড়িগড় কতগুলি টেস্টে অধিনায়কত্ব করেছেন?

● পলি উমড়িগড় ৯টি টেস্টে অধিনায়কত্ব করেছেন। এই ৯টির মধ্যে জয় পেয়েছেন ২টি ম্যাচে, হেরেছেন ৩টিতে এবং ড্র হয়েছে ৪টি ম্যাচ। উমড়িগড় জয় পেয়েছেন নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ২টি ম্যাচে ১৯৫৫-৫৬ সালে।

প্রঃ (৮২৭) নরী কনট্রাকটার অধিনায়ক হিসাবে কতগুলি টেস্ট পরিচালনা করেছেন?

● নরী কনট্রাকটর মোট ১২টি টেস্টে অধিনায়কত্ব করেন। এই ১২টির

মধ্যে ২টিতে জয়, ২টিতে পরাজয় এবং ৮টি ম্যাচ অমীমাংশিতভাবে শেষ হয়। নরী কনট্রাকটর জয় পান ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৬১-৬২ সালে।

প্রঃ (৮২৮) মনসুর আলী পাতৌদি প্রথম কোন টেস্টে প্রথম অধিনায়কত্ব করেন? তিনি মোট কতগুলি টেস্টে অধিনায়কত্ব করেছেন?

● ১৯৬১-৬২ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে তৃতীয় টেস্টে। তিনি মোট অধিনায়কত্ব করেন ৪২টি টেস্টে। জয় পেয়েছেন ৯টিতে, পরাজিত ২১টি ম্যাচে এবং ড্র হয়েছে ১২টি ম্যাচে। ৯টি জয়ের মধ্যে ৫টি জয় নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে দুটি ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে এবং ২টি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে।

প্রঃ (৮২৯) অধিনায়ক হিসাবে অজিত ওয়াদেকারের সাফল্যের খতিয়ান কি?

● ওয়াদেকার ১৬টি টেস্টে অধিনায়কত্ব করে ৪টি টেস্টে জয়, ৪টিতে পরাজয় এবং ৮টি ম্যাচ ড্র করেন। ওয়াদেকার জয় পান ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৩টি এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১টি টেস্টে।

প্রঃ (৮৩০) বিষান সিং বেদী প্রথম কবে অধিনায়কত্ব প্রথম করেন? তিনি সর্বসাকুল্যে কতগুলি টেস্টে অধিনায়কত্ব করে জয় পেয়েছেন?

● বেদী ১৯৭৫-৭৬ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে প্রথম অধিনায়কত্ব করেন অকল্যাণ্ডে। তিনি মোট অধিনায়ক হিসাবে খেলেছেন ২৩টি টেস্টে। এই ২৩টি টেস্টের মধ্যে জয় পেয়েছেন ৭টি ম্যাচে, পরাজিত ১১টি ম্যাচে এবং ড্র হয়েছে ৫টি ম্যাচে। সাতটি জয়ের মধ্যে ৩টিতে জয় পেয়েছেন নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ২টি টেস্টে, ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১টি টেস্টে এবং ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১টি টেস্টে জয় পেয়েছেন।

প্রঃ (৮৩১) টেস্ট ক্রিকেটে সানি গাভাসকারের অধিনায়ক হিসাবে পরিসংখ্যান কি?

● গাভাসকার মোট ৪৭টি টেস্টে অধিনায়ক হয়েছেন। ৪৭টির মধ্যে জয় পেয়েছেন ৯টি টেস্টে, পরাজিত হয়েছেন ৮টি টেস্টে এবং ৩০টি টেস্ট অমীমাংসিত ভাবে শেষ হয়েছে।

প্রঃ (৮৩২) পঙ্কজ রায় কোথায় এবং কার বিরুদ্ধে একটি মাত্র টেস্টে অধিনায়কত্ব করেছেন?

● ইংল্যাণ্ডে ১৯৫৯ সালে লর্ডস মাঠে পঙ্কজ রায় অধিনায়কত্ব করেন। এই ম্যাচে ভারতীয় দল ৮ উইকেটে পরাজিত হয়।

প্রঃ (৮৩৩) কোন সিরিজে ভারতীয় দলে একাধিক অধিনায়ক নিযুক্ত হয়েছিল ?

● ১৯৫৮-৫৯ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে। এই সিরিজ গোলাম আমেদ (২) উমড়িগড়, মানকড় ও অধিকারী একটি করে টেস্টে অধিনায়কত্ব করেন।

প্রঃ (৮৩৪) রনজি সিংজী কতগুলি টেস্ট খেলেছেন ? টেস্ট ক্রিকেটে তার রান কত ?

● ১৫টি টেস্ট খেলেছেন রনজি ইংল্যাণ্ড দলের হয়ে। তিনি ১৫টি টেস্টে, ২৬টি ইনিংসে, ৪টি নট আউট এবং একটি সেঞ্চুরি সহ করেন ৯৮৯ রান। গড় ৪৪˙৯৫। সর্বোচ্চ রান ১৭৫।

প্রঃ (৮৩৫) ক্রিকেটার রনজি সিংজীর সমগ্র ক্রিকেট জীবনের হিসাব কি ?

● ৫০০টি ইনিংসে ৬২টি নটআউট এবং ৭২টি সেঞ্চুরি সহ মোট রান করেছেন ২৪,৬৯২। ২০৫ সর্বোচ্চ রান। গড় ৫৬˙৩৭।

প্রঃ (৮৩৬) প্রথম শ্রেণীর ক্রিকেটে দলীপ সিংজীর সেঞ্চুরি সংখ্যা কত ?

● ৫০টি।

প্রঃ (৮৩৭) জি. এস. রামচাঁদ কোন দলের বিরুদ্ধে কতগুলি টেস্টে অধিনায়কত্ব করেছেন ?

● অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৫৯-৬০ সালে তিনি ৫টি টেস্টে অধিনায়কত্ব করেন। ৫টি টেস্টের মধ্যে তিনি জয় পান ১টি ম্যাচে এবং ২টি ম্যাচে পরাজিত হন এবং ২টি ম্যাচ অমীমাংসিত ভাবে শেষ হয়। বিপক্ষে অধিনায়ক ছিলেন রিচি বেনড।

প্রঃ (৮৩৮) ভারতীয় ক্রিকেটে কোন ব্যাটসম্যান একটিও সেঞ্চুরি না করে ২০০০ রান করেছেন ?

● চেতন চৌহান।

প্রঃ (৮৩৯) ভারতীয় ক্রিকেটে কতজন বাঙালী খেলোয়াড় টেস্ট ম্যাচ খেলেছেন ?

● পঙ্কজ রায় (৪৩টি) প্রবীর সেন (১৪টি) স্টুঁটে ব্যানার্জী (১টি) এন. চৌধুরী (২টি), এ. সেনগুপ্ত (১টি), অম্বর রায় (৪টি), প্রণব রায় (২টি), সুব্রত গুহ (৪টি) ও মণ্টু ব্যানার্জী (১টি)।

প্রঃ (৮৪০) ভারতের কোন ক্রিকেটার সর্বপ্রথম ১০০০, ২০০০ ৩০০০ হাজার রান করেছেন ?

● হাজার এবং দু'হাজার রান প্রথম করেন বিজয় হাজারে। তিন হাজার রান প্রথম করেন পলি উমড়িগড়।

প্রঃ (৮৪১) কোন টেস্ট ম্যাচে ভারতের বিরুদ্ধে বিপক্ষ দলের চারজন ব্যাটসম্যান সেঞ্চুরি করেন ?

● দুবার এই ঘটনা ঘটে। প্রথম ১৯৪৮ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের চারজন সেঞ্চুরি করেন যথাক্রমে : গোমেজ, ক্রিসচানী, উইকস ও ওয়ালকট। দ্বিতীয়বার ১৯৮৩ সালে পাকিস্তানের চারজন সেঞ্চুরি করেন, যথাক্রমে : ইমরান, জাহির আব্বাস, জাভেদ মিঁয়াদাদ ও সেলিম মালিক।

প্রঃ (৮৪২) কোন দলের বিরুদ্ধে এবং কোন মাঠে একজন ভারতীয় খেলোয়াড় বিপক্ষ দলের হয়ে ফিল্ডিং করেছিলেন ?

● ১৯৬৪ সালে দ্বিতীয় টেস্টে ইংল্যাণ্ড দলের হয়ে ফিল্ডিং করেন ভারতের কৃপাল সিং।

প্রঃ (৮৪৩) কোন টেস্ট ম্যাচে বিদেশ সফররত ভারতীয় দলের ১৬ জন ক্রিকেটারই মাঠে নেমেছিলেন ?

● ১৯৭৬ সালে জামাইকা টেস্টে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ভারতের ১৬ জন ক্রিকেটারই মাঠে নেমেছিলেন।

প্রঃ (৮৪৪) ভারতীয় দলের অধিনায়ক নরী কনট্রাকটর কোথায় এবং কোন মাঠে কোন বোলারের বলে আহত হয়েছিলেন ?

● ওয়েস্ট ইণ্ডিজ সফরে বার্বাডোজ দলের বিরুদ্ধে খেলার সময় ভারতীয় অধিনায়ক নরী কনট্রাকটর চার্লস গ্রিফিথের বলে মাথায় আঘাত পান। ফলে তার ক্রিকেট জীবনের অবসান ঘটে।

প্রঃ (৮৪৫) ভারতীয় দল লর্ডস মাঠে প্রথম জয় পায় কবে ?

● ১৯৮৬ সালে কপিলদেবের নেতৃত্বে।

প্রঃ (৮৪৬) ভারতীয় দলের বিরুদ্ধে সর্বোচ্চ রান কোন ক্রিকেটার করেছেন ?

● পাকিস্তান দলের জাভেদ মিঁয়াদাদ। ২৮০*। হায়দারাবাদ। ১৯৮২-৮৩ সালে।

প্রঃ (৮৪৭) ভারতীয় দলের বিরুদ্ধে ইংল্যাণ্ড, পাকিস্তান ও ওয়েস্ট ইণ্ডিজ দলের হয়ে সর্বোচ্চ রান কে করেছেন ?

● ইংল্যাণ্ডের পক্ষে জিওফ বয়কট (২৪৬*), পাকিস্তানের পক্ষে মিঁয়াদাদ (২৮০), ওয়েস্ট ইণ্ডিজ দলের কানহাই (২৫৬)।

প্রঃ (৮৪৮) ভারতীয় ক্রিকেটে কোন ব্যাটসম্যান সর্বাধিক টেস্ট ইনিংস খেলেছেন ?

● সানি গাভাসকার। ১২৫টি টেস্টে ২১৪টি ইনিংস।

প্রঃ (৮৪৯) ভারতীয় ক্রিকেটে কোন ব্যাটসম্যান সর্বোচ্চবার ডাবল সেঞ্চুরি, সেঞ্চুরি এবং হাফ সেঞ্চুরি করেছেন ?

● সানি গাভাসকার। ডাবল সেঞ্চুরি ৪ বার। সেঞ্চুরি ৩৪টি। হাফ সেঞ্চুরি বা অর্ধশত রান ৪৫ বার। (এটি বিশ্বরেকর্ড)।

প্রঃ (৮৫০) কোন ভারতীয় ব্যাটসম্যান বিভিন্ন উইকেটে সর্বোচ্চবার শতরানের জুটির ভাগীদার হয়েছেন ?

● সানি গাভাসকার। ৫৭ বার।

প্রঃ (৮৫১) কোন একমাত্র ভারতীয় ব্যাটসম্যান বিশ্বের সবকটি দেশের বিরুদ্ধে শতরান করেছেন ?

● সানি গাভাসকার। ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ১৩টি, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৮টি, পাকিস্তানের বিরুদ্ধে ৫টি, ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৪টি, নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ২টি এবং শ্রীলঙ্কার বিরুদ্ধে ২টি শতরান করেন।

প্রঃ (৮৫২) গাভাসকারের দশ হাজার রান কতগুলি টেস্টে কোন দলের বিরুদ্ধে কি ভাবে হয়েছে ?

● ১১টি টেস্টে কানপুরে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭২-৭৩ সালে ১০০০ রান। ২৩টি টেস্টে পোর্ট অফ স্পেনে ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ১৯৭৫-৭৬ সালে ২০০০ রান। ৩৪টি টেস্টে পার্থে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৭৭-৭৮ সালে ৩০০০ রান। ৪৩টি টেস্টে কলকাতায় ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ১৯৭৮-৭৯ সালে ৪০০০ রান। ৫২টি টেস্টে বাঙ্গালোরে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৭৯-৮০ সালে ৫০০০ রান। ৬৫টি টেস্টে এডিলেডে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৮০-৮১ সালে ৬০০০ রান। ৮০টি টেস্টে লাহোরে পাকিস্তানের বিরুদ্ধে ১৯৮২-৮৩ সালে ৭০০০ রান। ৯৫টি টেস্টে দিল্লীতে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৮৩-৮৪ সালে ৮০০০ রান। ১১০টি টেস্টে এডিলেডে

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৮৫-৮৬ সালে ৯০০০ রান এবং ১২৪টি টেস্টে পাকিস্তানের বিরুদ্ধে আমেদাবাদে ১৯৮৭ সালে ১০,০০০ রান।

প্রঃ (৮৫৩) টেস্টে গাভাসকার কোন দেশের বিরুদ্ধে কত রান করেছেন ?

● ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৩৮টি টেস্টে ২৪৮৩ রান। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ২০টি টেস্টে ১৫৫০ রান। ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ২৭টি টেস্টে ২৭৪৯ রান। নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ৯টি টেস্টে ৬৫১ রান। শ্রীলঙ্কার বিরুদ্ধে ৭টি টেস্টে ৬০০ রান। পাকিস্তানের বিরুদ্ধে ২৩টি টেস্টে ২০৮৯ রান।

প্রঃ (৮৫৪) ভারতীয় ক্রিকেটে কোন বোলার সর্বোচ্চ টেস্ট উইকেট পেয়েছেন ?

● কপিলদেব নিখাঞ্জ।

প্রঃ (৮৫৫) ভারতীয় ক্রিকেটে দ্বিশত উইকেট কতজন বোলার পেয়েছেন ?

● তিনজন। কপিলদেব ৩১১, বি. এস. বেদী ২৬৬, ভগবৎ চন্দ্রশেখর ২৪২।

প্রঃ (৮৫৬) কপিলদেব, বেদী, চন্দ্রশেখর, প্রসন্ন, ভিনু মানকড় এবং সুভাষ গুপ্তে কতবার একটি ইনিংসে ৫টির বেশী উইকেট পেয়েছেন ?

● কপিলদেব ১৯ বার, বেদী ১৫ বার, চন্দ্রশেখর ১৬ বার, এরপল্লী প্রসন্ন ১০ বার, ভিনু মানকড় ৮ বার, সুভাষ গুপ্তে ১২ বার।

প্রঃ (৮৫৭) ভারতের কতজন ক্রিকেটার দশটির বেশী সেঞ্চুরি করেছেন ?

● চারজন। সানি গাভাসকার ৩৪টি, দিলীপ বেঙ্গসারকার ১৫টি, গুণ্ডাপ্পা বিশ্বনাথ ১৪টি, পলি উমড়িগড় ১২টি।

প্রঃ (৮৫৮) ভারতের কতজন ক্রিকেটার পাঁচটি বা তার বেশী সেঞ্চুরি করেছেন ?

● বিজয় হাজারে ৩০টি টেস্টে ৭টি, বিজয় মঞ্জরেকার ৫৫টি টেস্টে ৭টি, পঙ্কজ রায় ৪৩টি টেস্টে ৫টি, চাঁদু বোরদে ৫৫টি টেস্টে ৫টি, দিলীপ সারদেশাই ৩০টি টেস্টে ৫টি, নবাব মনসুর আলি পাতৌদি ৪৬টি টেস্টে ৬টি, ভিনু মানকড় ৪৪টি টেস্টে ৫টি।

প্রঃ (৮৫৯) ভারতের প্রাক্তন অধিনায়ক লালা অমরনাথ, নরী কনট্রাকটর, অজিত ওয়াদেকর কতগুলি টেস্ট সেঞ্চুরি করেছেন? টেস্ট ক্রিকেটে তাদের সর্বোচ্চ রান কত?

● লালা অমরনাথ ২৪টি টেস্টে ১টি সেঞ্চুরি, সর্বোচ্চ রান ১১৮, বোম্বাই মাঠে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৩৩-৩৪ সালে। নরী কনট্রাক্টর ৩১টি টেস্টে ১১টি সেঞ্চুরি, সর্বোচ্চ রান ১০৮, ইংল্যাণ্ডের বিরুদ্ধে বোম্বাই মাঠে ১৯৫৯-৬০ সালে। অজিত ওয়াদেকার ৩৭টি টেস্টে ১টি সেঞ্চুরি, সর্বোচ্চ ১৩৪ রান, নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ওয়েলিংটনে ১৯৬৭-৬৮ সালে।

প্রঃ (৮৬০) ভারতের প্রাক্তন ওপেনিং ব্যাটসম্যান পঙ্কজ রায় কবে প্রথম টেস্ট ক্রিকেটে আভির্ভূত হন? তার প্রথম ও শেষ সেঞ্চুরি কার বিরুদ্ধে?

● ১৯৫১-৫২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে দিল্লীর মাঠে প্রথম টেস্ট ক্রিকেটে আত্মপ্রকাশ করেন। এই ম্যাচে তিনি বিজয় মার্চেন্টের সঙ্গে প্রথম খেলতে নেমে মাত্র ১২ রান করে স্যাকিলটনের বলে এল. বি. ডাবলু. হন। দ্বিতীয় টেস্টে বোম্বাই মাঠে তিনি তাঁর ক্রিকেট জীবনের প্রথম সেঞ্চুরি (১৪০) করেন। শেষ সেঞ্চুরি করেন নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৯৫৫-৫৬ সালে (১৭৩)।

প্রঃ (৮৬১) প্রাক্তন ক্রিকেটার পঙ্কজ রায় কোন দেশের বিরুদ্ধে কতগুলি সেঞ্চুরি করেছেন?

● পঙ্কজ রায় সর্বসাকুল্যে ৫টি সেঞ্চুরি করেছেন। প্রথম ১৯৫১-৫২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে বোম্বাই মাঠে ১৪০ এবং পঞ্চম টেস্ট মাদ্রাজে ১১১ রান। তৃতীয় সেঞ্চুরি কিংস্টন ওভালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ১৯৫২-৫৩ সালে ১৫০ রান। চতুর্থ সেঞ্চুরি ১৯৫৫-৫৬ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ৪র্থ টেস্টে কলকাতায় ১০০ ও পঞ্চম টেস্টে মাদ্রাজে ১৭৩ রান করেন।

প্রঃ (৮৬২) টেস্ট ক্রিকেটে ভারতীয় দলের প্রতিষ্ঠিত ওপেনিং ব্যাটসম্যান বিজয় মার্চেন্ট, মুস্তাক আলী, পঙ্কজ রায়, নরী কনট্রাকটর ও এম, এল, জয়সীমার পরিসংখ্যান কি?

● বিজয় মার্চেন্ট	১০টি টেস্টে	৩টি সেঞ্চুরি সহ ৮৫৯ রান
মুস্তাক আলি	১১টি টেস্টে	২টি সেঞ্চুরি সহ ৬১২ রান
পঙ্কজ রায়	৪৩টি টেস্টে	৫টি সেঞ্চুরি সহ ২৪৪২ রান
নরী কনট্রাক্টর	৩১টি টেস্টে	১টি সেঞ্চুরি সহ ১৬১১ রান
এম. এল. জয়সীমা	৩৯টি টেস্টে	৩টি সেঞ্চুরি সহ ২০৫৬ রান

প্রঃ (৮৬৩) ভারতীয় দলের প্রথম টেস্ট ম্যাচে দুই ব্যাটসম্যান কারা ছিলেন? টেস্ট ক্রিকেটে এই দুই ব্যাটসম্যানের পরিসংখ্যান কি?

● ১৯৩২ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে লর্ডসে অনুষ্ঠিত একটি মাত্র টেস্ট সিরিজের খেলায় ওপেনিং ব্যাটসম্যান ছিলেন জে. ডি. নাভলে ও জে. নাওমেল। নাভলে ২টি টেস্টে ৪টি ইনিংসে ৪২ রান করেন এবং নাওমেল ৩টি টেস্টের ৫ ইনিংসে ১০৮ রান করেন।

প্রঃ (৮৬৪) অরবিন্দ আপ্তে, মাধব আপ্তে, পি. এল. পাঞ্জাবী, এম. আর রেগে কতগুলি টেস্ট ম্যাচ খেলেছেন এবং টেস্ট ক্রিকেটে এদের গড় রান কত?

● অরবিন্দ আপ্তে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৫৯ সালে প্রথম টেস্ট খেলেন। তিনি একটি মাত্র টেস্ট খেলেছেন। একটি টেস্টে ১৫ রান করেন। গড় ৭·৫০। মাধব গুপ্তে ১৯৫২-৫৩ সালে পাকিস্তানের বিরুদ্ধে ৩য় টেস্ট প্রথম টেস্ট খেলেন। তিনি ৭টি টেস্টে ১৩টি ইনিংসে ৫৪২ রান করেন। গড় ৪৯·২৭। সর্বোচ্চ ১৬৩*। পি. এল. পাঞ্জাবী ১৯৫৪-৫৫ সালে পাকিস্তানের বিরুদ্ধে ঢাকায় প্রথম খেলেন। তিনি মোট ৫টি টেস্ট ১০টি ইনিংসে ১৬৪ রান করেন। গড় ১৬·৪০। এম. আর. রেগে ১৯৪৮-৪৯ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে মাদ্রাজে প্রথম খেলেন। তিনি একটি মাত্র টেস্ট খেলে ২টি ইনিংসে ১৫ রান করেন। গড় ৭·৫০।

প্রঃ (৮৬৫) কে. সি. ইব্রাহিম এবং ডি. কে. গায়কোয়াড় কতগুলি টেস্ট ম্যাচ খেলেছেন? টেস্ট ক্রিকেটে এদের পরিসংখ্যান কি?

● কে. সি. ইব্রাহিম ১৯৪৮-৪৯ সালে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে প্রথম খেলেন। তিনি ৪টি টেস্টে ৮ ইনিংসে ১৬৯ রান ২১·১২। ডি. কে. গায়কোয়াড় ১৯৫২ সালে ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে প্রথম খেলেন। তিনি মোট ১১টি টেস্টে ২০টি ইনিংসে ৩৫০ রান করেন। গড় ১৮·৪২।

প্রঃ (৮৬৬) বিজয় হাজারে, বিজয় মঞ্জরেকার, রুসি মোদি, পলি উমড়িগড়, সারভাতে, কর্ণেল সি. কে. নাইডু এবং সি. এস. নাইডুর টেস্ট পরিসংখ্যান কি?

● বিজয় হাজারে ৩০টি টেস্টে ৫২টি ইনিংসে ৭টি সেঞ্চুরি সহ ২১৯২ রান। বিজয় মঞ্জরেকার ৫৫টি টেস্টে ৯২টি ইনিংসে ৭টি সেঞ্চুরি সহ ৩২০৮ রান। সি. টি. সারভাতে ৯টি টেস্টে ১৭টি ইনিংসে ২০৮ রান। কর্ণেল সি. কে. নাইডু ৭টি টেস্টে ১৪টি ইনিংসে ৩৫০ রান। সি. এস. নাইডু ১১টি টেস্টে ১৯টি ইনিংসে ১৪৭ রান।

গড় ৯'১৮। রুসি মোদি ১০টি টেস্টে ১৭টি ইনিংসে ১টি সেঞ্চুরি সহ ৭৩৬। পলি উমড়িগড় ৫৯টি টেস্ট ৯৪টি ইনিংসে ১২টি সেঞ্চুরি ৩৬৩১ রান।

প্রঃ (৮৬৭) সুনীল গাভাসকার, গুণ্ডাপ্পা বিশ্বনাথ, দিলীপ বেঙ্গসারকারের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি?

● সুনীল গাভাসকার ১২৫টি টেস্টে ১০,১২২ রান।
গুণ্ডাপ্পা বিশ্বনাথ ৯১টি টেস্টে ৬,০৮০ রান।
দিলীপ বেঙ্গসরকার ৯৫টি টেস্টে ৫৯৫১ রান।

প্রঃ (৮৬৮) অজিত ওয়াদেকার এবং চেতন চৌহানের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি?

● অজিত ওয়াদেকার। ৩৭টি টেস্টে ৭১টি ইনিংসে একটি সেঞ্চুরি ১৪টি অর্ধশত সহ ২১১৩ রান করেন। গড় ৩১'০৭। তিনি ১৬টি টেস্টে অধিনায়কত্ব করেন। চেতন চৌহান ৩৯টি টেস্টে ২০৮৪ রান করেন।

প্রঃ (৮৬৯) আব্বাসআলী বেগ, হেমু অধিকারী, সারদেশাই এবং পাতৌদি (ছোট) টেস্ট ক্রিকেটে পরিসংখ্যান কি?

● আব্বাসআলী বেগ ১০টি টেস্টে ১৮টি ইনিংস, ১টি সেঞ্চুরি ৪২৮ রান। হেমু অধিকারী ২১টি টেস্টে ৩৬টি ইনিংসে ১টি সেঞ্চুরি সহ ৮৭২। সারদেশাই ৩০টি টেস্টে ৫৫ ইনিংসে ৫টি ইনিংস সহ ২০০১ রান। পাতৌদি (ছোট) ৪৬টি টেস্টে ৮৩টি ইনিংসে ৬টি সেঞ্চুরি সহ ২৭৯৩ রান। তিনি ৪০টি টেস্টে অধিনায়কত্ব করেছেন।

প্রঃ (৮৭০) ভারতীয় ক্রিকেটে নির্বাচক মণ্ডলীর সদস্য হিসাবে প্রতিষ্ঠিত ব্যক্তিত্ব মনমোহন সুদ, বিজয় মেহারা, কৃপাল সিং, হনুমন্ত সিং এবং সি. ডি. গোপিনাথের টেস্ট ক্রিকেটে কোন সেঞ্চুরি আছে কি? এরা প্রত্যেকে কটি টেস্ট খেলেছেন? যদি খেলে থাকেন তাহলে এদের টেস্ট ক্রিকেটের পরিসংখ্যান কি?

● উপরোক্ত ব্যক্তিদের মধ্যে হনুমন্ত সিং এবং কৃপাল সিং একটি করে সেঞ্চুরি করেছেন। মনমোহন সুদ ১টি টেস্ট ম্যাচ খেলেছেন। এই একটি মাত্র টেস্টে দুটি ইনিংসে ব্যাট করে তিনি মাত্র ৩ রান করেন। বিজয় মেহারা ৮টি টেস্ট, ১৪টি ইনিংস, ২টি অর্ধশত রান নিয়ে মোট ৩২৯ রান করেন। সি. ডি. গোপিনাথ ৮টি টেস্টে ১২টি ইনিংসে একটি অর্ধশত সহ ২৪২ রান করেন। হনুমন্ত সিং ১৪টি টেস্ট ২৪টি ইনিংস একটি সেঞ্চুরি, ৫টি অর্ধশত সহ ৬৮৬ রান করেন এবং কৃপাল সিং ১৪টি টেস্টে ২০টি ইনিংসে একটি সেঞ্চুরি ও দুটি অর্ধশত সহ ৪২২ রান করেন।

প্রঃ (৮৭১) ভারতীয় ক্রিকেটে পেশ বোলার হিসাবে স্বীকৃত মহাম্মদ নিশার, অমর সিং, দাতু ফাতকার, রামকান্ত দেশাইয়ের বোলিং হিসাব কি ?

● মহাম্মদ নিশার ৬টি টেস্ট ১২১১ বল ৭০৭ রান ২৫টি উইকেট।
অমর সিং ৭টি টেস্ট ২১৮২ বল ৮৫৮ রান ২৬টি উইকেট।
দাতু ফাতকার ৩১টি টেস্ট ৫৯৯৪ বল ২২৪৫ রান ৬২টি উইকেট।
রামকান্ত দেশাই ২৮টি টেস্ট ৫৫৯৭ বল ২৭৬১ রান ৭৪টি উইকেট।

প্রঃ (৮৭২) টেস্ট ক্রিকেটে প্রতিষ্ঠিত বাঙালী পেশ বোলার সুঁটে ব্যানার্জ্জী, মণ্টু ব্যানার্জ্জী, পুঁটু চৌধুরী ও সুব্রত গুহের টেস্ট পরিসংখ্যান কি ?

● সুঁটে ব্যানার্জী ১টি টেস্ট, ২৭৩ বল, ৮ মেডেন, ১২৭ রান, ৫টি উইকেট।
মণ্টু ব্যানার্জী ১টি টেস্ট, ৩০৬ বল, ৩ মেডেন, ১৮১ রান, ৫টি উইকেট।
পুঁটু চৌধুরী ২টি টেস্ট, ৫১৬ বল, ২১ মেডেন, ২০৫ রান, ১টি উইকেট।
সুব্রত গুহ ৪টি টেস্ট, ৬৭৪ বল, ২৩ মেডেন, ৩১১ রান, ৩টি উইকেট।

প্রঃ (৮৭৩) টেস্ট ক্রিকেটে কতগুলি উইকেট পেয়েছেন—সুরেন্দ্রনাথ, সুন্দরাম, সুব্রামানিয়াম এবং বসন্ত রঞ্জনে ?

● আর. সুরেন্দ্রনাথ ১১টি টেস্টে ২৬টি উইকেট।
জি. আর. সুন্দরাম ২টি টেস্টে ৩টি উইকেট।
ভি. সুব্রামানিয়াম ৯টি টেস্টে ৩টি উইকেট।
বসন্ত রঞ্জনে ৭টি টেস্টে ১৯টি উইকেট।

প্রঃ (৮৭৪) ভারতীয় ক্রিকেটে বিখ্যাত স্পিনার সুভাস গুপ্তে, গোলাম আমেদ, সিন্ধে, মোট কতগুলি টেস্ট ম্যাচ খেলেছেন ? তাদের উইকেট প্রাপ্তির সংখ্যা কত ?

● সুভাষ গুপ্তে ৩৬টি টেস্টে ১১,২৮৪ বল ৪৪০৩ রান ১৪৯টি উইকেট। গোলাম আমেদ ২২টি টেস্টে ৫৬৫০ বল ২০৫২ রান ৬৮টি উইকেট। এস. জি. সিন্ধে ৭টি টেস্টে ১৫১৫ বল ৭১৭ রান ১২টি উইকেট।

প্রঃ (৮৭৫) ভারতের তিন বিখ্যাত স্পিন জুটি বিষান সিং বেদী, চন্দ্রশেখর এবং এরাপল্লি প্রসন্ন টেস্ট ক্রিকেটে কতগুলি উইকেট সংগ্রহ করেছেন ?

● বিষানসিং বেদী ৬৭টি টেস্টে ২১৩৬৭ বলে ৭৬৩৭ রান ২৬৬টি উইকেট।
ভগবৎ চন্দ্রশেখর ৫৮টি টেস্টে ১৫৯৬৩ বলে ৭১৯৯ রান ২৪২টি উইকেট।
এরাপল্লি প্রসন্ন ৪৯টি টেস্টে ১৪,৩৫৩ বলে ৫৭৪২ রান ১৮৯টি উইকেট।

প্রঃ(৮৭৬) ভারতীয় ক্রিকেটে প্রতিষ্ঠিত স্পিনার ভেঙ্কটরাঘবন, ভি. ভি. কুমার, এবং বালু গুপ্তে কতগুলি টেস্ট ম্যাচ খেলেছেন? টেস্ট ক্রিকেটে পরিসংখ্যান কি?

● .এস. ভেঙ্কটরাঘবন ৫০টি টেস্টে ১৩৪৪২ বলে ৪৯৪৪ রানে ১৪৫টি উইকেট।
ভি. ভি. কুমার ২টি টেস্টে ৬০৫ বলে ২০২ রানে ৭টি উইকেট।
বালু গুপ্তে ৩টি টেস্ট ৬৭৪ বল ৩১১ রান ৩টি উইকেট।

প্রঃ (৮৭৭) বিখ্যাত ভারতীয় অলরাউণ্ডার ভিনু মানকড়, লালা অমরনাথ, পলি উমড়িগড়, সেলিম দুরানী, বাপু নাদকানির টেস্ট পরিসংখ্যান কি?

● ভিনু মানকড় ৪৪টি টেস্টে ২১০৯ রান, ১৬২টি উইকেট।
লালা অমরনাথ ২৪টি টেস্টে ৮৭৮ রান, ৪৫টি উইকেট।
পলি উমড়িগড় ৫৯টি টেস্টে ৩৬৩১ রান, ৩৫টি উইকেট।
সেলিম দুরানী ২৯টি টেস্টে ১২০২ রান, ৭৫টি উইকেট।
বাপু নাদকার্নী ৪১টি টেস্টে ১৪১৪ রান, ৮৮টি উইকেট।

প্রঃ (৮৭৮) বিখ্যাত ভারতীয় ক্রিকেটার আবিদ আলী, রুসি সুর্তি, চান্দু বোরদের টেস্ট পরিসংখ্যান কি?

● আবিদ আলী ২৯টি টেস্টে ১০১৮ রান, ৪৭টি উইকেট।
রুসি সুর্তি ২৬টি টেস্টে ১২৬৩ রান, ৪২টি উইকেট।
চান্দু বোরদে ৫৫টি টেস্টে ৩০৬১ রান, ৫২টি উইকেট।

প্রঃ (৮৭৯) একনাথ সোলকার কতগুলি টেস্ট খেলেছেন? টেস্ট ক্রিকেটে তার সাফল্যের খতিয়ান কি?

● সোলকার ১৯৬৯-৭০ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে প্রথম আত্মপ্রকাশ করেন। তিনি ১৯৭৭ সাল পর্যন্ত মোট ২৭টি টেস্ট ম্যাচ খেলে ৪৮টি ইনিংসে একটি শত ও ৬টি অর্ধশত সহ ১০৬৮ রান করেন। গড় ২৫·৪২। বল করেন ২২৬৫টি ১০৭০ রানে ১৮টি উইকেট পান। গড় ৫৯·৪৪। ক্যাচ ধরেন মোট ৫৩টি।

প্রঃ (৮৮০) ভারতের বিখ্যাত উইকেটরক্ষক ফারুক ইঞ্জিনীয়ার,

বুধি কুন্দরাম, এম. কে. মন্ত্রী নরেন তামানে, পি. জি. যোশী এবং সৈয়াদ কিরমানির টেস্ট পরিসংখ্যান কি ?

● ফারুক ইঞ্জিনীয়ার ৪৬টি টেস্টে ২৬১১ রান সহ ৬৬টি ক্যাচ ও ১৬টি স্ট্যাম্প আউট করেন। বুধি কুন্দরাম ১৮টি টেস্টে ৯৮১ রান সহ সাতটি স্ট্যাম্প ও দুটি ক্যাচ ধরেন। এম. কে. মন্ত্রী ৪টি টেস্টে ৬৭ রান সহ ৮টি ক্যাচ ও ১টি স্ট্যাম্প করেন। নরেন তামানে ২১টি টেস্টে ২২৫ রান সহ ১৬টি ক্যাচ ও ৩৫টি স্ট্যাম্প আউট করেন। পি. জি যোশী ১২টি টেস্টে ২০৭ রান সহ ৩টি স্ট্যাম্প ও ১৮টি ক্যাচ ধরেন। সৈয়দ কিরমানি ৮৮টি টেস্টে ২৭৫৯ রান সহ ১৬৩টি ক্যাচ ও ৩৫টি স্ট্যাম্প করেন।

প্রঃ (৮৮১) ভারতের কতজন উইকেটরক্ষক একাধিকবার সেঞ্চুরি করেছেন ?

● ফারুক ইঞ্জিনীয়ার (২টি) বুধি কুন্দরাম (২টি) সৈয়দ কিরমানি (২টি)।

প্রঃ (৮৮২) টেস্ট ক্রিকেটে কোন একমাত্র বাঙালী ভারতীয় দলের উইকেটরক্ষক ছিলেন? তিনি কতগুলি টেস্ট ম্যাচ খেলেছেন ?

● প্রবীর (খোকন) সেন। ১৪টি টেস্টে তিনি ১৬৫ রান সহ ১১টি ক্যাচ ও ২০টি স্ট্যাম্প করেন।

প্রঃ (৮৮৩) ভারত ও পাকিস্তান দলের মধ্যে মোট কতগুলি টেস্ট ম্যাচ খেলা হয়েছে ?

● ভারত ও পাকিস্তানের মধ্যে ১৯৫১-৫২ সাল থেকে ১৯৮৭ সাল পর্যন্ত টেস্ট খেলা হয়েছে মোট ৪০টি। এই ৪০টি টেস্ট ম্যাচের মধ্যে ভারত জয় পেয়েছে ৪টিতে, পরাজিত হয়েছে ৭টি ম্যাচে এবং বাকি ২৯টি ম্যাচ অমীমাংসিত ভাবে শেষ হয়েছে।

প্রঃ (৮৮৪) ভারত ও পাকিস্তান সিরিজে উভয় দল তাদের বিপক্ষ মাঠে কতগুলি ম্যাচে জয়লাভ করেছে ?

● ভারতীয় দল পাকিস্তান মাঠে একটি টেস্টেও জয়লাভ করেন নি। পাকিস্তান ভারতের দুটি টেস্টে জয় পেয়েছে যথাক্রমে ; ১৯৫২-৫৩ সালে লক্ষ্ণৌ মাঠে আবদুল হাফিজ কারদারের নেতৃত্বে এবং দ্বিতীয়বার ১৯৮৭ সালে ইমরান খানের নেতৃত্বে বাঙ্গালোর মাঠে।

প্রঃ (৮৮৫) ভারত ও পাকিস্তান দলের কতজন ব্যাটসম্যান উভয় দলের হয়ে পরস্পরের বিরুদ্ধে ডাবল সেঞ্চুরি করেছেন ?

● চারজন ক্রিকেটার পাকিস্তানের পক্ষে পাঁচটি ডাবল সেঞ্চুরি করেছেন। জাহির আব্বাস (২৩৫* ও ২১৫) মুদাস্সর নজর (২৩১) জাভেদ মিঁয়াদাদ (২০০*) ও কাসিম ওমর (২১০)। ভারতের পক্ষে একজন অংশুমান গায়কোয়াড় (২০১)।

প্রঃ (৮৮৬) ভারত ও পাকিস্তান সিরিজে কোন উইকেটরক্ষক একটি ইনিংসে সর্বোচ্চ জনকে আউট করেছেন ?

● ভারতের পক্ষে সৈয়দ কিরমানি। তিনি ১৯৮২-৮৩ সালে ফয়শালাবাদে ৫টি ক্যাচ ধরেন। পাকিস্তানের পক্ষে ওয়াসিম বারি ৪টি ক্যাচ ধরেন দুবার যথাক্রমে ; বোম্বাই মাঠে ১৯৭৯-৮০ সালে এবং করাচীতে ১৯৭৮-৭৯ সালে।

প্রঃ (৮৮৭) ভারত ও পাকিস্তান দলের মধ্যে খেলায় কোন উইকেটরক্ষক একটি ম্যাচে সর্বোচ্চ জনকে আউট করেছেন ?

● ওয়াসিম বারি (পাকিস্তান) ৭টি (৪+৩) ক্যাচ ধরেন বোম্বাই মাঠে ১৯৭৯-৮০ সালে। ভারতের পক্ষে দুজন যথাক্রমে ; সৈয়দ কিরমানি ১৯৭৯-৮০ সালে মাদ্রাজে এবং নরেন তামানে ১৯৫৪-৫৫ সালে। উভয়ে ৬টি ক্যাচ ধরেন।

প্রঃ (৮৮৮) ভারতের পক্ষে কোন উইকেটরক্ষক এক সিরিজে সর্বোচ্চ ক্যাচ ধরেছেন ?

● ১৯টি ক্যাচ ধরেছেন নরেন তামানে ১৯৫৪-৫৫ সালে পাকিস্তানের বিরুদ্ধে এবং সৈয়দ কিরমানি পাকিস্তানের বিরুদ্ধে ১৯৭৯-৮০ সালে।

প্রঃ (৮৮৯) ভারত ও পাকিস্তানের মধ্যে খেলায় উভয় দলের কতজন ব্যাটসম্যান ৯০ রানের ঘরে আউট হয়েছেন ?

● ভারতের পক্ষে পাঁচজন এই নজির গড়েন। এম. এল. জয়সীমা (৯৯) কানপুর ১৯৬০-৬১। সানি গাভাসকার তিনবার। ৯৭ রান লাহোরে ১৯৭৮-৭৯, ৯৬ রানে বাঙ্গালোর ও ৯১ রানে মাদ্রাজে ১৯৮৭ সালে। চেতন চৌহান (৯৩) লাহোর ১৯৭৮-৭৯ সালে। নরীম্যান কনট্রাকটর (৯২) নিউ দিল্লী ১৯৬০-৬১। পাকিস্তানের পক্ষে আছেন ৯জন ব্যাটসম্যান। হানিফ মহাম্মদ (৯৬) বোম্বাই ১৯৫২-৫৩। ওয়াকার হোসেন (৯৭) কলকাতা ৫২-৫৩। মোকস্থদ আমেদ (৯৯) লাহোর ১৯৫৪-৫৫। কারদার (৯৩) করাচী ১৯৫৪-৫৫। জাহির আব্বাস (৯৬) ফয়শালাবাদ ১৯৭৮-৭৯। তসলিম আরিফ (৯০) কলকাতা ১৯৭৯-৮০। জাভেদ মিঁয়াদাদ (৯৯) বাঙ্গালোর ১৯৮৩-৮৪। মহসিন খান (৯৪) লাহোর ও করাচী ১৯৮২-৮৩। ওয়াসিম রাজা (৯৭ ও ৯৪*) ১৯৭৯-৮০ দিল্লী ও কানপুর।

প্রঃ (৮৯০) ভারতের দুই বাঁ হাতি বোলার দিলীপ দোসী এবং কার্সন ঘাউরি মোট কতগুলি উইকেট পেয়েছেন ?

● টেস্ট ক্রিকেটে দিলীপ দোসী ১১৪টি এবং কার্ষন ঘাউড়ি ১০৯টি উইকেট পেয়েছেন।

প্রঃ (৮৯১) একনাথ সোলকার কবে এবং কার বিরুদ্ধে ভারতীয় একাদশ দলের হয়ে অধিনায়কত্ব করেছেন? টেস্ট ক্রিকেটে সোলকারের পরিসংখ্যান কি?

● সোলকার ১৯৬৫-৬৬ সালে ভারতীয় স্কুল দলের হয়ে অধিনায়কত্ব করেন লণ্ডন স্কুল দলের বিরুদ্ধে। তিনি মোট ২৭টি টেস্ট খেলেন। ৪৮টি ইনিংসে, ৬টি অপরাজিত ইনিংস খেলে তার সংগ্রহ ১০৬৮ রান। বল করেছেন ২২৬৫, ৮২টি মেডেন, ১০৭০ রান ও ১৮টি উইকেট। ক্যাচ ধরেছেন ৫৩টি।

প্রঃ (৮৯২) ভারতের কোন ক্রিকেটার ভারতের ওলিম্পিক হকি দলের সদস্য ছিলেন—কে এই ক্রিকেটার? তিনি কোন ওলিম্পিক হকি দলের সদস্য ছিলেন?

● নবাব অব পাতৌদি (বড়)। তিনি ১৯৮২ সালে ভারতীয় হকি দলের সদস্য হিসাবে ওলিম্পিকে গিয়েছিলেন।

প্রঃ (৮৯৩) কোন টেস্ট সিরিজ উভয় দল ব্যাটিং ও বোলিং গড়ে সমান ফলাফল গড়েছেন?

● ১৯৭৬ সালে ভারত বনাম ওয়েস্ট ইণ্ডিজ। উভয় দলের সমান গড় ছিল ৩৭.৩।

প্রঃ (৮৯৪) ভারতের কোন ক্রিকেটার সর্বপ্রথম পদ্মভূষণ সম্মান পেয়েছেন?

● কর্ণেল সি. কে. নাইডু। ১৯৫৬ সালে। পরে এই সম্মান পান মহারাজা অব ভিজিয়ানাগ্রাম (ভিজি) ১৯৫৮ সালে।

প্রঃ (৮৯৫) ক্রিকেটে বাংলায় ধারাবিবরণী কবে বেতারে প্রচারিত হয়?

● ১৯৬৩-৬৪ সালের সিরিজ ইংল্যাণ্ডের বিরুদ্ধে কলকাতায় তৃতীয় টেস্টে ২৯শে জানুয়ারী ১৯৬৪ সালে। খেলাটি হয় ২৯শে, ৩০শে জানুয়ারী এবং ১লা, ২রা, ৩রা ফেব্রুয়ারী তারিখে।

প্রঃ (৮৯৬) ভারতে কবে প্রথম দূরদর্শনে ক্রিকেট খেলা সরাসরি দেখানো শুরু হয়?

● ১৯৬৬ সালে, নিউ দিল্লীতে।

প্রঃ (৮৯৭) ভারতের কোন ক্রিকেটার প্রথম অর্জুন পুরস্কার পেয়েছেন ?

● সেলিম দুরানী। ১৯৬১ সালে।

প্রঃ (৮৯৮) ভারতের কতজন ক্রিকেটার অর্জুন পুরস্কার পেয়েছেন ?

● সেলিম দুরানী, চান্দু বোরদে, অজিত ওয়াদেকার, বিষান সিং বেদী, এস. ভেঙ্কটরাঘবন, রবি শাস্ত্রী।

প্রঃ (৮৯৯) ভারতে সর্বশেষ পদ্মশ্রী কোন ক্রিকেটার পেয়েছেন ?

● ১৯৮৭ সালে দিলীপ বেঙ্গসরকার।

প্রঃ (৯০০) ভারতের কতজন বোলার একটি ম্যাচে পাকিস্তানের বিরুদ্ধে দশটি উইকেট পেয়েছেন ?

● তিনজন বোলার। ভিনু মানকড় ১৩১ রানে ১৩টি উইকেট পান দিল্লীর মাঠে ১৯৫২-৫৩ সালে। কপিলদেব ১৪৬ রানে ১১টি উইকেট পান ১৯৭৯-৮০ সালে মাদ্রাজে এবং মানিন্দর সিং ১৯৮৭ সালে বাঙ্গালোরে ১২৬ রানে ১০টি উইকেট লাভ করেন।

প্রঃ (৯০১) ভারতের বিরুদ্ধে ইমরান খান কতগুলি টেস্ট উইকেট সংগ্রহ করেছেন ? সমগ্র ক্রিকেট জীবনে তার পরিসংখ্যান কি ?

● ১৯টি টেস্ট ৩৯৬৬ বল, ২৭৫ মেডেন, ১৭৫৮ রান এবং ৮১টি উইকেট। টেস্ট ক্রিকেটে ৬৫টি টেস্ট ১৫৩৪৮ বল, ৬৭৭ মেডেন, ৬৪৪৭ রান এবং ২৯০টি উইকেট। তিনি তিনটি সেঞ্চুরি সহ মোট রান করেছেন ২৫৭৯।

প্রঃ (৯০২) ভারতের বিরুদ্ধে জাভেদ মিয়াঁদাদের ব্যক্তিগত সংগ্রহ রান কত ? টেস্ট ক্রিকেটে তিনি কত রান করেছেন ?

● ২৪টি টেস্ট ৩৪টি ইনিংস, ৬টি অপরাজিত, ৪টি সেঞ্চুরি সহ মোট ১৯৪৯ রান। টেস্টে ৮১টি টেস্ট ১২৮টি ইনিংস, ১৮টি অপরাজিত, ১৯টি সেঞ্চুরি, ৩১টি অর্ধশত সহ মোট ৫৮৯১ রান।

প্রঃ (৯০৩) ভারতের বিতর্কিত ক্রিকেটার অরুণলালের টেস্ট পরিসংখ্যান কি ? তিনি কোথায় প্রথম টেস্ট ম্যাচ খেলেছেন ?

● মোট ৫টি টেস্ট ৯টি ইনিংস, ৪টি অর্ধশত রান সহ মোট ২৮৬ রান করেছেন। তিনি ১৯৮২ সালে মাদ্রাজে শ্রীলঙ্কার বিরুদ্ধে প্রথম টেস্ট ম্যাচ খেলেন।

প্রঃ (৯০৪) ভারতীয় ক্রিকেটে ছয় হাজার রানের ওপর কতজন করেছেন? বিশ্ব ক্রিকেটে আর কতজন এই রানের মধ্যে আছেন?

● সানি গাভাসকার	১২৫টি টেস্টে	১০, ১২২ রান।
গুণ্ডাপ্পা বিশ্বনাথ	৯১টি টেস্টে	৬০৮৪ রান।
এ্যালেন বর্ডার	৮০টি টেস্টে	৬৯১৭ রান।
ভিভ রিচার্ডস	৮১টি টেস্টে	৬৪৩৩ রান।
ডি. গাওয়ার	৮৭টি টেস্টে	৬৫৫৩ রান।
ব্র্যাডম্যান	৫২টি টেস্টে	৬৯৯৬ রান।
লেন হাটন	৭৯টি টেস্টে	৬৯৭১ রান।

প্রঃ (৯০৫) মহাম্মদ আজাহারুদ্দিন, মাহিন্দর অমরনাথ, রজার বিনি, শিবলাল যাদব ও মানিন্দর সিংয়ের টেস্ট পরিসংখ্যান কি?

● মহাম্মদ আজাহারুদ্দিন ২১টি টেস্ট ৩১টি ইনিংসে ৬টি সেঞ্চুরি ও চারটি অর্ধশত রান সহ ১৪৬১ রান। মহিন্দর অমরনাথ ৬৯টি টেস্টে ১০৮টি ইনিংসে ১২টি অপরাজিত, ১১টি সেঞ্চুরি; ২৪টি অর্ধশত রান সহ মোট রান ৪৩২১ রান। রজার বিনি ২৭টি টেস্টে ৮৩০ রান সহ ২৭টি উইকেট। শিবলাল যাদব ৩৫টি টেস্টে ৯১ রান সহ ১০০টি উইকেট এবং মানিন্দর সিং ২৮টি টেস্টে ৮৫ রান সহ ৭৭টি উইকেট।

একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ও বিশ্বকাপ

প্রঃ (৯০৬) একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ কোথায় প্রথম শুরু হয়?

● ইংল্যাণ্ডে ১৯৭২ সালে।

প্রঃ (৯০৭) একদিনের আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ প্রথম কোন দুটি দেশের মধ্যে খেলা হয়?

● ইংল্যাণ্ড বনাম অস্ট্রেলিয়া ১৯৭২ সালে ইংল্যাণ্ডে। এই সিরিজে ইংল্যাণ্ড ২—১ ম্যাচে জয় পায়।

প্রঃ (৯০৮) ভারত ও ইংল্যাণ্ড দলের মধ্যে প্রথম একদিনের আন্তর্জাতিক ম্যাচ কবে শুরু হয় ?

● ১৯৭৪ সালে।

প্রঃ (৯০৯) একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ভারতীয় দল কার অধিনায়কত্বে খেলা শুরু করে ছিল ? ফলাফল কি হয় ?

● ১৯৭৪ সালে অজিত ওয়াদেকারের নেতৃত্বে ভারতীয় দল ইংল্যাণ্ডের বিরুদ্ধে প্রথম একদিনের ক্রিকেটে আত্মপ্রকাশ করে। এই সিরিজ ভারত ২—০ ম্যাচে ইংল্যাণ্ডের কাছে পরাজিত হয়।

প্রঃ (৯১০) ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে একদিনের আন্তর্জাতিক ম্যাচ কবে শুরু হয় ? ফলাফল কি হয় ?

● ভারত ও অস্ট্রেলিয়া একদিনের ক্রিকেটে প্রথম সাক্ষাৎ হয় বেনসন এ্যাণ্ড হেজেস ওয়ার্ল্ড সিরিজ ১৯৮০-৮১ সালে। প্রথম ম্যাচে ভারত জয় পায় ৬৬ রানে।

প্রঃ (৯১১) একদিনের ক্রিকেটে ভারত ও পাকিস্তান কবে প্রথম মুখোমুখি হয় ?

● ১৯৭৮-৭৯ সালে পাকিস্তানে। প্রথম ম্যাচে ভারত ৪ রানে জয় পায়।

প্রঃ (৯১২) ভারত ও নিউজিল্যাণ্ড দল একদিনের ক্রিকেটে প্রথম কবে মুখোমুখি হয় ?

● প্রথম বিশ্বকাপ আসরে ১৯৭৫ সালে। ম্যানচেস্টারে অনুষ্ঠিত আসরে ভারত ৪ উইকেটে পরাজিত হয়।

প্রঃ (৯১৩) ওয়েস্ট ইণ্ডিজ এবং শ্রীলঙ্কা দলের সঙ্গে ভারতীয় দল একদিনের ক্রিকেট মিলিত হয় কবে ?

● ওয়েস্ট ইণ্ডিজ এবং শ্রীলঙ্কা উভয় দলের সঙ্গেই ভারতীয় দল প্রথম মিলিত হয় বিশ্বকাপ আসরে। ১৯৭৯ সালে ওয়েস্ট ইণ্ডিজ প্রথম সাক্ষাতে ভারতকে ৯ উইকেটে পরাজিত করে। ভারত ঐ আসরে শ্রীলঙ্কার কাছে প্রথম সাক্ষাতে ম্যানচেস্টার মাঠে ৪৭ রানে পরাজিত হয়।

প্রঃ (৯১৪) একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ভারতীয় দল কতগুলি ম্যাচে অংশ নিয়েছেন ?

● ১৯৮৭ সালে পাকিস্তান সফর শেষে ভারতীয় দলের একদিনের ক্রিকেটে অংশ গ্রহনের সংখ্যা দাঁড়িয়েছে ১১৭টি ম্যাচ।

প্রঃ (৯১৫) ভারত ও ইংল্যাণ্ড দলের মধ্যে কতগুলি একদিনের ক্রিকেট অনুষ্ঠিত হয়েছে? ম্যাচগুলির ফলাফল কি?

● ভারত ও ইংল্যাণ্ড ১৯৮৬ সাল পর্যন্ত মুখোমুখি হয়েছে একদিনের ক্রিকেটে মোট ১৭টি ম্যাচ। এই ১৭টি ম্যাচের মধ্যে ভারতীয় দল জয় পেয়েছে ৬টি ম্যাচে এবং পরাজিত হয়েছে ১১টি ম্যাচে।

প্রঃ (৯১৬) একদিনের ক্রিকেটে ভারত ও অস্ট্রেলিয়ার ফলাফল কি?

● ১৯৮৬ সাল পর্যন্ত উভয় দলের মধ্যে সাক্ষাৎ হয়েছে মোট ২৬ বার। এই ২৬ বারের মধ্যে ভারত জয় পেয়েছে ৯টি ম্যাচে এবং পরাজিত হয়েছে ১৫টি ম্যাচে। ২টি ম্যাচ নষ্ট হয়, কোন ফলাফল হয় নি।

প্রঃ (৯১৭) ওয়েস্ট ইণ্ডিজ ও ভারতের মধ্যে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটের ফলাফল কি?

● উভয় দলের মধ্যে ১৪টি খেলা হয়। ১৪টির মধ্যে ভারত জয় পায় ৩টি ম্যাচে এবং পরাজিত হয় ১১টি ম্যাচে।

প্রঃ (৯১৮) নিউজিল্যাণ্ড ও ভারতীয় দলের মধ্যে একদিনের ক্রিকেটে কতগুলি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে? ম্যাচগুলির ফলাফল কি?

● মোট ১৮টি ম্যাচের মধ্যে ভারত জয় পায় ৭টি, পরাজিত হয় ১১টি ম্যাচে। (এই হিসাব ১৯৮৬ পর্যন্ত।)

প্রঃ (৯১৯) শ্রীলঙ্কা, জিম্বাবোয়ে এবং পূর্ব আফ্রিকা দলের সঙ্গে ভারতীয় দল কতগুলি ম্যাচে অংশ নিয়েছে?

● শ্রীলঙ্কা ও ভারতীয় দলের মধ্যে মোট ১৫টি ম্যাচ অনুষ্ঠিত হয় ১৯৮৬ সাল পর্যন্ত। ১৫টি ম্যাচের মধ্যে ভারত জয় পায় ১১টি ম্যাচ, এবং ৩টিতে পরাজিত হয়। একটি ম্যাচ নষ্ট হয়। পূর্ব আফ্রিকার সঙ্গে একটি ম্যাচে এবং জিম্বাবোয়ের সঙ্গে ২টি ম্যাচে ভারতীয় দল জয় পেয়েছে।

প্রঃ (৯২০) একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে ব্যক্তিগত বড় রানের ইনিংসটি কার?

● ভিভ রিচার্ডস (ওঃ ইঃ) ১৯৮৪ সালে তিনি ইংল্যাণ্ডের বিরুদ্ধে ম্যানচেস্টারে ১৮৯* রান করে অপরাজিত থাকেন।

প্রঃ (৯২১) ভারতীয় ক্রিকেটে ব্যক্তিগত বড় রানের ইনিংস একদিনের ক্রিকেটে কে খেলেছেন ?

● কপিলদেব। ১৯৮৩ সালে বিশ্বকাপ আসরে টেণ্টব্রিজ মাঠে জিম্বাবোয়ে দলের বিরুদ্ধে ১৭৫* রানে অপরাজিত থাকেন।

প্রঃ (৯২২) অস্ট্রেলিয়া, নিউজিল্যাণ্ড, পাকিস্তান ও শ্রীলঙ্কা দলের হয়ে ব্যক্তিগত বড় রানের ইনিংস একদিনের ক্রিকেটে কারা খেলেছেন ?

● অস্ট্রেলিয়ার পক্ষে জি. এস. চ্যাপেল (১৫৮) নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে সিডনিতে ১৯৮০-৮১ সালে। নিউজিল্যাণ্ড দলের পক্ষে জি. এন. টার্ণার (১৭১*) পূর্ব আফ্রিকার বিরুদ্ধে বার্মিহামে ১৯৭৫ সালে। পাকিস্তানের পক্ষে জাহির আব্বাস (১২৩) শ্রীলঙ্কার বিরুদ্ধে লাহোরে ১৯৮১-৮২ সালে। শ্রীলঙ্কা দলের হয়ে আর. এল. ডায়াস (১২১) ভারতের বিরুদ্ধে বাঙ্গালোরে ১৯৮২-৮৩ সালে।

প্রঃ (৯২৩) একদিনের ক্রিকেটে সর্বোচ্চ সেঞ্চুরি কে করেছেন ?

● ৯টি সেঞ্চুরি করেছেন ওয়েস্ট ইণ্ডিজ দলের ভিভ রিচার্ডস।

প্রঃ (৯২৪) একদিনের ক্রিকেটে ভারতীয় দলের হয়ে সর্বপ্রথম সেঞ্চুরিটি কে করেছেন ?

● কপিলদেব। ১৯৮৩ সালের বিশ্বকাপ আসরে তিনি টেণ্টব্রিজ মাঠে জিম্বাবোয়ের বিরুদ্ধে ১৭৫* রানে অপরাজিত থাকেন।

প্রঃ (৯২৫) একদিনের ক্রিকেটে ভারতীয় দলের কতজন ব্যাটসম্যান সেঞ্চুরি করেছেন ?

● মোট ছয়জন ক্রিকেটার আটটি সেঞ্চুরি করেন। এই ছয়জন হলেন যথাক্রমে ; রবি শাস্ত্রী দুটি (১০২, ১০২) শ্রীকান্ত ২টি (১০২ ও ১২৩) এবং একটি করে সেঞ্চুরি করেছেন কপিলদেব (১৭৫*) দিলীপ বেঙ্কসরকার (১০৫) রমন লাম্বা (১০২) মহাম্মদ আজাহারুদ্দিন (১০৮* [এই হিসাব ১৯৮৭ এপ্রিল পর্যন্ত]।

প্রঃ (৯২৬) একদিনের ক্রিকেটে ভারতের বিরুদ্ধে কতজন পাকিস্তানী ব্যাটসম্যান সেঞ্চুরি করেছেন ?

● তিনজন ক্রিকেটার মোট সাতটি সেঞ্চুরি করেন। এই সাতটির মধ্যে জাহির আব্বাস তিনটি (১১৮, ১০৫ ও ১১৩) মিয়াদাঁদ তিনটি (১০৬*, ১১৬* ও ১১৯) মহসিন খান (১১৭)।

প্রঃ (৯২৭) একদিনের ক্রিকেটে সানি গাভাসকারের সর্বোচ্চ রান কত ?

● ৯২ রান। এই রানে গাভাসকার প্রথম অস্ট্রেলিয়ার বিরুদ্ধে সিডনি মাঠে অপরাজিত থাকেন ১৯৮৫-৮৬ সালে। ১৯৮৫-৮৬ সালে শারজায় পাকিস্তানের বিরুদ্ধে ওই একই রানে আউট হন।

প্রঃ (৯২৮) নব্বই রানের ঘরে ভারতের কোন ব্যাটসম্যান সর্বোচ্চবার আউট হয়েছেন ?

● একদিনের ক্রিকেটে পাকিস্তান সফর ১৯৮৭ পর্যন্ত শ্রীকান্ত মোট চারবার ৯০ রানের ঘরে আউট হয়েছেন। যথাক্রমে ; ১৯৮৪-৮৫ সালে ইংল্যাণ্ডের বিরুদ্ধে কটকে ৯৯ রানে। ১৯৮২-৮৩ সালে শ্রীলঙ্কার বিরুদ্ধে দিল্লীতে ৯৫ রানে এবং বাঙ্গালোরে ৯২ রানে ও ১৯৮৪-৮৫ সালে মেলবোর্নে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৯৩ রানে নট আউট থাকেন।

প্রঃ (৯২৯) একদিনের ক্রিকেটে ভারতীয় কতজন ব্যাটসম্যান নব্বই রানের ঘরে প্যাভেলিয়ানে ফেরত এসেছেন ?

● শ্রীকান্ত চারবার ৯৯, ৯৫, ৯২, ৯৩*। গাভাসকার তিনবার ৯২*, ৯২ ও ৯০। দিলীপ বেঙ্গসরকার ৯৪* ৯৫* এবং মহাম্মদ আজাহারুদ্দিন ৯৩*।

প্রঃ (৯৩০) একদিনের ক্রিকেটে ভারতীয় দলের কোন বোলার কম রানে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● কপিলদেব। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৮৩ সালের বিশ্বকাপ আসরে নটিংহামে ৪৩ রানে ৫টি উইকেট লাভ করেন।

প্রঃ (৯৩১) পাকিস্তান, ইংল্যাণ্ড এবং অস্ট্রেলিয়া দলের হয়ে কোন বোলার একটি ম্যাচে বেশী উইকেট পেয়েছেন ?

● পাকিস্তানের ইমরান খান ভারতের বিরুদ্ধে ১৪ রানে ৬টি উইকেট পান শারজায় ১৯৮৪-৮৫ সালে। অস্ট্রেলিয়ার গিলমোর ১৪ রানে ৬টি উইকেট পান ইংল্যাণ্ডের বিরুদ্ধে লীডসে ১৯৭৫ সালের বিশ্বকাপে। ইংল্যাণ্ডের ভি. জে. মার্কস ২০ রানে ৫টি উইকেট পান নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে ওয়েলিংটনে ১৯৮৩-৮৪ সালে।

প্রঃ (৯৩২) একদিনের ক্রিকেটে কোন বোলার একটি ম্যাচে সবচেয়ে বেশী উইকেট পেয়েছেন ?

● ডাবলু. ডাবলু ডেভিস (ওঃ ইঃ) ৫১ রানে ৭টি উইকেট পান ১৯৮৩ সালে লীডসে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে।

প্রঃ (৯৩৩) একদিনের ক্রিকেটে সেরা বোলিং কে করেছেন ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের ওয়ালশ। তিনি শারজায় অনুষ্ঠিত চ্যাম্পিয়ান্স ট্রফিতে শ্রীলঙ্কার বিরুদ্ধে ১ রানে ৫টি উইকেট পান। তাঁর বোলিং হিসাব ছিল ৪.৩ ওভার, তিন মেডেন, এক রান ও পাঁচটি উইকেট।

প্রঃ (৯৩৪) একদিনের ক্রিকেটে ভারতের সর্বোচ্চ রান কত ?

● ২৯৯ রান (৪০ ওভার) শ্রীলঙ্কার বিরুদ্ধে বোম্বাই মাঠে ১৯৮৬-৮৭ সালে।

প্রঃ (৯৩৫) একদিনের ক্রিকেটে ভারতের সর্বোচ্চ রান পাকিস্তান, ইংল্যাণ্ড ও অস্ট্রেলিয়ার বিরুদ্ধে কত ?

● পাকিস্তানের বিরুদ্ধে শারজায় (অস্ট্রেলিয়া কাপ) ৭ উইকেটে ২৪৫ (৫০ ওভার) ১৯৮৫-৮৬ সালে।

ইংল্যাণ্ডের বিরুদ্ধে ২৬৫ (৫৩.২) ১৯৭৪ সালের লীডসে।

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ২৪৭ (৫৫.৫) ১৯৮৩ সালের চেমস্‌ফোর্ড বিশ্বকাপে।

প্রঃ (৯৩৬) ওয়েস্ট ইণ্ডিজ ও নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ভারতের সর্বোচ্চ রান কত ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ৫ উইকেটে ২৮২ (৪৭ ওভার) ১৯৮২-৮৩ সালে বার্বাডোজ। নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে সর্বোচ্চ রান ২৬৩/৫ উইকেটে (৪৮ ওভার) ১৯৮৬ অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত ত্রিদলীয় ওয়ার্ল্ড সিরিজ আসরে।

প্রঃ (৯৩৭) একদিনের ক্রিকেটে একটি দলের সর্বনিম্ন রান কত ?

● কানাডা ৪০.৩ ওভারে ৪৫ রান করে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ১৯৭৯ সালে দ্বিতীয় বিশ্বকাপ আসরে।

প্রঃ (৯৩৮) একদিনের ক্রিকেটে সর্বোচ্চ রান কোন দল করেছে ?

● পাকিস্তান ৬০ ওভারে ৫ উইকেটে ৩৩৮ রান করে শ্রীলঙ্কার বিরুদ্ধে সোয়েনসিতে ১৯৮৩ সালের বিশ্বকাপ আসরে।

প্রঃ (৯৩৯) ভারতের বিরুদ্ধে ওয়েস্ট ইণ্ডিজ, নিউজিল্যাণ্ড, ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া ও পাকিস্তানের সর্বোচ্চ রান কত ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলের সর্বোচ্চ রান ৮ উইকেটে ৩৩৩ রান ১৯৮৩-৮৪ সালে জামশেদপুরে। নিউজিল্যাণ্ড দলের ৬০ ওভারে ২৭৬ রান ৭ উইকেটে। বেনসন এ্যাণ্ড হেজেস ত্রিদলীয় ওয়ার্ল্ড সিরিজে ১৯৮৬।

ইংল্যাণ্ড দলের ৪ উইকেটে ৩৩৪ রান ৬০ ওভারে ১৯৭৫ সালে লর্ডসে।

অস্ট্রেলিয়া ৬০ ওভারে ৯ উইকেটে ৩২০ রান ১৯৭৩ সালে নটিংহামশায়ারে বিশ্বকাপ আসরে।

প্রঃ (৯৪০) ভারতের বিরুদ্ধে পাকিস্তান ও শ্রীলঙ্কা দলের সর্বোচ্চ রান কত ?

● ৫০ ওভার ৯ উইকেটে ২৪৮। শারজায় (অস্ট্রেলেশীয়া কাপ) ১৯৮৫-৮৬ সালে। শ্রীলঙ্কা দলের সর্বোচ্চ রান ৪০ ওভারে ৭ উইকেটে ২৮৯ রান। ১৯৮৭ সালে বোম্বাই মাঠে।

প্রঃ (৯৪১) একদিনের ক্রিকেটে ভারতের সর্বনিম্ন রান কত ?

● ২৫ ৫ ওভারে ৬৩ রান অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৮০-৮১ সালে বেনসন এ্যাণ্ড হেজেস ওয়ার্ল্ড সিরিজ আসরে অস্ট্রেলিয়ায়।

প্রঃ (৯৪২) ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যাণ্ড ও ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে একদিনের ক্রিকেটে ভারতের সর্বনিম্ন রান কত ?

● ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ৫ উইকেটে ১১৪ রান (১৫ ওভারে) চণ্ডীগড়, ১৯৮৫ সালে। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৬৩ (২৫.৫) সিডনি, ১৯৮০-৮১ সালে। নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ৪৪.৪ ওভারে ১১৩ রান ১৯৭৬ সালে বেনসন এ্যাণ্ড হেজেস ত্রিদলীয় প্রতিযোগিতায়। ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ৪৪.৪ ওভারে ১৬৫ রান ১৯৮২-৮৩ সালে গায়নায়।

প্রঃ (৯৪৩) পাকিস্তান ও শ্রীলঙ্কা দলের বিরুদ্ধে ভারতের সর্বনিম্ন রান কত ?

● পাকিস্তানের বিরুদ্ধে ৭৯ রান (৩৪.২ ওভারে) শিয়ালকোট, ১৯৭৮-৭৯ সালে এবং শ্রীলঙ্কার বিরুদ্ধে ৭৮ রান কানপুর (২৪.১ ওভারে) ১৯৮৬-৮৭ সালে।

প্রঃ (৯৪৪) ভারতের বিরুদ্ধে ইংল্যাণ্ড, ওয়েস্ট ইণ্ডিজ ও অস্ট্রেলিয়া দলের সর্বনিম্ন রান কত ?

● ইংল্যাণ্ড দলের সর্বনিম্ন রান ১৫ ওভারে ৬ উইকেটে, ১২১ চণ্ডীগড়ে, ১৯৮৪-৮৫ সালে। ওয়েস্ট ইণ্ডিজ ৫২ ওভারে ১৪০ রান ১৯৮৩ সালে লর্ডসে বিশ্বকাপ ফাইনালে এবং অস্ট্রেলিয়ার ১২৯ রান (৩৮.২ ওভার) ১৯৮৩ সালে চেমসফোর্ডে।

প্রঃ (৯৪৫) একদিনের ক্রিকেটে কোন বোলার হ্যাটট্রিক করেছেন কি ?

● হ্যাঁ, মাত্র দুজন বোলার এই নজির গড়েন। প্রথম পাকিস্তানের জালাল-

উদ্দিন ১৯৮৩ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এবং দ্বিতীয়জন অস্ট্রেলিয়ার ব্রুস রীড ১৯৭৬ সালে নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে বেনসন এ্যাণ্ড হেজেস ত্রিদলীয় প্রতিযোগিতায়।

প্রঃ (৯৪৬) একদিনের ক্রিকেটে ভারতীয় দলের সর্বোচ্চ রান কে করেছেন?

● সুনীল গাভাসকার।

প্রঃ (৯৪৭) একদিনের ক্রিকেটে দু-হাজারের বেশী রান ভারতীয় দলের কতজন ব্যাটসম্যান করেছেন?

● তিনজন ব্যাটসম্যান। সানি গাভাসকার, শ্রীকান্ত ও দিলীপ বেঙ্গসরকার।

প্রঃ (৯৪৮) একদিনের ক্রিকেটে ভারতের কতজন বোলার শত উইকেট পেয়েছেন?

● একজন। কপিলদেব।

প্রঃ (৯৪৯) ভারতের বিরুদ্ধে ইংল্যাণ্ড দলের এবং ইংল্যাণ্ড দলের বিরুদ্ধে ভারতের কোন ব্যাটসম্যান সর্বোচ্চ রান করেছেন?

● ইংল্যাণ্ডের পক্ষে ডেনিস অ্যামিশ (১৩৭) ১৯৭৫ সালে লর্ডসে এবং ভারতের পক্ষে দিলীপ বেঙ্গসরকার (১০৫) পুনায় ১৯৮৪-৮৫ সালে।

প্রঃ (৯৫০) ভারতের বিরুদ্ধে পাকিস্তানের এবং পাকিস্তানের বিরুদ্ধে ভারতের পক্ষে সর্বোচ্চ রান কে করেছেন?

● পাকিস্তানের পক্ষে ১১৯ অপরাজিত থাকেন জাহির আব্বাস লাহোরে ১৯৮২-৮৩ সালে এবং ভারতের পক্ষে কৃষ্ণমাচারী শ্রীকান্ত কলকাতার ইডেনে ১৯৮৭ সালে একমাত্র ভারতীয় ব্যাটসম্যান ১২৩ রান করেন।

প্রঃ (৯৫১) অস্ট্রেলিয়া এবং নিউজিল্যাণ্ড দলের পক্ষে ভারতের বিরুদ্ধে এবং এই দুই দেশের বিরুদ্ধে ভারতের কোন ব্যাটসম্যান সর্বোচ্চ বড় রানের ইনিংস খেলেছেন?

● অস্ট্রেলিয়ার পক্ষে ট্রেভার চ্যাপেল (১১০) টেন্টব্রিজে ১৯৭৩ সালে এবং নিউজিল্যাণ্ড দলের পক্ষে গ্লেন টারনার (১১৪*) ১৯৭৫ সালে ওল্ডট্রাফোর্ড মাঠে এই নজির গড়েন। ভারতের পক্ষে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১০২ রান করেন দুজন ব্যাটসম্যান। প্রথম ১৯৮৪-৮৫ সালে ইন্দোরে শ্রীকান্ত এবং ১৯৮৬-৮৭ সালে রাজকোটে রমন লাম্বা। নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে কোন ভারতীয় খেলোয়াড় সেঞ্চুরি করেন নি।

প্রঃ (৯৫২) একদিনের ক্রিকেটে একটি ইনিংসে কোন ক্রিকেটার সর্বোচ্চ ক্যাচ ধরেছেন?

● ভারতের সুনীল গাভাসকার। ৪টি ক্যাচ ধরেন পাকিস্তানের বিরুদ্ধে শারজায় ১৯৮৫ সালে।

প্রঃ (৯৫৩) একদিনের ক্রিকেটে ভারতীয় দলের বিভিন্ন জুটিতে রেকর্ড রান কি?

● ১ম উইকেটে ১৮৮ রান শ্রীকান্ত ও রবি শাস্ত্রী ইংল্যাণ্ডের বিরুদ্ধে কটকে, ১৯৮৪-৮৫ সালে।

২য় উইকেটে ১৬৩ রান সুনীল গাভাসকার ও আজাহারুদ্দিন ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভাল, ১৯৮৬ সালে।

৩য় উইকেটে ১৭৩ রান ডি. বেঙ্গসরকার ও এস. পাতিল পাকিস্তানের বিরুদ্ধে শিয়ালকোটে, ১৯৮৪-৮৫ সালে।

৪র্থ উইকেটে ১৩২ রান আজাহারুদ্দিন ও গাভাসকার পাকিস্তানের বিরুদ্ধে মেলবোর্ণ, ১৯৮৪-৮৫ সালে।

৫ম উইকেটে ৯৭ রান গাভাসকার ও রবি শাস্ত্রী অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এডিলেড, ১৯৮৫-৮৬ সালে।

৬ষ্ঠ উইকেটে ১০৪ রান রবি শাস্ত্রী ও কপিলদেব ইংল্যাণ্ডের বিরুদ্ধে ম্যানচেস্টার, ১৯৮৬ সালে।

৭ম উইকেটে ৯২ রান এস. পাতিল ও কিরমানি অস্ট্রেলিয়ার বিরুদ্ধে মেলবোর্ন মাঠে ১৯৮০-৮১ সালে।

৮ম উইকেটে ৬৫ রান কপিলদেব ও মদনলাল ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভালে, ১৯৮২ সালে।

৯ম উইকেটে ১২৬ রান কপিলদেব ও কিরমানি জিম্বাবোয়ের বিরুদ্ধে টেণ্টব্রিজে ১৯৮৩ সালে।

১০ম উইকেটে ২৭ রান ভেঙ্কটরাঘবন ও বেদী ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে বার্মিংহামে, ১৯৭৯ সালে।

প্রঃ (৯৫৪) ক্রিকেটের বিশ্বকাপ কোথায় এবং কবে প্রথম শুরু হয়?

● ১৯৭৫ সালে ইংল্যাণ্ডে।

প্রঃ (৯৫৫) ক্রিকেটের বিশ্বকাপ কত বছর অন্তর অনুষ্ঠিত হয়?

● চার বছর অন্তর।

প্রঃ (৯৫৬) ক্রিকেটের বিশ্বকাপ কোন নামে পরিচিত ?

● প্রুডেনসিয়াল কাপ।

প্রঃ (৯৫৭) ক্রিকেটের বিশ্বকাপকে প্রুডেনসিয়াল কাপ বলা হয় কেন ?

● প্রুডেনসিয়াল ইনস্যুরেন্স কোম্পানীর উদ্যোগে এই আসর তিনবারের চুক্তিতে অনুষ্ঠিত হয়। সেই কারণে গত তিনটি বিশ্বকাপ আবার প্রুডেনসিয়াল কাপ নামে পরিচিত।

প্রঃ (৯৫৮) ক্রিকেটের বিশ্বকাপ কতবার খেলা হয়েছে ?

● ১৯৭৫ সাল থেকে ১৯৮৭ সালের মধ্যে তিনবার (১৯৭৫, ৭৯ ও ৮৩) এই আসর অনুষ্ঠিত হয়েছে। চতুর্থবারের আসর ভারত ও পাকিস্তানের যৌথ উদ্যোগে ১৯৮৭ সালে অনুষ্ঠিত হওয়ার কর্মসূচী গ্রহণ করা হয়।

প্রঃ (৯৫৯) চতুর্থ বিশ্বকাপ আসর কি নামে পরিচিত ?

● চতুর্থ বিশ্বকাপ আসর রিয়ালেন্স কাপ নামে পরিচিত। এর কারণ এই আসর রিয়ালেন্স কোম্পানীর উদ্যোগে পরিচালিত।

প্রঃ (৯৬০) প্রথম বিশ্বকাপ আসরে মোট কতগুলি দেশ অংশ গ্রহণ করে ?

● ১৯৭৫ সালের প্রথম বিশ্বকাপ আসরে মোট আটটি দেশ যোগ দেয়। এই আটটি দেশ হলো যথাক্রমে ; ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইণ্ডিজ, নিউজিল্যাণ্ড, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও পূর্ব আফ্রিকা।

প্রঃ (৯৬১) প্রথম বিশ্বকাপ আসরে ভারতীয় দলের অধিনায়ক কে ছিলেন ? দলে কে কে ছিলেন ?

● এস ভেঙ্কটরাঘবন অধিনায়ক। দলে ছিলেন গাভাসকার, অংশুমান গায়-কোয়াড়, গুণ্ডাপ্পা বিশ্বনাথ, ব্রিজেস প্যাটেল, মাহিন্দর অমরনাথ, একনাথ সোলকার, কার্যন ঘাউড়ি. আবিদ আলী, বিষান সিং বেদী, ফারুক ইঞ্জিনীয়ার, মদনলাল, অশোক মানকড়, পার্থসারথী শর্মা, প্রসন্ন, সুরিন্দর অমরনাথ।

প্রঃ (৯৬২) প্রথম বিশ্বকাপ আসরে ভারতীয় দল কটি ম্যাচে অংশ নেয় ? ফলাফল কি হয়েছিল ?

● তিনটি ম্যাচে ভারতীয় দল অংশ নেয়। তিনটি ম্যাচের মধ্যে ভারত একমাত্র পূর্ব আফ্রিকার বিরুদ্ধে ১০ উইকেটে জয় পায়। দুটি ম্যাচে পরাজিত হয় যথাক্রমে ; ইংল্যাণ্ডের কাছে ২০২ রানের ব্যাবধানে এবং নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ৪ উইকেটে।

প্রঃ (৯৬৩) প্রথম বিশ্বকাপে ভারতের বিরুদ্ধে বড় রানের ইনিংস কোন দল গড়েছিল ?

● ইংল্যাণ্ড ৬০ ওভারে ৪ উইকেটে ৩৩৪ রান। লর্ডসে।

প্রঃ (৯৬৪) প্রথম বিশ্বকাপ আসরে ভারতের সর্বোচ্চ রান কত ?

● ৬০ ওভারে ২৩০ রান নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ওল্ডট্রাফোর্ড মাঠে।

প্রঃ (৯৬৫) প্রথম বিশ্বকাপ আসরে কোন দল ভারতের বিরুদ্ধে সবচেয়ে কম রান করে ?

● পূর্ব আফ্রিকা (৫৫·৩ ওভারে) ১২০ রান হেডিংলিতে।

প্রঃ (৯৬৬) প্রথম বিশ্বকাপ আসরে কোন দল সবচেয়ে বড় রান ও সবচেয়ে কম রানের ইনিংস গড়ে ?

● বড় রানের ইনিংস গড়ে ইংল্যাণ্ড ৬০ ওভারে ৪ উইকেটে ৩৩৪ রান ভারতের বিরুদ্ধে লর্ডসে। সবচেয়ে কম রানের ইনিংস গড়ে শ্রীলঙ্কা ৮৬ রান ৩৭·২ ওভারে ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে ওল্ডট্রাফোর্ড মাঠে।

প্রঃ (৯৬৭) প্রথম বিশ্বকাপ আসরে যোগদানকারী আটটি দেশের সর্বোচ্চ রান কত ?

● ইংল্যাণ্ডের ৬০ ওভারে ৪ উইকেটে ৩৩৪ রান ভারতের বিরুদ্ধে লর্ডসে।
অস্ট্রেলিয়ার ৬০ ওভারে ৫ উইকেটে ৩২৮ রান শ্রীলঙ্কার বিরুদ্ধে ওভালে।
ওয়েস্ট ইণ্ডিজ ৬০ ওভারে ২৯৮ রান ৮ উইকেটে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে লর্ডসে।
ভারতের ৬০ ওভারে ২৩০ রান। নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ওল্ড-ট্রাফোর্ড মাঠে।
পাকিস্তানের ৬০ ওভারে ৬ উইকেটে ৩৩০ রান শ্রীলঙ্কার বিরুদ্ধে টেন্টব্রিজে।
শ্রীলঙ্কার ৬০ ওভারে ৪ উইকেটে ২৭৬ রান অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওভালে।
নিউজিল্যাণ্ড ৬০ ওভারে ৫ উইকেটে ৩০৯ রান পূর্ব আফ্রিকার বিরুদ্ধে এজবাজটন।
পূর্ব আফ্রিকা ৬০ ওভারে ৮ উইকেটে ১২৮ রান নিউজিল্যাণ্ডের বিরুদ্ধে এজবাজটনে।

প্রঃ (৯৬৮) প্রথম বিশ্বকাপ আসরে যোগদানকারী আটটি দলের সর্বনিম্ন রান কত ?

● ইংল্যাণ্ড ৩৬·২ ওভারে ৯৩ রান অস্ট্রেলিয়ার বিরুদ্ধে হেডিংলিতে।

অস্ট্রেলিয়া ২৮·৪ ওভারে ৬ উইকেটে ১৪ রান ইংল্যাণ্ডের বিরুদ্ধে হেডিংলিতে।

ওয়েস্ট ইণ্ডিজ ২০·৪ ওভারে ১ উইকেটে ৮৭ রান শ্রীলঙ্কার বিরুদ্ধে ওল্ড ট্রাফোর্ডে।

ভারতের ২৯·৫ ওভারে বিনা উইকেটে ১২৩ রান পূর্ব আফ্রিকার বিরুদ্ধে হেডিংলিতে।

পাকিস্তান ৫৩ ওভারে ২০৫ রান অস্ট্রেলিয়ার বিরুদ্ধে হেডিংলিতে।

শ্রীলঙ্কা ৩৭ ২ ওভার ৮৬ রান ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ওল্ড ট্রাফোর্ড মাঠে।

পূর্ব আফ্রিকা ৫২'২ ওভার ৯৪ রান ইংল্যাণ্ডের বিরুদ্ধে এজবাজটনে।

প্রঃ (৯৬৯) প্রথম বিশ্বকাপ আসরে ভারতীয় দল প্রথম ম্যাচ কাদের সঙ্গে খেলেছিল?

● ইংল্যাণ্ডের বিরুদ্ধে লর্ডসে। এই ম্যাচে ইংল্যাণ্ড টসে জিতে প্রথম ব্যাট করে ৬০ ওভারে ৩৩৪ রান ৪ উইকেটে। প্রত্যুত্তরে ভারতীয় দল ৬০ ওভারে ৩ উইকেটে ১৩২ রান করে। ভারত ২০২ রানে পরাজিত হয়।

প্রঃ (৯৭০) প্রথম বিশ্বকাপ আসরে চ্যাম্পিয়ান কে হয়েছে?

● অস্ট্রেলিয়া দলকে ১৭ রানে হারিয়ে ওয়েস্ট ইণ্ডিজ চ্যাম্পিয়ান হয়।

প্রঃ (৯৭১) কোন কোন দেশকে হারিয়ে ওয়েস্ট ইণ্ডিজ ও অস্ট্রেলিয়া ফাইনালে মুখোমুখি হয়?

● ওয়েস্ট ইণ্ডিজ গ্রুপ লীগে শ্রীলঙ্কা, পাকিস্তান ও অস্ট্রেলিয়াকে হারিয়ে সেমিফাইনালে যায়। সেমিফাইনালে তারা নিউজিল্যাণ্ড দলকে ৫ উইকেটে পরাজিত করে ফাইনালে যায়। অন্যদিকে অস্ট্রেলিয়া পাকিস্তান, শ্রীলঙ্কাকে হারায় এবং ওয়েস্ট ইণ্ডিজ দলের কাছে পরাজিত হয়ে সেমিফাইনালে যায়। সেমিফাইনালে তারা ইংল্যাণ্ডকে ৪ উইকেটে হারিয়ে ফাইনালে যায়।

প্রঃ (৯৭২) প্রথম বিশ্বকাপ আসরে কতগুলি সেঞ্চুরি হয়েছে?

● ৬টি সেঞ্চুরি হয়েছে। এই ছটি সেঞ্চুরি করেন ভারতের বিরুদ্ধে ইল্যাণ্ডের ডেনিশ অ্যামিশ (১৩৭) ইস্ট আফ্রিকার বিরুদ্ধে নিউজিল্যাণ্ড দলের গ্লেন টারনার (১৭১*)। নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ইংল্যাণ্ড দলের কিথ ফ্লেচার (১৩১)। শ্রীলঙ্কার বিরুদ্ধে নিউজিল্যাণ্ড দলের এ. টারনার (১০১)। ভারতের বিরুদ্ধে নিউজিল্যাণ্ড দলের গ্লেন টারনার (১১৪*) এবং ফাইনালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ওয়েস্ট ইণ্ডিজ দলের ক্লাইভ লয়েড (১০২)।

প্রঃ (৯৭৩) প্রথম বিশ্বকাপ আসরে 'ম্যান অফ দ্যা ম্যাচের সম্মান কতজন খেলোয়াড় পেয়েছেন ?

● মোট ২১টি খেলায় ২০জন খেলোয়াড় 'ম্যান অফ দ্যা ম্যাচের সম্মান পেয়েছেন। খেলোয়াড় তালিকায় কালীচরণ ও গ্লেন টারনার ২বার করে ম্যান অফ দ্যা মাচের সম্মান পেয়েছেন। একবার করে এই সম্মান পেয়েছেন ইংল্যাণ্ডের ডেনিশ অ্যামিশ, কিথ ফ্লেচার, জন স্নো। অস্ট্রেলিয়ার লিলি, গ্যারী গিলমোর, এ্যালেন টারনার, পাকিস্তানের সরফরাজনওয়াজ, ও জাহির আব্বাস। ওয়েস্ট ইণ্ডিজ দলের জুলিয়ান ও ক্লাইভ লয়েড এবং ভারতের ফারুক ইঞ্জিনীয়ার।

প্রঃ (৯৭৪) দ্বিতীয় বিশ্বকাপ আসরে কতগুলি দেশ যোগ দিয়েছিল ?

● আটটি দেশ। এই আটটি দেশ হলো যথাক্রমে ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, নিউজিল্যাণ্ড, ওয়েস্ট ইণ্ডিজ, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও কানাডা।

প্রঃ (৯৭৫) দ্বিতীয় বিশ্বকাপ আসরে ভারতের ফলাফল কি হয় ?

● ভারতীয় দল তিনটি ম্যাচে পরাজিত হয় যথাক্রমে ওয়েস্ট ইণ্ডিজ দলের কাছে ৯ উইকেটে, শ্রীলঙ্কার কাছে ৪৭ রানে এবং নিউজিল্যাণ্ড দলের কাছে ৩২ রানে।

প্রঃ (৯৭৬) দ্বিতীয় বিশ্বকাপে ভারতীয় দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৫৪·১ ওভারে ১৯১ রান শ্রীলঙ্কার বিরুদ্ধে ওল্ড ট্রাফোর্ডে। সর্বনিম্ন রান নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ১৮২ রান ৫৫·৫ ওভারে হেডিংলিতে।

প্রঃ (৯৭৭) দ্বিতীয় বিশ্বকাপ আসরে একটি দলের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● সর্বোচ্চ রান ওয়েস্ট ইণ্ডিজ দলের ৬০ ওভারে ২৯৩ রান পাকিস্তানের বিরুদ্ধে ওভাল মাঠে এবং সর্বনিম্ন রান কানাডার ৪০·৩ ওভারে ৪৫ রান ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওল্ড ট্রাফোর্ডে।

প্রঃ (৯৭৮) কোন কোন দেশকে হারিয়ে দ্বিতীয় বিশ্বকাপ আসরে কোন দুটি দেশ ফাইনালে পৌঁছেছিল ?

● ওয়েস্ট ইণ্ডিজ গ্রুপ লীগে ভারত, শ্রীলঙ্কা ও নিউজিল্যাণ্ড দলকে এবং সেমিফাইনালে পাকিস্তানকে ৪৩ রানে হারিয়ে ফাইনালে যায়। অন্যদিকে ইংল্যাণ্ড

গ্রুপ লীগে অস্ট্রেলিয়া, কানাডা ও পাকিস্তানকে এবং সেমিফাইনালে নিউজিল্যাণ্ড দলকে ৯ রানে হারিয়ে ফাইনালে যায়।

প্রঃ (৯৭৯) দ্বিতীয় বিশ্বকাপ আসরে চ্যাম্পিয়ান কে হয়েছে ?

● ওয়েস্ট ইণ্ডিজ। তারা ফাইনালে ইংল্যাণ্ডকে ৯২ রানে পরাজিত করে চ্যাম্পিয়ান হয়।

প্রঃ (৯৮০) দ্বিতীয় বিশ্বকাপ আসরে মোট কতগুলি সেঞ্চুরি হয়েছে ?

● দুটি সেঞ্চুরি হয়েছে মোট ১৫টি ম্যাচে। প্রথম ম্যাচে সেঞ্চুরি করেন গর্ডন গ্রিনিজ (১০৬*) ভারতের বিরুদ্ধে এবং শেষ ম্যাচে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ফাইনালে ওঃ ইঃ দলের ভিভ রিচার্ডস (১৩৮*) করেন লর্ডসে।

প্রঃ (৯৮১) ম্যান অফ দ্যা ম্যাচের পুরস্কার দ্বিতীয় বিশ্বকাপ আসরে কতজন পেয়েছেন ?

● ১৫টি ম্যাচে ১২জন ক্রিকেটার। ১২ জনের মধ্যে ওয়েস্ট ইণ্ডিজ দলের গর্ডন গ্রিনিজ ও গ্রাহাম গুচ (ইংল্যাণ্ড) ২ বার করে পেয়েছেন। একবার করে পেয়েছেন নিউজিল্যাণ্ড দলের হাওয়ার্থ, এডগার, ওয়েস্ট ইণ্ডিজ দলের ভিভ রিচার্ডস, ক্লাইভ লয়েড অস্ট্রেলিয়ার এ্যালেন হার্স্ট, ইংল্যাণ্ডের ক্রিশ ওল্ড, মাইক হেনড্রিগস পাকিস্তানের আসিফ ইকবাল, সাদিক মহাম্মদ, শ্রীলঙ্কার দিলীপ মেণ্ডিজ।

প্রঃ (৯৮২) তৃতীয় বিশ্বকাপ আসর কবে অনুষ্ঠিত হয় ? এই আসরে কতগুলি দেশ যোগ দিয়েছিল ?

● ১৯৮৩ সালে। যোগ দিয়েছিল আটটি দেশ। এই আটটি দেশ হলো যথাক্রমে ; ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইণ্ডিজ, নিউজিল্যাণ্ড, ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও জিম্বাবোয়ে।

প্রঃ (৯৮৩) তৃতীয় বিশ্বকাপে ভারত গ্রুপ লীগে কোন কোন দেশকে হারায় ?

● গ্রুপ লিগের ছটি খেলার মধ্যে ভারত দুটিতে পরাজিত হয় যথাক্রমে : ওয়েস্ট ইণ্ডিজ ও অস্ট্রেলিয়ার কাছে। জয়ী হয় ৪টি ম্যাচে যথাক্রমে জিম্বাবোয়ের বিরুদ্ধে ২টি ম্যাচ এবং একটি করে ওয়েস্ট ইণ্ডিজ ও অস্ট্রেলিয়ার বিরুদ্ধে।

প্রঃ (৯৮৪) গ্রুপ লীগে ভারত ওয়েস্ট ইণ্ডিজ ও অস্ট্রেলিয়াকে কত রানের ব্যাবধানে পরাজিত করে ?

● ওয়েস্ট ইণ্ডিজ দলকে হারায় ৮৯ রানে ওল্ডট্রাফোর্ড মাঠে এবং চেমস্‌ফোর্ড মাঠে ৪০ রানে অস্ট্রেলিয়াকে।

প্রঃ (৯৮৫) তৃতীয় বিশ্বকাপে দুটি সেমিফাইনালে কোন চারটি দেশ অংশ নিয়েছিল? ফলাফল কি হল?

● ওল্ডট্রাফোর্ড মাঠে ভারত মুখোমুখি হয় ইংল্যাণ্ডের বিরুদ্ধে। এই ম্যাচে ইংল্যাণ্ডের ৬০ ওভারে ২১৩ রানের জবাবে ভারতীয় দল ৫৪.৪ ওভারে ৪ উইকেটে ২১৭ রান করে জয়ী হয়। অন্যদিকে ওভালে পাকিস্তান ৬০ ওভারে ৮ উইকেটে ১৮৪ রান করে। ওয়েস্ট ইণ্ডিজ ৪০ ওভারে ২ উইকেটে ১৮৮ রান করে ম্যাচটি জিতে যায়।

প্রঃ (৯৮৬) ফাইনালে ভারত ও ওয়েস্ট ইণ্ডিজ দলের ফলাফল কি হয়?

● ভারত ৫৪.৪ ওভারে ১৮৩ রান। ওয়েস্ট ইণ্ডিজ ৫২ ওভারে ১৪০ রান। ভারত ৪৩ রানে জয়ী। ভারত চ্যাম্পিয়ান হয়।

প্রঃ (৯৮৭) তৃতীয় বিশ্বকাপ আসরে কতগুলি সেঞ্চুরি হয়েছে?

● এ্যালান ল্যাম্ব (১০২) ডেভিড গাওয়ার (১৩০) ইংল্যাণ্ড। ওয়েস্ট ইণ্ডিজ দলের গর্ডন গ্রিনিজ (১০৫) ভিভ রিচার্ডস (১১৯) পাকিস্তানের ইমরান খান (১০২*) জাহির আব্বাস (১০৩*), ভারতের কপিলদেব (১৭৫*) অস্ট্রেলিয়ার ট্রেভার চ্যাপেল (১১০)।

প্রঃ (৯৮৮) তৃতীয় বিশ্বকাপ আসরে মোট কতগুলি খেলা হয়েছে?

● ২৭টি।

প্রঃ (৯৮৯) তিনটি বিশ্বকাপে মোট কতগুলি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে?

● ৫৭টি ম্যাচ (১৫+১৫+২৭)।

প্রঃ (৯৯০) বিশ্বকাপ আসরে দ্রুততম শতরান কে করেছেন?

● অ্যালান ল্যাম্ব ও ক্লাইভ লয়েড এরা দুজনেই ১০২ মিনিটে ১০০ রান করেন।

প্রঃ (৯৯১) একটি বিশ্বকাপ আসরে সর্বোচ্চ উইকেট কোন বোলার পেয়েছেন?

● রজার বিনি। ১৮টি। তার বোলিং হিসাবে ৮৮ ওভার, ৯ মেডেন, ৩৩৬ রান ১৮টি উইকেট।

প্রঃ (৯৯২) সেরা বোলিং গত বিশ্বকাপ আসরে কোন বোলারের ?

জি. জে. গিলমোর (অস্ট্রেলিয়া) ২৪ ওভার, ৮ মেডেন ৬২ রানে ১১টি উইকেট। গড় ৫.৬৪।

প্রঃ (৯৯৩) কতজন বোলার বিশ্বকাপ আসরে বারোটি ও বারোটির বেশী উইকেট পেয়েছেন ?

- ভারতের রজার বিনি ৩৩৬ রানে ১৮টি উইকেট। ১৯৮৩।
ভারতের মদনলাল ২৮৫ রানে ১৭টি উইকেট। ১৯৮৩।
রিচার্ড হেডলি (নিউজিল্যাণ্ড) ১৮০ রানে ১৪টি উইকেট। ১৯৮৩।
ভিভ মার্কস (ইংল্যাণ্ড) ২৪৬ রানে ১৩টি উইকেট। ১৯৮৩।
মাইকেল হোলডিং (ওঃ ইঃ) ২৩৫ রানে ১২ উইকেট। ১৯৮৩।
কপিলদেব (ভারত) ২৪৫ রানে ১২টি উইকেট ১৯৮৩।
আবদুল কাদির (পাকিস্থান) ২৬৪ রানে ১২টি উইকেট। ১৯৮৩।

প্রঃ (৯৯৪) বিশ্বকাপ আসরে একটি ম্যাচে সর্বোচ্চ উইকেট কে পেয়েছেন ?

- ডাবলু ডাবলু. ডেভিস (ওঃ ইঃ) ৫১ রানে ৭ উইকেট অস্ট্রেলিয়ার বিরুদ্ধে হেডিংলিতে ১৯৮৩ সালে।

প্রঃ (৯৯৫) অস্ট্রেলিয়া দলের কতজন বোলার একটি ম্যাচে ৫টির বেশী উইকেট পেয়েছেন ?

- গিলমোর (২বার) প্রথম ইংল্যাণ্ডের বিরুদ্ধে হেডিংলিতে ১৯৭৫ সালে ১৪ রানে ৬ উইকেট দ্বিতীয়বার ওয়েস্ট ইণ্ডিজ দলের বিরুদ্ধে লর্ডসে ৪৮ রানে ৫ উইকেট ১৯৭৫ সালে। একবার করে ডেনিশ লিলি পাকিস্তানের বিরুদ্ধে ৫।৩৪ রানে হেডিংলিতে ১৯৭৫ সালে, কে. এইচ. ম্যাকলে ৩৯ রানে ৬ উইকেট ভারতের বিরুদ্ধে টেণ্টব্রিজে ১৯৮৩ সালে এ. হার্স্ট কানাডার বিরুদ্ধে ২১ রানে ৫ উইকেট ১৯৭৯ সালে।

প্রঃ (৯৯৬) ভারত, পাকিস্তান এবং নিউজিল্যাণ্ড দলের কতজন বোলার একটি ম্যাচে ৫টির বেশী উইকেট পেয়েছেন ?

- ভারতের কপিলদেব অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেণ্টব্রিজে (৫।৪৩) ১৯৮৩ সালে। পাকিস্তানের আবদুল কাদির শ্রীলঙ্কার বিরুদ্ধে (৫।৪৪) হেডিংলিতে ১৯৮৩ সালে। নিউজিল্যাণ্ড দলের রিচার্ড হেডলি (৫।২৫) শ্রীলঙ্কার বিরুদ্ধে ১৯৮৩ সালে।

প্রঃ (৯৯৭) ওয়েস্ট ইণ্ডিজ ও ইংল্যাণ্ড দলের কতজন বোলার ৫টি বা তার বেশী উইকেট একটি ম্যাচে পেয়েছেন ?

● ডাবলু. ডাবলু ডেভিস (৫১।৭) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে হেডিংলিতে ১৯৮৩ সালে। জে. গাডনার (৫।৩৮) ইংল্যাণ্ডের বিরুদ্ধে লর্ডসে ১৯৭৯ সালে। ইংল্যাণ্ডের ভিভ মার্কস (৩৯।৫) শ্রীলঙ্কার বিরুদ্ধে ১৯৮৩ সালে।

প্রঃ (৯৯৮) বিশ্বকাপ আসরে কোন ক্রিকেটের পাঁচটি উইকেট ও সেঞ্চুরি করেছেন ?

● কপিলদেব (ভারত) ১৯৮৩ সালে।

প্রঃ (৯৯৯) বিশ্বকাপ আসরে বড় রানের ইনিংসটি কোন দলের ?

● পাকিস্তানের ৬০ ওভারে ৫ উইকেটে ৩৩৮ রান। সোয়েনসিতে, শ্রীলঙ্কার বিরুদ্ধে ১৯৮৩ সালে।

প্রঃ (১০০০) বিশ্বকাপ আসরে সর্বনিম্ন রান কত ?

● কানাডা। ৪৫ রান। ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওল্ডট্রাফোর্ডে ১৯৮৩।

প্রঃ (১০০১) বিশ্বকাপ আসরে ভারতের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত ?

● ৮ উইকেটে ২২৬ রান জিম্বাবোয়ের বিরুদ্ধে টেস্টব্রিজে ১৯৮৩ সালে। সর্বনিম্ন ১৫৮ রান অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ট্রেস্টব্রিজে ১৯৮৩ সালে।

প্রঃ (১০০২) ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইণ্ডিজ এবং নিউজিল্যাণ্ড দলের বিশ্বকাপ আসরে সর্বোচ্চ রান কত ?

● ইংল্যাণ্ড ৩৩৪—৪ উইকেট ভারতের বিরুদ্ধে লর্ডসে ১৯৮৩ সালে।
অস্ট্রেলিয়া ৩২৮—৫ উইকেট শ্রীলঙ্কার বিরুদ্ধে ওভালে ১৯৭৫ সালে।
ওয়েস্ট ইণ্ডিজ ২৯৩—৬ উইকেট পাকিস্তানের বিরুদ্ধে ওভালে ১৯৭৯ সালে।
নিউজিল্যাণ্ড ৩০৫—৫ উইকেট পূর্ব আফ্রিকার বিরুদ্ধে এজবাজটনে ১৯৭৫ সালে।

প্রঃ (১০০৩) বিশ্বকাপ আসরে ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইণ্ডিজ, এবং নিউজিল্যাণ্ড দলের সর্বনিম্ন রান কত ?

● ইংল্যাণ্ড ৯৩ রানে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে হেডিংলিতে ১৯৭৫ সালে।
অস্ট্রেলিয়া ১২৯ রান ভারতের বিরুদ্ধে চেমসফোর্ডে ১৯৮৩ সালে।
ওয়েস্ট ইণ্ডিজ ১৪০ রান ভারতের বিরুদ্ধে লর্ডসে ১৯৮৩ সালে।
নিউজিল্যাণ্ড ১৫৮ রান ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে ওভালে ১৯৭৫ সালে।

প্রঃ (১০০৪) বিশ্বকাপ আসরে একটি ম্যাচে সবচেয়ে বেশী রান কত উঠেছে ?

● ৬২৬ রান ১৪ উইকেটে পাকিস্তান বনাম শ্রীলঙ্কার মধ্যে খেলায় সোয়েনসিতে ১৯৮৩ সালে।

প্রঃ (১০০৫) বিশ্বকাপ আসরে একটি ম্যাচে সর্বনিম্ন রান কত ?

● ৯১ রান ১২ উইকেটে ইংল্যাণ্ড বনাম কানাডা ১৯৭৯ সালে ওল্ড ট্রাফোর্ড মাঠে।

প্রঃ (১০০৬) বিশ্বকাপ আসরে কোন বোলার সবচেয়ে বেশী রান দিয়েছেন ?

● এম. সি. মেডেন (নিউজিল্যাণ্ড) ১২-১-১০৫-২ উইকেটে ইংল্যাণ্ডের বিরুদ্ধে ওভাল মাঠে ১৯৮৩ সালে।

প্রঃ (১০০৭) বিশ্বকাপ আসরে কোন বোলার সবচেয়ে কম রান দিয়েছেন ?

● বেদী (ভারত) ইস্ট আফ্রিকার বিরুদ্ধে ১৯৭৫ সালে। তার বোলিং হিসাব ছিল ১২-৮-৬-১ উইকেট।

প্রঃ (১০০৮) বিশ্বকাপ আসরে একটি ম্যাচে কোন উইকেট রক্ষক সবচেয়ে বেশী ক্যাচ ধরেছেন ?

● ভারতের কিরমানি। ৫টি ক্যাচ ধরেন জিম্বাবোয়ের বিরুদ্ধে ১৯৮৩ সালে।

প্রঃ (১০০৯) তৃতীয় বিশ্বকাপ ম্যান অফ দ্যা সিরিজ কে হয়েছেন ?

● ভারতের মাহিন্দর অমরনাথ।

প্রঃ (১০১০) বিশ্বকাপ আসরে সবচেয়ে বড় রানের ব্যবধানে কোন দল জয় পেয়েছে ?

● ইংল্যাণ্ড ভারতের বিরুদ্ধে ২০২ রানের ব্যবধানে জয় পায় লর্ডসে প্রথম বিশ্বকাপ আসরে।

প্রঃ (১০১১) বিশ্বকাপ আসরে কোন দল সবচেয়ে কম রানের ব্যবধানে জয় পেয়েছে ?

● মাত্র ৯ রানে ইংল্যাণ্ড জয় পায় নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে ওল্ডট্রাফোর্ড মাঠে ১৯৭৯ সালে দ্বিতীয় বিশ্বকাপ আসরে।

প্রঃ (১০১২) বিশ্বকাপ আসরে সবচেয়ে বেশী ও কম রানে ভারতীয় দল কাদের বিরুদ্ধে জয় পেয়েছে ?

● ভারত সর্বোচ্চ বড় রানের ব্যবধানে জয় পায় অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১১৮ রানে চেমসফোর্ডে ১৯৮৩ সালে এবং কম রানে জয় পায় জিম্বাবোয়ের বিরুদ্ধে টেস্টব্রিজ মাঠে ৩২ রানে ১৯৮৩ সালে।

প্রঃ (১০১৩) বিশ্বকাপের তিনটি আসরে সর্বোচ্চ রান কোন দেশগুলি সংগ্রহ করেছিল ?

● ১৯৭৫ সালে ৫টি ম্যাচে অস্ট্রেলিয়া সংগ্রহ করেছিল ২৬১ ওভারে ৩৮টি উইকেটের বিনিময়ে ১১৬৬ রান। রানের গড় ছিল ৪.৪৬।

১৯৭৯ সালে ৪টি ম্যাচে ২৩১.৩ ওভারে ২৩টি উইকেটের বদলে ওয়েস্ট ইণ্ডিজ সংগ্রহ করেছিল ১০১৭ রান। গড় ৪.৩৯।

১৯৮০ সালে ৮টি ম্যাচে ওয়েস্ট ইণ্ডিজ সংগ্রহ করেছিল ৪৫ উইকেটের বদলে ১৭৫৬ রান। গড় ৪.১২।

প্রঃ (১০১৪) তিনটি বিশ্বকাপে ভারতীয় দল কোনবার বড় রান সংগ্রহ করেছে ?

● ১৯৭৫ সালে ৩টি ম্যাচে ১৭টি উইকেটের বদলে ১৪৯.৫ ওভারে সংগ্রহ ছিল ৪৮৫ রান। গড় ৩.২৩।

১৯৭৯ সালে ৩টি ম্যাচে ১৬৩.১ ওভারে ৩০ উইকেটের বদলে সংগ্রহ ৫৬৩ রান। গড় ৩.৪৫ রান।

১৯৮৩ সালে ৮টি ম্যাচে ৪১৩.৪ ওভারে ৬৪টি উইকেটের বদলে সংগ্রহ ১৭০৬ রান। গড় ৪.১২।

প্রঃ (১০১৫) ১৯৮৩ সালের বিশ্বকাপে কোন ভারতীয় খেলোয়াড় সর্বোচ্চ রান সংগ্রহ করেছেন ?

● কপিলদেব। তিনি ৮টি ম্যাচে ৮টি ইনিংসে ৩বার অপরাজিত থেকে মোট ৩০৩ রান সংগ্রহ করেন। গড় ৬০.০০।

প্রঃ (১০১৬) ১৯৮৩ সালের বিশ্বকাপে কোন ভারতীয় সেরা গড় করেছেন ?

● মদনলাল। তিনি ৮৩ ওভার ৮ মেডেন ২৮৫ রানে ১৭টি উইকেট লাভ করেন। গড় ১৬.৭৬।

প্রঃ (১০১৭) বিশ্বকাপ আসরে কোন ভারতীয় বোলার একটি ইনিংসে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● কপিলদেব। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেন্টব্রিজে ১২ ওভার বোলিং করে ২টি মেডেন সহ ৪৩ রানে ৫টি উইকেট লাভ করেন।

প্রঃ (১০১৮) বিশ্বকাপ আসরে বিভিন্ন দুটিতে সর্বোচ্চ রান কত ?

● ১ম উইকেট ১৮২ রান এ. টারনার ও আর. বি. ম্যাকাসকার (অস্ট্রেলিয়া) শ্রীলঙ্কার বিরুদ্ধে ওভালে ১৯৭৫ সালে।

২য় উইকেটে ১৭৬ রান ডেনিশ এ্যামিকা ও কিথ ফ্লেচার (ইংল্যাণ্ড) ভারতের বিরুদ্ধে লর্ডসে ১৯৭৫ সালে।

৩য় উইকেটে ১৯৫* গর্ডন গ্রিনিজ ও এইচ. এ. গোমস্ (ওঃ ইণ্ডিজ) জিম্বাবোয়ের বিরুদ্ধে ওয়েস্টারে, ১৯৮৩ সালে।

৪র্থ উইকেটে ১৪৯ ক্লাইভ লয়েড ও রোহন কানহাই (ওঃ ইণ্ডিজ) অস্ট্রেলিয়ার বিরুদ্ধে লর্ডসে ১৯৭৫ সালে।

৫ম উইকেটে ১৩৯ রান ভিভ রিচার্ডস ও সি. এল. কিং (ওঃ ইণ্ডিজ) ইংল্যাণ্ডের বিরুদ্ধে লর্ডসে ১৯৭৯ সালে।

৬ষ্ঠ উইকেটে ১৪৪ রান ইমরান খান ও সৈয়দ মহাম্মদ (পাকিস্তান) শ্রীলঙ্কার বিরুদ্ধে হেডিংলিতে ১৯৮৩ সালে।

৭ম উইকেটে ৭৫* রান ডি. এ. ফ্লেচার ও আই. পি. বুচার্ড (জিম্বাবোয়ে) টেন্টব্রিজে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৯৮৩ সালে।

৮ম উইকেটে ৬২ রান কপিলদেব ও মদনলাল (ভারত) জিম্বাবোয়ের বিরুদ্ধে টেন্টব্রিজে ১৯৮৩ সালে।

৯ম উইকেটে ১২৬* কপিলদেব ও কিরমানি (ভারত) জিম্বাবোয়ের বিরুদ্ধে টেন্টব্রিজে ১৯৮৩ সালে।

১০ম উইকেটে এ. এম. ই. রবার্টস ও জি. গারনার (ওঃ ইণ্ডিজ) ভারতের বিরুদ্ধে ওল্ডট্রাফোর্ড মাঠে ১৯৮৩ সালে।

প্রঃ (১০১৯) ১৯৮৩ সালে বিশ্বকাপ চ্যাম্পিয়ান ভারতীয় দলে সদস্য কারা ছিলেন ?

● কপিলদেব (অধিনায়ক), গাভাসকার, বেঙ্গসরকার, যশপাল শর্মা, শ্রীকান্ত, মদনলাল, রজার বিনি, মাহিন্দর অমরনাথ, কীর্তি আজাদ, সন্দীপ পাতিল, সৈয়দ কিরমানি, বি. এস. সান্ধু ও রবি শাস্ত্রী।

প্রঃ (১০২০) প্রথম এশীয় কাপ কোথায় খেলা হয়েছে ? এই আসরে চ্যাম্পিয়ান হয়েছে কোন দেশ ?

● প্রথম এশীয় কাপ অনুষ্ঠিত হয় শারজায় ১৯৮৩-৮৪ সালে।

প্রথম চ্যাম্পিয়ান হয় ভারত।

প্রঃ (১০২১) **ভারতীয় দল প্রথম এশীয় ও দ্বিতীয় এশীয় কাপে কি ফলাফল করেছিল?**

● শারজায় অনুষ্ঠিত প্রথম এশীয় কাপ আসরে ভারত প্রথমে শ্রীলঙ্কাকে ১০ উইকেটে এবং পরে পাকিস্তানকে ৫৪ রানে হারিয়ে চ্যাম্পিয়ান হয়। দ্বিতীয় এশীয় কাপে ভারত অংশগ্রহণ করেনি।

প্রঃ (১০২২) **এশীয়া কাপে কোন ব্যাটসম্যান সেঞ্চুরি করেছেন কি? ভারতের পক্ষে কোন ব্যাটসম্যান বড় রান করেছেন?**

● না, সেঞ্চুরি হয় নি। ভারতের পক্ষে বড় রান করেছেন সুরিন্দর খান্না। তিনি পাকিস্তানের বিরুদ্ধে ৫৬ রানে আউট হন মুদাস্সরের বলে।

প্রঃ (১০২৩) **প্রথম এশীয় কাপে ভারতীয় দলের সদস্য কারা ছিলেন?**

● সানি গাভাসকার (অধিনায়ক), গুলাম পারকার, সুরিন্দর খান্না, বেঙ্কসারকার, সন্দিপ পাতিল, কীর্তি আজাদ, রবিশাস্ত্রী, রজার বিনি, মদনলাল, মনোজ প্রভাকর, চেতনশর্মা, মানিন্দর সিং, গোপাল শর্মা।

প্রঃ (১০২৪) **প্রথম এশীয় কাপে ম্যান অফ দ্যা সিরিজ কে হয়েছেন?**

● সুরিন্দর খান্না। তিনি দুটি ম্যাচে ১০৭ (৫১ ও ৫৬) রান করেন।

প্রঃ (১০২৫) **মিনি বিশ্বকাপ আসর কবে কোথায় অনুষ্ঠিত হয়েছিল? এই আসরে কতগুলি দেশ অংশ গ্রহণ করে?**

● ১৭ই ফেব্রুয়ারী ১৯৮৫ সালে অস্ট্রেলিয়ায় এই আসর অনুষ্ঠিত হয়। মোট সাতটি দেশ অংশগ্রহণ করে। এই সাতটি দেশ হলো যথাক্রমে : ভারত, পাকিস্তান, ইংল্যাণ্ড, অস্ট্রেলিয়া, শ্রীলঙ্কা, নিউজিল্যাণ্ড, ও ওয়েস্ট ইণ্ডিজ।

প্রঃ (১০২৬) **মিনি বিশ্বকাপ আসরে চ্যাম্পিয়ান কে হয়েছে?**

● ভারত। ফাইনালে তারা পাকিস্তানে ৮ উইকেটে হারিয়ে মিনি বিশ্বকাপ জয় করে। পাকিস্তান ৫০ ওভারে ৮উইকেটে সংগ্রহ করেছিল ১৭৭ রান।

প্রঃ (১০২৭) **মিনি বিশ্বকাপ আসরে সর্বোচ্চ রান একটি ম্যাচে কোন দল সংগ্রহ করেছে?**

● পাকিস্তান। অস্ট্রেলিরার বিরুদ্ধে মেলবোর্ন মাঠে ৫০ ওভারে সংগ্রহ করে ৬ উইকেটে ২৬২ রান।

প্রঃ (১০২৮) মিনি বিশ্বকাপ আসরে একটি ম্যাচে সর্বোচ্চ রান কে করেছেন ?

● শ্রীকান্ত (ভারত) তিনি মেলবোর্ন অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ৮৩ রানে অপরাজিত থাকেন। এটি ছিল এই আসরে ব্যক্তিগত সংগ্রহে বড় রানের একটি ইনিংস।

প্রঃ (১০২৯) মিনি বিশ্বকাপ আসরে সর্বোচ্চ রান ও সর্বোচ্চ উইকেট ভারতের পক্ষে কোন খেলোয়াড় সংগ্রহ করেছেন ?

● ব্যাটিংয়ে সর্বোচ্চ রান সংগ্রহ করেন শ্রীকান্ত। তিনি ৫টি ম্যাচে তিনটি অর্ধশত ইনিংস সহ সংগ্রহ করেন মোট ২৩৮ রান। বোলিংয়ে সর্বোচ্চ উইকেট পেয়েছেন ৫টি ম্যাচে ১৮৬ রানে ১০টি উইকেট শিবরামকৃষ্ণ।

প্রঃ (১০৩০) চ্যাম্পিয়ান অফ চ্যাম্পিয়ান্স সন্মান কে পেয়েছেন এবং কোন আসরে ?

● মিনি বিশ্বকাপ আসরে ম্যান অফ দ্যা সিরিজ হিসাবে চ্যাম্পিয়ান অফ চ্যাম্পিয়ান্সের সম্মান লাভ করেন ভারতের রবি শাস্ত্রী।

প্রঃ (১০৩১) মিনি বিশ্বকাপে ভারতীয় দলের অধিনায়ক কে ছিলেন ? এই আসরে কোন কোন ভারতীয় ক্রিকেটার প্রতিনিধিত্ব করেছেন ?

● সানি গাভাসকার অধিনায়ক ছিলেন। দলে ছিলেন ; শ্রীকান্ত, রবি শাস্ত্রী, আজাহারুদ্দিন, কপিলদেব, মাহিন্দর অমরনাথ, রজত বিনি, মদনলাল, সদানন্দ বিশ্বনাথ, শিবরামকৃষ্ণ, বেঙ্কসারকার, চেতনশর্মা।

প্রঃ (১০৩২) মিনি বিশ্বকাপ আসরে সেরা বোলার ও ব্যাটস-ম্যান কারা নির্বাচিত হয়েছেন ?

● সেরা ব্যাস্টম্যান এ্যালান ল্যাম্ব (ইংল্যাণ্ড)। সেরা বোলার জিওফ গার্ডণার (ওঃ ইঃ)।

প্রঃ (১০৩৩) ইমরান খান কোন প্রতিযোগিতা মূলক আসরে এবং কোন দলের বিরুদ্ধে মাত্র ১৪ রানে ৬টি উইকেট লাভ করেন ?

● ১৯৮৫ সালে মার্চ মাসে শারজায় অনুষ্ঠিত রথম্যানস্ কাপ আসরে ভারতের বিরুদ্ধে এই নজির গড়েন। এই ম্যাচে তার বোলিং হিসাব ছিলো ১০ ওভার, ২ মেডেন, ১৪ রান ও ৬টি উইকেট।

প্রঃ (১০৩৪) ১৯৮৫ সালে শারজায় অনুষ্ঠিত রথম্যানস কাপ

আসরে কতগুলি দল যোগ দেয়? এই আসরে কোন দল চ্যাম্পিয়ান হয়?

● ভারত, পাকিস্তান, ইংল্যাণ্ড এবং অস্ট্রেলিয়া। এই আসরে ভারত প্রথম ম্যাচে পাকিস্তানের বিরুদ্ধে মাত্র ৩৮ রানে জয় পায়। এবং ফাইনালে অস্ট্রে-লিয়াকে ৩ উইকেটে হারিয়ে চ্যাম্পিয়ান হয়।

প্রঃ (১০৩৫) রথম্যানস কাপ আসরে সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কোন দল করেছে?

● অস্ট্রেলিয়া ইংল্যাণ্ডের বিরুদ্ধে ৫০ ওভারে ৮ উইকেটে ১৭৮ রান করে। সর্বনিম্ন রান পাকিস্তানের তার ভারতের বিরুদ্ধে মাত্র ৮৭ রানে (৩২'৫ ওভার) সকলে আউট হয়ে যায়।

প্রঃ (১০৩৬) রথম্যানস কাপ বিজয়ী ভারতীয় দলের সদস্য কারা ছিলেন?

● সানি গাভাসকার (অধিনায়ক) কপিলদেব, মাহিন্দর অমরনাথ, রবি শাস্ত্রী, শ্রীকান্ত, রজারবিনি, মদনলাল, শিবরামকৃষ্ণ, আজাহারুদ্দিন। সদানন্দ বিশ্বনাথ।

প্রঃ (১০৩৭) রথম্যানস কাপ আসরে ভারতের সর্বোচ্চ ও সর্বনিম্ন রান কত?

● ভারতের সর্বোচ্চ (৩৯ ২ ওভারে) ৭ উইকেটে ১৪০ রান অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ফাইনালে এবং সর্বনিম্ন রান পাকিস্তানের বিরুদ্ধে (৪২.ওভার) ১২৫ রান।

প্রঃ (১০৩৮) সানি গাভাসকার কোন আসরে একটি ম্যাচে ৪টি ক্যাচ ধরেছিলেন?

● রথম্যানস কাপ আসরে পাকিস্তানের বিরুদ্ধে শারজায় ১৯-৪-৮৫ সালে।

প্রঃ (১০৩৯) শারজায় কবে ত্রিদলীয় রথম্যানস কাপের খেলা অনুষ্ঠিত হয়? এটি কত টাকা মূল্যের প্রতিযোগিতা ছিল? এই আসরে কতগুলি দেশ যোগ দেয়?

● ১৯৮৫ সালের ১৫ই নভেম্বর এই আসর শুরু হয়। আসরটি ছিল ৫০,০০০ হাজার ডলার পুরস্কারের। সোনা দেয় ভারত, পাকিস্তান ও ওয়েস্ট ইণ্ডিজ।

প্রঃ (১০৪০) ত্রিদলীয় রথম্যানস কাপ আসরে চ্যাম্পিয়ান কে হয়? তারা কোন কোন দেশকে কি ফলাফলে হারিয়ে চ্যাম্পিয়ান হয়?

● চ্যাম্পিয়ান হয় ওয়েস্ট ইণ্ডিজ। তারা প্রথমে হারায় পাকিস্তানকে ৭ উইকেটে এবং পরে ভারতকে ৮ উইকেটে।

প্রঃ (১০৪১) ত্রিদলীয় রথম্যানস কাপ আসরে ভারতীয় দল কি ফলাফল করেছিল ?

● এই আসর দুটি ম্যাচেই পরাজিত হয়। প্রথম তারা পাকিস্তানের কাছে পরাজিত হয় ৪৯ রানে এবং দ্বিতীয় খেলায় ওয়েস্ট ইণ্ডিজ দলের কাছে পরাজিত হয় ৮ উইকেট।

প্রঃ (১০৪২) ত্রিদলীয় রথম্যানস কাপ আসরে কোন দল সর্বোচ্চ ও সর্বনিম্ন রান করেছে ?

● পাকিস্তান ভারতের বিরুদ্ধে ৫০ ওভারে ৪ উইকেটে ২০৩ রান। সর্বনিম্ন রান ভারতের ৩৯.৪ ওভারে ১৫৪ রান পাকিস্তানের বিরুদ্ধে।

প্রঃ (১০৪৩) ত্রিদলীয় রথম্যানস্ কাপ আসরে কোন ব্যাটস-ম্যান একটি ম্যাচে সর্বোচ্চ বড় রান করেছেন ?

● রিচার্ডসন (৯৯) পাকিস্তানের বিরুদ্ধে।

প্রঃ (১০৪৪) ত্রিদলীয় রথম্যানস কাপ আসরে ভারতের অধি-নায়কত্ব কে করেছেন ? এই দলে কারা খেলেছেন ?

● কপিলদেব (অধিনায়ক) সানি গাভাসকার, অমরনাথ, বেঙ্কসরকার, আজাহারুদ্দিন, রবি শাস্ত্রী, রাজেন্দ্র ঘাই, রজার বিনি, শিবরামকৃষ্ণ, চেতনশর্মা, কিরমানি, শ্রীকান্ত।

প্রঃ (১০৪৫) ১৯৮৬ সালে অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত বেনসন এ্যাণ্ড হেজেস ওয়াল্ড সিরিজ আসরে কটি দল যোগ দিয়েছিল ?

● তিনটি দল যোগ দেয় ভারত, অস্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ড।

প্রঃ (১০৪৬) ত্রিদলীয় বেনসন এ্যাণ্ড হেজেস ওয়াল্ড সিরিজ আসরে চ্যাম্পিয়ান কে হয়েছে ?

● ভারতকে ফাইনালে সাত উইকেটে হারিয়ে অস্ট্রেলিয়া চ্যাম্পিয়ান হয়। ফলাফল ছিল—ভারত ১৮৭ অস্ট্রেলিয়া ৩ উইকেটে ১৮৮ রান।

প্রঃ (১০৪৭) ত্রিদলীয় বেনসন এ্যাণ্ড হেজেস আসরে ব্যক্তিগত সংগ্রহে সর্বোচ্চ রান কে করেছেন ?

● অস্ট্রেলিয়ার ডেভিড বুন। তিনি ১২টি ম্যাচে ৪১৮ রান সংগ্রহ করেন।

প্রঃ (১০৪৮) ত্রিদলীয় বেনসন এ্যাণ্ড হেজেস ওয়াল্ড´ সিরিজ আসরে কোন বোলার সর্বোচ্চ উইকেট পেয়েছেন ?

● ভারতের কপিলদেব। তিনি ১১৩ ওভার ১৭ মেডেন ৩৯১ রানে ২০টি উইকেট পান। গড় ১৯.৫৫।

প্রঃ (১০৪৯) ইন্টারন্যাশানাল ক্রিকেটার অফ দি ইয়ার হিসাবে ১৯৮৬ সালে কে এই পুরস্কার পান ? তাকে কি পুরস্কার দেওয়া হয় ?

● আলফ ৯০ মডেলের একটি সুদৃশ্য গাড়ি পুরস্কার পান নিউজিল্যাণ্ড দলের রিচার্ড হেডলি।

প্রঃ (১০৫০) ত্রিদলীয় 'বেনসন এ্যাণ্ড হেজেস' আসরে 'প্লেয়ার অফ দি সিরিজ' পুরস্কার কে পেয়েছেন ? তাকে কি পুরস্কার দেওয়া হয় ?

● কপিলদেব। তিনি একটি সোনার ট্রে সহ চারটি হাতল বিহীন সোনার পান পাত্র পুরস্কার পান।

প্রঃ (১০৫১) ত্রিদলীয় 'বেনসন এ্যাণ্ড হেজেস' আসরে কোন একমাত্র ব্যাটসম্যান হ্যাণ্ডলাড দ্যা বল' আউট হয়ে একদিনের আন্তর্জাতিক ক্রিকেটে নজির স্থষ্টি করেছেন ?

● ভারতের মহিন্দর অমরনাথ। তিনি ফাইনালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এই আউট হয়ে একদিনের ক্রিকেটে নজির স্থষ্টি করেন। ঘটনাটি ঘটে মেলবোর্ন মাঠে।

প্রঃ (১০৫২) বেনসন এ্যাণ্ড হেজেস ত্রিদলীয় আসরে কোন বোলার হ্যাটট্রিক করেছেন ?

● অস্ট্রেলিয়ার ব্রুস রীড। তিনি নিউজিল্যাণ্ড দলের বিরুদ্ধে এই নজির গড়েন।

প্রঃ (১০৫৩) অস্ট্রেলেশীয়া কাপ কোথায় এবং কবে অনুষ্ঠিত হয় ? এই আসরে চ্যাম্পিয়ান কে হয়েছে ?

● শারজায় ১০ই এপ্রিল ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। চ্যাম্পিয়ান হয় পাকিস্তান।

প্রঃ (১০৫৪) অস্ট্রেলেশীয়া কাপে কোন কোন দেশ যোগ দেয় ?

● ভারত, পাকিস্তান, অস্ট্রেলিয়া নিউজিল্যাণ্ড এবং শ্রীলঙ্কা।

প্রঃ (১০৫৫) অস্ট্রেলেশীয়া কাপে ভারত কি ফলাফল করেছিল?

● ভারত প্রথম ম্যাচে নিউজিল্যাণ্ডকে ৩ উইকেটে পরাজিত করে। দ্বিতীয় ম্যাচে শ্রীলঙ্কাকে ৩ উইকেটে পরাজিত করে ফাইনালে যায়। ফাইনালে তারা পাকিস্তানের কাছে এক উইকেটে পরাজিত হয়।

প্রঃ (১০৫৬) পাকিস্তানের জাভেদ মিয়াদাঁদ কোন ম্যাচে এবং কাদের বিরুদ্ধে ম্যাচের শেষ বলে ছক্কা উড়িয়ে পাকিস্তান দলকে একটি স্মরনীয় ম্যাচ জিততে সাহায্য করেন? বোলারটি কে ছিলেন?

● অস্ট্রেলেশীয়া কাপের ফাইনালে জাভেদ মিয়াদাঁদ ভারতের বিরুদ্ধে শেষ ওভারের শেষ বলে ছক্কা উড়িয়ে পাকিস্তানকে চ্যাম্পিয়ান হতে সাহায্য করেন। বোলার ছিলেন চেতন শর্মা।

প্রঃ (১০৫৭) অস্ট্রেলেশীয়া কাপে ব্যাটিং ও বোলিং গড়ে শীর্ষ স্থান কে দখল করেন?

● ব্যাটিংয়ে ভারতের সানি গাভাসকার। তিনি তিনটি ম্যাচে ১৬৩ রান সংগ্রহ করে গড় করেন ৫৪·৩৩। বোলিংয়ে প্রথম স্থান পান পাকিস্তানের ওয়াসিম আক্রাম। তিনি মোট ৭টি উইকেট পান। গড় ১২·৮৫।

প্রঃ (১০৫৮) অস্ট্রেলেশীয়া কাপে ভারতের অধিনায়ক কে ছিলেন?

● কপিলদেব।

প্রঃ (১০৫৯) চ্যাম্পিয়ানস ট্রফি কোথায় এবং কবে খেলা হয়? এই আসরে কোন কোন দেশ অংশ নিয়েছিল?

● ১৯৮৬ সালের নভেম্বর মাসে শারজায় অনুষ্ঠিত হয়। অংশ নেয় ভারত, পাকিস্তান, শ্রীলঙ্কা ও ওয়েস্ট ইণ্ডিজ।

প্রঃ (১০৬০) চ্যাম্পিয়ানস ট্রফি আসরে কোন দল চ্যাম্পিয়ান হয়েছে?

● ওয়েস্ট ইণ্ডিজ।

প্রঃ (১০৬১) চ্যাম্পিয়ানস ট্রফি আসরে ভারত কি ফলাফল করেছিল ?

● ভারত প্রথম ম্যাচে শ্রীলঙ্কা দলকে ৭ উইকেটে হারায়। পরে পরাজিত হয় ওয়েস্ট ইণ্ডিজ দলের কাছে ৩৩ রানে ও পাকিস্তানের কাছে ৩ উইকেটে।

প্রঃ (১০৬২) চ্যাম্পিয়ানস ট্রফি আসরে কোন একমাত্র ব্যাটস-ম্যান সেঞ্চুরি করেছেন ?

● রিচার্ডসন (ওঃ ইঃ) শ্রীলঙ্কার বিরুদ্ধে তিনি ১০৯ রান করেন।

প্রঃ (১০৬৩) চ্যাম্পিয়ানস ট্রফি আসরে ভারতের অধিনায়ক কে ছিলেন ? এই আসরে ভারতীয় দলের হয়ে কারা অংশগ্রহণ করেছিলেন ?

● কপিলদেব (অধিনায়ক) গাভাসকার, বেঙ্কসরকার, রবিশাস্ত্রী, শ্রীকান্ত, রমন লাম্বা, আজাহারুদ্দিন, মদন লাল, রজার বিনি, মানিন্দর সিং, চন্দ্রকান্ত পণ্ডিত, চেতন শর্মা।

——